Hitesranjan Sanyal Memorial Collection
Centre for Studies in Social Sciences, Calcutta

Record No.	CSS 2000/51	Place of Publication:	Katwa (?)
		Year:	1879
		Language	Bangla
Collection:	Indranath Majumder	Publisher:	?
Author/ Editor:	R.C. Dutt	Size:	10x17cms.
		Condition:	Brittle
Title:	Bharatbarser Itihas	Remarks:	Title page missing.

PREFACE.

In the present work the writer has attempted to place before his readers a brief but clear history of the people of India, their gradual progress in civilization, their manners and customs in successive periods of history, their national life and thought and religion. With this object in view the writer has,—without omitting or neglecting the political history of India,—bestowed his chief attention to giving a clear narration of the social and intellectual life of the people. He has attempted to impress on his readers a distinct picture as it were of the civilization and manners of each distinct period, and to explain how and under what influences such civilization modified itself into the civilization of the next succeeding period.

In attempting to make this the distructive feature of his compilation, the writer has availed himself of the most recent and reliable sources of information illustrating the manners and civilization of the Hindu people. For his account of the primitive Aryans he is principally indebted to the scattered contributions of Max Muller as well as to the researches of his own countrymen, the eminent Doctors K. M. Banerjea and Rajendra Lala Mitra. In depicting the civilization of the Vedic period, he has mainly relied on Muir and Max Muller, but has occasionally borrowed his facts from Colebrooke, Weber and other writers on this period. The great epics of India and the Institutes of Manu have been his principal guides in the next period,—the period of the epics; and the invaluable Greek accounts of the Hindus have helped him to complete the picture of these times. The sources of our knowledge of the Budhistic period and the reigns of the royal race of Chandragupta and Asoka are too well-known; and the writer has attempted to compress this information within a brief compass and to explain the real character and effects of the great religious revolution. Lastly, the Puranas themselves are the most faithful

authorities on the character of the Pauranik civilization, while the invaluable accounts of these times left by Chinese travellers have helped the writer to perfect his picture of this period.

Mr. Elphinstone's great work still remains the best and most impartial account of Musalman supremacy in India, and is the principal authority on which the present writer has relied for the political events of this period. He has however, consistently with his plan, supplemented his account of such events with chapters on the condition and life and civilization of the people during this period; and he has drawn his information on these points from the records of intelligent contemporaneous writers like Abal Fazel and Bernier. In depicting the national life of distinct races like the Rajputs, the Mahrattas and the Sikhs he has borrowed his facts from special works like those of Todd, Grant Duff and Cunnigham.

The writer's account of the English period is so brief that he has not always considered it necessary to consult authorities like Orme, Mill or Wilson, but has satisfied himself with gleanig his facts mainly from ordinary school-books like those of Murray and other writers.

In conclusion the writer has only to add that it has been his attempt to make his book an elementary one, intended for use in Entrance schools and in middle English and Vernacular schools; and he has been careful to explain his subject in a manner so that students, preparing for minor or vernacular scholarship examinations, may have no difficulty whatever in grasping and comprehending it. It is his main object to place in the hands of such young students, when first entering upon a study of Indian history, a short and easy work, telling in simple language the story of the Indian people, their life, their manners and their civilization, as developed modified or arrested by various influences within the last four thousand years.

উৎসর্গ।

উদার চরিত্র, অমায়িক, স্নেহাস্পদ,

শ্রীঅমৃতকৃষ্ণ বসু কনিষ্ঠ মাতুল মহাশয়।

প্রিয় মাতুল,

বাল্যকালে যাঁহারা স্নেহের পদার্থ, পূজার পদার্থ ছিলেন আজি তাঁহারা কোথায়; বাল্যকালে যে একটী সোনার সংসার, একটী পবিত্র সংসার দেখিতাম আজি সে স্নেহের সংসার কোথায়? করাল কাল নির্দ্দয় হস্তে স্নেহের চিত্রগুলি একে২ মোচন করিতেছে।

জগত হইতে সে স্নেহের চিত্রগুলি তিরোহিত হইয়াছে, কিন্তু হৃদয় হইতে সে চিত্র তিরোহিত হয় না, সে স্নেহ উৎপাটিত হয় না। হৃদয়ের নিহিত স্নেহ নিহিত আকাঙ্ক্ষা নিহিত ব্যথা সেই শান্ত মূর্ত্তিগুলিকে অবলম্বন করিয়া প্রীতি লাভ করে, শান্তি লাভ করে।

বাল্যকালের চির সুহৃদ! তোমার প্রণয় সেই বাল্য চিত্রের সহিত গ্রথিত রহিয়াছে, তোমার ভালবাসা সেই বাল্য-সুখ পুনরুদ্দীপ্ত করে। অদ্য তোমার নাম লইয়া এই সামান্য গ্রন্থখানি পবিত্র করিলাম; স্নেহের সহিত আমার এই সামান্য উপহারটী গ্রহন করিও, বহু দূর হইতে তোমার স্নেহ পাইয়া আমি শান্তি লাভ করিব।

কাটওয়া।
অক্টোবর ১৮৭৯

তোমার চির স্নেহাভিলাষী
শ্রীরমেশচন্দ্র দত্ত।

সূচি পত্র।

প্রথম পরিচ্ছেদ।

আদিম আর্য্যজাতি।

৪০০০—২০০০ পূঃ খৃঃ অব্দ।

	পৃষ্ঠা
আদিম আর্য্যজাতি	১
সামাজিক আচার ব্যবহার	১
সভ্যতা ও শিল্পবিদ্যা	২
ধর্ম্মপ্রণালী	৩
আর্য্য উপনিবেশ সমূহ	৩
গৃহবিচ্ছেদ ও দুই সম্প্রদায়ের যুদ্ধ	৫
পরাজিত সম্প্রদায়ের ভারতবর্ষে প্রবেশ	৫

দ্বিতীয় পরিচ্ছেদ।

বেদবর্ণিত সময়।

২০০০—১০০০ পূঃ খৃঃ অব্দ।

ভারতবর্ষের আদিমবাসীর সহিত আর্য্যদিগের যুদ্ধ	৬
ধর্ম্মপ্রণালী	৭
জাতিবিচ্ছেদ	৮
সভ্যতার উন্নতি ও সামাজিক পরিবর্ত্তন	১০
সামাজিক আচার ব্যবহার	১১
বেদের কাল নির্ণয় ও বিবরণ	১৩
জাতিবিচ্ছেদ ঘটিবার পূর্ব্বের অবস্থা	১৪

ব্রাহ্মণপ্রাধান্য ১৪
ক্ষত্রিয়প্রাধান্য ১৪

তৃতীয় পরিচ্ছেদ।
মহাকাব্যবর্ণিত সময়।
১০০০—২৫০ পূঃ খৃঃ অব্দ।

পুনরায় ব্রাহ্মণপ্রাধান্য ১৬
রামায়ণ ও মহাভারত ১৬
মনুসংহিতা ১৭
রাজনীতি ১৭
জাতিবিচ্ছেদ ১৮
শাসনপ্রণালী ২০
পারিবারিক আচার ব্যবহার ২০
ধর্ম্মপ্রণালী ২১
শিল্পকার্য্য ২৩
হিন্দুসভ্যতার গ্রীক বিবরণ ২৩

চতুর্থ পরিচ্ছেদ।
বৌদ্ধধর্ম্মের উৎকর্ষের সময়।
২৫০—৫৬ পূঃ খৃঃ অব্দ।

বুদ্ধ ২৮
বৌদ্ধধর্ম্ম ৩০
বৌদ্ধ ধর্ম্মপুস্তক ৩১
বৌদ্ধধর্ম্মের একটী ফল ৩২
মগধরাজ্য ৩৩

পঞ্চম পরিচ্ছেদ।
বৌদ্ধধর্ম্মের অবনতি ও পৌরাণিক ধর্ম্মের উৎকর্ষের সময়।
৫৭ পূঃ খৃঃ অব্দ হইতে ১২০৬ খৃঃ অব্দ।

ধর্ম্মপ্রণালী ৩৫
উজ্জয়িনীরাজ্য ৩৬
গৌড়রাজ্য ৩৬
গুর্জ্জররাজ্য ৩৯
কাণ্যকুব্জরাজ্য ৩৯
দিল্লী ও আজমীররাজ্য ৪০
দাক্ষিণাত্য ৪১
সভ্যতা ; চীনদিগের বিবরণ ৪৯

ষষ্ঠ পরিচ্ছেদ।
প্রাচীন হিন্দু সভ্যতা।

জ্যোতিষ শাস্ত্র ৪৮
জ্যামিতি ৪৮
অঙ্কবিদ্যা ৪৮
বীজগণিত ও জ্যোতিষ ৪০
ষড়দর্শন ৫১
চিকিৎসা ও রসায়ণ ৫০
ভাস্করকার্য্য ও গৃহাদি নির্ম্মাণ ৫১
হিন্দুসভ্যতার কয়েকটী অভাব ৫৩
কাব্য ৫৪
বাণিজ্য ৫৮
উপসংহার ৫৯

সপ্তম পরিচ্ছেদ।

মুসলমান আক্রমণ ও বিজয়।

৬৬৪—১২০৭ খৃঃ অব্দ।

মুসলমান ধর্ম্মের উৎপত্তি ৬১
মুহালিব ৬২
কাসিম ৬৩
আলপ্‌তগীন ও সবক্‌তগীন ৬৪
সুলতান মাহমুদ ৬৫
গায়েসুদ্দীন ঘোরী ও সাহাবুদ্দীন ঘোরী ৬৯
মুসলমান বিজয়ের ফল ৭০

অষ্টম পরিচ্ছেদ।

পাঠান শাসন।

১২০৭—১৫২৬ খৃঃ অব্দ।

দাসবংশ ৭৪
(১) কুতবুদ্দীন ১২০৬—১০ ... ... ৭৪
(২) আরাম ১২১০ ... ... ৭৪
(৩) অলটামস্‌ ১২১০—৩৫ ... ... ৭৪
(ক) জঙ্গীস খাঁর উৎপাত ৭৫
(খ) সিন্ধুবিজয় ৭৫
(গ) বিহার ও বঙ্গে বিদ্রোহ দমন ... ৭৫
(ঘ) মালব বিজয় ৭৫
(৪) রুকনুদ্দীন ১২৩৫—৩৬ ... ... ৭৬
(৫) রিজীয়া ১২৩৬—৩৯ ... ... ৭৬
(৬-৭) বেহরাম ১২৩৯—৪১, মসায়ুদ ১২৪১—৪৬ ৭৬
(৮) নাসীরুদ্দীন ১২৪৬—৬৬ ... ... ৭৬

(ক) মোগল আক্রমণ হইতে পঞ্জাব রক্ষা ... ৭৭
(খ) হিন্দুস্থানে বিদ্রোহ দমন ৭৭
(৯) বলবল ১২৬৬—৮৬ ... ... ৭৭
(ক) হিন্দুস্থানে বিদ্রোহ দমন ৭৮
(খ) বঙ্গদেশে বিদ্রোহ দমন ৭৮
(গ) মোগলদিগের আক্রমণ ও পরাজয় ... ৭৮
(১০) কৈকোবাদ ১২৮৬—৮৮ ... ... ৭৮
খিলজী বংশ ৭৯
(১) জেলালুদ্দীন ১২৮৮—৯৫ ... ... ৭৯
(ক) মুসলমানদিগের দাক্ষিণাত্যে প্রবেশ ... ৭৯
(২) আল্লাউদ্দীন ১২৯৫—১৩১৬ ... ... ৮০
(ক) গুর্জ্জর বিজয় ৮০
(খ) মোগল আক্রমণ ও পরাজয় ৮০
(গ) রিস্তাম্বর দুর্গ বিজয় ৮০
(ঘ) চিতোর বিজয় ও পুনরুদ্ধার ৮০
(ঙ) দাক্ষিণাত্য বিজয় ৮১
(৩) মুবারক ১৩১৬—২১ ... ... ৮২
(ক) দাক্ষিণাত্য বিজয় ৮২
(খ) খসরু খাঁ ৮২
টোগলক বংশ ৮৩
(১) গীয়াসুদ্দীন্ ১৩২১—২৫ ... ... ৮৩
(ক) দাক্ষিণাত্য বিজয় ৮৩
(খ) বঙ্গদেশে বিদ্রোহ দমন ও মিথিলা বিজয় ৮৩
(২) মহম্মদ ১৩২৫—৫১ ... ... ৮৩
(ক) পারস্য বিজয় সঙ্কল্প ৮৩
(খ) চীন বিজয় সঙ্কল্প ৮৩
(গ) তাম্রমুদ্রা চালাইবার সঙ্কল্প ৮৩
(ঘ) ঘোর অত্যাচার ৮৩

(ঙ) দৌলতাবাদে রাজধানী স্থাপন ... ৮৪
(চ) বঙ্গদেশে মুসলমান স্বাধীনতা ৮৫
(ছ) করোমণ্ডলে মুসলমান স্বাধীনতা ... ৮৫
(জ) কর্ণাটে হিন্দু স্বাধীনতা ও বিজয়নগরের নূতন রাজ্য স্থাপন ৮৫
(ঝ) তৈলঙ্গে হিন্দু স্বাধীনতা ৮৫
(ঞ) মহারাষ্ট্রে মুসলমান স্বাধীনতা ও দৌলতাবাদের নূতন রাজ্য স্থাপন ... ৮৬
(৩) ফেরোজ ১৩৫১—৮৯ ... ... ৮৬
(৪) গীয়াসুদ্দীন ১৩৮৯ ... ... ৮৬
(৫) আবুবেকর ১৩৮৯—৯০ ... ... ৮৬
(৬) নাসীরুদ্দীন ১৩৯০—৯৪ ... ... ৮৬
(৭) মাহমুদ ১৩৯৪—১৪১৪ ... ... ৮৬
(ক) মালব, খন্দেশ, গুর্জ্জর প্রভৃতি স্থানে ক্ষুদ্র২ স্বাধীন মুসলমান রাজ্য। দিল্লীর অবনতি ৮৬
(খ) তৈমুরলঙ্গের উৎপাত ৮৭
সৈয়দ বংশ ৮৭
(১) খিজির খাঁ ১৪১৪—১৪২১ ... ... ৮৭
(২) মুবারক ১৪২১—১৪৩৫ ... ... ৮৭
(৩) মহম্মদ ১৪৩৫—১৪৪৪ ... ... ৮৭
(৪) আলাউদ্দীন ১৪৪৪—১৪৫০ ... ... ৮৭
লোদীবংশ ৮৭
(১) বেহলুল ১৪৫০—৮৮ ... ... ৮৭
(ক) জোয়নপুর অধিকার ৮৭
(২) সেকন্দর ১৪৮৮—১৫১৬ ... ... ৮৭
(ক) বিহার অধিকার ৮৭
(৩) ইব্রাহিম ১৫১৬—১৫২৬ ... ... ৮৭
(ক) প্রথম পানিপথের যুদ্ধ ৮৮

নবম পরিচ্ছেদ।

পাঠান শাসনের সময় ভারতবাসী-দিগের অবস্থা।

১২০৬—১৫২৬ খৃঃ অব্দ।

উত্তর পশ্চীম ভারতবর্ষ ৮৮
দাক্ষিণাত্য ৯২
মধ্য ভারতবর্ষ ১০০
পূর্ব্ব ভারতবর্ষ ১০৬
উপসংহার ১১১

দশম পরিচ্ছেদ।

মোগল রাজ্যের উন্নতি।

১৫২৬—১৬৫৮ খৃঃ অব্দ।

বাবর ১৫২৬—১৫৩০ ... ... ১১৬
(ক) চিতোরের সংগ্রামসিংহের পরাজয় ... ১১৬
(খ) চন্দেরী দুর্গ বিজয় ১১৬
(গ) অযোধ্যার বিদ্রোহ দমন ও বিহার ও বঙ্গ বিজয় ১১৭
হুমায়ুনের প্রথম শাসন ১৫৩০—১৫৪০ ... ... ১১৭
(ক) বিহারে বিদ্রোহ দমন ১১৭
(খ) গুর্জ্জর ও মালব বিজয় ও ঐ২ প্রদেশের পুনঃ স্বাধীনতা ১১৮
(গ) বিহারের শের খাঁর নিকট হুমায়ুনের পরাজয় ও পলায়ন ১১৮
শেরশাহ ১৫৪০—১৫৪৫ ... ... ১১৯
(ক) পঞ্জাব অধিকার ১১৯

(খ) বঙ্গদেশ বিজয় ১১৯
(গ) মালব বিজয় ১২০
(ঘ) রৈসিন দুর্গ বিজয় ১২০
(ঙ) মাড়ওয়ার আক্রমণ ১২০
(চ) মেওয়ার বশীকরণ ১২১
(ছ) কালীঞ্জর বিজয় ১২১
সলীম শাহ ১৫৪৫—৫৩ ... ... ১২১
মহম্মদ আদীল শাহ ১৫৪৩—৫৬ ... ... ১২১
হুমায়ুনের দ্বিতীয় শাসন ১৫৫৫ ... ... ১২২
আকবর শাহ ১৫৫৫—১৬০৫ ... ... ১২২
(ক) দ্বিতীয় পানিপথের যুদ্ধে পাঠান ক্ষমতার বিলোপ ১২৩
(খ) বৈরামের ক্ষমতা লোপ ও মৃত্যু ... ১২৩
(গ) সমস্ত বিদ্রোহ দমন ১২৩
(ঘ) মেওয়ার ভিন্ন সমস্ত রাজস্থান বশীকরণ ১২৪
(ঙ) গুর্জ্জর বিজয় ১২৫
(চ) বঙ্গ ও বিহার বিজয় ১২৬
(ছ) কাবুলে ক্ষমতা স্থিরীকরণ ১২৭
(জ) কাশ্মীর বিজয় ১২৮
(ঝ) পার্ব্বতীয় আফ্‌গানদিগের সহিত যুদ্ধ ... ১২৮
(ঞ) সিন্ধু বিজয় ১২৯
(ট) কান্দাহার বিজয় ১২৯
(ঠ) আহমদনগরের এক অংশ বিজয় ... ১২৯
(ড) খন্দেশ ও বেরার বিজয় ১২৯
(ঢ) সলীমের বিদ্রোহ ১৩০
জেহাঙ্গীর ১৬০৫—১৬২৭ ... ... ১৩১
(ক) খসরুর বিদ্রোহদমন ১৩১
(খ) নুর্জেহানের সহিত বিবাহ ১৩১

(গ) মেওয়ার বশীকরণ ১৩২
(ঘ) আহমদনগর বিজয়ের চেষ্টা ১৩২
(ঙ) নুর্জেহানের চক্রান্তে যুবরাজ কুর্ম্মের ক্ষমতা বিলোপ ১৩৩
(চ) নুর্জেহানের চক্রান্তে মহাবতের ক্ষমতা বিলোপ ১৩৪
শাহজেহান ১৬২৭—১৬৫৮ ... ... ১৩৪
(ক) আহমদনগর বিজয় ১৩৪
(খ) বাখ, বাদাক্ষাণ ও কান্দাহার অধিকারের বৃথা চেষ্টা ১৩৬
(গ) গলখন্দ ও বিজয়পুরের সহিত যুদ্ধ ... ১৩৭
(ঘ) আরংজীবের সিংহাসনারোহণ ... ১৩৭

একাদশ পরিচ্ছেদ।

মোগল রাজ্যের অবনতি।

আরংজীব ১৬৫৮—১৭০৭ ... ... ১৩৮
(ক) শিবজী ও মহারাষ্ট্রীয়দিগের সহিত যুদ্ধ ১৩৯
(খ) রাজপুতদিগের সহিত যুদ্ধ ১৪১
(গ) সম্রাটের দাক্ষিণাত্যে গমন। বিজয়পুর ও গলখন্দ রাজ্যের বিলোপ। মহারাষ্ট্রীয়দিগের সহিত যুদ্ধ। আরংজীবের মৃত্যু ১৪২
বাহাদুর শাহ ১৭০৭—১৭১২ ... ... ১৪৩
(ক) মহারাষ্ট্রীয়দিগের সহিত সন্ধি ... ১৪৩
(খ) রাজপুতদিগের সহিত সন্ধি ১৪৩
(গ) শীখদিগের সহিত যুদ্ধ ও সম্রাটের মৃত্যু ১৪৪
জেহান্দর শাহ ১৭১২—১৭১৩ ... ... ১৪৪
ফেরোক শের ১৭১৩—১৭১৯ ... ... ১৪৪

(ক) শীখদিগের পরাজয় ও বান্দার হত্যা ... ১৪৪
(খ) সৈয়দ হোসেন মহারাষ্ট্রীয়দিগের সহিত সন্ধি করে, পরে সম্রাটকে হত্যা করে ... ১৪৪
মহম্মদ শাহি ১৭১৯—১৭৪৮ ... ... ১৪৫
(ক) সৈয়দ হোসেনের মৃত্যু ও তাঁহার ভ্রাতার বন্দীত্ব ১৪৫
(খ) আসফ জা হাইদ্রাবাদের রাজ্য স্থাপন করেন ১৪৫
(গ) সাদৎ খাঁ অযোধ্যায় রাজ্যস্থাপন করেন ১৪৫
(ঘ) বলজী বিশ্বনাথ ও বাজীরাও পেশওয়া। মহারাষ্ট্রীয়দিগের দিল্লীর নিকট আগমন। সন্ধি ১৪৬
(ঙ) নাদীর শাহের আক্রমন ১৪৬
(চ) বলজী পেশওয়া ও রঘুজী প্রতিনিধির মধ্যে যুদ্ধ ও সন্ধি। রঘুজী কর্ত্তৃক বাঙ্গালার চৌঠ গ্রহণ ও উড়িষ্যা অধিকার ... ১৪৭
(ছ) রোহিল্লা ও জাঠ জাতির পরাক্রমণ ... ১৪৭
আহমদ শাহ ১৭৪৮—১৭৫৪ ... ... ১৪৭
(ক) রোহিল্লাদিগের অযোধ্যা আক্রমণ ... ১৪৭
(খ) আহমদ শাহ দুরাণীর পঞ্জাব অধিকার ... ১৪৭
দ্বিতীয় আলমগীর ১৭৫৪—১৭৫৯ ... ... ১৪৭
(ক) আহমদ শাহের তৃতীয় আক্রমণ ও দিল্লী অধিকার ১৪৭
(খ) মহারাষ্ট্রীয় কর্ত্তৃক দিল্লী ও পঞ্জাব বিজয় ১৪৯
তৃতীয় পানিপথের যুদ্ধ ১৪৯

দ্বাদশ পরিচ্ছেদ।

মোগল শাসনকালে ভারতবাসীদিগের অবস্থা।

১৫২৬—১৭৬১ খৃঃ অব্দ।

উত্তর ভারতবর্ষ বা হিন্দুস্থান ১৫১
দক্ষিণ ভারতবর্ষ বা দাক্ষিণাত্য ১৬২
রাজস্থান ১৬৭
ভারতবর্ষে মুসলমানদিগের সাহিত্য ১৬৯

ত্রয়োদশ পরিচ্ছেদ।

ইংরাজ শাসন।

১৭৪৪— ১৮৭৭।

ইউরোপীয় উপনিবেশ ১৭১
(ক) পর্টুগীজ উপনিবেশ, গোয়া ইত্যাদি ১৭১
(খ) ওলন্দাজ উপনিবেশ, জাবা, সুমাত্রা, চুঁচুড়া ইত্যাদি ১৭১
(গ) দিনেমার উপনিবেশ, শ্রীরামপুর ইত্যাদি ১৭২
(ঘ) ইংরাজ উপনিবেশ, মান্দ্রাজ, বম্বে, কলিকাতা ইত্যাদি ১৭২
(ঙ) ফরাসী উপনিবেশ, পণ্ডিচারী, চন্দননগর ইত্যাদি ১৭২
কর্ণাট বিজয় ১৭৪৪—১৭৬৩ ... ... ১৭৩
(ক) প্রথম কর্ণাট যুদ্ধ, ফরাসী কর্ত্তৃক মান্দ্রাজ অধিকার, ইংরাজদিগের মান্দ্রাজ পুনঃ প্রাপ্তি ১৭৩

(খ) দ্বিতীয় কর্ণাট যুদ্ধ, কর্ণাটে ইংরাজ প্রাদুর্ভাব, হাইদ্রাবাদে ফরাসী প্রাদুর্ভাব ১৭৩
(গ) তৃতীয় কর্ণাট যুদ্ধ, হাইদ্রাবাদে ফরাসী প্রাদুর্ভাব বিলোপ। কর্ণাটে ইংরাজ প্রাধান্য ১৭৪
বঙ্গবিজয় ১৭৫৬—১৭৬৫ ... ... ১৭৫
(ক) সিরাজ উদ্দৌলা নবাব, পলাসীর যুদ্ধ ... ১৭৫
(খ) মীরজাফর নবাব ১৭৭
(গ) মীর কাসীম নবাব ১৭৭
(ঘ) মীরজাফর নবাব। ইংরাজদিগের বঙ্গ, বিহার ও উড়িষ্যার দেওয়ানি প্রাপ্তি ... ১৭৮
ওয়ারেন হেষ্টিংস ১৭৭৪—১৭৮৫ ... ... ১৭৯
(ক) শাসনপ্রণালী সংশোধন ১৮০
(খ) রোহিল্লার ধ্বংশ সাধন ১৮০
(গ) নন্দকুমারের ফাঁসী ১৮১
(ঘ) বারানসীর চৈৎসিংহের অবমাননা ও পদচ্যুতি ১৮১
(ঙ) অযোধ্যার বেগমদিগের উপর উপদ্রব ... ১৮২
(চ) মহারাষ্ট্রীয়দিগের সহিত যুদ্ধ ১৮২
(ছ) মহীশূরের হাইদর আলীর সহিত যুদ্ধ ... ১৮৩
লর্ড কর্ণওয়ালিস্ ১৭৮৬—১৭৯৩ ... ... ১৮৫
(ক) মহীশূরের সহিত যুদ্ধ ১৮৫
(খ) চিরস্থায়ী বন্দোবস্ত ১৮৫
(গ) শাসন প্রণালীর সংশোধন ১৮৬
সর জন্ শোর ১৭৯৩—১৭৯৮ ... ... ১৮৭
মার্কুইস ওয়েলেস্‌লী ১৭৯৮—১৮০৫ ... ... ১৮৭
(ক) মহীশূরের যুদ্ধ ও বিজয় ও হিন্দু রাজাকে দান ১৮৮

(খ) কর্ণাট অধিকার ১৮৮
(গ) মহারাষ্ট্রীয় যুদ্ধ ১৮৮
লর্ড কর্ণওয়ালীস ও সরজন বার্লো ১৮০৫—১৮০৭ লর্ড মিন্টো ১৮০৭—১৮১৩ ... ১৯০
মার্কুস হেষ্টিংস ১৮১৩—১৮২৩ ... ... ১৯১
(ক) নেপাল যুদ্ধ ১৯১
(খ) পিণ্ডারী যুদ্ধ ১৯১
লর্ড আমহর্ষ্ট ১৮২৩—১৮২৮ ... ... ১৯৩
(ক) ব্রহ্মদেশের যুদ্ধ ১৯৩
(খ) ভরতপুর বিজয় ও শিশুরাজাকে দান ... ১৯৪
লর্ড উইলিয়ম বেণ্টিংক ১৮২৮—১৮৩৫ ... ১৯৪
(ক) কুর্গ বিজয় ১৯৪
(খ) শাসন সম্বন্ধীয় সংস্কার ১৯৪
(গ) সামাজিক রীতি সংস্কার ১৯৫
লর্ড অকলণ্ড ১৮৩৬—১৮৪২ ... ... ১৯৬
(ক) কাবুলে ইংরাজদিগের দুর্গতি ১৯৬
লর্ড এলেনবরো ১৮৪২—১৮৪৪ ... ... ১৯৭
(ক) কাবুল যুদ্ধ ১৯৭
(খ) সিন্ধু বিজয় ১৯৭
(গ) সিন্ধীয়া রাজ্যের সহিত নূতন বন্দোবস্ত ১৯৭
(ঘ) শাসন বিষয়ক সংস্কার ১৯৮
লর্ড হার্ডিঞ্জ ১৮৪৪—১৮৪৭ ... ... ১৯৮
(ক) প্রথম শীখ যুদ্ধ ১৯৮
লর্ড ডেলহাউসী ১৮৪৮—১৮৫৬ ... ... ১৯৯
(ক) দ্বিতীয় শীখ যুদ্ধ ও পঞ্জাব বিজয় ... ১৯৯
(খ) ব্রহ্মদেশীয় যুদ্ধ ও পেগু বিজয় ... ২০০
(গ) নাগপুররাজ্য অধিকার ২০০
(ঘ) অযোধ্যা অধিকার ২০০

(ঙ) অন্যান্য প্রদেশ অধিকার ২০০
(চ) রেলওয়ে ও টেলিগ্রাফ স্থাপন ও শাসন সম্বন্ধীয় সংস্কার ২০০
লর্ড ক্যানিং ১৮৫৬—১৮৬২ ... ... ২০১
(ক) সিপাহি বিদ্রোহ ২০১
(খ) ইষ্টইণ্ডিয়া কোম্পানী উঠিয়া যায় ... ২০২
লর্ড এলগীন ১৮৬২—১৮৬৩ ... ... ২০২
সরজন লরেন্স ১৮৬৪—১৮৬৮ ... ... ২০২
লর্ড মেয়ো ১৮৬৯—১৮৭২ ... ... ২০২
লর্ড নর্থব্রুক ১৮৭২—১৮৭৬ ... ... ২০৩
লর্ড লিটনের শাসন ও মহারাজ্ঞীর ভারতেশ্বরী নাম গ্রহণ ২০৩

ভারতবর্ষের ইতিহাস।

প্রথম পরিচ্ছেদ।

আদিম আর্য্যজাতি।

অনুমান ৪০০০ পূঃ খৃষ্টাব্দ হইতে অনুমান ২৫০০ পূঃ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

আদিম আর্য্যজাতি। অনুমান চারি সহস্র বৎসর পূর্ব্ব খৃষ্টাব্দে হিন্দুকুশ পর্ব্বতের উত্তরে অক্‌শস্ ও জাক্‌শার্টীস নদীতীরে আদিম আর্য্যজাতি বাস করিত। হিন্দু, পারসিক, গ্রীক, রোমীয়, ইতালীয়, ফরাসী, ইংরাজ, জর্ম্মাণ, ওলন্দাজ, দিনেমার, স্পানীয়, রুশীয় প্রভৃতি অনেক জাতি প্রাচীন আর্য্যজাতি হইতে উৎপন্ন।

সামাজিক আচার ব্যবহার। ভাষাবিৎ পণ্ডিতগণ এই প্রাচীন জাতির ধর্ম্ম সংক্রান্ত ও সামাজিক আচার ব্যবহার অনেক দূর নিরূপণ করিয়াছেন। মৃগয়া, পশুপালন ও ভূমি কর্ষণ এই তিন ব্যবসা দ্বারা আর্য্যগণ জীবন যাপন করিত। মৃগয়াজীবী ও পালিত পশুজীবীগণ গৃহপ্রিয় ছিল না ও সর্ব্বদা এক স্থানে বাস করিত না, ফলতঃ আধুনিক তাতার ও আরবজাতীয়গণ যেরূপ বহু পরিবার ও গৃহপালিত জীব জন্তু সমন্বিত হইয়া শিবির হইতে শিবিরান্তরে, স্থান হইতে স্থানান্তরে ভ্রমণ করিয়া থাকে, তাহারাও সেই রূপ ভ্রমণপটু ছিল। কৃষকগণ অপেক্ষাকৃত গৃহপ্রিয় ছিল ও স্বভাবতঃই

নিজ২ ভূমিতে আসক্ত থাকিত। অন্যান্য সম্প্রদায়ের লোকগণ এরূপে এক স্থানে বাস করিত না; পশুপালকগণ পশুর আবশ্যকীয় তৃণক্ষেত্র পাইবার জন্য, মৃগয়াব্যবসায়ী নূতন২ বন্য পশুর অন্বেষণে সর্ব্বদাই ইতস্ততঃ ভ্রমণ করিত। যে স্থানে সুবিধা হইত সেই স্থানে দলে২ বাস করিত; পুনরায় খাদ্যের বা অন্য আবশ্যকীয় দ্রব্যের অভাব হইলেই সে স্থান ত্যাগ করিয়া দলে২ অন্য স্থান অন্বেষণ করিত। আর্য্যগণ স্বদেশে এরূপ ভ্রমণপটু না হইলে গঙ্গা হইতে টেম্‌স্‌নদী পর্য্যন্ত উপনিবেশ স্থাপন করিতে পারিত না।

সভ্যতা ও শিল্প বিদ্যা। আর্য্যদিগের মধ্যে বিবাহ রীতি ও পরিবারধর্ম্ম প্রচলিত ছিল; পিতা পরিবার রক্ষা করিতেন, মাতা খাদ্য পরিমাপ করিয়া দিতেন, দুহিতা দুগ্ধ দোহন করিতেন। পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে যে, তাহারা কৃষিকার্য্য জানিত। এতদ্ভিন্ন তাহারা পশুর লোম ও চর্ম্ম হইতে বস্ত্র প্রস্তুত করিত, মৃত্তিকার ভাণ্ডাদি নির্ম্মাণ করিত, ও সুবর্ণ, তাম্র ও লৌহের ব্যবহার কিয়ৎপরিমাণে জানিত। আর্য্যগণ সোম নামক এক প্রকার মদিরা প্রস্তুত ও পান করিত, ও গম ও যব হইতে আধুনিক "পচাইয়ের" ন্যায় এক রূপ সুরা প্রস্তুত করিত। তাহারা রাজার অধীনে বাস করিত ও রাজাকে কর দান করিত; গৃহ ও নগর নির্ম্মাণ করিতে জানিত ও তাহাদিগের মধ্যে বাণিজ্যও কিয়ৎপরিমাণে প্রচলিত ছিল।

পূর্ব্বোক্ত বর্ণনা হইতে স্পষ্ট জানা যাইবে যে, প্রাচীন আর্য্যগণ আধুনিক অষ্ট্রেলীয় দ্বীপবাসীদিগের ন্যায় একবারে বর্ব্বর ছিল না। তথাপি তাহারা বিশেষ সভ্যতা লাভ করিয়াছিল এরূপও বলা যায় না। ফলতঃ খৃষ্টের অনতি পরে রোমীয় পণ্ডিতবর টাসীটস্ এই আর্য্যজাতির এক শাখা প্রাচীন জর্ম্মাণদিগকে যেরূপ অসভ্য অবস্থায় দেখিয়া বর্ণনা

করিয়া গিয়াছেন, খৃষ্টের তিন কি চারি সহস্র বৎসর পূর্ব্বে আদিম আর্য্যগণও অনেকাংশে সেই রূপ অসভ্য অবস্থায় ছিল। তাহাদিগের মধ্যে মুদ্রা প্রচলিত ছিল না, ও তাহারা কবিতা ও গীতপ্রিয় হইলেও লিখিত ভাষা বা অক্ষর জানিত না।

ধর্ম্ম প্রণালী। আর্য্যদিগের ধর্ম্ম আলোচনা করিলেও সেই রূপ প্রতীতি হইবে যে, আর্য্যগণ সুসভ্যও ছিল না, একেবারে বর্ব্বরও ছিল না। বর্ব্বর জাতিগণ বহুসংখ্যক মন্দ প্রকৃতি ভূত ও পিশাচে বিশ্বাস করে; সুসভ্য জাতিগণ সমস্ত সদ্গুণসম্পন্ন এক ঈশ্বরকে বিশ্বাস করে। প্রাচীন আর্য্যজাতি এই দুই সীমার মধ্যবর্ত্তী। আর্য্যগণ অনেক ঈশ্বরবাদী ছিল, প্রকৃতির মধ্যে যাহা সুন্দর বা মহৎ বলিয়া বোধ হইত তাহাই পূজা করিত। অনন্ত নীল নভোমণ্ডলকে দ্যৌঃ বলিয়া পূজা করিত, ও কখন বরুণ বলিয়া সম্বোধন করিত। সূর্য্য ও অগ্নি আর্য্যদিগের আরাধ্য দেবতা ছিলেন। এই জাতির মধ্যে কোন রূপ মন্দির বা দেবমূর্ত্তি নির্ম্মাণপ্রথা প্রচলিত ছিল এরূপ বোধ হয় না; বরং স্পষ্টই প্রতীতি হয় যে, পুরোহিত বা পৃথক্ উপাসকসম্প্রদায় ছিল না; আকাশ বা সূর্য্যকে লক্ষ্য করিয়া প্রত্যেক পরিবারের শ্রেষ্ঠ ও বৃদ্ধ পুরুষ পূজা মন্ত্র পাঠ করিত, ও ফল, মূল বা দুগ্ধ দান করিয়া নিজ২ যাচ্ঞা প্রকাশ করিত। আর্য্যদিগের আদিম ধর্ম্ম এইরূপ সরল, এইরূপ বিশদ ও প্রশান্ত!

আর্য্য উপনিবেশ সমূহ। পূর্ব্বেই উল্লেখ করা হইয়াছে যে, আর্য্যদিগের মধ্যে অধিকাংশই সর্ব্বদা ভ্রমণপটু ছিল। সুতরাং নিজের চঞ্চলতা বশতঃই হউক, গৃহবিচ্ছেদ কারণেই হউক, খাদ্যের অভাবের জন্যই হউক বা পূর্ব্বদিকে তুরেণীয় জাতিদিগের আক্রমণ কারণেই হউক, আর্য্যগণ সময়ে২ দলে২ স্বদেশ ত্যাগ করিয়া উত্তর, পশ্চিম ও দক্ষিণ দিকে

বহুদূর পর্য্যন্ত ভ্রমণ করিয়া নূতন আবাসস্থান অন্বেষণ করিত, ও বর্ব্বর জাতিদিগকে জয় করিয়া নূতন২ দেশে উপনিবেশ স্থাপন করিত। এরূপ কত দেশে কত উপনিবেশ স্থাপন করিয়াছে তাহা বলা দুঃসাধ্য; বোধ হয় অনেক আর্য্য-উপনিবেশ কালে একেবারে বিলুপ্ত হইয়াছে, তথাপি প্রধান উপনিবেশ গুলি এখনও বিদ্যমান আছে, ও এই ছয় সহস্র বৎসরের পর অদ্যাপি জগতের সকল জাতির মধ্যে পরাক্রান্ত ও সুসভ্য। আমরা সেই প্রধান উপনিবেশ কয়েকটীর কথা সংক্ষেপে উল্লেখ করিব।

১। ইউরোপের পূর্ব্ব ও দক্ষিণে যে স্লাবনীয় জাতি অদ্যাপি বাস করে, তাহারা আর্য্যসন্তান; বহুকাল পূর্ব্বে আর্য্যগণ এই স্থানে উপনিবেশ স্থাপন করিয়াছিল। আধুনিক রুশীয় ও পোলগণ স্লাবনীয় আর্য্য।

২। ইউরোপের মধ্যাংশে যে লিথুনীয় জাতি বাস করে, তাহারাও আর্য্যজাতির শাখা মাত্র। আধুনিক প্রুশীয়গণ অধিকাংশই লিথুনীয় আর্য্য।

৩। ইউরোপের পশ্চিমে যে মহাপরাক্রান্ত টিউটন জাতিগণ বাস করে, তাহারাও আর্য্যজাতি হইতে উৎপন্ন। আধুনিক জর্ম্মাণ, দিনেমার, ওলন্দাজ, ইংরাজ প্রভৃতি বহু জাতি টিউটন আর্য্য।

৪। ইউরোপের দক্ষিণ পশ্চিমে যে মহাপরাক্রান্ত কেল্টিক জাতি বাস করে, তাহারাও আর্য্যজাতির শাখা মাত্র। আধুনিক স্পানীয়, ফরাসী, আইরিশ প্রভৃতি অনেক জাতি কেল্টিক আর্য্য।

৫। পূর্ব্বকালে যে গ্রীক ও রোমীয় জাতি ইউরোপে সভ্যতার আলোক বিস্তার করিয়াছিল, তাহারাও আর্য্যজাতির হেলেনিক শাখা। আধুনিক গ্রীক ও ইতালীয়গণ হেলেনিক আর্য্য।

গৃহবিচ্ছেদ ও দুই সম্প্রদায়ের যুদ্ধ। যে সময়ে আর্য্যগণ বিদেশে এরূপ উপনিবেশ স্থাপন করিতেছিল, সে সময়ে স্বদেশেও তাহারা নিশ্চিন্ত ছিল না। লোকসংখ্যা বৃদ্ধি কারণে বা পূর্ব্ব দিকে তুরেণীয়দিগের উৎপীড়নে তাহারা ক্রমশঃই দক্ষিণ ও পশ্চিম দিকে রাজ্য বিস্তার করিতেছিল ও কালক্রমে আধুনিক পারস্য ও কাবুল দেশ আর্য্যরাজ্যের অন্তর্গত হইল। ক্রমে এই বিস্তীর্ণ রাজ্যাধিবাসী আর্য্যদিগের মধ্যে একটী গৃহবিচ্ছেদ হইল।

এই গৃহবিচ্ছেদের সকল কারণ এক্ষণে বিশেষরূপে জানা যায় না, কিন্তু ধর্ম্ম ও আচার ব্যবহারের বিভিন্নতাই যে ইহার প্রধান কারণ তাহার সন্দেহ নাই। আর্য্যদিগের মধ্যে এক দল সামান্য সোমরস ও ফল মূল আহারাসক্ত ছিল, অন্য এক দল সেই সোমরসকে মাদকরূপে সেবন করিত ও মাংসপ্রিয় ছিল। প্রথম দল পূজনীয় দেবদিগকেও ঐরূপ সোমরস ও ফল মূল দান করিয়া পূজা করিত, দ্বিতীয় দল মাদক রস ও মাংস দিয়া আরাধনা করিত। প্রথম দল আপন২ আরাধ্যকে "অসুর" বলিয়া পূজা করিত, ও দ্বিতীয় দলের আরাধ্যকে "দেব" বলিয়া ঘৃণা করিত; দ্বিতীয় দলও সেই রূপ আপনাদিগের আরাধ্যকে "দেব" বলিয়া পূজা করিত ও প্রথম দলের আরাধ্যকে "অসুর" বলিয়া ঘৃণা করিত। ক্রমে অসুর-পূজক ও দেব-পূজকদিগের মধ্যে মহা বিরোধ ও যুদ্ধ উপস্থিত হইল। অসুর-পূজকগণ জয় লাভ করিল, ও স্বদেশে রহিল, মদ্যপায়ী দেব-পূজকগণ পরাস্ত হইয়া দেশ ত্যাগ করিল।

পরাজিত সম্প্রদায়ের ভারতবর্ষে প্রবেশ। মদ্যপায়ী দেব-পূজক পরাজিত আর্য্যসম্প্রদায় দেশ ত্যাগ করিয়া কোথায় যাইল? তাহারা সিন্ধু নদ পার হইয়া ভারতবর্ষে পলায়ন করিল। এই ভীষণ যুদ্ধের কথা দুই জাতির ধর্ম্ম-

শাস্ত্রেই পাওয়া যায়। পারসী ও হিন্দু উভয় জাতিই দেবাসুরের যুদ্ধকথা বর্ণনা করিয়াছে। তবে অসুর-পূজক পারসীগণ নিজ শাস্ত্রে অসুরের পূজা ও গৌরবকথা ও পরাজিত দেবদিগের নিন্দাকথা লিখিয়াছে; দেব-পূজক হিন্দুগণ দেবের গৌরব ও অসুরের নিন্দা করিয়াছে, ও দেবের প্রকৃত পরাজয়ের কথা স্বীকার করিয়াও পরে অসুরের পরাজয় হইয়াছিল এইরূপ কল্পিত গল্প রচনা করিয়াছে।

এই রূপে গৃহনিষ্ক্রান্ত এক দল আর্য্যসন্তান আধুনিক ভারতক্ষেত্রে প্রবেশ করে; হিন্দুগণ এই আর্য্যের সন্ততি।

দ্বিতীয় পরিচ্ছেদ।

বেদবর্ণিত সময়।

অনুমান ২৫০০ পূঃ খৃষ্টাব্দ হইতে অনুমান
১৪০০ পূঃ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

ভারতবর্ষের আদিমবাসীর সহিত আর্য্যদিগের যুদ্ধ। পরাজিত আর্য্যগণ যখন ভারতবর্ষে প্রবেশ করিল, তখন সমগ্র ভারতবর্ষে অতি অসভ্য জাতি বাস করিত। ফলতঃ এক্ষণে যে ভীল, কোল, সাঁওতাল প্রভৃতি অসভ্য জাতিগণ পর্ব্বতে ও জঙ্গলে বাস করে তাহারাই ভারতবর্ষের আদিমবাসী, তাহাদিগের পূর্ব্ব পুরুষগণ এক কালে সমস্ত ভারতবর্ষ অধিবাস করিত। আর্য্যদিগের সহিত বহু শতাব্দির ভীষণ যুদ্ধে পরাজিত ও দেশচ্যুত হইয়াই তাহারা উর্ব্বর প্রদেশ সমস্ত ত্যাগ করিয়া পর্ব্বত ও জঙ্গলে আশ্রয় লইয়াছে। নবাগত আর্য্যগণের সিন্ধু পার হইবার অচিরকাল পরেই এই আদিম অসভ্য জাতিদিগের সহিত মহা যুদ্ধ আরম্ভ হইল।

আর্য্যগণ শ্বেতকায় ছিল, ও আদিমবাসীগণকে কৃষ্ণবর্ণ বলিয়া সর্ব্বদাই ঘৃণা করিত; এবং এই কৃষ্ণকায় শত্রুর ধ্বংসের জন্য দেবতার নিকট সর্ব্বদাই আরাধনা করিত। বহু শতাব্দির ভীষণ যুদ্ধের পর আদিমবাসীগণ ক্রমে পরাজিত হইল, ও সিন্ধু হইতে শতদ্রু পর্য্যন্ত সমস্ত প্রদেশ (পঞ্জাব প্রদেশ) আর্য্যদিগের হস্তগত হইল। যখন বেদের সংহিতা রচিত হয়, তখন আর্য্যগণ ভারতবর্ষের মধ্যে কেবল এই প্রদেশখণ্ড অধিকার করিত, ও এই প্রদেশের কথা গীতে উল্লেখ করিয়াছে। বিজীত অসভ্য জাতিগণ অনেকেই আর্য্যদিগের অধীনতা স্বীকার করিল, অবশিষ্ট অংশ জঙ্গল বা পর্ব্বতে আশ্রয় লইয়া নিজং স্বাধীনতা রক্ষা করিতে লাগিল।

ধর্ম্ম প্রণালী। পূর্ব্ব পরিচ্ছেদে লিখিত হইয়াছে যে, আদিম আর্য্যগণ প্রকৃতির মধ্যে যাহা সুন্দর ও মহৎ দেখিত তাহাই পূজা করিত, ও আকাশ ও সূর্য্যকে আরাধনা করিত। ভারতবর্ষে আগমনের পর এই ধর্ম্ম ক্রমশঃ উৎকর্ষ লাভ করিতে লাগিল। সিন্ধুতীরবাসী আর্য্যগণ ইন্দ্র, অগ্নি ও সূর্য্যকেই সমধিক পূজা করিত। ইন্দ্র আকাশের দেবতা ও সোমরস পান করেন, ও মনুষ্যের উপকারের জন্য সর্ব্বদাই বৃত্র ও পণি অসুরদিগের সহিত যুদ্ধ করেন। অগ্নি অন্যান্য দেবগণকে আহ্বান করিয়া যাগ যজ্ঞ সম্পাদন করেন। সূর্য্য মনুষ্যের হিতার্থ আলোক বিতরণ করেন। ইহা ভিন্ন বিশ্ব বা প্রকৃতি রূপিনী অদিতির সপ্ত সন্তান;—মিত্র, অর্য্যমন, ভাগ, বরুণ, দক্ষ, অংশ ও সাবিত্রী। তন্মধ্যে মিত্র ও বরুণই সর্ব্বাপেক্ষা পূজার্হ। মরুৎগণ ইন্দ্রের সহচর; অশ্বিনগণ পীড়া আরোগ্য করেন; রুদ্র অগ্নির রূপান্তর মাত্র ও বিষ্ণু সূর্য্যের রূপান্তর মাত্র। ত্বষ্ট দেবদিগের কর্ম্মকার ও ঊষা প্রাতঃকালে দর্শন দেন।

উপরি উক্ত দেব-বর্ণনা হইতে অনায়াসে উপলব্ধি হইবে যে, হিন্দু ধর্ম্ম এক্ষণে যে আকার ধারণ করিয়াছে, সিন্ধু-তীরবাসী আর্য্যগণের নিকট সে আকারে পরিচিত ছিল না। স্থান, কাল ও সভ্যতা অনুসারে ধর্ম্মের পরিবর্ত্তন হয়। কালের ও সভ্যতার গত্যনুসারে সিন্ধু-তীরবাসী আর্য্যদিগের সরল প্রকৃতি-পূজা এক্ষণে পরিবর্ত্তিত ও সুন্দর২ নানা উপন্যাসে বর্দ্ধিতকলেবর হইয়া পৌরাণিক হিন্দু ধর্ম্মের রূপ ধারণ করিয়াছে। বেদবর্ণিত কালে ব্রহ্মা বা শিব পূজিত হইতেন না; বিষ্ণু সূর্য্যের রূপান্তর মাত্র ছিলেন, তাঁহার দশ অবতারের কথা যাহা পুরাণে লেখা আছে, বেদে তাহার কিছুমাত্র উল্লেখ নাই। দুর্গা ও কালী ও কৃষ্ণের নামমাত্র বেদে প্রাপ্ত হওয়া যায় না।

দেব বিষয়ে যেরূপ, অন্যান্য বিষয়েও আদিম হিন্দু ধর্ম্ম আধুনিক হিন্দু ধর্ম্ম হইতে সেই রূপ পৃথক্। আদিম হিন্দুদিগের মধ্যে জাতিবিচ্ছেদ ছিল না, ধর্ম্মঘটিত অসমতা ছিল না। আরাধনাও সরল, উপাসক ঘৃত বা সোমরসের আহুতি দান করিতেন, নিজের বা পরিবারের কুশল বা স্বাস্থ্যের জন্য প্রার্থনা করিতেন, গোবৎস বৃদ্ধির জন্য আরাধনা করিতেন, অথবা কৃষ্ণকায় অসভ্য জাতিদিগের সহিত ভীষণ যুদ্ধে জয় লাভের জন্য প্রার্থনা করিতেন। রাজগৃহে পূজা নির্ব্বাহার্থ একং জন করিয়া পুরোহিত নিযুক্ত থাকিতেন, তাহারও পরিচয় পাওয়া যায়। পূজকের গৃহই মন্দির, ইহা ভিন্ন অন্য মন্দির ছিল না, দেব-মূর্ত্তিও ছিল না। প্রথম হিন্দুদিগের এইরূপ সরল ধর্ম্ম ও এইরূপ সরল পূজা ছিল।

জাতিবিচ্ছেদ। কালক্রমে অনেক ধর্ম্ম বিষয়ক ও সামাজিক পরিবর্ত্তন হইতে লাগিল। সমাজের প্রথমাবস্থায় সকলেই যেরূপ কৃষিকার্য্য ও মেষপালনকার্য্য ও যুদ্ধকার্য্য সম্পাদন করে, পরে সেরূপ থাকে না; প্রতি ব্যবসায় অবলম্বনকারী

লোক একং টী ভিন্ন শ্রেণীভুক্ত হয়। অসভ্য জাতিদিগের মধ্যে যোদ্ধাই সচরাচর নিজের গৃহ, নিজের ধনুর্ব্বাণ, নিজের নৌকা প্রস্তুত করিয়া থাকে; কিন্তু সভ্যতার উৎকর্ষের সহিত যুদ্ধব্যবসা ও অস্ত্রনির্ম্মাণব্যবসা, গৃহনির্ম্মাণ ও পোতনির্ম্মাণ ভিন্নং ব্যবসা বলিয়া পরিগণিত হয় ও ভিন্নং লোকের দ্বারা সম্পাদিত হয়, ও প্রত্যেক ব্যবসাবলম্বী লোক একং টী ভিন্ন শ্রেণীভুক্ত হয়। হিন্দুদিগের সভ্যতার উৎকর্ষের সহিত এই ঘটনা ঘটিল। জগতের অন্যান্য স্থানে যেরূপ, ভারতবর্ষেও সেইরূপ, পূজকগণ একটী বিভিন্ন শ্রেণীভুক্ত হইল, ব্রাহ্মণ নাম ধারণ করিল, ও ক্রমে পূজা সম্পাদন কার্য্য একচাটিয়া করিয়া লইল, সুতরাং আর কেহ ব্রাহ্মণকে না ডাকিয়া নিজের পূজা নিজে সম্পাদন করিতে পারিত না। পরাক্রান্ত গর্ব্বিত যোদ্ধা ও রাজগণও সামান্য লোক হইতে পৃথক্ হইয়া একটী বিভিন্ন শ্রেণীভুক্ত হইল ও ক্ষত্রিয় নাম ধারণ করিল। সামান্য কৃষি বা বাণিজ্য ব্যবসায়ীগণ যোদ্ধা বা পূজকদিগের ন্যায় সম্মান প্রাপ্ত হইত না; তাহারা একটী অধীন শ্রেণীভুক্ত হইয়া বৈশ্য নাম ধারণ করিল। পরাজিত কৃষ্ণকায় অসভ্যগণের মধ্যে যাহারা হিন্দুদিগের দাসত্ব স্বীকার করিল, তাহারা শূদ্র নাম ধারণ করিয়া আর্য্যসন্তানদিগের দাস হইয়া রহিল।

এই জাতিবিচ্ছেদ সহসা বা এক দিনে সম্পাদিত হয় নাই, ক্রমেং বহুশতাব্দী ব্যাপিয়া এই বৃহৎ ঘটনাটী সম্পাদিত হইয়াছিল। সর্ব্ব প্রথম রচিত ঋগ্বেদের সংহিতায় চারি জাতির পরিচয় পাওয়া যায় না, ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের উল্লেখ মাত্র স্থানেং দেখা যায়; কিন্তু অন্যান্য শেষ রচিত বেদে উপরি উক্ত চারি জাতির বিবরণ দেখিতে পাওয়া যায়। পরন্তু জাতিবিচ্ছেদ সম্পাদিত হইবার বহুকাল পর পর্য্যন্তও ক্ষত্রিয়গণ ব্রাহ্মণদিগের শাস্ত্র বিষয়ক প্রাধান্য সর্ব্বদা স্বীকার করিত

না, ও ব্রাহ্মণগণও ক্ষত্রিয়দিগের শস্ত্র বিষয়ক প্রাধান্য সর্ব্বদা স্বীকার করিত না। উপনিষদের অনেক স্থানে ক্ষত্রিয়-গণ দর্প করিয়া ব্রাহ্মণদিগকে ধর্ম্ম শিক্ষা দিতেছে, ব্রাহ্মণ-গণ বিনীতভাবে তাহাই শিখিতেছে এরূপ লিখিত আছে। পক্ষান্তরে পরশুরামের উপাখ্যান হইতে উপলব্ধি হয় যে, ব্রাহ্মণগণ ক্ষত্রিয়দিগকে যুদ্ধে অনেকবার পরাস্ত করিয়া-ছিল। কিন্তু কালক্রমে এই সমস্ত বিরোধ লোপ হইল, ও প্রত্যেক জাতি নিজং নির্ণীত ব্যবসায় অবলম্বন করিয়া অন্য ব্যবসায়ে উৎকর্ষ বা প্রাধান্য লাভ-আকাঙ্ক্ষা ত্যাগ করিল। এই জাতিবিচ্ছেদস্বরূপ ভিত্তির উপর হিন্দুদিগের নব্য সমাজ সংস্থাপিত হইল।

সভ্যতার উন্নতি ও সামাজিক পরিবর্ত্তন। উপরি উক্ত বর্ণনা হইতে স্পষ্ট প্রতীয়মান হইবে যে, বেদবর্ণিত সময়ের মধ্যে হিন্দু সমাজের সাধারণ পরিবর্ত্তন সঙ্ঘটিত হয় নাই। প্রথম আর্য্য আগন্তুকগণ জাতিবিচ্ছেদ জানিত না, দীর্ঘ মন্ত্র বা পূজার ঘটা জানিত না, সভ্যতাজনিত সামাজিক বিভিন্নতা জানিত না। তাহারা অসভ্য, গোমেষপালক ছিল, খড়্গ হস্তে ভারতবর্ষে প্রবেশ করিয়া অধিকতর অসভ্য আদিমবাসীদিগকে পরাস্ত করিয়া আবাসস্থান পরিষ্কার করিল, নিজং গৃহে নিজেই যেরূপ পারিত, আকাশ বা অগ্নি বা বায়ুকে সম্বোধন করিয়া গোবৎসাদি রক্ষা বা পরিবারের স্বাস্থ্যকামনায় আরাধনা করিত, ক্ষুদ্রং নগরে ক্ষুদ্রং রাজার অধীনে বাস করিয়া গো মেষ পালন ও ভূমি কর্ষণ দ্বারা জীবন নির্ব্বাহ করিত ও বিপদ কালে সকলে একত্র হইয়া কৃষ্ণ-কায় বর্ব্বরদিগকে যুদ্ধ দান করিত। এই আদিম অসভ্য সমাজ ক্রমে কিরূপান্তর প্রাপ্ত হইল! হিন্দুগণ ক্রমে সভ্যতা লাভ করিল, সঙ্গেং শ্রেণী ও সম্প্রদায়বিচ্ছেদ হইতে লাগিল। পূজকগণ শ্রেণীভুক্ত হইয়া পূজার ঘটা বৃদ্ধি করিতে লাগিল,

অবশেষে সে মন্ত্র ও পূজার ঘটা এত বৃদ্ধি প্রাপ্ত হইল যে, ব্রাহ্মণ ভিন্ন আর কেহ সেরূপ পূজা সম্পাদন করিতে পারিত না। যোদ্ধা ও রাজগণ শ্রেণীভুক্ত হইয়া যুদ্ধ শাস্ত্রের উৎকর্ষ সাধন করিতে লাগিল; অনেক সময়ে পরস্পরের মধ্যে যুদ্ধ করিত, ও আদিমবাসীদিগকে পরাস্ত করিয়া ক্রমে ভারত-বর্ষে আর্য্যরাজ্য বিস্তার করিতে লাগিল। পরাজিত আদিম-বাসীগণও দাসত্ব স্বীকার করিয়া সেই বিশাল আর্য্য পরিবারে প্রবেশ করিল। দেব দেবীর সংখ্যা বৃদ্ধি হইতে লাগিল, পূজার ঘটার বৃদ্ধি হইতে লাগিল, সামাজিক নিয়ম ও রাজনীতি ক্রমশঃই বৃদ্ধি ও উৎকর্ষ লাভ করিতে লাগিল, নূতনং রাজ্যের সহিত আর্য্যক্ষমতা বৃদ্ধি পাইতে লাগিল, সভ্যতা বৃদ্ধি প্রাপ্ত হইল, আর্য্য মেষপালকদিগের সমাজ পরিবর্ত্তিত হইয়া জাতিবিচ্ছেদমূলক সুসভ্য হিন্দু সমাজ গঠিত হইল।

সামাজিক আচার ব্যবহার। পূর্ব্বোক্ত বিবরণ হইতে স্পষ্টই প্রতীয়মান হইবে যে, বেদবর্ণিত সময়ের মধ্যে সমা-জের অনেক পরিবর্ত্তন হইয়াছিল, সরল মেষপালক সমাজ পরিবর্ত্তিত হইয়া একটী সুসভ্য জাতি-বিচ্ছেদমূলক সমাজ গঠিত হইল। এক্ষণে এই নবগঠিত সভ্য সমাজে প্রচলিত আচার ব্যবহার বিশেষরূপে আলোচনা করা আবশ্যক, বেদবর্ণিত সময়ের শেষভাগে হিন্দুদিগের যে সভ্য আচার ব্যবহার প্রচলিত ছিল, তাহার একটী সংক্ষিপ্ত চিত্র অবতারণা করা আবশ্যক।

বেদবর্ণিত সময়ের মধ্যে আর্য্যগণ সরযূ অতিক্রম করিয়া আরও পূর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত হইয়াছিল, আধুনিক বিহার ও অঙ্গদেশ পর্য্যন্ত আসিয়াছিল কি না জানা যায় না। এই প্রশস্ত প্রদেশের অনেক অংশ আবাদ হইয়াছিল, কিন্তু অনেক স্থানে বৃহৎং জঙ্গলও ছিল, তাহা তখনও আবাদ হয় নাই।

এক্ষণে যে রূপ, তিন চারি সহস্র বৎসর পূর্ব্বেও সেই রূপ হিন্দু প্রদেশ ক্ষেত্রবেষ্টিত গ্রামে বিভূষিত ছিল। গৃহগুলি এক্ষণকার ন্যায় মৃত্তিকানির্ম্মিত, বা পর্ব্বত প্রদেশে প্রস্তর-নির্ম্মিত। ইহা ভিন্ন রাজাদিগের প্রাচীরবেষ্টিত, দুর্গরক্ষিত পুর বা নগরীও ছিল।

উপরি উক্ত প্রশস্ত প্রদেশে আর্য্যগণ ভিন্ন২ জাতিতে ও ভিন্ন২ ক্ষুদ্র রাজ্যে বিভক্ত ছিল, ও প্রত্যেক রাজ্যে এক জন রাজা শাসন করিতেন। সময়ে২ রাজাদিগের মধ্যে ঘোর যুদ্ধ হইত, অনেক রাজা একত্র দলবদ্ধ হইয়া অন্য অনেক রাজার সহিত যুদ্ধ দান করিতেন। তদ্ভিন্ন সৌহৃদ্য বশতঃও কখন২ অনেক রাজা এক২ স্থানে সমবেত হইতেন। রাজগণ বহু স্তম্ভ ও বহু দ্বারবিভূষিত প্রাসাদে বাস করিতেন, এবং সুবর্ণশোভিত পরিচ্ছদ পরিধান করিয়া বহু সংখ্যক দূত বেষ্টিত হইয়া রাজ কার্য্য নির্ব্বাহ করিতেন। রাজাগণ অনেক দারপরিগ্রহ করিতেন, ও প্রায়ই ধর্ম্ম কর্ম্ম নির্ব্বাহের জন্য এক২ জন করিয়া পুরোহিত রাখিতেন,এবং পুরোহিত ও ঋষিদিগকে সর্ব্বদাই অশ্ব, গো, রথ, সুবর্ণ, পরিচ্ছদ, ও সুন্দরী দাসী দান করিতেন। রাজাদিগের অধীনে গ্রাম ও নগর শাসনার্থে গ্রামনী ও পুরপতি নিয়োজিত হইত।

বহুবিবাহ রীতি প্রচলিত ছিল, কিন্তু সামান্য লোকে প্রায় একটী বিবাহ করিত। নারী বিধবা হইলে, পুনরায় বিবাহ করিতে পারিত, এবং বিধবার সহিত মৃত স্বামীর ভ্রাতার সহিত বিবাহের রীতিও প্রচলিত ছিল।

যব, ব্রীহি, মাশ, তিল, ধান্য প্রভৃতি শস্যের চাষ হইত, ও উদ্যানে নানা রূপ পুষ্প ও ফল ফলিত। গোমাংস ও মহিষ মাংস, সোমরস ও সুরা আহার ও পানীয় দ্রব্য ছিল। অক্ষক্রীড়া বৈদিক সময়েও প্রচলিত ছিল।

যোদ্ধাগণ বর্ম্ম পরিধান করিয়া ধনুর্ব্বাণ হস্তে করিয়া

যুদ্ধে যাইতেন। রথীগণ অশ্বচালিত রথে আরোহণ করিয়া যুদ্ধ করিতেন। যুদ্ধে পতাকার ব্যবহার ছিল, এবং এক২ জন সেনানী বহুসংখ্যক সেনাকে চালনা করিত।

ভিন্ন২ ব্যবসায়ের বিবরণ হইতে এই সময়ের সভ্যতার অনেক পরিচয় পাওয়া যায়। সূত্রধর, ভিষক, পুরোহিত, লৌহকর্ম্মকার ও কবির পরিচয় পাওয়া যায়, সুতরাং কাষ্ঠকার্য্য, লৌহকার্য্য ও চিকিৎসাবিদ্যা প্রচলিত ছিল, তাহার সন্দেহ নাই। যোদ্ধা ও ধনীদিগের ব্যবহারার্থ রথ ও শকট নির্ম্মাণ হইত, লৌহের বর্ষা, অসি ও পরশু নির্ম্মাণ হইত। তন্তু-ব্যবসায় ও বস্ত্রনির্ম্মাণ, দণ্ডচালিত নৌকা ও সমুদ্রগামী পোত নির্ম্মাণ, চর্ম্মব্যবসায় ও কৃষিকার্য্য এ সমস্তই জানা ছিল। অদ্য সুন্দরবনে যেরূপ, চারি সহস্র বৎসর পূর্ব্বে সেইরূপ ভারতবর্ষের কৃষকগণ অগ্নি দ্বারা বন দাহন করিয়া চাষকর্ম্ম আরম্ভ করিত, ও প্রণালী খনন করিয়া দূর হইতে জল আনিয়া ক্ষেত্রে সিঞ্চন করিত।

বেদের কাল নির্ণয় ও বিবরণ। ঋগ্বেদ, সামবেদ, যজুর্ব্বেদ ও অথর্ব্ববেদের নাম সকলেই শুনিয়াছেন। প্রত্যেক বেদে সংহিতা অর্থাৎ আরাধনার সরল মন্ত্র, ব্রাহ্মণ অর্থাৎ আড়ম্বর পরিপূর্ণ পূজার রীতি পদ্ধতি, এবং উপনিষদ্ অর্থাৎ চিন্তাপূর্ণ বৈজ্ঞানিক আলোচনা, এই তিন অংশ আছে তাহাও সকলে জানেন। আধুনিক ইউরোপীয় পণ্ডিতদিগের মতে ঋগ্বেদের সংহিতা সর্ব্বপ্রথমে রচিত ও সঙ্কলিত হয়, তৎপর সেই সংহিতা পরিবর্দ্ধিত বা রূপান্তরিত হইয়া অন্যান্য বেদের সংহিতা প্রণীত হয়, ও ক্রমে চারি বেদের ব্রাহ্মণ ও উপনিষদ্ রচিত হয়। পণ্ডিতবর মক্ষমূলরের মতে ১২০০ পূঃ খ্রীষ্টাব্দ হইতে ৮০০ পূঃ খ্রীষ্টাব্দের মধ্যে ঋগ্বেদের সংহিতা রচিত ও সঙ্কলিত হয়, ও ৮০০ পূঃ খ্রীষ্টাব্দ হইতে ৬০০ পূঃ খ্রীষ্টাব্দের মধ্যে অন্যান্য বেদের সংহিতা ও চারি বেদের ব্রাহ্মণ ও

উপনিষদ্ রচিত হয়। কিন্তু আমাদিগের বোধ হয় ১০০০ পূঃ খ্রীষ্টাব্দের পূর্ব্বেই সমস্ত রচিত হইয়াছিল, সেই জন্য আমরা ২৫০০ পূঃ খ্রীষ্টাব্দ হইতে ১০০০ পূঃ খ্রীষ্টাব্দ পর্য্যন্ত সময়কে "বেদবর্ণিত সময়" বলিয়া বর্ণনা করিয়াছি।

বেদের তিনটী অংশের কথা আমরা বলিয়াছি, এই তিনটী অংশ তিনটী ভিন্ন২ সময়ে রচিত হয় ও আর্য্যসমাজের তিন রূপ অবস্থা ব্যক্ত করিতেছে।

জাতিবিচ্ছেদ ঘটিবার পূর্ব্বের অবস্থা। যে সময়ে আর্য্যগণ প্রথমে সিন্ধুতীরে আসিয়া বাস করিল, যখন তাহাদিগের মধ্যে জাতিবিচ্ছেদ ছিল না, ধর্ম্মঘটিত অসমতা ছিল না, যখন পরিবারের প্রধান ঘৃত বা সোমরসের আহুতি দিয়া নিজের বা পরিবারের কুশলের জন্য বা গোবৎসাদির বৃদ্ধির জন্য ইন্দ্র বা অগ্নি বা সূর্য্যকে সরল চিত্তে আরাধনা করিত, তখন ঋগ্বেদের সরল ও কবিত্বপূর্ণ সংহিতা রচিত হয়।

ব্রাহ্মণপ্রাধান্য। পর যখন জাতিবিচ্ছেদ হইল, যখন পূজক বা ব্রাহ্মণজাতি প্রাধান্য লাভ করিল, যখন আড়ম্বরপূর্ণ পূজার বৃদ্ধি হইল ও ধর্ম্মভীরুতার (Superstition) বৃদ্ধি হইল, তখন বেদের ব্রাহ্মণ অংশ রচিত হইল। ব্রাহ্মণ অংশে কবিত্ব নাই, সরলতা নাই, চিন্তা নাই, মানসিক ক্ষমতার পরিচয় নাই, কেবল আড়ম্বর! পূজকপ্রাধান্য বৃদ্ধির সহিত জাতীয়-জীবন ক্ষীণবল হইল ও চিন্তা শক্তি হ্রাস প্রাপ্ত হইল। আর্য্যজাতির "নূতন ও স্বাস্থ্যকর উন্নতি পূজকপ্রাধান্যও ধর্ম্মভীরুতার দ্বারা বিনষ্ট হইয়া গেল।" *

ক্ষত্রিয়প্রাধান্য। সৌভাগ্যক্রমে পূজকপ্রাধান্য অধিক দিন রহিল না। বেদবর্ণিত কালের শেষাংশে ক্ষত্রিয়গণ প্রাধান্য লাভ করিল, তাহার প্রমাণ আছে। বেদের ব্রাহ্মণ অংশে যেরূপ পূজকপ্রাধান্যের পরিচয় পাওয়া যায়, তৎপর রচিত

* মক্ষমূলর।

উপনিষদ্ অংশে সেইরূপ ক্ষত্রিয়-প্রাধান্যের পরিচয় পাওয়া যায়। পূর্ব্বেই বলা হইয়াছে, উপনিষদের অনেক অংশে ক্ষত্রিয়গণ দর্প করিয়া ব্রাহ্মণদিগকে ধর্ম্ম শিক্ষা দিতেছে, বৃথা আড়ম্বর ত্যাগ করিয়া গভীর বৈজ্ঞানিক চর্চ্চায় জাতীয় চিন্তার পরিচয় দিতেছে, এরূপ দেখা যায়। কিন্তু কেবল শিক্ষা ও চিন্তায় ক্ষত্রিয়-প্রাধান্য প্রকাশ হইয়াছিল এরূপ নহে, যে জনক রাজা উপনিষদের একজন প্রধান শিক্ষা-গুরু তাঁহার জামাতা রামচন্দ্র ব্রাহ্মণ পরশুরামকে পরাস্ত করিয়া ব্রাহ্মণপ্রাধান্য বিনষ্ট করেন, পর দাক্ষিণাত্য ভেদ করিয়া সিংহল দ্বীপ পর্য্যন্ত ক্ষত্রিয়-বল ও প্রাধান্য বিস্তার করেন। রামচন্দ্রের আখ্যান সত্যই হউক বা মিথ্যাই হউক, ঐ আখ্যান দ্বারা স্পষ্ট জানা যায়, যে জনক রাজা ও উপনিষদ্ রচনার সময়ে অর্থাৎ বেদবর্ণিত কালের শেষাংশে ক্ষত্রিয়গণ অস্ত্রবলে ব্রাহ্মণ-বলকে পরাস্ত করিয়া সমস্ত ভারতবর্ষ জয় করেন।

এই সময়ে ক্ষত্রিয়-প্রাধান্যের আরও প্রমাণ আছে। কুরুক্ষেত্রের প্রসিদ্ধ যুদ্ধ ক্ষত্রিয়-বলের পরিচয় দিতেছে। সকলেই জানেন, যে বেদব্যাসের জীবিত কালেই এই যুদ্ধ সংঘটিত হয়; বেদব্যাসের গল্প প্রকৃতই হউক বা অপ্রকৃতই হউক, দ্বৈপায়ন বেদব্যাস নামে কোন লোক থাকুন বা নাই থাকুন, এই জনশ্রুতি হইতে প্রমাণ হইতেছে যে, যে কালে বেদরচিত ও সঙ্কলিত হয়, সেই কালেরই শেষ ভাগে ক্ষত্রিয় বলের অপরিসীম বিকাশ হইয়াছিল। এইরূপ নানা কারণে স্পষ্ট উপলব্ধি হয় যে, বেদবর্ণিত কালের শেষ অংশে ক্ষত্রিয় বল ভারতবর্ষে প্রাধান্য লাভ করিয়াছিল। ক্ষত্রিয় বলের উৎকর্ষের সঙ্গে২ চিন্তাশক্তি উৎকর্ষ লাভ করিয়াছিল, অস্ত্র বল বিকাশ পাইয়াছিল, আর্য্যদিগের জাতীয়-জীবন উদ্দীপ্ত হইয়াছিল এবং অনার্য্য দাক্ষিণাত্য ভেদ করিয়া আর্য্যগৌরব বিস্তার করিয়াছিল।

তৃতীয় পরিচ্ছেদ।

মহাকাব্যবর্ণিত সময়।

অনুমান ১০০০ পূঃ খৃষ্টাব্দ হইতে ২৫০ পূঃ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

পুনরায় ব্রাহ্মণপ্রাধান্য। পূর্ব্ব পরিচ্ছেদে বর্ণিত হইয়াছে যে, বেদবর্ণিত কালের শেষে ক্ষত্রিয়গণ প্রাধান্য লাভ করিয়াছিল, কিন্তু কয়েক শতাব্দির মধ্যে পূজক সম্প্রদায় পুনরায় প্রাধান্য লাভ করিল। উপনিষদের পর কোন গ্রন্থে ক্ষত্রিয় প্রাধান্যের পরিচয় নাই, ছয় বেদাঙ্গে* ও বিস্তীর্ণ স্মৃতি শাস্ত্রে পুনরায় ব্রাহ্মণ-প্রাধান্যের ও ব্রাহ্মণ-ধীশক্তির প্রমান পাওয়া যায়।

রামায়ণ ও মহাভারত। সংস্কৃতের দুইটী মহাকাব্য রামায়ণ ও মহাভারতের প্রাধান অংশগুলিও বোধ হয় এই কালের (১০০০ হইতে ২৫০ পূঃ খৃষ্টাব্দ) মধ্যে রচিত হয়। রচনার সময় † ক্ষত্রিয়-প্রাধান্য নাই, রচয়িতাগণও ব্রাহ্মণ, সুতরাং দুর্দ্ধর্ষ ক্ষত্রিয় বীরগণও ব্রাহ্মণ শিক্ষায় শিক্ষিত, ব্রাহ্মণদিগের পদাবনত, এই রূপ বর্ণিত হইয়াছে। ব্রাহ্মণ রচয়িতাগণ ক্ষত্রিয়-গৌরব-বর্ণনা-তৎপর হইয়াও পত্রে২ নিজের প্রাধান্য স্থিরীকরণে বিস্মৃত হন নাই। এই সমস্ত কারণের জন্য মহাভারত ও রামায়ণে ক্ষত্রিয় প্রাধান্যের সময়ের (অর্থাৎ বেদবর্ণিত কালের শেষাংশের) প্রকৃত আচার ব্যবহার জানা যায় না। রচয়িতাগণ আপন২ সময়ে যেরূপ

* শিক্ষা, ছন্দ, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিষ ও কল্পসূত্র।

† রামায়ণ ও মহাভারত বাল্মীকি ও বেদব্যাস রচিত বলিয়া যে জনশ্রুতি আছে তাহা অলীক। এই দুই গ্রন্থ সমস্ত এক সময়ে রচিত হয় নাই। প্রধান২ অংশের রচনার সময় আমরা উপরে উল্লেখ করিয়াছি; কিন্তু কোন২ অংশ বোধ হয় খ্রীষ্টের জন্মের পরও যোগ করিয়া দেওয়া হইয়াছে। এই কারণে এই দুই গ্রন্থে আধুনিক দেবদেবীর বর্ণনাও দেখা যায়।

আচার ব্যবহার দেখিয়াছিলেন তাহাই বর্ণনা করিয়াছেন। অতএব মহাভারত ও রামায়ণে যে আচার ব্যবহারের বিবরণ পাঠ করি, তাহা ১০০০ পূঃ খৃষ্টাব্দ হইতে ২৫০ পূঃ খৃষ্টাব্দের মধ্য কালের হিন্দুদিগের বিবরণ বলিয়া গ্রহণ করিলে বিশেষ ভ্রান্ত হইবার সম্ভাবনা নাই।

মনুসংহিতা। আমরা পূর্ব্বে যে বিস্তীর্ণ স্মৃতি শাস্ত্রের উল্লেখ করিয়াছি, তন্মধ্যে মনুসংহিতাই সর্ব্বপ্রসিদ্ধ। আর্য্য-জাতিদিগের মধ্যে মানব বলিয়া একটী স্বতন্ত্র জাতি ছিল, তাহাদিগের ধর্ম্মশাস্ত্র অনেকবার সঙ্কলিত হইয়াছিল; মনু-সংহিতা তাহারই শেষ সঙ্কলন মাত্র এবং পূর্ব্বোক্ত সময়ের মধ্যে (১০০০—২৫০ পূঃ খৃষ্টাব্দ) প্রণীত হইয়াছিল। এই সংহিতা হইতে আমরা উপরি উক্ত সময়ে ঐ মানব জাতির এবং তাহাদিগের চতুর্দ্দিকস্থ অন্যান্য আর্য্যজাতির আচার ব্যবহার জানিতে পারিব।

রামায়ণ, মহাভারত ও মনুসংহিতা হইতে মহাকাব্য-বর্ণিত সময়ে (১০০০—২৫০ পূঃ খৃষ্টাব্দ) হিন্দুদিগের যে আচার ব্যবহার জানা যায়, তাহা নিম্নে বর্ণিত হইল।

রাজনীতি। রামায়ণ ও মহাভারত এই দুইটী গ্রন্থ হইতে উপরি উক্ত সময়ের হিন্দুদিগের আচার ব্যবহার ও রাজনীতি অনেক দূর জানিতে পারা যায়, তাহা সম্পূর্ণরূপে এই সংক্ষিপ্ত ইতিহাসে বর্ণনা করা অসাধ্য। সে সময়ে আর্য্যাবর্ত্ত ভিন্ন২ ক্ষুদ্র২ রাজ্যে বিভক্ত ছিল, প্রতি রাজার প্রাচীরবেষ্টিত রাজধানী, ও বহুসংখ্যক রথী ও পদাতিক সেনা ছিল। সৈন্যগণ প্রায়ই ধনুর্ব্বাণ হস্তে যুদ্ধ করিত, কিন্তু সময়ে২ খড়্গযুদ্ধ ও গদাযুদ্ধও করিত। রাজাগণ সকলেই ক্ষত্রিয়; ও পরস্পরের সহিত বন্ধুত্ব ও কুটুম্বিতাসূত্রে বদ্ধ থাকিতেন; তথাপি সময়ে২ যুদ্ধানল প্রজ্জ্বলিত হইত, ও বহু দেশের রাজা বহু দেশের সৈন্য সামন্ত লইয়া যুদ্ধক্ষেত্রে

উপস্থিত হইতেন। সমগ্র আর্য্যাবর্ত্তের মধ্যে যিনি অধিকতম ক্ষমতাশালী হইতেন, তিনি মধ্যে২ অশ্বমেধ যজ্ঞ করিয়া আপনার প্রাধান্য প্রচার করিতেন ও সমস্ত রাজাদিগকে আহ্বান ও সমাদর করিতেন। এতদ্ভিন্ন রাজদুহিতাগণ মধ্যে২ স্বয়ম্বরা হইতেন, এবং সে কারণেও অনেক রাজা মধ্যে২ এক সভায় সমবেত হইতেন।

স্বদেশরক্ষা, কর আদায়, ও প্রজার হিতসাধন ভিন্ন নৃপতিদিগের প্রায় অন্য কার্য্য ছিল না। তাঁহারা সর্ব্বদাই মৃগয়ায় যাইতে ভাল বাসিতেন ও অক্ষক্রীড়াপ্রিয় ছিলেন। মুনি, ঋষি, ও শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণগণ সর্ব্বদাই রাজসভায় সমাদর প্রাপ্ত হইতেন,ও রাজা স্বয়ং কখন২ মুনিদিগের শান্ত আশ্রমে গমন করিয়া রাজকার্য্যভার বিস্মৃত হইতেন। সেই সমস্ত আশ্রমে পুরুষানুক্রমে ধর্ম্ম ও শাস্ত্রের আলোচনা হইত; বহুদেশ হইতে ও বহুশ্রেণী হইতে বহুবিদ্যার্থী এক ঋষির নিকট আসিয়া বিদ্যা শিক্ষা করিত ও ঋষিকে পিতৃবৎ ভক্তি ও পরস্পরকে ভ্রাতৃবৎ জ্ঞান করিত; পরে বিদ্যালোচনা সমাপ্ত হইলে নিজ২ পদ বা শ্রেণীতে প্রত্যাবর্ত্তন করিত, অথবা অন্য শিষ্য লইয়া তাহাদিগকে শিক্ষা দান করিত।

নৃপতিদিগের প্রায়ই বহু সংখ্যক কলত্র থাকিতেন, কিন্তু প্রায় এক জন মাত্র প্রধান রাজ্ঞী থাকিতেন। উৎসবের সময় বা অন্য সময় রাজ্ঞীগণ সভায় আসিতে সঙ্কুচিত হইতেন না। রাজপুত্রগণ অল্প বয়স হইতে ধনুর্বিদ্যা শিক্ষা করিতেন ও যৌবনের প্রারম্ভে যুদ্ধব্যবসায়ে পরিপক্ক হইতেন। মন্ত্রিত্বকার্য্য, বিচারকার্য্য ও শাসনকার্য্য প্রায়ই ব্রাহ্মণদিগের হস্তে ন্যস্ত থাকিত। রাজা স্বয়ং বা তাঁহার কর্ম্মচারীগণ প্রত্যহ বিচারকার্য্য নির্ব্বাহ করিতেন।

জাতিবিচ্ছেদ। ব্রাহ্মণরচিত মনুসংহিতায় ব্রাহ্মণদিগের বিশেষ গৌরব দেখা যায়। অন্য জাতিগণের জন্য এক

নিয়ম, ব্রাহ্মণের জন্য অন্য নিয়ম; অন্য বর্ণের প্রতি ব্রাহ্মণকৃত পাপের অল্প শাস্তি, ব্রাহ্মণের প্রতি অত্যাচারের দশ গুণ শাস্তি। ব্রাহ্মণগণ প্রথমাবস্থায় বিদ্যাভ্যাস করিবে, পরে সংসারাশ্রম গ্রহণ করিবে, পরে বনচারী হইয়া ফলমূল আহার করিবে ও কঠোর তপস্যা করিবে, শেষে সন্যাসীর ন্যায় থাকিবে, এইরূপ বিধান আছে; কিন্তু বোধ হয়, সংসারী অতি অল্পসংখ্যক ব্রাহ্মণই এই নিয়ম পালন করিত। রাজনীতি, বিচারকার্য্য ও মন্ত্রিত্বপদ ব্রাহ্মণদিগের উপর ন্যস্ত থাকিত। বেদের অর্থগ্রহণ, সামাজিক নিয়মস্থাপন প্রভৃতি সমস্ত কার্য্যেই তাহাদিগের অবিভক্ত অধিকার ছিল। স্বয়ং রাজা ব্রাহ্মণদিগকে সর্ব্বদা দক্ষিণা দান করিতেন, এবং যাগ যজ্ঞ হইলে অন্যান্য জাতীয় লোকগণ সর্ব্বদাই ব্রাহ্মণগণকে দক্ষিণা দান করিত।

ক্ষত্রিয়কুল রাজকুল; তথাপি ধর্ম্মবিষয়ে ব্রাহ্মণকে শ্রেষ্ঠ বলিয়া মানিত, ও শাসন ও বিচারকার্য্যে ব্রাহ্মণদিগের পরামর্শ গ্রহণ করিত। বেদপাঠে ক্ষত্রিয়দিগের অধিকার ছিল।

বৈশ্যগণ ভূমি কর্ষণ করিত, বাণিজ্য অবলম্বন করিত, গোমেষ রক্ষণ করিত ও অন্য লোককে অর্থ ধার দিত। বেদপাঠে তাহাদিগের অধিকার ছিল।

শূদ্রগণ আর্য্যজাতিদিগের দাস থাকিবে এইরূপ বিধান আছে বটে, কিন্তু বস্তুতঃ মহাকাব্যবর্ণিত অবস্থায় শূদ্রদিগের অবস্থা মন্দ ছিল না; তাহারা নানা ব্যবসায় অবলম্বন করিয়া জীবন যাপন করিত।

এই চারি জাতি ভিন্ন অন্যান্য ব্যবসাবলম্বীগণ মিশ্রজাতীয় বলিয়া দশম অধ্যায়ে বর্ণিত আছে। এক২জাতীয় পুরুষ অন্য জাতীয় কন্যা হইতে মিশ্রজাতির উৎপন্ন হওয়া জনশ্রুতি মিথ্যা; সভ্যতার সহিত ভিন্ন২ ব্যবসায় সৃষ্টি হওয়ায় সেই২ ব্যবসাবলম্বনকারীগণ একং২টী ভিন্ন জাতীয়

বলিয়া পরিগণিত হইল। সে কালে এক্ষণের ন্যায় ভিন্ন জাতীয় লোকগণ একত্র আহার করিলে বা অন্য জাতির রমণীকে বিবাহ করিলে জাতিভ্রষ্ট হইত না; প্রকৃত পাপ করিলেই লোকে জাতিভ্রষ্ট হইত।

শাসনপ্রণালী। ভিন্ন২ পদের রাজকর্ম্মচারীদ্বারা শাসন কার্য্য নির্ব্বাহ হইত। এক গ্রামের অধীশ্বর দশ গ্রামের অধীশ্বর, শত গ্রামের অধীশ্বর, সহস্র গ্রামের অধীশ্বর, সকলেই রাজার অধীনে স্ব২ অধিকারের মধ্যে শান্তি রক্ষা করিত, ও নিজ২ কার্য্যের বেতন স্বরূপ কিছু২ ভূমি অধিকার করিত ও তাহার ফলভোগ করিত। এইরূপে সেনাধ্যক্ষগণও বেতন না পাইয়া নিজের ও অধীনস্থ সৈন্যের বেতন স্বরূপ ভূমি অধিকার করিত ও তাহার ফলভোগ করিত।

এই সমস্ত বর্ণনা হইতে উপলব্ধি হয় যে, অদ্য যেরূপ, তিন সহস্র বৎসর পূর্ব্বেও সেইরূপ ভারতবর্ষ শস্যক্ষেত্র-বেষ্টিত ও ক্ষুদ্র২ গ্রামে আচ্ছাদিত ছিল। অদ্যের ন্যায় তিন সহস্র বৎসর পূর্ব্বে ভূমিকর্ষণই হিন্দুদিগের প্রধান উপজীবিকা ছিল। উৎপন্ন শস্যের ষষ্ঠাংশ কি তদপেক্ষা ন্যূন কৃষকগণ রাজকর স্বরূপ দান করিত। যে সমস্ত গ্রাম বেতন স্বরূপ সেনাধ্যক্ষকে বা অন্য রাজকর্ম্মচারীকে দত্ত হইত, তাহার কর সেই২ রাজকর্ম্মচারী ভোগ করিত; অন্যান্য গ্রামের কর রাজকোষে সংগৃহীত হইত। উৎপন্ন দ্রব্যের কর ভিন্ন বাণিজ্যের উপর কর স্থাপিত ছিল। এইরূপে নানা আয়ের দ্বারা রাজপরিবারের বিপুল ব্যয় নির্ব্বাহিত হইত।

পারিবারিক আচার ব্যবহার। মহাকাব্য ও মনুসংহিতা হইতে স্পষ্ট প্রতীয়মান হয় যে, সে সময়ের বিবাহপ্রণালী এক্ষণকার প্রণালী হইতে অনেক অংশে বিভিন্ন ছিল। উচ্চজাতীয় পুরুষ নীচজাতীয় স্ত্রীকে গ্রহণ করিতে পারিত। স্বামীর মৃত্যু হইলে তাহার ভ্রাতা বা নিকট আত্মীয় বিধবার

সন্তান উৎপাদন করিতে পারিত, ও সেই সন্তান মৃত ব্যক্তির সন্তান বলিয়া গ্রাহ্য হইত। অনার্য্য দক্ষিণ-ভারতবর্ষে বোধ হয় পুরুষের মৃত্যুর পর তাহার ভ্রাতা বিধবাকে ও সমস্ত সম্পত্তি গ্রহণ করিবার প্রথা ছিল। এইরূপে সুগ্রিব তারাকে গ্রহণ করেন ও বিভীষণ মন্দোদরীকে গ্রহণ করেন। স্ত্রীর গর্ভে সন্তান না হইলে বা পুত্র সন্তান না হইলে বা স্ত্রী অপ্রিয়বাদিনী হইলে স্বামী তাহাকে ত্যাগ করিতে পারিত। ধর্ম্মের জন্য স্বামী বিদেশযাত্রা করিলে স্ত্রী তাঁহার জন্য ৮ বৎসর অপেক্ষা করিবে; বিদ্যাভ্যাসের জন্য যাইলে ৬ বৎসর অপেক্ষা করিবে; আমোদের জন্য যাইলে তিন বৎর অপেক্ষা করিবে। তাহার পর কি করিবে স্পষ্ট লিখা নাই, কিন্তু বোধ হয় পুনরুদ্বাহ করিবার অধিকার ছিল। বিধবাবিবাহ সম্বন্ধে মনুসংহিতায় যে সমস্ত শ্লোক আছে, তাহা হইতে বোধ হয় বিধবাবিবাহ প্রচলিত ছিল, কিন্তু ক্রমে নিষিদ্ধ হইয়া আসিতেছিল, সুতরাং পুস্তকলেখকগণ ঐ রীতি নিষেধ করিবার প্রয়াস পাইয়াছেন। চিতারোহণের কোন স্থানে কোনও উল্লেখ নাই।

ধর্ম্মপ্রণালী। পূর্ব্বেই লিখিত হইয়াছে যে, বেদবর্ণিত সময়াপেক্ষা মহাকাব্যবর্ণিত সময়ে জাতিসংখ্যা বৃদ্ধি পাইয়াছিল, কিন্তু তথাপি এক্ষণে যেরূপ শত২ জাতি হইয়াছে সেরূপ হয় নাই। ধর্ম্ম সম্বন্ধেও সেই রূপ। বেদোল্লিখিত দেব অপেক্ষা মহাকাব্যবর্ণিত সময়ে অধিক সংখ্যক দেব পূজিত হইত, তথাপি পুরাণের ন্যায় অসংখ্য দেবতা তখনও সৃষ্ট হয় নাই। ইন্দ্র, অগ্নি, বরুণ, পৃথিবী, সূর্য্য, চন্দ্র, বৃহস্পতি, ধর্ম্ম, ধন্বন্তরি প্রভৃতি দেবের মনুসংহিতায় উল্লেখ আছে; ব্রহ্মা জগৎ সৃষ্টি করিয়াছেন তাহার বর্ণনা আছে; কিন্তু বিষ্ণু বা শিব, কৃষ্ণ বা রামের উল্লেখ নাই। উপরিউক্ত দেব সমূহের বর্ণনা থাকিলেও মনুসংহিতায় এক ঈশ্বরের

কথা বারম্বার উল্লেখ আছে, তিনিই অন্য দেব ও মনুষ্য ও জগতের সৃষ্টিকর্ত্তা; ও নিরূপিত সময় অতিবাহিত হইলে তাঁহাতে সমস্ত লীন হইয়া যাইবে। এই বিবরণ হইতে স্পষ্টই প্রতীয়মান হয় যে, মহাকাব্যবর্ণিত কালের হিন্দুদিগের মধ্যে দুইটী ধর্ম্ম এক কালে প্রচলিত ছিল। সামান্য লোকে বহুদেবে বিশ্বাস করিত ও বহুদেব পূজা করিত, ও ব্রাহ্মণগণ সেই পূজার ফলভোগী হওয়ায় সেইরূপ বহু দেব-পূজা কার্য্যের দ্বারা উত্তেজিত করিত ও পুস্তকে বর্ণনা করিত। তথাপি পণ্ডিতগণ প্রায়ই এক ঈশ্বরবাদী বা নিরীশ্বরবাদী ছিলেন, বহু দেবে বিশ্বাস করিতেন না। মনুসংহিতা ভিন্ন এ বিষয়ের অন্য প্রমাণ আছে। ভারতবর্ষে যে ষড়দর্শন বিখ্যাত আছে, তাহার আলোচনা বোধ হয় এই সময়েই আরম্ভ হইয়াছিল। সেই ষড়দর্শনের মধ্যে বেদান্ত এক ঈশ্বরবাদী, সাঙ্খ্য নিরীশ্বরবাদী। বিজ্ঞান সামান্য লোকের পাঠ্য নহে, সুতরাং ষড়দর্শনে বহু দেবতার বিশ্বাস নাই, বহু দেব পূজার উত্তেজনা নাই।

ফলতঃ সকল দেশেই এইরূপ ঘটিয়া থাকে। অসভ্য অবস্থায় মনুষ্য বহু দেবে বিশ্বাস করে, পরে কতকদূর সভ্যতা প্রাপ্ত হইলে সামান্য লোকে পৈতৃক দেবে বিশ্বাস করে, জ্ঞানীলোক প্রকৃতির নানা কার্য্যে একটী প্রণালী একটী উদ্দেশ্য দেখিতে পাইয়া এক ঈশ্বরবাদী হয়। এই রূপে সক্রেটিসের সময়ের গ্রীকদিগের মধ্যে ও জুলিয়স সিজারের সময়ের রোমীয়দিগের মধ্যে সামান্য লোকগণ পৈতৃক দেবে বিশ্বাস করিত, পণ্ডিতগণ এক ঈশ্বরবাদী ছিলেন।

নারী অন্তঃসত্বা হইলে, সন্তানের জন্ম হইলে, বিবাহ উপলক্ষে, ও উপনীত গ্রহণ উপলক্ষে, নানারূপ ক্রিয়াকলাপ সম্বন্ধে মনুসংহিতায় বিধান আছে। সোমরস ও মন্ত্রেরদ্বারা দেবপূজা সাধিত হইত, প্রতিমার কথা দুই এক স্থানে উল্লিখিত আছে, কিন্তু প্রতিমাপূজা নিষিদ্ধ। গোমাংস ভোজনের কোনও নিষেধ নাই, বরং স্পষ্ট অনুমতি আছে। আত্মীয়ের মৃত্যুজনিত অশুদ্ধি বিমোচনের বিধান আছে, এবং নানা দোষের নানা প্রায়শ্চিত্তের উল্লেখ আছে।

শিল্পকার্য্য। মনুসংহিতায় সুবর্ণ ও বহুমূল্য প্রস্তর, রেশমের বস্ত্র ও অলঙ্কারের উল্লেখ আছে। দ্রব্যাদি বহনের জন্য উষ্ট্র, গো ও শকট ব্যবহৃত হইত ও মনুষ্যের জন্য হস্তী, অশ্ব ও রথ সর্ব্বদাই ব্যবহৃত হইত। ধনাঢ্য লোক উদ্যান, কুঞ্জবন, ও পুষ্করিণী প্রস্তুত করিতেন, এবং রাজধানীর চারিদিকে প্রশস্ত উচ্চপ্রাচীর নির্ম্মিত হইত। কৃষকগণ নানারূপ শস্য উৎপাদন করিত, শিল্পকারীগণ ধনাঢ্যের ব্যবহারের জন্য নানারূপ গন্ধদ্রব্য প্রস্তুত করিত।

হিন্দু সভ্যতার গ্রীকপ্রাধান্য। গ্রীক রাজা আলেকজাণ্ডর ৩২৫ পূঃ খ্রীষ্টাব্দে ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন। অনেক গ্রীক পণ্ডিত আসিয়াছিলেন, এবং তাঁহার মৃত্যুর পরও তাঁহার সঙ্গে অনেক গ্রীক ভারতবর্ষ দর্শন করেন। তাঁহাদিগের পুস্তক হইতে মহাকাব্যবর্ণিত সময়ে হিন্দুগণ কতদূর সভ্যতা লাভ করিয়াছিল, তাহা জানা যায়।

গ্রীকগণ সাতটী জাতির কথা লিখিয়াছেন, যথা—

(১) ধর্ম্ম ও বিদ্যাব্যবসায়ী,
(২) রাজপারিষদ ও কর্ম্মচারী,
(৩) চর বা দূত,
(৪) যোদ্ধা,
(৫) গো, মেষ রক্ষক,
(৬) কৃষক,
(৭) নানা শিল্প ব্যবসায়ী লোক,

কিঞ্চিৎ চিন্তা করিলে স্পষ্ট বোধ হইবে যে, মনু যে চারি জাতি ও মিশ্র জাতির উল্লেখ করিয়াছেন, উপরিউক্ত ৭ জাতি তাহারই রূপান্তর মাত্র। ধর্ম্ম ও বিদ্যাব্যবসায়ী ও

রাজপারিষদ্ ও কর্ম্মচারীগণ ব্রাহ্মণ ভিন্ন আর কেহ নহে; তবে কতক ব্রাহ্মণ ধর্ম্ম ও বিদ্যা অনুশীলন করিত, কেহ২ রাজকার্য্যে লিপ্ত থাকিত, সুতরাং বিদেশীয় দর্শক ভ্রমক্রমে দুই সম্প্রদায়কে দুই জাতি বলিয়া বর্ণনা করিয়াছে। যোদ্ধাগণ ক্ষত্রিয়। গো, মেষ রক্ষক ও কৃষক মনুবর্ণিত বৈশ্য শূদ্র হইবে এবং শিল্পব্যবসায়ী মনুবর্ণিত মিশ্র জাতি। গুপ্তচর ও দূতদিগকে গ্রীকগণ ভ্রমক্রমে একটী ভিন্ন জাতি বলিয়া বর্ণনা করিয়াছে। উপরি উক্ত গ্রীক বিবরণে দাসের নামোল্লেখ মাত্র নাই, বরং আরীয়ান স্পষ্ট লিখিয়া গিয়াছেন যে, ভারতবর্ষে দাস নাই সকলেই স্বাধীন। ইহা হইতে স্পষ্ট প্রতীয়মান হয় যে, তিন শতাব্দি পূর্ব্ব খ্রীষ্টাব্দে শূদ্রগণ আর দাস ছিল না, তাহারা নানা ব্যবসায় অবলম্বন করিয়া মিশ্রজাতির মধ্যে গণ্য হইয়া স্বাধীনভাবে জীবন যাপন করিত।

বিদ্যা ও ধর্ম্মব্যবসায়ী (অর্থাৎ ব্রাহ্মণগণ) সকল জাতি অপেক্ষা সম্মানিত ও সকল রাজকর হইতে মুক্ত, কেবল উপাসনাদ্বারা রাজ্যের সহায়তা করিত। বনে বাস করিয়া ও তৃণশয্যায় বা পশুচর্ম্মে শয়ন করিয়া অল্পাহারী হইয়া তাহারা বহু পরিশ্রমে গুরুর নিকট বিদ্যাভ্যাস করিত। সপ্তত্রিংশৎ বৎসর পর্য্যন্ত এইরূপে অতিবাহন করিত। যাগ যজ্ঞে ও পূজাকর্ম্মে তাহাদিগের অবিভক্ত অধিকার ছিল।

তাহারা কখন২ একটী গ্রাম অধিকার করিত, ও বিপদের সময় সাহসের সহিত আত্মরক্ষা করিত। রাজকার্য্যে সর্ব্বদাই তাহারা হস্তক্ষেপ করিত।

গ্রীকগণ কঠোর তপস্যার অনেক বিবরণ লিখিয়া গিয়াছে। আলেকজাণ্ডরের এক জন অনুচর তাঁহার আজ্ঞানুসারে কয়েক জন তাপসকে দেখিতে গিয়াছিলেন। দেখিলেন, নগর হইতে এক ক্রোশ দূরে পঞ্চদশ জন তাপস উলঙ্গ

হইয়া রৌদ্রের উত্তাপে নিশ্চেষ্ট হইয়া রহিয়াছে। কেহ দণ্ডায়মান হইয়া, কেহ উপবেশন করিয়া, কেহ শয়ন করিয়া আছে, কিন্তু সকলেই প্রাতঃকাল হইতে সন্ধ্যা পর্য্যন্ত নিশ্চেষ্ট হইয়াছিল। অন্যান্য গ্রীকগণ অন্যান্য তাপসগণকে দেখিয়াছিল। যখন তাপসগণ নগরের ভিতরে আসিত, তাহারা ইচ্ছাপূর্ব্বক দোকান হইতে ফল মূল লইয়া আহার করিত, তৈল লইয়া শরীর সিক্ত করিত, ধনাঢ্য ব্যক্তিদিগের গৃহে প্রবেশ করিয়া একত্র আহার করিত, যে স্থানে যাইত সেই স্থানেই সম্মানিত হইত। কেহ২ শীতে ও গ্রীষ্মে উলঙ্গ হইয়া থাকিত ও বটবৃক্ষতলে রজনী অতিবাহন করিত।

সে সময়ে ভারতবর্ষে অনুমান এক শত অষ্টাদশটী স্বাধীন রাজ্য ছিল; সুতরাং অধিকাংশ রাজ্যগুলি ক্ষুদ্র২ তাহাতে সন্দেহ নাই। এক্ষণে যেরূপ, দ্বিসহস্র বৎসর পূর্ব্বেও সেইরূপ ক্ষেত্রবেষ্টিত গ্রামের দ্বারা ভারতবর্ষ আচ্ছাদিত ছিল। সে সময়ে গ্রামস্থ লোক নিজ২ গ্রামের সমস্ত ব্যাপার নিজে২ নিষ্পন্ন করিত ও বিপদের সময় সমস্ত গ্রামবাসীগণ একত্র হইয়া যেরূপ অপরিসীম সাহস প্রদর্শন করিয়া গ্রাম রক্ষা করিত তাহা দেখিয়া গ্রীকগণ বিস্মিত হইয়াছিল।

হিন্দুদিগের সৈন্যসংখ্যা অনেক ছিল। পোরস নামক যে সামান্য হিন্দুরাজা আলেকজাণ্ডরের সহিত যুদ্ধ করিয়াছিলেন, তাঁহার দ্বিশত হস্তী, ত্রিশত রথী, চারি সহস্র অশ্বারোহী ও ত্রিংশৎ সহস্র পদাতিক ছিল বলিয়া বর্ণিত আছে। চন্দ্রগুপ্তের যুদ্ধশিবিরে চারি লক্ষ লোক ছিল বলিয়া বর্ণিত আছে। সৈন্যগণ সকলেই ক্ষত্রিয় এবং রাজার নিকট কি যুদ্ধ, কি শান্তি সকল সময়েই বেতন পাইত। সকল সৈন্যদিগের ভৃত্য থাকিত। সৈন্যগণ কখনও দেশের অনিষ্ট করিত না; দুই পক্ষে মহাযুদ্ধ হইতেছে এরূপ সময়ে নিকটস্থ কৃষকগণ নির্ভয়ে চাষকার্য্য করিত।

[illegible] শত্রুর সহিত আলেকজা[illegible]ের যুদ্ধ [illegible] হিন্দুগণ সর্ব্বাপেক্ষা সাহসী ঐকথা [illegible] স্বীকার করিয়াছে। সৈন্যগণ দীর্ঘ ধনু [illegible] ব্যবহার করিত এবং চারি হস্ত দীর্ঘ তীর [illegible] তাহারা দীর্ঘ খড়্গ ও লৌহ- [illegible]

[illegible] ছিল তাহার সন্দেহ নাই। হাই- [illegible] (সিন্ধু নদীর দুইটী শাখা) নদীর [illegible] মধ্যে কোনটীও এক ক্রোশের [illegible] দীর্ঘে চারি ক্রোশ ও প্রস্থে [illegible] চারি দিকে গভীর গড়খাই ও [illegible] প্রাচীরে ৫৭০ উন্নত স্তূপ (tower) [illegible] অনেক বন্দর ও বাণিজ্য স্থান ছিল [illegible]

[illegible] কর্ম্মচারীগণ বিচারকার্য্য [illegible] কৃষক, শ্রমজীবী ও বণিক এই তিন শ্রেণী [illegible] ভূমির উৎপন্নের চতুর্থাংশের [illegible] গ্রামের মণ্ডল ভূমি পরি- [illegible] জল বিতরণ করিতেন, [illegible] বিচার করিতেন, সকল প্রজার [illegible] প্রেরণ করিতেন, ব্যবসার উপর [illegible] করিতেন, এবং সীমা স্থির [illegible]

[illegible] দুইবার ফসল কাটা হইত, [illegible] প্রায় সেইং শস্যই কাটা [illegible] বিভক্ত হইত এবং জল ধারণের [illegible] প্রস্তুত হইত। ইক্ষু, তুলা ও [illegible] হিন্দুগণ সুন্দরং রং প্রস্তুত করিত, [illegible]

তাম্রপাত্র সর্ব্বদা ব্যবহার করিত, পিত্তলপাত্র ক্ষণভঙ্গুর মনে করিয়া সর্ব্বদা ব্যবহার করিত না। রাজপথে দূর নির্ণয় করণার্থ প্রস্তর (mile stones) প্রচলিত ছিল।

চতুরশ্ব অশ্বে রথ টানিত; দুই একটী হস্তীর রথও ছিল। হস্তীগণকে এক্ষণে যেরূপে ধরে, সে সময়েও সেইরূপে ধরিত।

বিজ্ঞানশাস্ত্রে হিন্দুদিগের এই সময়ে বিশ্বাস আমরা গ্রীকপ্রমুখাৎ জানিতে পারি। তাহারা বলিত পৃথিবী গোলাকার ও ঈশ্বরসৃষ্ট ও ঈশ্বরদ্বারা শাসিত; পৃথিবী জল হইতে সৃষ্ট হইয়াছে; চারি ভূত ভিন্ন অন্য একটী ভূত আছে, এবং সেই ভূত হইতে গগণ ও নক্ষত্র সৃষ্ট হইয়াছে। পৃথিবী ব্রহ্মাণ্ডের মধ্যস্থান ধারণ করে, এবং আত্মা অমর।

গ্রীকগণ হিন্দুদিগের উৎসবের সুন্দর বর্ণনা করিয়াছে। সুবর্ণ ও রৌপ্যবিভূষিত হস্তী, চারি অশ্বের শকট, বলদের শকট এবং শিক্ষিত সেনা ধীরেং চলিত। সুবর্ণমণ্ডিত আধার, নানা প্রকারের বৃহৎ পাত্র, উচ্চ সিংহাসন, নানা প্রকার বহুমূল্য রত্ন, নানাবর্ণরঞ্জিত ও স্বর্ণকারুখচিত বহুমূল্য বস্ত্র, উৎসবের শোভা বর্দ্ধন করিত। পোষিত সিংহ ও ব্যাঘ্র সঙ্গেং চলিত, নানারূপ সুস্বর ও সুবেশপক্ষী বৃক্ষের উপর বসিয়া থাকিত, ও সেই বৃক্ষ বৃহৎং শকটে নীত হইত।

বিবাহের সময় অর্থ আদত্ত বা প্রদত্ত হইত না। নারীগণ পতিব্রতা ছিলেন। বিধবার চিতারোহন প্রথা প্রচলিত ছিল, কিন্তু এরূপ ঘটনা অধিক হইত না।

কেবল প্রাসাদে নহে, মৃগয়ার সময়ও রাজার সঙ্গেং দাসীগণ যাইত। অন্য লোকে তাহাদিগকে দেখিতে বা তাহাদিগের নিকটে আসিতে পারিত না।

হিন্দুগণ তুলানির্ম্মিত একখানি বস্ত্র পরিধান করিত, অন্য একখানি চাদর দ্বারা গাত্র আবরণ করিত। নানারূপ ছিট ও অলঙ্কারও পরিধান করিত। তাহারা শ্মশ্রু রঞ্জিত

সমস্ত আসিয়াতে যত শত্রুর সহিত আলেকজাণ্ডর যুদ্ধ করিয়াছিলেন, তন্মধ্যে হিন্দুগণ সর্ব্বাপেক্ষা সাহসী একথা গ্রীকগণ মুক্তকণ্ঠে স্বীকার করিয়াছে। সৈন্যগন দীর্ঘ ধনু হস্ত ও পদদ্বারা ব্যবহার করিত এবং চারি হস্ত দীর্ঘ তীর নিক্ষেপ করিতে পারিত, এতদ্ভিন্ন তাহারা দীর্ঘ খড়্গ ও লৌহ-বর্ষা ব্যবহার করিত।

দেশ সমৃদ্ধিশালী ছিল তাহার সন্দেহ নাই। হাই-দাসপীস ও হাইপেসিস (সিন্ধু নদীর দুইটী শাখা) নদীর মধ্যে ১৫০০ নগর ছিল, তাহার মধ্যে কোনটীও এক ক্রোশের অনধিক ছিল না। পাটলিপুত্র দীর্ঘে চারি ক্রোশ ও প্রস্থে প্রায় এক ক্রোশ ছিল, তাহার চারি দিকে গভীর গড়খাই ও উন্নত প্রাচীর ছিল; সে প্রাচীরে ৫৭০ উন্নত স্তূপ (tower) এবং ৬৪টী দ্বার ছিল। অনেক বন্দর ও বাণিজ্য স্থান ছিল এবং বাণিজ্য উন্নতিশীল ছিল।

স্বয়ং রাজা এবং তাঁহার কর্ম্মচারীগণ বিচারকার্য্য নির্ব্বাহ করিতেন। কৃষক, শ্রমজীবী ও বণিক এই তিন শ্রেণী হইতে কর আদায় হইত। ভূমির উৎপন্নের চতুর্থাংশের একাংশ রাজা গ্রহণ করিতেন। গ্রামের মণ্ডল ভূমি পরি-মাপ করিতেন, ক্ষেত্রের আবশ্যকীয় জল বিতরণ করিতেন, গ্রামস্থ লোকদিগের মধ্যে বিচার করিতেন, সকল প্রজার কর একত্র করিয়া রাজকোষে প্রেরণ করিতেন, ব্যবসার উপর দৃষ্টি রাখিতেন, পথ সংস্কার করিতেন, এবং সীমা স্থির রাখিতেন।

এক্ষণকার ন্যায় সে সময়েও দুইবার ফসল কাটা হইত, এবং এক্ষণে যে২ শস্য কাটা হয় প্রায় সেই২ শস্যই কাটা হইত। ক্ষেত্র ক্ষুদ্র২ খণ্ডে বিভক্ত হইত এবং জল ধারণের জন্য চারি দিকে "আইল" প্রস্তুত হইত। ইক্ষু, তুলা ও গন্ধদ্রব্য উৎপন্ন হইত। হিন্দুগণ সুন্দর২ রং প্রস্তুত করিত,

তাম্রপাত্র সর্ব্বদা ব্যবহার করিত, পিত্তলপাত্র ক্ষণভঙ্গুর মনে করিয়া সর্ব্বদা ব্যবহার করিত না। রাজপথে দূর নির্ণয় কর-ণার্থ প্রস্তর (mile stones) প্রচলিত ছিল।

যুদ্ধে অশ্বে রথ টানিত; দুই একটী হস্তীর রথও ছিল। হস্তীগণকে এক্ষণে যেরূপে ধরে, সে সময়েও সেইরূপে ধরিত।

বিজ্ঞানশাস্ত্রে হিন্দুদিগের এই সময়ে বিশ্বাস আমরা গ্রীকপ্রমুখাৎ জানিতে পারি। তাহারা বলিত পৃথিবী গোলাকার ও ঈশ্বরসৃষ্ট ও ঈশ্বরদ্বারা শাসিত; পৃথিবী জল হইতে সৃষ্ট হইয়াছে; চারি ভূত ভিন্ন অন্য একটী ভূত আছে, এবং সেই ভূত হইতে গগণ ও নক্ষত্র সৃষ্ট হইয়াছে। পৃথিবী ব্রহ্মাণ্ডের মধ্যস্থান ধারণ করে, এবং আত্মা অমর।

গ্রীকগণ হিন্দুদিগের উৎসবের সুন্দর বর্ণনা করিয়াছে। সুবর্ণ ও রৌপ্যবিভূষিত হস্তী, চারি অশ্বের শকট, বলদের শকট এবং শিক্ষিত সেনা ধীরে২ চলিত। সুবর্ণমণ্ডিত আধার, নানা প্রকারের বৃহৎ পাত্র, উচ্চ সিংহাসন, নানা প্রকার বহুমূল্য রত্ন, নানাবর্ণরঞ্জিত ও সুবর্ণকারুখচিত বহুমূল্য বস্ত্র, উৎসবের শোভা বর্দ্ধন করিত। পোষিত সিংহ ও ব্যাঘ্র সঙ্গে২ চলিত, নানারূপ সুস্বর ও সুবেশপক্ষী বৃক্ষের উপর বসিয়া থাকিত, ও সেই বৃক্ষ বৃহৎ২ শকটে নীত হইত।

বিবাহের সময় অর্থ আদত্ত বা প্রদত্ত হইত না। নারী-গণ পতিব্রতা ছিলেন। বিধবার চিতারোহণ প্রথা প্রচলিত ছিল, কিন্তু এরূপ ঘটনা অধিক হইত না।

কেবল প্রাসাদে নহে, মৃগয়ার সময়ও রাজার সঙ্গে২ দাসীগণ যাইত। অন্য লোকে তাহাদিগকে দেখিতে বা তাহাদিগের নিকটে আসিতে পারিত না।

হিন্দুগণ তুলানির্ম্মিত একখানি বস্ত্র পরিধান করিত, অন্য একখানি চাদর দ্বারা গাত্র আবরণ করিত। নানারূপ ছিট ও অলঙ্কারও পরিধান করিত। তাহারা শ্মশ্রু রঞ্জিত

করিত, প্রত্যেকে নিজের অন্ন প্রস্তুত করিত, এবং ধান্য-মদিরা ভিন্ন অন্য কোনও মদিরা ব্যবহার করিত না, ও ধান্যের মদিরাও অতি অল্প সেবিত হইত।

হিন্দুগণ কৃষ্ণবর্ণ, দীর্ঘ, সুন্দর ও কার্য্যপটু ছিল। এমন সে তাহাদের তুল্য জাতি আসিয়াতে গ্রীকেরা দেখে নাই। তাহারা পানাসক্ত ছিল না, মিতব্যয়ী ও শান্ত ছিল, যুদ্ধ ও কৃষিকার্য্যে তৎপর ছিল, সরলস্বভাব ও ন্যায়পরায়ণ ছিল। গ্রীকেরা আরও বলে যে, হিন্দুগণ এরূপ ন্যায়পরায়ণ ছিল যে, বিচারদ্বারে যাইত না, এত সৎ ছিল যে, দ্বারে কুলুপ আবশ্যক ছিল না, চুক্তিবাক্য কাগজে লিখিবার আবশ্যক ছিল না।

গ্রীকগণ আরও বলে, কোনও হিন্দু কখনও মিথ্যা কথা কহিত না।

চতুর্থ পরিচ্ছেদ।

বৌদ্ধধর্ম্মের উৎকর্ষের সময়।

অনুমান ২৫০ পূঃ খৃষ্টাব্দ হইতে ৫৬ পূঃ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

বুদ্ধ। খৃষ্টের পূর্ব্বে ষষ্ঠ শতাব্দিতে আধুনিক অযোধ্যার উত্তরে, নেপালের দক্ষিণে কপিলবস্তু নামে একটী রাজ্য ছিল। সেই রাজ্যের রাজা গৌতমকুলজ ও শাক্যবংশীয় ছিলেন, ও রাজা সুপ্রবুদ্ধের দুহিতা মায়াদেবীকে বিবাহ করিয়াছিলেন। বুদ্ধদেব তাঁহাদিগেরই সন্তান ও ঐ রাজ্যের রাজধানী কপিলবস্তুনগরে জন্ম গ্রহণ করেন ও কুল ও বংশের নাম হইতে শাক্য ও গৌতম নামে জগতে প্রসিদ্ধ আছেন। বুদ্ধের জন্মের সপ্ত দিবস পরে তাঁহার মাতা মায়াদেবীর মৃত্যু হয় এবং বুদ্ধের বিমাতা (যিনি মায়াদেবীর সহোদরা ছিলেন) শিশুকে লালন পালন করেন। বালক অল্প বয়স হইতে

অতিশয় চিন্তাশীল ছিলেন, এবং সর্ব্বদা নির্জ্জন কাননে বসিয়া চিন্তা করিতে ভাল বাসিতেন। কালক্রমে তিনি দণ্ডপাণির লাবণ্যময়ী কন্যা গোপাকে উদ্বাহ করেন, কিন্তু তাঁহার তত্ত্ব-বিষয়ক চিন্তা দূরীভূত হইল না। বার্দ্ধক্য, জরা ও মৃত্যু দেখিয়া তিনি ভাবিতেন এবং এই সমস্ত অনিষ্ট হইতে উদ্ধারের উপায় উদ্ভাবনের চিন্তা করিতেন। অবশেষে তিনি এক জন ভিক্ষু যোগী পুরুষের শান্ত নিশ্চিন্ত জীবন দেখিয়া স্বয়ং নিশীথে পৈতৃক রাজবাটী ত্যাগ করিয়া ভ্রমণে বহির্গত হইলেন।

প্রথমে বৈশালি দেশে যাইয়া এক জন প্রসিদ্ধ শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণের শিষ্য হইলেন; সেই ব্রাহ্মণের আরও তিন শত শিষ্য ছিল। তথায় বিদ্যালাভ করিয়া মগধের রাজধানী রাজগৃহে অন্য এক ব্রাহ্মণের শিষ্য হইলেন, সেই ব্রাহ্মণের সপ্তশত শিষ্য ছিল। এই ব্রাহ্মণ-অর্জ্জিত বিদ্যায় ক্ষত্রিয় জ্ঞানার্থীর উদ্দেশ্য সাধন হইল না, শান্তিলাভ হইল না, তখন তিনি উরুবিল্ব গ্রামের নিকট একটী নির্জ্জন স্থানে ছয় বৎসর পর্য্যন্ত কঠোর তপস্যা করিতে লাগিলেন। দেখিলেন ব্রাহ্মণনির্দ্দিষ্ট তপস্যায় শান্তিলাভ হইল না, উদ্ধারের উপায় উদ্ভাবন হইল না; তখন তিনি তপস্যা ত্যাগ করিয়া চিন্তা করিতে লাগিলেন। স্বয়ং চিন্তা করিতে২ অবশেষে বুদ্ধদেব জ্ঞান লাভ করিলেন এবং তখন "বুদ্ধ" নাম গ্রহণ করিলেন। তখন বিখ্যাতনামা বারাণসী ধামে আসিয়া জগৎকে সেই জ্ঞান শিক্ষা দিতে লাগিলেন। দুই সহস্র বৎসর পর অদ্য জগতের মধ্যে পঞ্চাশৎ কোটী মনুষ্য ক্ষত্রিয় গুরুর এই জ্ঞানোপদেশ ও ধর্ম্ম অবলম্বন করে।

মগধরাজ বিম্বসার বুদ্ধদেবকে স্বদেশে আহ্বান করিলে বুদ্ধ সেই রাজ্যের রাজধানী রাজগৃহে পুনরায় গমন করিলেন ও তথায় উপদেশ দিতে লাগিলেন। পরে রাজপুত্র অজাতশত্রু যখন পিতাকে হত্যা করিয়া স্বয়ং রাজ্যলাভ করি-

লেন, তখন বুদ্ধ সে দেশ ত্যাগ করিলেন। পরে কোশল রাজ্যের রাজধানী শ্রাবস্তি নগরে বাস করিয়া উপদেশ দিতে লাগিলেন, এবং কথিত আছে, ঐ দেশের রাজা প্রাসেনজিৎ বৌদ্ধধর্ম্ম গ্রহণ করেন। দ্বাদশ বৎসর পরে বুদ্ধ স্বদেশে প্রত্যাগমন করিয়া পিতার সহিত সাক্ষাৎ করিলেন ও আপন রমণী প্রভৃতি অনেক স্ত্রী ও পুরুষকে বৌদ্ধ ধর্ম্মাবলম্বী করিলেন। সপ্ততি বৎসর বয়ঃক্রমের সময় তিনি রাজগৃহ পুনরায় দর্শন করেন, এবং কথিত আছে, মগধরাজ অজাতশত্রু স্বয়ং বৌদ্ধধর্ম্ম অবলম্বন করিয়াছিলেন। পরে বৈশালিনগর দর্শন করিয়া কুশিনগরাভিমুখে যাত্রা করেন, ও সেই নগরের নিকটে আসিয়া একটী বনে প্রাণত্যাগ করেন। অনুমান ৫৫০ পূঃ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়। শাক্যমুনি-প্রচারিত ধর্ম্ম বৌদ্ধধর্ম্ম নামে, ও শাক্যমুনি স্বয়ং গৌতমবুদ্ধ নামে জগতে খ্যাত।

বৌদ্ধধর্ম্ম। বেদবর্ণিত কালের শেষে ক্ষত্রিয়গণ একবার ব্রাহ্মণপ্রাধান্য অস্বীকার করিয়াছিল; ক্ষত্রিয় বুদ্ধদেব দ্বিতীয়বার ব্রাহ্মণপ্রাধান্য অস্বীকার করিয়া সকল মনুষ্যের সমতা প্রচার করিলেন। বৌদ্ধগণ বেদ মানে না, হিন্দু দেবদিগকে মানে না, জাতিবিচ্ছেদ মানে না। সকল মনুষ্যই সমান, সকল শ্রেণী হইতে পুরোহিত হইতে পারে, বৌদ্ধধর্ম্ম এই মহৎ ও উন্নত শিক্ষা দান করে।

এক জন্মের পর অন্য জন্ম হয়, তাহার পর পুনরায় জন্ম হয়, বৌদ্ধদিগের এইরূপ বিশ্বাস। যাঁহারা এইরূপ বহুজন্মে আপনাদিগের কার্য্য ও ধর্ম্মবলে অবশেষে নিশ্চেষ্ট নিস্পৃহ উন্নত অবস্থা প্রাপ্ত হইয়াছেন তাঁহারাই "বুদ্ধ"। এইরূপ বুদ্ধপদ সময়ে২ অনেকে প্রাপ্ত হইয়াছেন; শাক্যমুনি শেষ "বুদ্ধ;" তিনি এজগৎ হইতে অন্তর্হিত হইয়াছেন বটে, তথাপি তিনি বৌদ্ধধর্ম্মের কর্ত্তা ও পঞ্চসহস্র বৎসর পর্য্যন্ত এই পদে থাকিবেন।

বৌদ্ধদিগের মধ্যে কোন২ সম্প্রদায় ঈশ্বরের অস্তিত্ব অস্বীকার করে। অন্য কোন২ সম্প্রদায় ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করিয়া কহে, ঈশ্বর "বুদ্ধ" দিগকে সৃষ্ট করিয়াছেন, "বুদ্ধ" হইতে "বোধিসত্ব" দিগের উৎপত্তি, "বোধিসত্ব" হইতে জগতের উৎপত্তি হয়। এইরূপ নানা সম্প্রদায়ের নানারূপ মত আছে।

বৌদ্ধ পুরোহিতগণ মঠে বাস করেন ও চিরজীবন অবিবাহিত থাকিয়া ধর্ম্মের আলোচনা করেন। তাঁহাদিগকে ভিক্ষু বা ভিক্ষুণী কহে। সকল শ্রেণির লোকই ধর্ম্ম ব্যবসায় অবলম্বন করিয়া ভিক্ষু হইতে পারে। তাঁহারা হরিদ্রপরিচ্ছদ পরিধান করেন, মস্তক মুণ্ডন করেন, ও অনাবৃত পদে গমনাগমন করেন। প্রাণী মাত্রের প্রতি বৌদ্ধদিগের অতিশয় স্নেহ ও তাহারা কদাচ প্রাণি হত্যা করে না। পাছে খাদ্যের সহিত কোন ক্ষুদ্র জীব উদরসাৎ হয়, এই ভয়ে বৌদ্ধপুরোহিত সন্ধ্যার পর অন্ধকারে ভোজন করেন, উপবেশনকালে সযত্নে স্থান পরিষ্কার করিয়া উপবেশন করেন, ও কেহ২ নাসিকা ও মুখের উপর সর্ব্বদা একটী বস্ত্র বাঁধিয়া রাখেন।

ভারতবর্ষ হইতে এই ধর্ম্ম তিরোহিত হইয়াছে বটে, কিন্তু চীন প্রভৃতি অন্যান্য দেশে এই ধর্ম্ম অনেকে অবলম্বন করে। ফলতঃ জগতে বৌদ্ধধর্ম্মাবলম্বী লোক যত আছে, হিন্দু বা খ্রীষ্টীয় বা মহম্মদীয় বা অন্য কোন ধর্ম্মাবলম্বী লোক তত নাই।

বৌদ্ধ ধর্ম্মপুস্তক। বৌদ্ধ ধর্ম্মপুস্তক তিন অংশে বা "পিটকে" বিভক্ত ও সেই জন্য উহাকে ত্রিপিটক কহে।

(১) বুদ্ধ মুনি স্বয়ং যে কথা বলিয়া গিয়াছেন তাহাকে সূত্র কহে।

(২) ধর্ম্মনীতি ও নিয়মাবলিকে বিনয় কহে।

(৩) বৈজ্ঞানিক আলোচনা সমূহকে অভিধর্ম্ম কহে।

বুদ্ধের মৃত্যুর অনতিপরেই মগধদেশে বৌদ্ধগণ একটী

সভায় সমবেত হইয়া বৌদ্ধ ধর্ম্মশাস্ত্র সঙ্কলন করে। ইহার এক শত বৎসর পর পাটলীপুত্রে দ্বিতীয়বার ঐরূপ একটী সভা ঐ উদ্দেশ্যে সমবেত হয়। তৃতীয় একটী সভা হয়, কিন্তু তাহার সময় ঠিক জানা যায় না; কেহ বলেন অশোক রাজার সময়, কেহ বলেন কাশ্মীরের কনীষ্ক রাজার সময় (৪০ খৃঃ অব্দ) এই তৃতীয় সভা সমবেত হইয়াছিল। এই সভায় বৌদ্ধ ধর্ম্মপুস্তক পরিশুদ্ধ হইয়া যে আকার ধারণ করিল, অদ্যাবধি তাহার সেই আকার আছে।

এই ধর্ম্মপুস্তক প্রথমে সংস্কৃত ভাষায় রচিত হয়, খ্রীষ্টের পর পঞ্চ শতাব্দিতে পালি ভাষায় অনুবাদিত হয়, এবং পালী অনুবাদই সিংহল প্রভৃতি বৌদ্ধ প্রদেশে প্রচলিত। বৌদ্ধ ধর্ম্মপুস্তক রাখা ব্রাহ্মণদিগের অভিমত না হওয়ায় প্রায় সমস্ত ভারতবর্ষে সংস্কৃত ত্রিপিটক বিলুপ্ত হইয়াছিল; সম্প্রতি নেপালের রেসিডন্ট বি, এইচ, হজসন্ সাহেব এই পুস্তক প্রাপ্ত হইয়া এই অমূল্য নিধির উদ্ধার সাধন করিয়াছেন।

বৌদ্ধধর্ম্মের একটী ফল। হিন্দুধর্ম্মকে উপেক্ষা করিয়া শাক্যমুনি মনুষ্যের সমতা ও সর্ব্বজীবের প্রতি অহিংসা প্রচার করিলেন; তাঁহার এই মহামন্ত্রে যেন ভারতবর্ষের জাতীয়-জীবন নূতন বলে বলীষ্ঠ হইল। ধর্ম্মবিপ্লব চিন্তাবিপ্লব ভিন্ন আর কিছু নহে; মনুষ্যের হৃদয় আলোড়িত হয়; পূর্ব্ব সংস্কার দূর হয়; নূতন সংস্কারের আবির্ভাব হয়; মন নব-বলে বলীষ্ঠ হয়। "ব্রাহ্মণ সর্ব্বশ্রেষ্ঠ" এই চিরকিম্বদন্তিতে যাহারা উৎপীড়িত ছিল, ব্রাহ্মণদিগের অত্যাচারে ও সমাজে জাতিঘটিত অসমতা বশতঃ যাহারা অসন্তুষ্ট ছিল, তাহারা শাক্যমুনির মহৎ উপদেশ সাদরে গ্রহণ করিল, সকল মনুষ্য সমতুল্য এই উদার বাক্যে উত্তেজিত ও প্রোৎসাহিত হইল। ভারতবর্ষে হুলস্থূল পড়িয়া গেল; অনেক রাজ্যে হিন্দুধর্ম্ম

লোপ হইয়া বৌদ্ধধর্ম্ম প্রচার হইল; অনেক রাজ্যে দুইটী ধর্ম্মে দ্বন্দ্ব চলিতে লাগিল। ধর্ম্মের বিপ্লবের সঙ্গে২ কার্য্য বিপ্লব ঘটিল; মনের উৎকর্ষের সঙ্গে২ সভ্যতার উৎকর্ষ ঘটিল; চিন্তার উদারতা ও বিস্তারের সঙ্গে২ রাজ্যের উদারতা ও বিস্তার ঘটিল; অবশেষে মগধদেশের রাজগণ প্রায় সমস্ত আর্য্যাবর্ত্ত একছত্র করিলেন। আর্য্যাবর্ত্ত ইহার পূর্ব্বে কখন একছত্র হয় নাই; ভারতবর্ষের এই ঐক্যসাধন বৌদ্ধধর্ম্মের একটী ফলমাত্র।

খ্রীষ্টের পূর্ব্বে ষষ্ঠ শতাব্দিতে এই ধর্ম্ম প্রচার হইলেও ২৫০ পূঃ খ্রীষ্টাব্দে অশোক রাজের রাজত্বের পূর্ব্বে এই ধর্ম্ম ভারতবর্ষের প্রধান ধর্ম্ম বলিয়া পরিগণিত হয় নাই।

খ্রীষ্টের চারিশত বৎসর পর চীনদেশীয় ভ্রমণকারীগণ ভারতবর্ষে আসিয়া গঙ্গা ও যমুনা কুলে বৌদ্ধধর্ম্মের অতিশয় হীনাবস্থা দর্শন করেন। সুতরাং বৌদ্ধধর্ম্মের হ্রাস ও পৌরাণিক ধর্ম্মের উন্নতি তাহার চারি পাঁচ শত বৎসর পূর্ব্ব হইতে, অর্থাৎ রাজা বিক্রমাদিত্যের সময় হইতে আরম্ভ হইয়াছিল এরূপ উপলব্ধি হইতে পারে। অতএব অশোকের সময় হইতে বিক্রমাদিত্যের সময় পর্য্যন্ত (২৫০-৫৬ পূঃ খ্রীষ্টাব্দ) দুই শত বৎসর বৌদ্ধধর্ম্মের উৎকর্ষের সময় বলিয়া বর্ণিত হইতেছে। ক্রমে হীনাবস্থাপন্ন হইয়াও বৌদ্ধধর্ম্ম মুসলমান বিজয়ের প্রাক্কাল পর্য্যন্ত কাশী, গুর্জ্জর প্রভৃতি ভারতবর্ষের স্থানে২ প্রচলিত ছিল।

মগধরাজ্য। এইরূপে বৌদ্ধধর্ম্ম প্রচার কারণ মগধ-রাজ্য ভারতবর্ষের অন্যান্য রাজ্য অপেক্ষা প্রাধান্য লাভ করিল। সৌভাগ্যবশতঃ আমরা এই রাজ্যের ইতিহাসের কতক২ অবগত আছি।

কুরুক্ষেত্রের যুদ্ধের শেষে অর্থাৎ অনুমান ১৪০০ পূঃ খৃষ্টাব্দে সহদেব মগধদেশের রাজা ছিলেন। তাঁহার পর

ত্রয়স্ত্রিংশৎ রাজা ক্রমান্বয়ে রাজসিংহাসনে আরোহণ করেন; পরে অনুমান ৫৫০ পূঃ খৃষ্টাব্দে অজাতশত্রু এই রাজ্যের অধীশ্বর ছিলেন, এবং তাঁহারই রাজ্যকালে শাক্যমুনি বৌদ্ধ-ধর্ম্ম প্রচার করেন।

অজাতশত্রুর পর আর চারি জন রাজা ক্রমান্বয়ে রাজ্য-শাসন করিলে পর অনুমান ৪০০ পূঃ খৃষ্টাব্দে নন্দ সিংহাসন আরোহণ করেন। নন্দের পূর্ব্বের সমস্ত রাজগণ ক্ষত্রিয়-বংশীয় ছিলেন, কিন্তু নন্দ শূদ্রমাতার সন্তান ছিলেন।

নন্দের পর আর অষ্টজন রাজা রাজ্য করেন, তাঁহাদের সকলেরই নাম নন্দ। তৎপরে চন্দ্রগুপ্ত অনুমান ৩০০ পূঃ খৃষ্টাব্দে রাজ্য করেন। চন্দ্রগুপ্ত নীচবংশীয় বলিয়া জনশ্রুতি আছে এবং তিনি যে উপায়ে কৌটিল্য বা চানক্যমুনির সহায়তায় রাজ্যলাভ করেন, তাহা কল্পিত গল্পের সহিত মিশ্রিত হইয়া মুদ্রারাক্ষসে বর্ণিত আছে। কথিত আছে, যে চন্দ্রগুপ্তের মাতার নাম মুরা, সেই জন্য তাঁহার বংশ মৌরবংশ বলিয়া খ্যাত।

চন্দ্রগুপ্ত চতুর্ব্বিংশ বৎসর রাজত্ব করেন, তৎপর তাঁহার পুত্র ভদ্রসার বা বিন্দুসার পঞ্চবিংশ বৎসর রাজত্ব করেন; তৎপর অনুমান ২৫০ পূঃ খৃষ্টাব্দে বিন্দুসারের পুত্র মহাবল-পরাক্রান্ত অশোকবর্দ্ধন বা অশোক মগধের রাজসিংহাসনে আরোহণ করেন। প্রসিদ্ধনামা অশোক সমস্ত আর্য্যাবর্ত্ত আপন শাসনাধীনে আনিয়াছিলেন, এরূপ বোধ হয় না, কিন্তু তিনি অন্য সমস্ত রাজ্য ও রাজাকে আপন প্রভুত্ব স্বীকার করাইয়াছিলেন তাহার সন্দেহ নাই। দেশের সুশাসনের জন্য তিনি কতকগুলি নিয়ম প্রচার করিয়াছিলেন, এবং সকল লোক সেই নিয়ম জানিতে পারে ও পালন করিতে পারে এই অভিপ্রায়ে তিনি সেই নিয়মাবলি বহুসংখ্যক প্রস্তরে খোদিত করিয়া সেই প্রস্তর আর্য্যাবর্ত্তের প্রধান২ স্থানে ও

নগরীতে স্থাপিত করেন। অর্য্যাবর্ত্তের এক প্রান্ত হইতে অন্য প্রান্ত পর্য্যন্ত এখনও স্থানে২ সে স্তূপ দেখা যায়। অশোকরাজা বৌদ্ধধর্ম্ম অবলম্বন করেন, এবং ভারতবর্ষের বহুসংখ্যক লোককে সেই ধর্ম্ম গ্রহণ করান। বস্তুতঃ তাঁহার সময়ে হিন্দুধর্ম্ম ভারতবর্ষে বিলুপ্তপ্রায় ও বৌদ্ধধর্ম্ম অতিশয় প্রবল হইয়া উঠে।

মৌরবংশ দশ পুরুষ পর্য্যন্ত মগধরাজ্যে রাজত্ব করেন; পরে অন্যান্য বংশীয় রাজগণ এই রাজ্যে রাজত্ব করেন, কিন্তু মগধ আর ভারতবর্ষে প্রাধান্য লাভ করিতে পারিল না। বৌদ্ধধর্ম্মও ক্রমে হীনবল হইয়া যাইল।

পঞ্চম পরিচ্ছেদ।

বৌদ্ধধর্ম্মের অবনতি ও পৌরাণিক ধর্ম্মের উৎকর্ষের সময়।

৫৭ পূঃ খৃষ্টাব্দ হইতে ১২০৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

ধর্ম্মপ্রণালী। বৌদ্ধধর্ম্ম ভারতবর্ষে কয়েক শতাব্দি মাত্র প্রচলিত ছিল। পরে হিন্দুধর্ম্ম যেন পুনরায় সবলতা লাভ করিয়া সমগ্র ভারতবর্ষে প্রচারিত হইল, বৌদ্ধধর্ম্ম প্রায় একেবারে তিরোহিত হইল। কেবল হিন্দুধর্ম্ম পুনঃস্থাপন হইল তাহা নহে, বোধ হইল যেন ধর্ম্মের বন্ধনীশক্তি শতগুণ বৃদ্ধি প্রাপ্ত হইল, পূজা ও দেবসংখ্যা বৃদ্ধি হইতে লাগিল, প্রতিমা-পূজা ভারতবর্ষে প্রচলিত হইল। ব্রাহ্মণগণ বেদপাঠে ও ধর্ম্মশাস্ত্র আলোচনায় অবিভক্ত অধিকার লাভ করিল, অসীম ক্ষমতা লাভ করিল, নূতন২ দেবতা, নূতন২ পূজার আবিষ্কার হইতে লাগিল, পুরাণের পর পুরাণ, তন্ত্রের পর তন্ত্র রচিত হইল, দেবসম্বন্ধীয় সুন্দর উপন্যাসের পর সুন্দর উপন্যাস রচিত হইয়া ধর্ম্মশাস্ত্র বৃদ্ধি পাইতে লাগিল। চিন্তা-

পাটু বুদ্ধদেব ও তাঁহার বন্ধুগণ একবার সকল মনুষ্যের সমতা প্রচার করিয়াছিলেন ; এবার ব্রাহ্মণেরা পুনরায় ক্ষমতা লাভ করিয়া যেন চিন্তাশক্তি একেবারে তিরোহিত করিবার জন্য ব্রাহ্মণ ভিন্ন অন্য সকল জাতির শাস্ত্র আলোচনা ও ধর্ম্মশিক্ষা নিষেধ করিল ও নূতন২ শাস্ত্র ও পুরাণ ও নূতন২ নিয়ম সৃষ্টি করিয়া ভারতবর্ষের ধর্ম্মশিক্ষাবিহীন অধিবাসীগণকে আপন আয়ত্বাধীন, আপন দাসত্বাধীন করিল। পাছে এই পুরাণগুলি আধুনিক বলিয়া কেহ অগ্রাহ্য করে, এই ভয়ে পুরাণগুলি বেদব্যাসরচিত বলিয়া মিথ্যা পরিচয় দিল। এইরূপে ভারতবর্ষে ধর্ম্মবিষয়ক স্বাধীনচিন্তা ক্ষমতা তিরোহিত হইল ; পৌরাণিক হিন্দুধর্ম্মের সহিত অসংখ্য দেব দেবীর পূজা ও ব্রাহ্মণদিগের অবিতক্ত অসীম ক্ষমতা স্থাপিত হইল।

পৌরাণিক ধর্ম্মপ্রণালী সকলেই অবগত আছেন। ব্রহ্মা ও তাঁহার পত্নী সরস্বতী, লক্ষ্মী ও তাঁহার স্বামী বিষ্ণু ও তাঁহার দশ অবতার, মহাদেব ও তাঁহার পত্নী দুর্গা, ইন্দ্র ও শচী, যম, বায়ু, অগ্নি প্রভৃতি দেবগণ সকল পাঠকেরই পরিচিত আছেন। যদিও হিন্দুমাত্রই বেদকে সমাদর ও সম্মান করে ও হিন্দুধর্ম্মের আদিগ্রন্থ বলিয়া মানে, তথাপি অধুনা ভারতবর্ষে যে হিন্দুধর্ম্ম প্রচলিত আছে, তাহা বেদসঙ্গত নহে, পুরাণ ও তন্ত্রসঙ্গত।

উজ্জয়িনীরাজ্য। ৫৭ পূর্ব্ব খৃষ্টাব্দে উজ্জয়িনীরাজ্যে মহাবলপরাক্রান্ত বিক্রমাদিত্য রাজত্ব করেন, ও তাঁহার সময় হইতে সম্বৎ শক প্রচলিত হইয়াছে। কথিত আছে, মহাকবি কালিদাস এই রাজার এক জন সভাসদ্ ছিলেন। কিন্তু বোধ হয় কালিদাস খৃষ্টের জন্মের তিন, চারি, কি পাঁচ শত বৎসর পর উজ্জয়িনীর অন্য এক বিক্রমাদিত্য রাজার সভার সভাসদ ছিলেন।

গৌড়রাজ্য। মহাভারতে এই রাজ্যের উল্লেখ আছে

সুতরাং খৃষ্টের পূর্ব্বে চতুর্দ্দশ শতাব্দির পূর্ব্বে বঙ্গদেশ আর্য্য-অধিকৃত হইয়াছিল তাহার সন্দেহ নাই।

বুদ্ধদেবের মৃত্যুর সময়ে অর্থাৎ অনুমান ৫৫০ পূঃ খৃষ্টাব্দে বঙ্গদেশের রাজা সিংহবাহুর জ্যেষ্ঠ পুত্র বিজয়সিংহ প্রজাপীড়ন দোষে নির্ব্বাসিত হইয়া সপ্তশত সেনা লইয়া অর্ণবপোতে সমুদ্রযাত্রা করেন, ও লঙ্কাদ্বীপে উপস্থিত হইয়া সেই দ্বীপ জয় করেন। বিজয়সিংহের মৃত্যুর পর তাঁহার ভ্রাতুষ্পুত্র পাণ্ডুবাস বঙ্গদেশ হইতে যাইয়া লঙ্কার সিংহাসন আরোহণ করেন ও তিনিই সিংহলের রাজবংশের আদিপুরুষ। সিংহবংশ হইতে লঙ্কাদ্বীপ সিংহল নাম ধারণ করিয়াছে।

উপরি উক্ত বিবরণ হইতে প্রতীয়মান হইবে যে, দ্বিসহস্র বৎসর পূর্ব্বে বঙ্গবাসীগণ পরাক্রান্ত ও বানিজ্যপটু ছিলেন। খৃষ্টের পঞ্চম শতাব্দিতে তাম্রলিপ্তি অর্থাৎ তমলুক একটী প্রসিদ্ধ বন্দর ছিল, ও তথাকার বণিকেরা সর্ব্বদা সমুদ্রে গমন করিয়া সিংহল প্রভৃতি দেশের সহিত বানিজ্য করিত। সমস্ত বঙ্গদেশ কখনও একটী রাজ্য ছিল বলিয়া বোধ হয় না ; ফলতঃ স্থানে২ স্বতন্ত্র২ ক্ষুদ্র রাজ্য ছিল বলিয়াই উপলব্ধি হয়। খৃষ্টের সপ্তম শতাব্দিতে বঙ্গদেশে পৌণ্ড্রবর্দ্ধন, সমতট, তৈলঙ্গবতী, ত্রিপুরা, শ্রীহট্ট, কিরণসুবর্ণ, তাম্রলিপ্তি প্রভৃতি ভিন্ন২ ক্ষুদ্র স্বাধীন রাজ্য ছিল।

খৃষ্টের অষ্টম শতাব্দিতে "পাল" নামধারী বৌদ্ধধর্ম্মাবলম্বী একটী পরাক্রান্ত বংশ বঙ্গদেশের রাজা হয়েন। ভূপাল বা লোকপাল এই বংশের আদিপুরুষ। তাঁহার পৌত্র দেবপাল অনেক রাজ্য জয় করিয়া সমুদয় ভারতের সম্রাট বলিয়া কীর্ত্তিত হইয়াছিলেন। দিনাজপুর, বুদ্ধগয়া, বারাণসী প্রভৃতি অনেক স্থানে পালবংশীয় রাজাদিগের অনেক কীর্ত্তি এখনও দেখা যায় ; দিনাজপুরের মহীপালদিঘি মহীপাল রাজার খনিত।

যে সময়ে বৌদ্ধ পালবংশ বঙ্গদেশে রাজত্ব করেন, সেই সময়ে হিন্দু সেনবংশ পূর্ব্ববঙ্গদেশে রাজত্ব করেন। কালক্রমে এই দুই বংশে বিরোধ হইল; ও ভারতবর্ষের অন্য স্থানে যে-রূপ, বঙ্গদেশেও সেইরূপ বৌদ্ধধর্ম্মের পরাজয় ও হিন্দুধর্ম্মের জয় হইল, ও সেনবংশ বঙ্গদেশের রাজা হইলেন। খৃষ্টের দশম শতাব্দিতে এই বংশের প্রথম রাজা আদিশূর, (তাঁহার প্রকৃত নাম বীরসেন বা শূরসেন,) হিন্দুধর্ম্মের গৌরববৃদ্ধির জন্য কান্যকুব্জ হইতে পাঁচ জন ব্রাহ্মণ আনাইলেন, ও সেই ব্রাহ্মণের সঙ্গে২ পাঁচ জন কায়স্থ আসিয়াছিলেন। বঙ্গ-দেশের প্রধান ব্রাহ্মণ ও কায়স্থগণ এই দশ জনের সন্তান বলিয়া পরিচয় দেন; কিন্তু এটী অলীক কথা; কেবল দশ-জনের এত সন্তান হওয়া সম্ভব নহে। পাঁচ জন ব্রাহ্মণের মধ্যে শ্রীহর্ষ নৈষধচরিত নামক কাব্য রচনা করিয়াছেন ও ভট্টনারায়ণ বেণীসংহার রচনা করিয়াছেন।

কৌলিন্যপ্রথা আদিশূর প্রচারিত করেন নাই; তাঁহার একজন উত্তরাধিকারী বল্লালসেন এই প্রথার প্রণেতা। তিনি ১০৬৬ খৃষ্টাব্দে সিংহাসন আরোহণ করেন ও প্রশস্ত রাজ্যকে রাঢ়, (বর্দ্ধমানবিভাগ), বরেন্দ্র (রাজশাহী ও কুচবিহার বিভাগ), বঙ্গ (ঢাকা ও চট্টগ্রাম বিভাগ), বাগড়ী (প্রেসি-ডেন্‌সি বিভাগ), ও মিথিলা (উত্তর বিহার), এই পাঁচ ভাগে বিভাগ করেন। এই দেশবিভাগ অনুসারে ভিন্ন২ শ্রেণীর ব্রাহ্মণ ও কায়স্থ হইয়াছেন। সুবর্ণগ্রাম, গৌড় ও নবদ্বীপ এই তিনটী বল্লালের রাজধানী ছিল।

বল্লালের পুত্র লক্ষ্মণ সেনের রাজত্বকালে জয়দেব গীত-গোবিন্দ রচনা করেন। তাঁহার পর মাধব সেন ও কেশব সেন যথাক্রমে রাজত্ব করেন। পরে ১১২৩ খৃষ্টাব্দে লাক্ষণেয় জন্মগ্রহণ করেন ও ভূমিষ্ঠ হইয়াই বঙ্গদেশের রাজা হইলেন। তাঁহার অশীতিবর্ষ বয়ঃক্রমের সময় ১২০৩ খৃষ্টাব্দে মুসলমান

সেনাপতি বখ্‌তীয়ার খিলজী নবদ্বীপ ও বঙ্গদেশের অধিকাংশ জয় করিলেন, ও হিন্দুরাজ্য বিলুপ্ত হইল।

গুর্জ্জর রাজ্য। মহাভারতবর্ণিত যুদ্ধের সময় কৃষ্ণ দ্বারিকায় যাইয়া রাজ্য স্থাপন করেন; কিন্তু সেই রাজ্য কত দিন ছিল তাহা জানিবার উপায় নাই। পরে ১৪৪ খৃষ্টাব্দে রাজা কণকসেন বলভীতে রাজ্য স্থাপন করেন, ও তাঁহার সন্ততিগণ প্রায় চারি শত বৎসর ঐ দেশ শাসন করেন। পরে ৫২৪ খৃষ্টাব্দে পারস্য জাতিদ্বারা আক্রান্ত হইয়া সেন-বংশ রাজ্যচ্যুত হইয়া ঐ দেশ ত্যাগ করিয়া প্রসিদ্ধ মেওয়ার রাজ্য স্থাপন করেন। মেওয়ার রাজ্য অদ্যাপি বর্ত্তমান আছে।

বলভীরাজদিগের পর চৌর রাজগণ গুর্জ্জর দেশ শাসন করেন, ও ৭৪৭ খৃষ্টাব্দে অহ্মলওয়ারা অথবা পত্তনে রাজধানী স্থাপন করিয়া অতিশয় খ্যাতি ও ক্ষমতা লাভ করেন।

৯৩১ খৃষ্টাব্দে এই বংশের শেষ রাজা নিঃসন্তান থাকায় তাঁহার চালুক্যবংশীয় জামাতা সিংহাসন অধিরোহণ করেন ও এই বংশীয় রাজগণ গজ্‌নীর মাহ্মুদ কর্ত্তৃক একবার পরা-জিত হইলেও ১২২৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করেন। তৎপরে বাঘীলবংশ রাজা হয়, ও সেই বংশের রাজ্যকালে ১২৯৭ খৃষ্টাব্দে গুর্জ্জর দেশ মুসলমান-করকবলস্থ হয়।

কাণ্যকুব্জ রাজ্য। মহাভারতের যুদ্ধের সময় এই রাজ্য পঞ্চাল নামে প্রসিদ্ধ ছিল, ও মহাভারতে পঞ্চাল রাজ্যের রাজা ও রাজ্যপ্রণালী ও সয়ম্বর প্রথা ও সৈন্য সামন্তের অনেক বর্ণনা আছে।

৪৭০ খৃষ্টাব্দে রাঠৌরগণ এই দেশ জয় করেন। ও খৃষ্টের দ্বাদশ শতাব্দিতে রাঠৌররাজ জয়চন্দ্র কাণ্যকুব্জের রাজা ছিলেন। দিল্লীশ্বর পৃথ্বীরায় তাঁহার কন্যাকে সবলে হরণ করিয়া পাণিগ্রহণ করায় রাঠৌর রাজ মুসলমানদিগকে

আহ্বান করেন। এই জাতিবিরোধের বিষম ফল ফলিল; শাহাবুদ্দিন ১১৯৩ খৃষ্টাব্দে পৃথ্বীরায়কে পরাস্ত করিয়া দিল্লী জয় করিলেন ও ১১৯৪ খৃষ্টাব্দে জয়চন্দ্রকে পরাস্ত করিয়া কাণ্যকুব্জ জয় করিলেন, ও অনতিবিলম্বে মুসলমানগণ সমগ্র আর্য্যাবর্ত্ত জয় করিল। রাঠৌরগণ কাণ্যকুব্জচ্যুত হইয়া মাড়ওয়ারে যাইয়া নূতন রাজ্য স্থাপন করিল; মাড়ওয়ার-রাজ্য অদ্যাপি বর্ত্তমান আছে।

ইউরোপীয় পণ্ডিতগণ নির্ণয় করিয়াছেন যে, খৃষ্টের পর সপ্তম শতাব্দিতে বাণভট্ট ও অষ্টম শতাব্দিতে ভবভূতি কাণ্য-কুব্জরাজসভার সভাসদ্ ছিলেন। ভবভূতি কাণ্যকুব্জরাজ যশোবর্ম্মণের সভার সভাসদ্ ছিলেন।

দিল্লী ও আজমীর রাজ্য। মহাভারতের যুদ্ধের সময় আধুনিক দিল্লী হস্তিনাপুর নামে খ্যাত ছিল ও হস্তিনা-পুরের কুরুপাণ্ডবদিগের ও সেই সময়ের যুদ্ধপ্রথা ও আচার ব্যবহার বিষয়ক যে বিস্তীর্ণ বর্ণনা আছে তাহা তৃতীয় পরি-চ্ছেদে উল্লিখিত হইয়াছে।

অনুমান সপ্তশত খৃষ্টাব্দে এক রাজপুতবংশ দিল্লী জয় করেন ও ১০৫০ খৃষ্টাব্দ পর্য্যন্ত তাঁহারাই এই রাজ্য শাসন করেন। ঐ বৎসরে আজমীরাধিপতি চোহানবংশীয় বিশালরায় দিল্লী জয় করেন ও সেই অবধি আজমীর ও দিল্লী বহুকাল পর্য্যন্ত এক রাজ্যভুক্ত হইয়া থাকে।

আজমীর ও দিল্লী পুনরায় দুইটী স্বতন্ত্র রাজ্য হইল, ও দিল্লীতে তোমরকুল ও আজমীরে চোহানকুল রাজ্য করিতে লাগিলেন। খৃষ্টের দ্বাদশ শতাব্দিতে দিল্লীশ্বর নিঃসন্তান থাকায় আজমীরাধিপতি পৃথ্বীরায়কে আপন উত্তরাধিকারী বলিয়া মনোনীত করিলেন। সুতরাং আজমীর ও দিল্লী পুন-রায় এক রাজার অধীন হইল।

আজমীর ও দিল্লীর অধিপতি চোহান পৃথ্বীরায় খৃষ্টের

দ্বাদশ শতাব্দিতে কাণ্যকুব্জাধিপতি জয়চন্দ্রের কন্যাকে বল-পূর্ব্বক হরণ করিয়া বিবাহ করেন; সেই জন্য দুই রাজার মধ্যে অতিশয় শত্রুতা জন্মে। জয়চন্দ্র মুসলমানদিগকে আহ্বান করেন; কিন্তু পৃথ্বীরায় তিরৌরীর যুদ্ধে ১১৯১ খৃষ্টাব্দে শাহাবুদ্দীনকে পরাস্ত করিলেন, ও মুসলমানগণ কাবুলে প্রত্যাবর্ত্তন করিল। দুই বৎসর পর শাহাবুদ্দীন পুনরায় পৃথ্বীরায়কে আক্রমণ করিলেন, এবার পৃথ্বীরায় পরাস্ত ও হত হইলেন ও সেই বৎসরেই (১১৯৩) দিল্লী ও আজমীর মুসলমান-হস্তগত হইল।

দাক্ষিণাত্য। দাক্ষিণাত্যে মহারাষ্ট্র, উড়িষ্যা, তৈলঙ্গ, কর্ণাট ও দ্রাবীড় এই পাঁচটী প্রদেশ ছিল। এই পাঁচটী প্র-দেশে অনেকগুলি ক্ষুদ্র২ স্বাধীন রাজ্য ছিল; তাহার বিশেষ বিবরণের আবশ্যক নাই।

সভ্যতা ও আচার ব্যবহার। বৌদ্ধধর্ম্ম ভারতবর্ষ হইতে তিরোহিত হইল বটে, কিন্তু জগৎ হইতে তিরোহিত হয় নাই। পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে যে, অধুনা জগতে প্রায় পঞ্চাশৎ কোটী লোক বৌদ্ধধর্ম্ম অবলম্বন করে। চীনগণ প্রায় সকলেই বৌদ্ধ ও ভারতবর্ষ হইতে এই ধর্ম্ম তিরোহিত হইবার অনেক পর পর্য্যন্ত চীনভ্রমণকারীগণ বুদ্ধদেবের জন্মস্থান ও অন্যান্য পবিত্র স্থান দেখিবার জন্য ভারতবর্ষে আসিত। এইরূপে অনেক চীনভ্রমণকারী ভারতবর্ষ সন্দর্শন করিয়া সে সময়ের আচার ব্যবহারের বিষয় লিখিয়া গিয়াছে। তাহা-দিগের মধ্যে হুয়েন সাং নামক এক জন ভারতবর্ষের বিশেষ বিবরণ লিখিয়া গিয়াছেন, তাহা হইতে আমরা ভারতবর্ষের সে সময়ের সভ্যতার কথা অনেক দূর জানিতে পারি। আমরা হুয়েন সাঙের পুস্তকের সারাংশ সংক্ষেপে উদ্ধৃত করিব।

হুয়েন সাং ৬২৯ খৃষ্টাব্দে চীন হইতে যাত্রা করেন। হিন্দুকুশ পর্ব্বত পার হইয়া তিনি কপিশারাজ্যে প্রবেশ

আহ্বান করেন। এই জ্ঞাতিবিরোধের বিষম ফল ফলিল; শাহাবুদ্দিন ১১৯৩ খৃষ্টাব্দে পৃথ্বীরায়কে পরাস্ত করিয়া দিল্লী জয় করিলেন ও ১১৯৪ খৃষ্টাব্দে জয়চন্দ্রকে পরাস্ত করিয়া কাণ্যকুব্জ জয় করিলেন, ও অনতিবিলম্বে মুসলমানগণ সমগ্র আর্য্যাবর্ত্ত জয় করিল। রাঠোরগণ কাণ্যকুব্জচ্যুত হইয়া মাড়ওয়ারে যাইয়া নূতন রাজ্য স্থাপন করিল; মাড়ওয়ার-রাজ্য অদ্যাপি বর্ত্তমান আছে।

ইউরোপীয় পণ্ডিতগণ নির্ণয় করিয়াছেন যে, খৃষ্টের পর সপ্তম শতাব্দিতে বাণভট্ট ও অষ্টম শতাব্দিতে ভবভূতি কাণ্য-কুব্জরাজসভার সভাসদ্ ছিলেন। ভবভূতি কাণ্যকুব্জরাজ যশোবর্ম্মণের সভার সভাসদ্ ছিলেন।

দিল্লী ও আজমীর রাজ্য। মহাভারতের যুদ্ধের সময় আধুনিক দিল্লী হস্তিনাপুর নামে খ্যাত ছিল ও হস্তিনা-পুরের কুরুপাণ্ডবদিগের ও সেই সময়ের যুদ্ধপ্রথা ও আচার ব্যবহার বিষয়ক যে বিস্তীর্ণ বর্ণনা আছে তাহা তৃতীয় পরি-চ্ছেদে উল্লিখিত হইয়াছে।

অনুমান সপ্তশত খৃষ্টাব্দে এক রাজপুতবংশ দিল্লী জয় করেন ও ১০৫০ খৃষ্টাব্দ পর্য্যন্ত তাঁহারাই এই রাজ্য শাসন করেন। ঐ বৎসরে আজমীরাধিপতি চোহানবংশীয় বিশালরায় দিল্লী জয় করেন ও সেই অবধি আজমীর ও দিল্লী বহুকাল পর্য্যন্ত এক রাজ্যভুক্ত হইয়া থাকে।

আজমীর ও দিল্লী পুনরায় দুইটী স্বতন্ত্র রাজ্য হইল, ও দিল্লীতে তোমরকুল ও আজমীরে চোহানকুল রাজ্য করিতে লাগিলেন। খৃষ্টের দ্বাদশ শতাব্দিতে দিল্লীশ্বর নিঃসন্তান থাকায় আজমীরাধিপতি পৃথ্বীরায়কে আপন উত্তরাধিকারী বলিয়া মনোনীত করিলেন। সুতরাং আজমীর ও দিল্লী পুন-রায় এক রাজার অধীন হইল।

আজমীর ও দিল্লীর অধিপতি চোহান পৃথ্বীরায় খৃষ্টের

দ্বাদশ শতাব্দিতে কাণ্যকুব্জাধিপতি জয়চন্দ্রের কন্যাকে বল-পূর্ব্বক হরণ করিয়া বিবাহ করেন; সেই জন্য দুই রাজার মধ্যে অতিশয় শত্রুতা জন্মে। জয়চন্দ্র মুসলমানদিগকে আহ্বান করেন; কিন্তু পৃথ্বীরায় তিরৌরীর যুদ্ধে ১১৯১ খৃষ্টাব্দে শাহাবুদ্দীনকে পরাস্ত করিলেন, ও মুসলমানগণ কাবুলে প্রত্যাবর্ত্তন করিল। দুই বৎসর পর শাহাবুদ্দীন পুনরায় পৃথ্বীরায়কে আক্রমণ করিলেন, এবার পৃথ্বীরায় পরাস্ত ও হত হইলেন ও সেই বৎসরেই (১১৯৩) দিল্লী ও আজমীর মুসলমান-হস্তগত হইল।

দাক্ষিণাত্য। দাক্ষিণাত্যে মহারাষ্ট্র, উড়িষ্যা, তৈলঙ্গ, কর্ণাট ও দ্রাবীড় এই পাঁচটী প্রদেশ ছিল। এই পাঁচটী প্র-দেশে অনেকগুলি ক্ষুদ্র২ স্বাধীন রাজ্য ছিল; তাহার বিশেষ বিবরণের আবশ্যক নাই।

সভ্যতা ও আচার ব্যবহার। বৌদ্ধধর্ম্ম ভারতবর্ষ হইতে তিরোহিত হইল বটে, কিন্তু জগৎ হইতে তিরোহিত হয় নাই। পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে যে, অধুনা জগতে প্রায় পঞ্চাশৎ কোটী লোক বৌদ্ধধর্ম্ম অবলম্বন করে। চীনগণ প্রায় সকলেই বৌদ্ধ ও ভারতবর্ষ হইতে এই ধর্ম্ম তিরোহিত হইবার অনেক পর পর্য্যন্ত চীনভ্রমণকারীগণ বুদ্ধদেবের জন্মস্থান ও অন্যান্য পবিত্র স্থান দেখিবার জন্য ভারতবর্ষে আসিত। এইরূপে অনেক চীনভ্রমণকারী ভারতবর্ষ সন্দর্শন করিয়া সে সময়ের আচার ব্যবহারের বিষয় লিখিয়া গিয়াছে। তাহা-দিগের মধ্যে হুয়েন সাং নামক এক জন ভারতবর্ষের বিশেষ বিবরণ লিখিয়া গিয়াছেন, তাহা হইতে আমরা ভারতবর্ষের সে সময়ের সভ্যতার কথা অনেক দূর জানিতে পারি। আমরা হুয়েন সাঙের পুস্তকের সারাংশ সংক্ষেপে উদ্ধৃত করিব।

হুয়েন সাং ৬২৯ খৃষ্টাব্দে চীন হইতে যাত্রা করেন। হিন্দুকুশ পর্ব্বত পার হইয়া তিনি কপিশারাজ্যে প্রবেশ

করেন। একজন ক্ষত্রিয় সেই রাজ্যের রাজা ছিলেন ও দশটী প্রদেশ শাসন করিতেন। হুয়েন সাং এই স্থানে ১০০ বৌদ্ধ মঠ,ও ছয় সহস্র মঠবাসী ও বহুসংখ্যক ব্রাহ্মণীয় দেবালয় দৃষ্টি করেন। হুয়েন সাং প্রথমে এই স্থানে অশোকের স্তূপ দর্শন করেন।

গান্ধারপ্রদেশ ও তাহার রাজধানী পুরুষপুর সে সময়ে কপিশারাজ্যের অধীন ছিল। তথায় তিনি এক সহস্র বৌদ্ধ-মঠ ও বহুসংখ্যক স্তূপ ভগ্নাবস্থায় দেখিলেন, ও হিন্দুধর্ম্মের গৌরব ও বহুসংখ্যক হিন্দু দেবালয় জনাকীর্ণ দেখিলেন; মহেশ্বরের একটী পবিত্র মন্দির ও নীলপ্রস্তরনির্ম্মিত ভীমার একটী প্রতিমূর্ত্তির বর্ণনা করিয়া গিয়াছেন। এই প্রদেশের অধিবাসীগণ কাপুরুষ, কিন্তু শাস্ত্রানুশীলনে তৎপর।

কাশ্মীর প্রদেশে কৃত্তীয় বংশীয় রাজগণ রাজত্ব করিতেন। তাঁহারা হিন্দুধর্ম্মাবলম্বী, ও এই প্রদেশে হিন্দুধর্ম্মই প্রচলিত ছিল; তথাপি কাশ্মীরে অনেক বৌদ্ধমঠ ছিল ও তথায় অনেক বৌদ্ধ পুরোহিতও বাস করিতেন।

শতদ্রুনদী পার হইয়া আর কয়েক স্থান দর্শন করিয়া অবশেষে হুয়েন সাং মথুরায় উপস্থিত হইলেন। মথুরার চারিদিকে হুয়েন সাং বৌদ্ধধর্ম্মের হীনতা ও হিন্দুধর্ম্মের বিশেষ গৌরব দৃষ্টি করেন ও অনেক স্থানের বর্ণনা করিয়াছেন। থানেশ্বরে তিনটীমাত্র বৌদ্ধমঠ, ও একশত হিন্দুদেবালয় ছিল, স্রুঘ্নে ৫টী বৌদ্ধমঠ ও একশত হিন্দুদেবালয় ছিল, মতিপুরে শূদ্ররাজা ছিলেন ও হিন্দু ও বৌদ্ধদিগের সংখ্যা প্রায় সমান ছিল। ইহা ভিন্ন ব্রহ্মপুর, অহিচ্ছত্র ও রামায়ণ বর্ণিত সাঙ্কাস্যের বর্ণনা আছে।

কান্যকুব্জ রাজ্যে রাজ্যবর্দ্ধন রাজার মৃত্যুর পর তাঁহার কনিষ্ঠ হর্ষবর্দ্ধন সিংহাসন আরোহণ করেন ও শিলাদিত্য নাম গ্রহণ করিয়া সমগ্র ভারতবর্ষের উপর আপন আধিপত্য

বিস্তার করিয়াছিলেন। রাজধানী দীর্ঘে দুই ক্রোশ ও পার্শ্বে অর্দ্ধ ক্রোশ ছিল, এতদ্ভিন্ন ঐ রাজ্যে বহুসংখ্যক পরিখা ও প্রাচীরবেষ্টিত নগর ছিল। এই স্থানে একশত বৌদ্ধমঠ ও দ্বিশত হিন্দুদেবালয় ছিল ও রাজা স্বয়ং হিন্দুধর্ম্মাবলম্বী ও বৈশ্য ছিলেন। সমস্ত রাজ্য সমৃদ্ধিশালী ও স্বদেশীয় ও বিদেশীয় বাণিজ্যে পরিপূর্ণ ছিল।

বুদ্ধদেবনিবসিত সুপ্রসিদ্ধ শ্রাবস্তি ও কপিলবস্তু নগর প্রায় জনশূন্য ও ভগ্নাবস্থাপন্ন হইয়াছিল। শ্রাবস্তির মঠগুলি ভগ্নাবশেষ হইয়াছিল, কিন্তু হিন্দুদেবালয়গুলি বহুসংখ্যক ও জনাকীর্ণ। কপিলবস্তু বুদ্ধদেবের জন্মস্থান; এই রাজ্যের বিষয় হুয়েন সাং এই রূপ লিখিয়াছেন,—“এই স্থানে দশটী নগর আছে, রাজধানীটী ভগ্ন। রাজধানীর মধ্যস্থ রাজবাটী এককালে দেড় ক্রোশ ব্যাপিয়া ছিল ও সমস্ত ইষ্টকনির্ম্মিত ছিল; ভগ্নাবশিষ্ট অংশগুলি এক্ষণ পর্য্যন্ত অতিশয় উচ্চ ও শক্ত, কিন্তু বহুকালাবধি পরিত্যক্ত রহিয়াছে। পল্লিগ্রামে লোকসংখ্যা অল্প, দেশে রাজা নাই, প্রত্যেক নগরের একং টী অধ্যক্ষ আছে। এককালে সহস্র মঠ ছিল, তাহার ভগ্নাবশেষ এখনও বিদ্যমান আছে।” বৌদ্ধধর্ম্মের আদি স্থানের দুরবস্থা দেখিয়া বৌদ্ধভ্রমণকারী এইরূপে আক্ষেপ করিয়াছেন।

বারাণসী রাজ্য বহুলোকপূর্ণ পল্লিগ্রামে পরিপূর্ণ, এবং এই অসংখ্য লোকের মধ্যে অধিকাংশই হিন্দুধর্ম্মাবলম্বী, বৌদ্ধ অতি অল্প। ত্রিংশৎ মঠে তিন সহস্র বৌদ্ধ বাস করিত, এক শত দেবালয়ে দশসহস্র হিন্দু মহেশ্বরের পূজা করিত। “কেহ মস্তক মুণ্ডন করে, কেহ মস্তকের উপরে কেবল একটী টীকি রাখে ও উলঙ্গ হইয়া ভ্রমণ করে; অন্যান্য লোকে পুনরায় জন্মমৃত্যু হইতে পরিত্রাণ পাইবার জন্য গাত্রে ভস্ম মাখে ও কঠোর তপস্যা করে।” বারাণসী নগরে বিংশটী অতি সুন্দর প্রস্তরনির্ম্মিত ও রঞ্জিত কাষ্ঠবিভূষিত মন্দির ছিল, তাহার চারি

দিকে পত্রপূর্ণ বৃক্ষ ছায়া বর্ষণ করিত ও পরিষ্কার জল বহিয়া যাইত। যষ্ঠিহস্ত দীর্ঘ পিত্তলনির্ম্মিত মহেশ্বর প্রতিমূর্ত্তি ছিল, "তাহার আকৃতি গম্ভীর, দেখিলে হৃদয়ে ভয় ও ভক্তির উদ্রেক হয়, ও বোধ হয় যেন প্রতিমূর্ত্তি জীবিত।" হুয়েন সাং বারাণসীর নিকটে সারনাথের হরিণ-উদ্যান সন্দর্শন করিলেন; তথাকার বৌদ্ধমঠে পঞ্চদশ শত বৌদ্ধ বাস করিত।

বৈশালি রাজ্যের রাজধানীও ভগ্নাবশিষ্ট, তাহার পরিধি ছয় কি সাত ক্রোশ। তথায় বহুসংখ্যক ভগ্ন মঠ ছিল কেবল তিন কি চারিটীতে বৌদ্ধগণ বাস করিত। হিন্দু দেবালয়ের সংখ্যা অনেক অধিক।

মগধে হুয়েন সাং পঞ্চাশৎ মঠ ও দশ সহস্র মঠবাসী বৌদ্ধ দেখিয়াছিলেন। গঙ্গার দক্ষিণ পার্শ্বে পাটলীপুত্র নগরের ভগ্ন হর্ম্ম্যাদি সপ্ত ক্রোশ ব্যাপিয়াছিল, ও তাহার মধ্যে শতং স্তূপ, ভগ্ন মঠ, ও দেবমন্দির দেখা যাইত। গয়ানগরীতে সে সময়ে এক সহস্র ব্রাহ্মণপরিবার বাস করিত। এই স্থানে বুদ্ধদেব ছয় বৎসর কঠোর তপস্যা করিয়াছিলেন, সুতরাং বৌদ্ধভ্রমণকারী এই স্থান দেখিয়া পরম প্রীতিলাভ করেন। তিনি প্রসিদ্ধ "বোধী" বৃক্ষ দেখিলেন ও তথা হইতে এক ক্রোশ দক্ষিণ পর্য্যন্ত অসংখ্য পবিত্র ধর্ম্মনিদর্শন দৃষ্টি করেন। এই স্থানে প্রতি বৎসর কত সহস্র যাত্রী আগমন করিত, ও সাত দিন ও সাত রাত্রি সুগন্ধ পুষ্প ও সুশ্রাব্য বাদ্যে বৌদ্ধপূজাদি সম্পাদন করিত। মগধের পুরাতন রাজধানী রাজগৃহনগর ভগ্নাবশিষ্ট হইয়াছিল, এবং তাহার নিকটে রাজগৃহ বলিয়া নূতন একটী নগর স্থাপিত হইয়াছিল। এই নগরের নিকট নালণ্ডের মঠ সে সময়ে ভারতবর্ষের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ ও সমৃদ্ধিশালী মঠ ছিল। তথায় দশ সহস্র বৌদ্ধ বাস করিত ও সকল শাস্ত্রের আলোচনা হইত। অষ্টাদশ প্রকার ভিন্নং দর্শন পঠিত হইত, তাহা

ভিন্ন বেদ, হেতুবিদ্যা, শব্দবিদ্যা, চিকিৎসা, শিল্পবিদ্যা প্রভৃতি নানা বিদ্যার আলোচনা হইত। শত গ্রামের কর দ্বারা এই মঠের ব্যয় নির্ব্বাহিত হইত। হুয়েন সাং এই মঠে পাঁচ বৎসর থাকিয়া বিদ্যাভ্যাস করেন।

পূর্ব্বদিকে আসিয়া হুয়েন সাং পুণ্ড্রবর্দ্ধন (বর্দ্ধমান,) কামরূপ (আসাম), তাম্রলিপ্তি (তমলুক) প্রভৃতি স্থান সন্দর্শন করেন। পুণ্ড্রবর্দ্ধনে ২০ মঠ ও ১০০ দেবমন্দির ছিল; আসামে হিন্দুধর্ম্ম প্রচলিত ছিল, বৌদ্ধধর্ম্ম একেবারে অপরিচিত। তাম্রলিপ্তিতে দশটী বৌদ্ধ মঠ ও পঞ্চাশৎ হিন্দু দেবমন্দির ছিল ও তথা হইতে অর্ণবপোত সর্ব্বদাই সিংহলদ্বীপে গমনাগমন করিত। তথা হইতে হুয়েন সাং উড়িস্যা, কলিঙ্গ প্রভৃতি দেশ দেখিয়া দক্ষিণে গমন করিলেন। উড়িষ্যায় এক শত মঠ, ও কেবল পঞ্চাশৎ দেবমন্দির দেখিলেন, কলিঙ্গে ১০টী মঠ ও দুই শত মন্দির ছিল।

দ্রাবীড়ে একশত মঠ ও ৮০টী দেবমন্দির ছিল, তথা হইতে মলয়পর্ব্বত পার হইয়া উত্তরদিকে যাইয়া মহারাষ্ট্র দেশে পঁহুছিলেন, ও এই দেশের সুন্দর বর্ণনা করিয়াছেন। হুয়েন সাং বলেন, এ স্থানের লোকেরা দীর্ঘকায় ও গর্ব্বিত,সৎ ও সরল। তাহাদিগের উপকার করিলে তাহারা কদাচ বিস্মরণ করে না; কিন্তু কেহ তাহাদিগের অপকার করিয়া তাহাদিগের ক্রোধ হইতে নিস্তার পাইতে পারে না। যদি কেহ তাহাদিগের অবমাননা করে, মহারাষ্ট্রীয়গণ আপনাদিগের জীবনভয় তুচ্ছ করিয়া সে অবমাননার প্রতিকার করে; যদি কেহ বিপদে তাহাদিগের আশ্রয় গ্রহণ করে, মহারাষ্ট্রীয়গণ আপনারা বিপদগ্রস্থ হইয়াও তাহাদিগকে রক্ষা করে। অনিষ্ট প্রতিকার করিবার পূর্ব্বে তাহারা শত্রুকে যথা সময়ে সংবাদ দেয়, পরে উভয়ে বর্ম্ম ধারণ করিয়া বর্ষা হস্তে যুদ্ধ করে। যুদ্ধে মহারাষ্ট্রীয়গণ পলাতকের পশ্চাদ্ধাবন করে, কিন্তু যাহারা

আপনাদিগকে বন্দী স্বীকার করে, তাহাদিগকে হত্যা করে না। যুদ্ধে কোন সেনাপতি পরাস্ত হইলে মহারাষ্ট্রীয়গণ তাহাকে কায়িক ক্লেশ দেয় না, কিন্তু স্ত্রীলোকের পরিধান পরায় এবং এরূপ লজ্জা দেয় যে, সে আত্মহত্যা করে। রাজ্যে সর্ব্বদাই কয়েক শত সাহসী যোদ্ধা প্রস্তুত থাকে,এবং যুদ্ধ সময়ে যোদ্ধাগণ মদিরায় উন্মত্ত হইয়া বর্ষা হস্তে প্রত্যেক যোদ্ধা দশ সহস্র শত্রুকে তুচ্ছ করে। কাণ্যকুব্জের রাজা শিলাদিত্য সমস্ত ভারতবর্ষ জয় করিয়াছিলেন, কিন্তু মহারাষ্ট্র দেশ জয় করিতে পারেন নাই। মহারাষ্ট্র দেশে একশত মঠ ও একশত দেবালয় ছিল। মঠবাসী বৌদ্ধের সংখ্যা পঞ্চসহস্র, কিন্তু হিন্দু দেবপূজকের সংখ্যা অতিশয় অধিক।

নর্ম্মদানদী পার হইয়া হুয়েন সাং মালবদেশে আসিলেন। তিনি লিখিয়াছেন, ভারতবর্ষের মধ্যে দুইটী স্থানে বিদ্যার সমাদর,—উত্তরপূর্ব্বে মগধদেশ; দক্ষিণপশ্চিমে মালব। এই রাজ্যে বৌদ্ধ ও হিন্দু উভয় ধর্ম্মই অতিশয় প্রবল ছিল। পরে অন্যান্য অনেক দেশ সন্দর্শন করিয়া সিন্ধু পার হইয়া হুয়েন ভারতবর্ষ হইতে নিষ্ক্রান্ত হয়েন। হুয়েন সাং ভারতবর্ষে ১৩৮ রাজ্যের বর্ণনা করিয়াছেন, তাহার মধ্যে ১১০টী তিনি স্বয়ং দর্শন করিয়াছিলেন।

উপরি উক্ত বিবরণ হইতে স্পষ্টই উপলব্ধি হইবে, যে, বৌদ্ধধর্ম্ম এককালে প্রায় সমগ্র ভারতবর্ষে প্রচলিত ছিল, কিন্তু হিন্দুধর্ম্মও একেবারে বিলুপ্ত হয় নাই। পরে খৃষ্টের সপ্তম শতাব্দির পূর্ব্বেই হিন্দুধর্ম্ম প্রায় সর্ব্বস্থানে প্রবল হইয়াছিল, কিন্তু বৌদ্ধধর্ম্ম তখনও একেবারে বিলুপ্ত হয় নাই। হুয়েন সাং ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চারি জাতির বর্ণনা করিয়াছেন, তন্মধ্যে বৈশ্যগণ বণিক ও শূদ্রগণ কৃষিজীবী বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। এতদ্ভিন্ন অনেক মিশ্রজাতির কথা লিখিয়াছেন। রাজার নিজের ভূমির আয় চারি ভাগে

বিভক্ত হইত, একভাগ হইতে রাজ্যের ব্যয় নির্ব্বাহিত হইত, দ্বিতীয় অংশ জায়গীর রূপে রাজকর্ম্মচারীগণ অধিকার করিত, তৃতীয় অংশ শাস্ত্রজ্ঞ লোকে ভোগ করিত, ও চতুর্থ অংশ বৌদ্ধ ও হিন্দুধর্ম্মাবলম্বীদিগকে দান স্বরূপ প্রদত্ত হইত। রাজকর অতি সামান্য ছিল; সকলেই পৈতৃক ভূমি অধিকার ও কর্ষণ করিত ও রাজার নিকট হইতে বীজ প্রাপ্ত হইত ও উৎপন্নের ষষ্ঠাংশ রাজাকে কর স্বরূপ দান করিত। নদী ও রাজপথের স্থানেং মাস্থল আদায় হইত, ও রাজা ইচ্ছা করিলে প্রজাদিগকে উচিত বেতন দিয়া খাটাইতে পারিতেন। শান্তির সময় অল্পমাত্র সৈন্য থাকিত, তাহারা রাজ্যের সীমা রক্ষা করিত, ও রাজবাটী ও রাজাকে অনিষ্ট হইতে রক্ষা করিত; ইহা ভিন্ন যুদ্ধের সময় বহুসংখ্যক সৈন্য সংগ্রহ হইত। শাসনকর্ত্তা, মন্ত্রী, বিচারকর্ত্তা সকলেই ভূমি অধিকার করিতেন, এবং তাহারই উৎপন্ন বেতন স্বরূপ ভোগ করিতেন। হুয়েন সাং হিন্দুদিগের বিচার প্রাণালীর অতিশয় সুখ্যাতি করিয়াছেন।

গ্রীকদিগের ন্যায় হুয়েন সাংও হিন্দুদিগের সরলতা ও সত্যবাদিত্বের ভূয়সী প্রশংসা করিয়াছেন।

ষষ্ঠ পরিচ্ছেদ।

প্রাচীন হিন্দু সভ্যতা।

পূর্ব্বোক্ত বিবরণ হইতে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, মুসলমানদিগের আগমনের পূর্ব্বে হিন্দুগণ সভ্যতাসোপানে অনেক দূর আরোহণ করিয়াছিল। ভিন্নং শাস্ত্রে কতদূর উৎকর্ষ সাধন হইয়াছিল, তাহাই আলোচনা করা এই পরিচ্ছেদের উদ্দেশ্য।

জ্যোতিষশাস্ত্র। কোন২ ইউরোপীয় পণ্ডিতের মতে খৃষ্টের জন্মের তিন সহস্র বৎসর পূর্ব্বে হিন্দুগণ আকাশের যে পরিদর্শন করিয়াছিলেন, তাহা অদ্যাপি বিদ্যমান আছে। এই মত সকলে সমর্থন করেন না বটে, কিন্তু খৃষ্টের প্রায় চতুর্দ্দশ শত বৎসর পূর্ব্বে যে জ্যোতিষশাস্ত্রের অনেক উন্নতি-সাধন হইয়াছিল, তাহা কেহই অস্বীকার করেন না। এই সময়ের যে জ্যোতিষগণনার উল্লেখ বেদে প্রাপ্ত হওয়া যায়, তাহা হইতে আধুনিক জ্যোতির্ব্বেত্তাগণ বেদসঙ্কলনের সময় নির্ণয় করিয়াছেন। পরন্তু প্রথম প্রসিদ্ধ হিন্দু জ্যোতির্ব্বেত্তা পরাশরও এই সময়ে জীবিত ছিলেন।

বহু শতাব্দি পর্য্যন্ত হিন্দুগণ স্বচিন্তাবলে জ্যোতিষের আলোচনা করিয়াছিল; ও গ্রীকগণ বোধ হয় হিন্দুদিগের নিকট হইতে প্রথম জ্যোতিষশিক্ষা প্রাপ্ত হয়। পরে গ্রীকগণ এই বিদ্যায় অনেক উন্নতি লাভ করিলে হিন্দুগণও তাহাদিগের নিকট হইতে শিক্ষা পাইয়াছিল। হিন্দুগণ সপ্তবিংশ নক্ষত্র আপনারাই আবিষ্কার করিয়াছিল, কিন্তু রাশিচক্রের দ্বাদশটী চিহ্ন বোধ হয় গ্রীকদিগের নিকট হইতে প্রাপ্ত হয়। খৃষ্টের পর পঞ্চম ও ষষ্ঠ শতাব্দির হিন্দু-জ্যোতির্ব্বেত্তাগণ "যবন" দিগের জ্যোতিষের ও "রোমক সিদ্ধান্তের" অনেক প্রশংসা করিয়াছেন, সুতরাং তাঁহারা ইউরোপীয় জ্যোতির্ব্বিদ্যা হইতে শিক্ষা লাভ করিয়াছিলেন তাহার সন্দেহ নাই।

জ্যামিতি। এই শাস্ত্রেও হিন্দুগণ অনেক উৎকর্ষ লাভ করিয়াছিল। খৃষ্টের পর পঞ্চম শতাব্দিতে ত্রিকোণ ও গোল পদার্থ সম্বন্ধে হিন্দুগণ যে সমস্ত নিয়ম আবিষ্কার করিয়াছিল, ইউরোপে তাহা খৃষ্টের পর ষোড়ষ শতাব্দি পর্য্যন্ত কেহ আবিষ্কার করেন নাই।

অঙ্কবিদ্যা। অঙ্কবিদ্যায় হিন্দুগণ জগতের গুরু। ডেসিমাল নোটেশন (Decimal Notation) হিন্দুদিগের নিকট হইতে আরবগণ শিক্ষা করে, আরবদিগের নিকট হইতে ইউরোপবাসীগণ শিক্ষা করে। গ্রীকরা এইটী জানিতনা বলিয়া অঙ্কবিদ্যায় কখনও হিন্দুদিগের সমকক্ষ হইতে পারে নাই।

বীজগণিত। এই শাস্ত্রেও হিন্দুগণ জগতের গুরু। বহু শতাব্দি হইতে ভারতবর্ষে এই শাস্ত্রের আলোচনা হইলে পর খৃষ্টের পর পঞ্চম শতাব্দিতে আর্য্যভট্ট জন্মগ্রহণ করেন, ও বীজগণিত শাস্ত্রের অনেক উন্নতিসাধন করিয়া আপন নাম স্মরণীয় করিয়াছেন। তিনি "আর্য্যভট্টীয়," "দশগীতিকা" ও "আর্য্যাষ্টশত" নামক তিন খানি পুস্তক রচনা করিয়াছেন। এই সময়ে "সূর্য্যসিদ্ধান্ত" নামক প্রসিদ্ধ জ্যোতিষগ্রন্থ রচিত হয়। তাঁহার পর বরাহমিহির নামক আর একজন জ্যোতির্ব্বেত্তা উজ্জয়িনীতে জন্মগ্রহণ করেন। তিনি "বৃহৎ সংহিতা" নামক গ্রন্থ রচনা করেন, ও তাঁহার পূর্ব্বের জ্যোতির্ব্বিষয়ক ভিন্ন২ মত "পঞ্চ সিদ্ধান্তিকা" নামক গ্রন্থ সঙ্কলন করেন। তাঁহার পর ব্রহ্মগুপ্ত জন্মগ্রহণ করিয়া এই শাস্ত্রের আরও উন্নতিসাধন করেন। "তিনি ব্রহ্মসিদ্ধান্ত" নামক পুস্তক রচনা করিয়াছেন। শেষে খৃষ্টের পর দ্বাদশ শতাব্দিতে ভাস্করাচার্য্য "বীজগণিত" ও "লীলাবতী" গ্রন্থ প্রণয়ন করিয়া আপনার নাম চিরস্মরণীয় করিয়াছেন। বীজগণিতশাস্ত্রে গ্রীকগণ কখনই হিন্দুদিগের সমকক্ষ হইতে পারে নাই; এমন কি এই শাস্ত্রে হিন্দুগণ যে সমস্ত আবিষ্কার করিয়াছিল, তাহা ইউরোপে কেবল সম্প্রতি আবিষ্কার হইয়াছে। খৃষ্টের পর ৭৭৩ খৃষ্টাব্দে প্রথম আরব বীজগণিতবেত্তা একখানি হিন্দুপুস্তক অনুবাদ করিয়া আরবীয় ভাষায় এই শাস্ত্রালোচনার আরম্ভ করেন। পর ১২০২ খৃষ্টাব্দে পীসানগরীয় একজন ইতালীয় আরবদিগের নিকট এই শাস্ত্র শিক্ষা করিয়া ইউরোপে প্রথমে প্রচার করেন।

ষড়্দর্শন। ভারতবর্ষে প্রথম বিজ্ঞান-আলোচনা বেদবর্ণিত সময়েই হইয়াছিল। উপনিষদের স্থানে২ যে সমস্ত বিজ্ঞান-আলোচনা আছে তাহা কেবল ভারতবর্ষে কেন, বোধ হয় সমস্ত জগতের মধ্যে আদি দর্শনশাস্ত্র। তথাপি এই আলোচনা সমুদায় অসংলগ্ন ও প্রণালী রহিত; লেখকের মনে যখন যে চিন্তা উদয় হইয়াছে, তাহাই তিনি লিখিয়া গিয়াছেন।

পরে মহাকাব্যবর্ণিত সময়ে এই সমস্ত অসংলগ্ন আলোচনা হইতে প্রকৃত দর্শনশাস্ত্রের প্রথম সৃষ্টি হয়। কথিত আছে বেদব্যাস স্বয়ং বেদের সার অর্থ উদ্ধৃত করিয়া বেদান্ত রচনা করেন ও সেই দর্শনের সৃষ্টি করেন। একথা অলীক হইলেও বেদান্তদর্শনের প্রথম সৃষ্টি মহাকাব্যবর্ণিত সময়েই হইয়াছিল, তাহা অনুমিত হইতে পারে। এইরূপে অপর২ দর্শনের প্রথম আবির্ভাব এই সময়েই হয়।

কিন্তু বৌদ্ধধর্ম্মের আলোচনার সঙ্গে২ যে চিন্তার উৎকর্ষ ও মানসিক উদারতা ঘটিল, তদ্দ্বারাই ভারতবর্ষে দর্শনশাস্ত্র প্রকৃত উন্নতিলাভ করিল। বিশেষ সাঙ্খ্যদর্শন ও বৌদ্ধধর্ম্মের মধ্যে এত নিকট সম্বন্ধ যে, সেই দুইটীকে আর্য্যচিন্তার দুইটী যমজ কন্যা বলিয়া বর্ণনা করা যাইতে পারে। এস্থানে ষড়্দর্শনের বিশেষ বিবরণ দিবার আবশ্যক নাই, কেবল নামগুলি উল্লিখিত হইবে। যথা ;—

(১)। জৈমনির পূর্ব্বমীমাংসা।
(২)। ব্যাসদেবের উত্তরমীমাংসা বা বেদান্ত।
(৩)। গৌতমের ন্যায়শাস্ত্র।
(৪)। কণাদের বৈশেষিকশাস্ত্র।
(৫)। কপিলের সাঙ্খ্যদর্শন।
(৬)। পতঞ্জলির যোগদর্শন।

চিকিৎসা ও রসায়ন। চিকিৎসাবিদ্যায় সংস্কৃত-

ভাষায় চরক ও সুশ্রুতই প্রধান গ্রন্থ। চরক প্রথম গ্রন্থ,অন্যটী তাহার পর রচিত হয়। সুশ্রুতের একটী টীকা কাশ্মীরে খৃষ্টের পর দ্বাদশ শতাব্দিতে রচিত হয়, সুতরাং প্রথম গ্রন্থটী তাহার কয়েক শতাব্দি পূর্ব্বে রচিত হইয়াছিল সন্দেহ নাই। আরবগণ এই দুই পুস্তক নিজ ভাষায় অনুবাদ করে, ও গ্রীক্ ও হিন্দুদিগের নিকট চিকিৎসাবিদ্যা শিক্ষা করিয়াছে, তাহা মুক্তকণ্ঠে স্বীকার করে। উভয় চিকিৎসাবিদ্যা ও রসায়নবিদ্যায় হিন্দুগণ অসাধারণ পারদর্শিতা লাভ করিয়াছিল ও নানারূপ ঔষধি প্রস্তুত করিতে জানিত।* ধাতু সেবন করিয়া পীড়া আরোগ্য করা তাহারাই প্রথমে আবিষ্কার করে। হিন্দুদিগের অতি পূর্ব্বকালেই ১২৭ প্রকার ভিন্ন২ যন্ত্র ছিল, ও তাহারা নারীর গর্ভ্ভ হইতে সন্তান বাহির করিতেও পারিত। বসন্তরোগ নিবারণার্থ টীকা দেওয়া ভারতবর্ষে অনেক দিন প্রচলিত আছে।

ভাস্করকার্য্য ও গৃহাদি নির্ম্মাণ। যাহারা প্রাচীন হিন্দুদিগের চিন্তা, ক্ষমতা ও কবিত্ব দেখিয়া বিস্মিত হয়, তাহারা সেই জাতির ভাস্করকার্য্য ও গৃহনির্ম্মান বিষয়ে দুর্ব্বলতা দেখিয়াও সেইরূপ বিস্মিত হয়েন। ভারতবর্ষের প্রান্ত হইতে প্রান্ত পর্য্যন্ত মন্দির, দেবালয় ও প্রাসাদে পরিপূর্ণ, এলোরা ও এলিফান্টার গহ্বরে ও উড়িষ্যার খন্দগিরির ভিতর অসংখ্য প্রস্তরখোদিত মূর্ত্তি আছে, সে সমস্ত যে কত পরিশ্রমে সাধিত হইয়াছে, তাহা অনুভব করাও দুঃসাধ্য। কিন্তু এই অসংখ্য মূর্ত্তি ও হর্ম্ম্যাদির মধ্যে কোনটীও চিন্তা বা বিশেষ কল্পনাশক্তির পরিচয় দেয় না কি জন্য? গ্রীক ও রোমীয়দিগের ন্যায় হিন্দুগণ সুন্দর কমনীয় প্রস্তরমূর্ত্তি

* Muriatic acid, Sulphuric acid, Nitric acid, Oxide of Copper. Oxide of Lead,Oxide of Iron, Oxide of Tin, Oxide of Zink. Sulphate of Copper, Zink and Iron, Carbonate of Lead and Iron, Sulphuriet of Iron, Copper, Murcury, Antimony and Arsenic &c.

নির্ম্মাণ করিতে শিখে নাই কি জন্য? কত সহস্র বৎসরের অশেষ চেষ্টার পরও হিন্দুগণ প্রস্তর বা মৃত্তিকার "সং" ভিন্ন আর কিছুই গড়িতে পারে না কি জন্য? কাব্যে শকুন্তলার যে জগতে অতুল্য মিষ্টত্ব ও কমনীয়তা প্রকাশ পাইয়াছে, ভাস্করকার্য্যে সে মিষ্টত্ব কোথায়? চিন্তা ও কল্পনা হিন্দুকবিত্বে বর্ত্তমান আছে, ভাস্করকার্য্যে বা হর্ম্ম্যাদিনির্ম্মাণে বর্ত্তমান নাই কি জন্য?

ইহার কারণ অনুভব করা দুঃসাধ্য। আমাদিগের বোধ হয়, জাতিবিচ্ছেদ ইহার একটী প্রধান কারণ। ব্রাহ্মণ ও ক্ষত্রিয় ভারতবর্ষের প্রভু, মিশ্রজাতিগণ তাহাদিগের অধীন, যুগে২ কখনও স্বাধীনতা আকাঙ্ক্ষা করে নাই ভরসাও করে নাই। স্বাধীনতা ও পরাক্রমের সহিত মনোবৃত্তিগুলি স্ফূর্ত্তি প্রাপ্ত হয়, অধীনতায় সেগুলি নিহত হইয়া যায়। স্বাধীন ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণ চিন্তা ও অস্ত্রব্যবসায় অবলম্বন করিল ও এই২ বিষয়ে যে পারদর্শিতা লাভ করিল জগৎ তাহা দেখিয়া বিস্মিত হইল। কিন্তু পদদলিত হীন মিশ্রজাতিগণ শিল্পকার্য্য অবলম্বন করিল, বৎসরে২, যুগে২ ব্রাহ্মণাদেশে সেই কার্য্য করিতে লাগিল, কিন্তু মনের স্বাধীনতা নাই, হৃদয়ের বেগ নাই, সে অসংখ্য কার্য্যে কল্পনার পরিচয় নাই! ব্রাহ্মণাদেশে তাহারা মন্দির ও দেবমূর্ত্তি নির্ম্মাণ করিত,রাজাদেশে প্রাসাদ, দুর্গ ও প্রাচীর প্রস্তুত করিত, স্বচিন্তা ও স্বাবলম্বনে মনের যে উৎকর্ষ সাধন হয়, তাহা হইল না। অতি সূক্ষ্ম কারুকার্য্য করিতে শিখিল, প্রকাণ্ড২ প্রাসাদ বা মন্দির প্রস্তুত করিতে শিখিল, কিন্তু সে কার্য্যে বিশেষ কল্পনা বা চিন্তার পরিচয় নাই। ফীডিয়াস বা প্রাক্সিলীটীস গ্রীসে যে সম্মান প্রাপ্ত হইয়াছিলেন, মাইকেল এঞ্জিলো বা রাফেল ইতালীতে যে সম্মান প্রাপ্ত হইয়াছিলেন, ভারতবর্ষে সে সম্মান ও সে পূজা চিন্তাপটু বা অস্ত্রব্যবসায়ী ব্রাহ্মণ বা

ক্ষত্রিয়দিগের জন্য, শিল্পব্যবসায়ীদিগের জন্য নহে। সুতরাং শিল্পব্যবসায়ীগণও কখনও সে সম্মানের যোগ্য হইতে পারিল না।

হিন্দুসভ্যতার কয়েকটী অভাব। সকল দেশেই বিদ্যা ও অস্ত্রব্যবসায়ী লোক অন্য লোক অপেক্ষা প্রভুত্ব লাভ করে; কিন্তু সেই প্রভুত্বটী বংশানুগত হইলে অনিষ্ট ফল ফলে। সমাজের মধ্যে অস্বাস্থ্যকর চিরস্থায়ী বিচ্ছেদ ঘটে; সামান্য ব্যবসায়ী লোকগণ জন্ম হেতুই আপনাদিগকে নিকৃষ্ট বিবেচনা করিতে শিখে, সুতরাং কখনও উন্নত হইতে পারে না; উচ্চব্যবসায়ী লোক জন্ম হেতুই আপনাদিগকে উৎকৃষ্ট বিবেচনা করিতে শিখে, সুতরাং নীচ লোকদিগের উপর অত্যাচার করে ও আপনাদিগের ক্ষমতা রক্ষার জন্য অন্যায় উপায় উদ্ভাবন করে ও প্রবঞ্চনা অবলম্বন করে। ইউরোপে যে সমস্ত আবিষ্কার দ্বারা আধুনিক সভ্যতা উৎপন্ন হইয়াছে, তাহার অনেকগুলি অতি সামান্য লোকে করিয়াছে; ভারতবর্ষে সেটী নিষিদ্ধ; কয়েক সহস্র বৎসরের মধ্যে সামান্য লোকের চিন্তাশক্তি বা কার্য্য পরস্পরের চিহ্ন নাই! স্বাধীনচিন্তা ব্রাহ্মণ ও ক্ষত্রদিগের একচাটীয়া; স্বাধীনচিন্তা নিম্ন লোকের পক্ষে নিষিদ্ধ! যে বিদ্যা জীবনের জীবন স্বরূপ, এবং ক্ষমতার মূলীভূত কারণ স্বরূপ, তাহাও ব্রাহ্মণগণ প্রথমে নিম্ন জাতিদিগের নিকট হইতে, পরে ক্ষত্রিয়দিগের নিকট হইতে কাড়িয়া লইয়া একচাটিয়া করিল; বিদ্যাহীন নিম্ন জাতিগণ, সুতরাং পদানত হইয়া পড়িল, তাহাদিগের মানসিক উন্নতির পথ রহিল না।

এক জাতি প্রভু ও অন্য জাতি দাস হইলে কেবল যে দাস জাতির অমঙ্গল হয় তাহা নহে, প্রভুদিগেরও অমঙ্গল হয়। ইউরোপীয় পণ্ডিতগণ বলেন, যে ব্রাহ্মণগণ সর্ব্বদাই আপনাদিগের প্রভুত্ব রক্ষার্থ ব্যস্ত থাকাতে সত্যের জন্য

ততটা উৎসাহী ছিল না ; জ্যোতিষ ও অন্যান্য শাস্ত্রে যতদূর উন্নতি সম্ভব ছিল, ততদূর হইয়া উঠিল না। সকল শাস্ত্রেই ব্রাহ্মণপ্রভুত্ব স্থিরীকৃত করিবার চেষ্টায় প্রকৃত সত্য আবিষ্কারের চেষ্টা হ্রাস পাইল ; সকল গ্রন্থে নীচ জাতীয়দিগের ধর্ম্মভীরুতা (Superstition) বৃদ্ধি করিবার চেষ্টা দেখা যায়। তথাপি জাতিবিচ্ছেদ ও ব্রাহ্মণপ্রাধান্যই যে হিন্দুদিগের ধর্ম্মভীরুতার আদি কারণ তাহা নহে। উষ্ণ দেশীয় লোক প্রায়ই কল্পনাপটু ও ভাবপূর্ণ, সুতরাং ধর্ম্মভীরু হয় ; ভারতবর্ষের ধর্ম্মভীরুতারও বোধ হয় সেই আদি কারণ। সেই ধর্ম্মভীরুতা বশতঃ পূজকদিগের প্রাধান্য ও জাতিবিচ্ছেদ ক্রমে লুপ্ত না হইয়া স্থিরীকৃত হইল, এবং পরে আবার সেই ধর্ম্মভীরুতার বৃদ্ধি সাধন করিল। কিন্তু কারণ যাহাই হউক, জাতিবিচ্ছেদ ও ধর্ম্মভীরুতায় হিন্দুসভ্যতা ও বিদ্যার গতি অনেকাংশে রুদ্ধ করিয়াছিল তাহার সন্দেহ নাই।

ভারতবর্ষের প্রাচীন সভ্যতার আর একটী অভাব আমরা এই স্থানে নির্দ্দেশ করিব। হিন্দুদিগের সকল বিদ্যায় সমান অধিকার ছিল না। স্বভাবতঃ চিন্তাশীল ও কল্পনাপটু থাকিয়া তাহারা সামান্য বিষয়ের দিকে দৃষ্টিপাত করে নাই ; আকাশের নক্ষত্র গণিয়াছে, কিন্তু পৃথিবীর জীব বা উদ্ভিদ্ সম্বন্ধে সেরূপ আলোচনা করে নাই ; দেবদেবীর কাল্পনিক উপন্যাস রাশীকৃত করিয়াছে, কিন্তু সামান্য মনুষ্যের কথা লিখে নাই, আপনাদিগের একখানি ইতিহাস লিখিয়া যায় নাই। এই সামান্য বিষয়ে দৃষ্টিই আধুনিক সভ্যতার মূলীভূত কারণ ; বৃক্ষ হইতে ফল পড়িতেছে, পাত্র হইতে ধুম উঠিতেছে, এই সামান্য বিষয়ই আধুনিক বিস্ময়কর আবিষ্ক্রিয়ার কারণ।

কাব্য। কবিত্ব ও কল্পনাশক্তিতে হিন্দুদিগের সমতুল জাতি জগতে এ পর্য্যন্ত জন্মগ্রহণ করে নাই। তাহা-

দিগের অসাধারণ কবিত্ব ও অনন্ত কাব্যের সম্যক সমালোচনা এই অল্প স্থানের মধ্যে সম্ভবে না, সুতরাং আমরা কেবল কয়েকটী প্রধান২ কাব্যের উল্লেখ করিব।

ঋগ্বেদের সংহিতা ভারতবর্ষে ও বোধ হয় জগতের মধ্যে আদিকাব্য ; ইহার পূর্ব্বেও কবিতা ও গীত রচিত হইয়াছিল সন্দেহ নাই, কিন্তু সেরূপ পূর্ব্বরচিত কোন কাব্যের এক্ষণে নিদর্শন পাওয়া যায় না। সংহিতার কবিতা স্থানে২ অতিশয় মনোহর ; সরল পবিত্র অন্তঃকরণে ও ভক্তিভাবে আর্য্যগণ সূর্য্য বা উষা বা অগ্নিকে যে আহ্বান করিত তাহা পাঠ করিলে এখনও হৃদয় আলোড়িত হয়।

বেদের ব্রাহ্মণ অংশে কবিত্ব অধিক নাই, উপনিষদ্ কেবল বিজ্ঞানচিন্তা ও তর্কপরিপূর্ণ।

তৎপরে রামায়ণ ও মহাভারত নামক যে দুইটী মহাকাব্য রচিত হইয়াছে, তাহার তুল্য কাব্য বোধ হয় জগতে নাই। এই দুই অসাধারণ কাব্যের সম্যক সমালোচনা এস্থানে সম্ভবে না, ইহাতে যে উদ্ভাবনশক্তি, যে বর্ণনাশক্তি, যে মধুরতা, করুণরস ও বীররস প্রকাশ পাইয়াছে, তাহা এস্থানে সম্যক বর্ণনা করা যায় না। বৃদ্ধ, শোকার্ত্ত দশরথের চিত্র, পতিপরায়ণা সীতার জীবনব্যাপী শোক, লক্ষ্মণের ভ্রাতৃভক্তি, সত্যপ্রিয়তা ও বীরত্ব, প্রভৃতি রামায়ণে যে কতকগুলি অপূর্ব্ব চিত্র আছে, সেরূপ মনুষ্যকল্পনা হইতে বোধ হয় আর কখনও আবিষ্কার হয় নাই। মহাভারতেও সেইরূপ হৃদয়গ্রাহী বিস্ময়কর কয়েকটী চিত্র আছে ; ভীষণ অভিমানী দুর্য্যোধন ; ক্রুদ্ধ, গর্ব্বিত, তেজপূর্ণ কর্ণ ; প্রশান্তমূর্ত্তি, প্রশান্তহৃদয়, ভক্তিভাজন, জগতে অতুল্য বীর পিতামহ ভীষ্ম ; অসাধারণ তেজস্বী যুদ্ধাচার্য্য দ্রোণ ; চতুর রাজনীতিজ্ঞ কৃষ্ণ ; চতুর অস্ত্রজ্ঞ অর্জ্জুন ; শান্ত ধর্ম্মপরায়ণ যুধিষ্ঠির ; পরাক্রান্ত সরলস্বভাব ভীম ; এই এক একটী চিত্র এক একটী রত্ন ;—

কল্পনাসাগর হইতে এরূপ রত্ন আর কখনও উদ্ধৃত হয় নাই।

মহাভারতের পর যে অসংখ্য কাব্য রচিত হইয়াছে, এস্থানে সে সমস্তের উল্লেখ করাও অসম্ভব। সুতরাং আমরা কেবল প্রধান দুইটী কবির বিষয় উল্লেখ করিব; সে দুইটী ভারতের শিরোরত্ন স্বরূপ;—কালিদাস ও ভবভূতি। কালিদাসের শকুন্তলার ন্যায় জগদ্বিখ্যাত নাটক আর একটীও নাই; আমাদের মতে এপ্রকার সুললিত মধুর নাটকও জগতে আর নাই। পাঠ করিলে বোধ হয় যেন সে মধুরতা পুস্তকে ধরে না, যেন পত্রে২, পংক্তিতে২ উথলিয়া পড়িতেছে। কন্বমুণির শান্ত আশ্রমে বল্কলবাসিনী শকুন্তলা, তাঁহার বন্য সঙ্গিনীগণ, হরিণী, বন্যলতা, পুষ্পচারা, অনুসূয়া ও প্রিয়ম্বদা, তাঁহার সরল শান্তহৃদয়ের প্রথম অজ্ঞাত অব্যক্ত উদ্বেগ, তাঁহার চিরসঙ্গিনীদিগের নিকট হইতে খেদপূর্ণ বিদায় গ্রহণ, প্রভৃতি যে সমস্ত চিত্র এই গ্রন্থে অঙ্কিত আছে, সেরূপ ললিত, মধুর, হৃদয়গ্রাহী চিত্র আমরা কখনও কোন ভাষায় দৃষ্টি করি নাই! শকুন্তলা ভিন্ন কালিদাসের আর দুইটী নাটক এখনও বিদ্যমান আছে, সে দুইটী বিক্রমোর্ব্বশী ও মালবিকাগ্নিমিত্র। এই দুইটীতে, বিশেষতঃ বিক্রমোর্ব্বশীতে, কালিদাসের কল্পনার অতুল্য লীলা, কালিদাসের লেখনীর অসাধারণ মধুরতা দৃষ্ট হয়।

পুরূরবা রাজার স্বর্গীয় অপ্সরা উর্ব্বশীর সহিত প্রণয়, ও অগ্নিমিত্র রাজার সহিত রাজ্ঞী ধারিণীর একজন পরিচারিকা মালবিকার সহিত প্রণয় এই দুইটী নাটকে বর্ণিত হইয়াছে। মালবিকাগ্নিমিত্রে একজন বৌদ্ধ পরিব্রাজিকার উল্লেখ আছে।

নাটক ভিন্ন কালিদাস অন্য কাব্যও কতকগুলি লিখিয়াছেন। রঘুবংশ, কুমারসম্ভব ও মেঘদূত কালিদাসরচিত, ঋতুসংহার ও নলোদয় কালিদাসের কি না সন্দেহ। রঘুবংশে

রাজাদিগের কীর্ত্তি সুন্দররূপে বর্ণিত হইয়াছে; কুমারসম্ভবে উমার বিবাহ বর্ণিত হইয়াছে। হিমালয় পর্ব্বতে মহাদেবের তপ ও উমার সেবা, পর নির্জ্জন বনে উমার কঠোর তপ ও শোক অতি আশ্চর্য্যরূপে বর্ণিত হইয়াছে। মেঘদূতে দেশ বর্ণনার চতুরতা বিলক্ষণ দৃষ্ট হয়।

ভবভূতির মালতীমাধব অতি প্রসিদ্ধ নাটক। কালিদাসের লেখনী যেরূপ মধুময়ী, মালতীমাধবরচয়িতার লেখনীও সেইরূপ তেজীয়সী। বিশেষতঃ কপালকুণ্ডলা ও অঘোরঘন্টারক্ষিত চামুণ্ডার মন্দিরে মালতীকে যখন বলি দিবার উদ্যোগ হইল,—মাধব যখন ভীষণ যুদ্ধের পর অঘোরঘন্টাকে নিহত করিয়া মালতীর উদ্ধার করেন, সেই স্থানের বর্ণনার ন্যায় তেজীয়সী ভয়াবহ বর্ণনা বোধ হয় সংস্কৃত ভাষায় আর নাই। পুনরায় একবার কপালকুণ্ডলা মালতীকে লইয়া যায়, কিন্তু সৌদামিনীর সহায়তায় মাধব পুনরায় তাঁহার উদ্ধার করিয়া তাঁহাকে বিবাহ করেন। এই নাটকে বৌদ্ধরমণী কামন্দকীর পরিচয় আছে। এইটী ভিন্ন ভবভূতি আর দুইটী নাটক লিখিয়াছেন। মহাবীরচরিতে রামরাবণের যুদ্ধ ও সীতাউদ্ধারের বর্ণনা আছে, উত্তররামচরিতে সীতার বনবাস বর্ণিত আছে। দুইটীই হৃদয়গ্রাহী, তন্মধ্যে শেষটী বিশেষ করুণরসপূর্ণ।

কালিদাস ও ভবভূতির গ্রন্থ ভিন্ন ভারবীর কিরাতার্জ্জুনীয়, মাঘের শিশুপালবধ, শ্রীহর্ষের নৈষধ, ও ভট্টিকাব্য প্রসিদ্ধ। নাটকের মধ্যে রত্নাবলী বা বাসবদত্তা, মুদ্রারাক্ষস ও বেণীসংহার প্রসিদ্ধ আছে। গদ্যকাব্যের মধ্যে কাদম্বরী ও দশকুমারচরিত প্রসিদ্ধ, ও গীতিকাব্যের মধ্যে গীতিগোবিন্দ বিখ্যাত।

অষ্টাদশ পুরাণ ও তন্ত্রগ্রন্থের মধ্যেও অনেক উৎকৃষ্ট কবিত্ব আছে, কিন্তু তাহার বর্ণনা এস্থলে সম্ভবে না। নীতিশাস্ত্রের মধ্যে পঞ্চতন্ত্র ও হিতোপদেশ, ব্যাকরণের মধ্যে

পাণিনি ও মুগ্ধবোধ, ব্যবস্থার মধ্যে মনুসংহিতা, মিতাক্ষর ও দায়ভাগ প্রসিদ্ধ।

বাণিজ্য। মনুসংহিতার সময়ের পূর্ব্ব হইতে হিন্দু-অর্ণবপোত আরবসমুদ্র ও বঙ্গসাগরে গমনাগমন করিত, কিন্তু ভূমি হইতে কখনও সমুদ্রের ভিতর অধিক দূর যাইতে সাহস করিত না। মালাবার ও করোমাণ্ডলকুল দিয়া হিন্দুবাণিজ্য-পোত গমনাগমন করিত, আরবের সহিত বা ইউরোপের সহিত যে বাণিজ্য চলিত তাহা প্রায় সমস্তই আরবপোত ও আরব-নাবিকের দ্বারা নির্ব্বাহিত হইত।

বঙ্গসাগরে যে সকল নাবিক গমনাগমন করিত তাহারা ক্রমে২ অধিক সাহসী হইয়া অবশেষে কূল ত্যাগ করিয়া এই সাগর অতিক্রম করিয়া মালে, জাবা ও সুমাত্রা পর্য্যন্ত গমনাগমন করিতে আরম্ভ করিল। জাবাদ্বীপে কলিঙ্গ হইতে হিন্দুগণ খৃষ্টের জন্মের ৭৫ বৎসর পূর্ব্বে যাইতে শিখিয়াছিল; এবং ক্রমে২ তথায় হিন্দু-উপনিবেশ স্থাপন করিয়া হিন্দু-হর্ম্ম্যাদি নির্ম্মাণ করিতে লাগিল। খৃষ্টের পর চতুর্থ শতাব্দিতে চীনদেশীয় যে ভ্রমণকারী ভারতবর্ষে আগমন করেন, তিনি লিখিয়াছেন যে, জাবাদ্বীপ হিন্দু পরিপূর্ণ, এবং হিন্দুগণ গঙ্গার মুখ হইতে সিংহলদ্বীপ পর্য্যন্ত তথা হইয়া জাবা পর্য্যন্ত ও তথা হইয়া চীন পর্য্যন্ত সর্ব্বদাই অর্ণব-পোতে গমনাগমন করিত। জাবাদ্বীপে হিন্দুধর্ম্ম প্রচলিত ছিল, তৎপরে বৌদ্ধধর্ম্ম প্রচলিত হয়, কিন্তু খৃষ্টের চতুর্দ্দশ শতাব্দি পর্য্যন্ত হিন্দুরাজ্য তথায় বিদ্যমান ছিল। পরে মুসলমানগণ যাইয়া সে রাজ্য ধ্বংশ করে। মহাভারতের সমস্ত উপাখ্যান জাবাতে অদ্যাপি বিদিত আছে, কেবল ভারতবর্ষের নগরী ও রাজা ও রাজ্যের পরিবর্ত্তে সেই দেশের স্থান ও রাজ্যগুলি উপাখ্যানে উল্লিখিত হয়।

সে সময়ে ভারতবর্ষ হইতে আরব ও ইউরোপে তুলার

বস্ত্র, মলমল্, ছিট, রেশম ও রেশমী বস্ত্র, নীল ও অন্যান্য রং, দালচিনি ও অন্যান্য মসলা, চিনি, হিরক, মুক্তা ও বহুমূল্য প্রস্তর, হস্তিদন্ত, ঔষধি গন্ধদ্রব্য ও কখন২ সুন্দরী দাসীগণ প্রেরিত হইত। পশ্চিম হইতে পশমীবস্ত্র, পিত্তল, টীন, সীসা, পলা, কাচ, ও সুবর্ণ, রৌপ্য ও ইতালীয় মদিরা আনীত হইত।

সূক্ষ্ম কারুকার্য্যে ভারতবাসীগণ প্রায় জগতে অতুল্য ছিল। তাহাদিগের সুবর্ণ ও রৌপ্যে কারুকার্য্য ও সূক্ষ্মবস্ত্র রোম প্রভৃতি পশ্চিম রাজ্যে অতিশয় আদৃত হইত।

উপসংহার। পূর্ব্বের পরিচ্ছেদগুলিতে হিন্দুজাতীর জীবনের গতি একরূপ বর্ণিত হইয়াছে। কোন জাতির জীবন সর্ব্বদা সমভাবে চলে না, কখন সরলতার কখন দুর্ব্বলতার চিহ্ন লক্ষিত হয়। প্রাচীন হিন্দু-জীবন আলোচনা করিলে চিন্তার বিপ্লব ও তীব্রতা ও কার্য্যের সরলতা বিশেষরূপে তিন চারিটী ভিন্ন২ সময়ে লক্ষিত হয়।

প্রথমে আর্য্যগণ যখন ভারতবর্ষে আসিয়া বর্ব্বরদিগের সহিত মহাযুদ্ধে লিপ্ত হয়, ক্রমে অসভ্যজাতিকে দূর করিয়া পশ্চিমদিকে রাজ্য বিস্তার করে, বন পরিষ্কার করিয়া চাষ আরম্ভ করে ও গ্রাম ও নগরী নির্ম্মাণ করে, তখন তাহাদিগের জাতীয়জীবনে বিশেষ বল লক্ষিত হয়। বেদের সংহিতা সেই বেগের ছায়া মাত্র, সেই বলে যে উন্নতি ও পরিবর্ত্তন সাধন হইয়া মেষপালকসমাজ ক্রমে জাতিবিচ্ছেদমূলক সভ্য হিন্দুসমাজরূপ ধারণ করিল, তাহা দ্বিতীয় পরিচ্ছেদে বর্ণিত হইয়াছে।

জাতিবিচ্ছেদের অনেক পর ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের মধ্যে যে ভীষণ প্রতিদ্বন্দ্বীত্ব হয়, তাহার নিদর্শন উপনিষদে পাওয়া যায়। বোধ হয় সে বার ক্ষত্রিয়ের প্রাধান্য স্বীকৃত হইল, উপনিষদে ক্ষত্রিয়গণ ব্রাহ্মণকে শিক্ষাদান করিতেছে, তাহার

পরিচয় আছে। ক্ষত্রিয়গণ ভারতবর্ষে বিজ্ঞানের আলোক উপনিষদে প্রথম উদ্দীপ্ত করিল। কিন্তু এই ক্ষত্রিয়প্রাধান্য কেবল দ্বিস্তায় প্রকাশ হয় নাই; যে জনক রাজা উপনিষদের একজন প্রধান শিক্ষাগুরু, তাঁহারই জামাতা রামচন্দ্র ব্রাহ্মণ পরশুরামের ক্ষমতা চূর্ণ করেন; পর অনার্য্য দাক্ষিণাত্য ভেদ করিয়া সিংহল দ্বীপ পর্য্যন্ত ক্ষত্রিয়-বিজয় বিস্তার করেন। ইহারই কয়েক শতাব্দির পর মহাভারতবর্ণিত যুদ্ধে সেই ক্ষত্রিয় বল পুনরায় বিকাশ পাইল। এই রূপে হিন্দু জাতীয়-জীবন দ্বিতীয়বার উৎকর্ষ লাভ করে; উপনিষদ্ ও রামায়ণ ও মহাভারত তাহার ছায়া মাত্র।

বহুকাল পরে একজন ক্ষত্রিয় পুনরায় ব্রাহ্মণদিগের প্রভুত্ব অস্বীকার করিলেন ও মনুষ্যের সমতা প্রচার করিলেন। বুদ্ধের সেই শিক্ষাবলে ভারতবর্ষ পুনরায় উন্নতিসোপানে উঠিতে লাগিল। এই বৌদ্ধকালে অশোক আর্য্যাবর্ত্ত প্রায় একছত্র করিলেন, এই কালে ষড়দর্শন ও চিন্তাশক্তি বিশেষ উৎকর্ষ লাভ করিল, এই কালে হিন্দু নাবিকগণ বঙ্গসাগর উত্তীর্ণ হইয়া জাবাদ্বীপ আবিষ্কার করিল, ও এই কালে শিল্পবিদ্যা উৎকর্ষ লাভ করিয়া সমস্ত ভারতবর্ষ বৌদ্ধ অট্টালিকা ও শিল্পকার্য্যে আচ্ছাদিত করিল। হিন্দুমন এই তৃতীয়বার আলোড়িত হইল।

পরে যখন খৃষ্টের পর পঞ্চম শতাব্দি হইতে বৌদ্ধধর্ম্মের ভস্মরাশির উপর পৌরাণিকধর্ম্ম প্রতিষ্ঠিত হইতে লাগিল, তখন চিন্তাক্ষমতা পুনরায় উৎকর্ষ লাভ করিল, সমগ্র ভারতবর্ষে চিন্তাস্রোত বহিতে লাগিল। এইটী ব্রাহ্মণ-প্রবর্ত্তিত বিপ্লব, ও এই বিপ্লবে ব্রাহ্মণদিগের অসাধারণ ধীশক্তি, কল্পনা, ও মানসিক ক্ষমতার পরিচয় পাওয়া যায়। এই সময়ে তিন চারি শত বৎসরের মধ্যে কালিদাস, ভবভূতি ও বাণভট্ট, আর্য্যভট্ট, বরাহমিহির ও ব্রহ্মগুপ্ত জীবিত

ছিলেন। এই সময়েই ভারতবর্ষে বিজ্ঞানশাস্ত্র পরাকাষ্ঠা প্রাপ্ত হইয়াছিল, ও চীনভ্রমণকারী ভারতবর্ষের অর্থ ও সভ্যতা দেখিয়া ভূয়োভূয়ঃ প্রশংসা করিয়াছেন। এই সময়ে প্রসিদ্ধ-নামা সঙ্করাচার্য্য জ্ঞানসাগর মন্থন করিয়া অসংখ্য পুস্তক লিখিয়াছেন, বেদান্তদর্শনের নূতন রূপ দান করিয়াছেন ও দাক্ষিণাত্যে বৌদ্ধধর্ম্ম বিনাশ করিয়া হিন্দুধর্ম্ম পুনঃস্থাপন করিয়াছেন। ইহার পরই ভাস্করাচার্য্য লীলাবতী ও বীজগণিত প্রণয়ন দ্বারা আপন নাম চিরস্মরণীয় করেন। তাহার পর ভারতবর্ষ মুসলমানদিগের করকবলিত হইল, সেই অবধি হিন্দুমানসিক বেগের আর পরিচয় পাওয়া যায় না।

সপ্তম পরিচ্ছেদ।

মুসলমান আক্রমণ ও বিজয়।

৬৬৪ খৃষ্টাব্দ হইতে ১২০৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

মুসলমান ধর্ম্মের উৎপত্তি। আরবদেশ অনুর্ব্বর ও মরুভূমিপূর্ণ, সুতরাং বহু পূর্ব্বকাল হইতে অদ্যাবধি কখনই বিশেষ সভ্যতালাভ করে নাই। আরবের লোক অতিশয় সাহসী ও কষ্টসহিষ্ণু এবং তাহাদিগের দেশের দারিদ্র্য ও আপনাদিগের সাহসবশতঃ কখনই অন্য জাতির অধীনতা স্বীকার করে নাই। ৬৩২ খৃষ্টাব্দের পূর্ব্বে তাহারাও অন্য দেশ জয় করিবার উদ্যোগ করে নাই।

আরবগণ পৌত্তলিক ছিল ও নক্ষত্র পূজা করিত, কিন্তু সময়ে২ ইহুদী ও খ্রীষ্টীয়ধর্ম্মাবলম্বী লোক আরবদেশে আসিয়া বাস করাতে উক্ত উৎকৃষ্ট ধর্ম্মও ক্রমে২ আরবে পরিচিত হইল।

মহম্মদ খ্রীষ্টীয়ধর্ম্মের পরিচয় পাইলেন ও ঐ ধর্ম্মের উৎকৃষ্টতা দেখিতে পাইলেন। তিনি বাল্যাবধি অতিশয়

চিন্তাশীল ছিলেন ও নির্জ্জনে অনেক চিন্তা করিতেং অবশেষে প্রকাশ করিলেন যে, এক জগদীশ্বরের পূজা প্রচারার্থ জগদীশ্বর তাঁহাকে প্রেরণ করিয়াছেন। চত্বারিংশৎবৎসরের অধিক বয়ঃক্রমের সময় তিনি এই মত প্রকাশ করিলেন ও প্রচার করিবার যত্ন পাইলেন। দশ বৎসর পর্য্যন্ত মক্কাবাসীগণ এই শান্ত নিরীহ একেশ্বরবাদীকে উপহাস করিতে ও যন্ত্রণা দিতে লাগিল ও অবশেষে তাঁহার মৃত্যুসংকল্প করিল তখন মহম্মদ ৬২২ খৃষ্টাব্দে মদিনায় পলায়ন করিলেন ও শান্তমূর্ত্তি ত্যাগ করিয়া সৈন্য সংগ্রহ করিতে লাগিলেন। যুদ্ধে তাঁহার অসাধারণ ক্ষমতা ও বিজয় দৃষ্টি করিয়া আরবজাতি ক্রমে তাঁহার ধর্ম্মাবলম্বী হইল; ও মহম্মদের মৃত্যুর পূর্ব্বেই তিনি সমস্ত আরবদেশ জয় করিয়া স্বধর্ম্ম প্রচার করিয়াছিলেন। স্বর্গীয় দূতের আদেশ ও উপদেশ অনুসারে তিনি ধর্ম্মপুস্তক কোরাণ লিখিয়াছেন এইরূপ প্রচার করিলেন ও জগতে সমস্ত মুসলমানদিগের এইরূপ বিশ্বাস। ৬৩২ খৃষ্টাব্দে মহম্মদের মৃত্যু হয়।

অস্ত্রবলে ধর্ম্মপ্রচার বিধেয় এই যে মহামন্ত্র মহম্মদ শিখাইলেন, আরবেরা তাহা ভুলিল না। ধর্ম্মবিপ্লবে যেন নূতন জীবন প্রাপ্ত হইয়া আরবের লোক আরবদেশ উত্তীর্ণ হইয়া চারিদিকে খড়্গহস্তে ধর্ম্মপ্রচার আরম্ভ করিল। সিরীয়া, পারস্য, তাতার, মিশর, উত্তর আফ্রীকা, স্পেন, ফ্রান্সের একাংশ সমস্তই অচিরে মুসলমানদিগের অধীনতা স্বীকার করিল। মহম্মদের মৃত্যুর পর একশত বৎসর না হইতেই পশ্চিমে আটলান্টিক মহাসাগর হইতে পূর্ব্বে সিন্ধুনদী পর্য্যন্ত মুসলমানরাজ্য বিস্তার হইল।

মুহালিব। মহম্মদের মৃত্যুর ৩২ বৎসর পর অর্থাৎ ৬৬৪ খৃষ্টাব্দে মুহালিব নামক একজন মুসলমান সেনাপতি সসৈন্যে ভারতবর্ষে প্রবেশ করিয়া মুলতান প্রদেশ ভেদ করিয়া অনেক

বন্দী লইয়া গিয়াছিলেন। মুসলমানদিগের এই প্রথম ভারত আক্রমণ।

কাসিম। ৭১১ খৃষ্টাব্দে মহম্মদ কাসিম ছয় সহস্র সৈন্য লইয়া সিন্ধুনদীর মুখের নিকট দেওয়াল নামক প্রসিদ্ধ বন্দর আক্রমণ করিলেন। এই আক্রমণের কারণ এই যে, সেই বন্দরের হিন্দুগণ আরবদিগের একটী বাণিজ্যপোত কাড়িয়া লইয়াছিল। অচিরে দেওয়াল নগর হস্তগত করিয়া প্রথমে ব্রাহ্মণাবাদ, পর নিরুন, ও তৎপর সেহওয়ান নগরে যাত্রা করিলেন, ও পরিশেষে শেষোক্তনগর বেষ্টন করিলেন। সে নগরও হস্তগত করিয়া দাহির রাজার রাজধানী আলোর-নগরের নিকট উপস্থিত হইলেন।

দাহিরের রাজা পঞ্চাশৎ সহস্র সৈন্য লইয়া যুদ্ধ দান করিলেন, কিন্তু পরাস্ত হইয়া আপন ভগ্ন সৈন্যকে উৎসাহ দিতেং সম্মুখরণে প্রাণদান করিলেন। কাসিম রাজধানী বেষ্টন করিলেন। রাজপুতগণ এক্ষণে রক্ষার উপায় না দেখিয়া আপনাদিগের চিরপ্রথা অবলম্বন করিল। নারীগণ উল্লাসের সহিত চিতারোহণ করিল, যোদ্ধাগণ খড়্গ হস্তে নগরদ্বার হইতে নিষ্ক্রান্ত হইয়া সকলে সম্মুখরণে প্রাণ ত্যাগ করিল। এইরূপে আলোর মুসলমান-হস্তগত হইল, অচিরে সমগ্র মুলতান ও দাহির রাজার সমস্ত রাজ্য কাসিম অধিকার করিলেন।

এই সময়ে সহসা কাসিমের গতিরোধ হইল। কথিত আছে যে, তিনি রাজা দাহিরের দুই কন্যাকে অতিশয় লাবণ্যময়ী দেখিয়া উপঢৌকন স্বরূপ কালীফের নিকট পাঠাইয়া দেন। জ্যেষ্ঠা কালীফের নিকটে আনীতা হইয়া সাশ্রুনয়নে জানাইলেন যে, তিনি কালীফের প্রণয়ের অযোগ্যা, কেন না কাসিম পূর্ব্বেই তাঁহার সতীত্ব হরণ করিয়াছেন! কালীফ ক্রোধে সত্যমিথ্যাবিচারশক্তিরহিত হইয়া তৎক্ষণাৎ কাসিমের

মৃত্যুর আদেশ প্রচার করিলেন, ও অচিরে কালীফের আদেশানুসারে কাসিমের মৃতদেহ সেই রাজকন্যার সম্মুখে আনীত হইল। তখন রাজকন্যা আনন্দে হাস্য করিয়া কহিলেন, কাসিম নির্দ্দোষী, কিন্তু আমার পিতার মৃত্যু ও বংশের ধ্বংশের অদ্য প্রতিশোধ হইল।

এ গল্প সত্যই হউক বা মিথ্যাই হউক, ভারতবর্ষে মুসলমানবিজয় আপাততঃ ক্ষান্ত হইল। প্রায় ৪০ বৎসরের মধ্যে অর্থাৎ ৭৫০ খৃষ্টাব্দের মধ্যে হিন্দুগণ পুনরায় স্বদেশ মুসলমানদিগের হস্ত হইতে কাড়িয়া লইল, ও ভারতবর্ষে মুসলমান অধিকার একেবারে লোপ হইল।

ইহার পর দুইশত বৎসরের অধিক কাল পর্য্যন্ত মুসলমানগণ ভারত বিজয়ের কোনও উদ্যম করে নাই।

আলপ্তগীন ও সবক্তগীন। আলপ্তগীন নামক এক জন তুর্কীদেশীয় ক্রীতদাস কালীফের অধীনে খোরাসান দেশের শাসনকর্ত্তার পদে নিযুক্ত হয়েন। কালক্রমে এই কর্ম্মচ্যুত হইয়া ৯৬১ খৃষ্টাব্দে তিনি সসৈন্যে পলায়ন করিয়া গজ্‌নীতে একটী নূতন রাজ্য স্থাপন করিলেন। তাঁহার মৃত্যুর পর তাঁহার ক্রীতদাস ও জামাতা সবক্তগীন গজ্‌নী রাজ্যের রাজা হইলেন।

ভারতবর্ষের সন্নিকটে এই নূতন রাজ্য দেখিয়া হিন্দুগণ ঈর্ষাযুক্ত হইল ও লাহোরাধিপতি জয়পাল অনেক সৈন্য লইয়া যুদ্ধযাত্রা করিলেন। পেশাওয়র হইতে কাবুল পর্য্যন্ত যে পর্ব্বত-উপত্যকা গিয়াছে, সেই পথ দিয়া জয়পাল যাত্রা করিয়া সবক্তগীনের শিবিরের সম্মুখীন হইলেন। কথিত আছে সেই সময়ে অতিশয় ঝড় ও বৃষ্টি হওয়ায় হিন্দুগণ ভীত হইয়া যুদ্ধে ক্ষান্ত হইল এবং সবক্তগীনকে ৫০টী হস্তী দান করিয়া ও বহু অর্থ দিবার অঙ্গীকার করিয়া সন্ধি ক্রয় করিয়া স্বদেশে প্রত্যাবর্ত্তন করিল।

স্বদেশে আসিয়া জয়পাল অর্থদানে অসম্মত হইলেন, তাহাতে সবক্তগীন ক্রুদ্ধ হইয়া হিন্দুদিগকে আক্রমণ করিতে আসিলেন। জয়পাল অন্যান্য হিন্দুদিগের সহায়তায় এক লক্ষ সৈন্য জড় করিলেন, কিন্তু যুদ্ধে মুসলমানগণ জয়লাভ করিল, ও সবক্তগীন সিন্ধুনদীর পশ্চিমকুল পর্য্যন্ত সমস্ত দেশ অধিকার করিলেন, ও পেশাওয়রে দশ সহস্র সৈন্য রাখিয়া গজ্‌নী প্রত্যাবর্ত্তন করিলেন।

৯৯৭ খৃষ্টাব্দে সবক্তগীনের মৃত্যু হয়, ও তাঁহার পুত্র প্রসিদ্ধনামা মাহ্‌মুদ গজনীর রাজা হইলেন।

সুলতান মাহমুদ। মাহমুদ রাজত্বলাভের কতিপয় বৎসর পর কালীফের অধীনতা অস্বীকার করিয়া আপন স্বাধীনতা প্রচার করিলেন ও সুলতান নাম গ্রহণ করিলেন। তাঁহার পূর্ব্বে এই নাম কোন মুসলমান গ্রহণ করে নাই। পর তিনি দ্বাদশবার ভারতবর্ষ আক্রমণ করিয়া হিন্দু রাজাদিগকে বার২ যুদ্ধে পরাস্ত করিয়া নগরলুণ্ঠন ও দেবালয় ও দেবমূর্ত্তি ভগ্ন করেন। সেই প্রসিদ্ধ দ্বাদশ আক্রমণ সংক্ষেপে বর্ণিত হইবে।

১০০১ খৃষ্টাব্দে মাহমুদ প্রথমবার ভারতবর্ষ আক্রমণ করেন। পেশাওয়রের নিকট লাহোররাজ জয়পালকে যুদ্ধে পরাস্ত ও বন্দী করিলেন ও সিন্ধুনদী পার হইয়া বাতিণ্ডা নগর লুণ্ঠন করিলেন। পরে স্বদেশে প্রত্যাবর্ত্তন করিয়া বহুমুদ্রা লইয়া জয়পাল ও অন্য বন্দীদিগকে ছাড়িয়া দিলেন; জয়পাল এ অবমাননা তিরোহিত করিবার জন্য আপন পুত্র অনঙ্গপালকে রাজ্য দান করিয়া চিতারোহণ করিয়া প্রাণ বিসর্জ্জন দিলেন।

ভাটীয়ার রাজা মাহমুদকে কর দিতে অস্বীকৃত হওয়াতে মাহমুদ দ্বিতীয়বার ভারতবর্ষে আগমন করেন। ভাটীয়রাজ যুদ্ধে পরাস্ত হইয়া আত্মহত্যা করেন।

মুলতানের মুসলমান শাসনকর্ত্তা মাহমুদের অধীনতা অস্বীকার করিয়া অনঙ্গপালের সহিত যোগ দিয়াছিলেন। তাঁহাকে শাস্তি দিবার জন্য মাহমুদ তৃতীয়বার ভারতবর্ষে প্রবেশ করিলেন। পথে রাজা অনঙ্গপাল মাহমুদের গতি রোধ করিলেন, কিন্তু পেশাওয়রের যুদ্ধে পরাস্ত হইলেন ও কাশ্মীরে পলায়ন করিলেন। মাহমুদ মুলতান বেষ্টন করিলেন, পর মুলতানের শাসনকর্ত্তা মাহমুদের অধীনতা স্বীকার করিলে স্বদেশে প্রত্যাবর্ত্তন করিলেন।

অনঙ্গপালকে শাস্তি দিবার জন্য মাহমুদ চতুর্থবার ভারতবর্ষে প্রবেশ করিলেন। অনঙ্গপালও মুসলমানের বার২ আক্রমণ রোধ করিবার জন্য উজ্জয়িনী, গোয়ালীয়র, কালিঞ্জর, কান্যকুব্জ, দিল্লী ও আজমীরের ভূপতিদিগের সহায়তা গ্রহণ করিয়া বহুসংখ্যক সৈন্য জড় করিয়া শত্রুর জন্য অপেক্ষা করিতেছিলেন। মাহমুদ এত অধিক সৈন্য দেখিয়া কিঞ্চিত ভীত হইলেন, ও একেবারে আক্রমণ না করাতে কয়েক দিন দুই দলের সৈন্য পরস্পরের সম্মুখীন হইয়া রহিল। অবশেষে যে তুমুল সংগ্রাম হইল তাহাতে মুসলমানগণ পুনরায় জয়লাভ করিল; ও মাহমুদ পঞ্জাবে প্রবেশ করিয়া নগরকোটের প্রসিদ্ধ পর্ব্বত-মন্দির লুণ্ঠন করিলেন। তথায় বহু সুবর্ণ,রৌপ্য, মণিমাণিক্য ও অর্থ লাভ করিয়া স্বদেশপ্রত্যাবর্ত্তন করিলেন।

মুল্‌তানের আফগান শাসনকর্ত্তাকে শাস্তি দিবার জন্য মাহমুদ পঞ্চমবার ভারতবর্ষে প্রবেশ করিলেন। এবার তাঁহাকে বন্দী করিয়া গজনী লইয়া গেলেন।

ষষ্ঠবার আক্রমণে প্রায় যমুনার তীর পর্য্যন্ত আসিয়া থানেশ্বরের প্রসিদ্ধ মন্দির ও নগর লুণ্ঠন করিয়া গেলেন।

সপ্তম ও অষ্টমবার আক্রমণে মাহমুদ কাশ্মীর প্রবেশ করিলেন, তথাকার অতিশয় শীতে ও বরফে তাঁহার অনেক সৈন্যের প্রাণনাশ হয়।

নবমবার আক্রমণে মাহমুদ সহসা কাণ্যকুব্জের সন্নিধানে আসিয়া উপস্থিত হইলেন। তথাকার রাজা সহসা শত্রুকে নিকটে দেখিয়া হতাশ হইলেন, এবং সপরিবারে মাহমুদের অধীনতা স্বীকার করিলেন। মাহমুদ এই নম্রতায় সন্তুষ্ট হইয়া কাণ্যকুব্জের উপর হস্তক্ষেপ করিলেন না। তথা হইতে মথুরা যাইয়া তথায় বহুসংখ্যক দেবালয় ধ্বংশ করিলেন ও লোক হত্যা করিলেন। পরে অন্যান্য কয়েক নগর অধিকার করিয়া ও সমস্ত প্রদেশ ছারখার করিয়া স্বদেশে প্রত্যাবর্ত্তন করিলেন। মাহমুদ ও তাঁহার সঙ্গীগণ ভারতবর্ষের সভ্যতা দেখিয়া ও কাণ্যকুব্জ, মথুরা প্রভৃতি নগরের সৌন্দর্য্য ও অর্থ ও অসংখ্য হর্ম্ম্যাদি দেখিয়া যৎপরোনাস্তি বিস্মিত হইয়াছিলেন। বিশেষতঃ কাণ্যকুব্জের রাজপ্রাসাদ ও হর্ম্ম্যাদি ও বিপুল অর্থের বর্ণনা অনেক মুসলমান লেখকে লিখিয়া গিয়াছেন; তাঁহাদের মধ্যে এক জন বলেন যে, এই রাজধানীতে পান বিক্রয়ের জন্য ত্রিংশৎ সহস্র দোকান ছিল!* মথুরা সম্বন্ধে মাহমুদ স্বয়ং গজনীর শাসনকর্ত্তাকে লিখিয়াছিলেন; "এ স্থানে মুসলমানধর্ম্মের ন্যায় চিরস্থায়ী সহস্র প্রাসাদ আছে, তাহাদিগের মধ্যে অধিকাংশই মর্ম্মরপ্রস্তরনির্ম্মিত; তদ্ভিন্ন অন্যপ্রকার অসংখ্য মন্দির আছে। বহু লক্ষ দীনার ব্যয় না হইয়া এরূপ নগর নির্ম্মিত হয় নাই; এরূপ আর একটী নগরী দুই শত বৎসরের কমে নির্ম্মিত হইতে পারে না!"

নিজ সুহৃদ কাণ্যকুব্জরাজের সহায়তা করিবার জন্য মাহমুদ দশমবার ভারতবর্ষে প্রবেশ করেন, কিন্তু মাহমুদ আসিবার পূর্ব্বেই সেই রাজা কালিঞ্জরাধিপতি কর্ত্তৃক হত হয়েন। মাহমুদ এই রাজাকে শাস্তি দিবার চেষ্টা করিলেন, কিন্তু বিফলপ্রযত্ন হইলেন। অনঙ্গপালের উত্তরাধিকারী

* এটী বাড়াইয়া লিখা হইয়াছে তাহার সন্দেহ নাই।

দ্বিতীয় জয়পাল এবার মাহমুদের গতিরোধ করিবার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু সফলপ্রযত্ন হইলেন না; সুতরাং মাহমুদ সমস্ত লাহোর প্রদেশ অর্থাৎ পঞ্জাব আপনার অধীনে আনিলেন। সিন্ধুর পূর্ব্বদিকে মুসলমানদিগের এই প্রথম স্থায়ী বিজয়।

কালিঞ্জরের রাজাকে শাস্তি দিবার জন্য মাহমুদ আর একবার (একাদশ) ভারতবর্ষ প্রবেশ করিলেন, কিন্তু এবারও বিফলপ্রযত্ন হইলেন।

১০২৪ খৃষ্টাব্দে মাহমুদ শেষবার ভারতবর্ষ আক্রমণ করেন। এবার তিনি মরুভূমি পার হইয়া আজমীরে উপস্থিত হইলেন ও সেই প্রদেশ লুণ্ঠন করিয়া গুর্জ্জরের রাজধানী আন্‌হালওয়ারায় উপস্থিত হইলেন। সহসা মুসলমানদিগের আগমন দেখিয়া তথাকার রাজা নগর ত্যাগ করিয়া পলায়ন করিলেন। তথা হইতে মাহমুদ সোমনাথের প্রসিদ্ধ মন্দিরে আগমন করিলেন। দুই দিন পর্য্যন্ত মাহমুদের সৈন্যগণ বারং প্রাচীর অতিক্রম করিবার চেষ্টা করিল, হিন্দুগণ অবিশ্রান্ত যুদ্ধ দান করিয়া প্রাচীর ও মন্দির রক্ষা করিতে লাগিল। তৃতীয় দিবস আন্‌হালওয়ারার রাজা ও অন্যান্য নিকটস্থ রাজাগণ সোমনাথরক্ষার্থ সসৈন্যে উপস্থিত হইলেন। মাহমুদ এই ঘোর বিপদেও ভগ্নোৎসাহ না হইয়া সেই আগন্তুকদিগকে যুদ্ধ দান করিলেন ও পরাস্ত করিলেন। রাজাদিগের পরাজয় দেখিয়া মন্দিরবাসীগণ ভগ্নোৎসাহ হইয়া আর মন্দির রক্ষার চেষ্টা না করিয়া পোতে আরোহণ করিয়া সমুদ্র দিয়া পলায়ন করিল; মাহমুদ সোমনাথে প্রবেশ করিয়া যথেচ্ছা লুণ্ঠন করিতে লাগিলেন। তথা হইয়া মুলতান দিয়া স্বদেশে প্রত্যাবর্ত্তন করিলেন।

ইহার পর মাহমুদ পারস্যপ্রদেশও জয় করিলেন। ১০৩০ খৃষ্টাব্দে আসিয়ার মধ্যে সর্ব্বাপেক্ষা পরাক্রান্ত রাজা,

পারস্য, কাবুল ও পঞ্জাবের অধিপতি, সুলতান মাহমুদ প্রাণত্যাগ করিলেন। তাঁহার অসাধারণ সাহস, যুদ্ধ-কৌশল ও মানসিক ক্ষমতা ছিল; অনেকগুলি সদ্‌গুণও ছিল তাহার সন্দেহ নাই; তথাপি তিনি ভারতবাসীদিগের পক্ষে কৃতান্ত স্বরূপ হইয়াছিলেন, এবং ভারতবর্ষে কেবল মনুষ্যহত্যা, নগরলুণ্ঠন, দেব ও ধর্ম্মের অবমাননা ও নিষ্ঠুর অত্যাচার করিয়া আপনার নাম অপযশে পূর্ণ করিয়াছেন। প্রসিদ্ধনামা পারস্যকবি ফর্দুসী সুলতান মাহমুদের সভাসদ্ ছিলেন।

গায়েসুদ্দীন ঘোরী ও সাহাবুদ্দীন ঘোরী। মাহমুদের মৃত্যুর পর প্রায় এক শত পঞ্চাশৎ বৎসরের মধ্যে মুসলমানেরা ভারতবর্ষ আক্রমণ করে নাই। কিন্তু পঞ্জাব মুসলমানদিগের অধীনেই রহিল। এই সময়ের মধ্যে মাহমুদের রাজধানী গজনী নগরের ধ্বংশসাধন হইয়াছিল। ঘোর নগরের আল্লাউদ্দীনের সহিত গজনীরাজ বেহরামের কলহ হওয়ায় আল্লাউদ্দীন বিজয়লাভ করিয়া কয়েক দিন পর্য্যন্ত গজনী নগরী বহ্নি ও অসি দ্বারা ছারখার করিলেন, ও সেই প্রসিদ্ধ ও সুন্দর রাজধানী একেবারে ভূমিসাৎ করিলেন। ১১৫২ খৃষ্টাব্দে গজনী ধ্বংশপ্রাপ্ত হইল, তাহার কিছু পরে গজনীরাজ্যও বিলুপ্ত হইল।

আল্লাউদ্দীনের মৃত্যুর পর তাঁহার পুত্র সৈয়ফুদ্দীন এক বৎসরকাল রাজত্ব করেন, তৎপর গায়েসুদ্দীন ঘোরী রাজ্যলাভ করিয়া আপন ভ্রাতা সাহাবুদ্দীনের হস্তে যুদ্ধভার সমস্ত ন্যস্ত করিলেন। প্রসিদ্ধনামা সাহাবুদ্দীনই ভারতবর্ষ জয় করেন। ইনি ইতিহাসে মহম্মদ ঘোরী নামেই বিশেষ খ্যাত।

সাহাবুদ্দীন প্রথমে পঞ্জাবে গজনীর রাজ্য ধ্বংশ করিয়া সেই প্রদেশ আপন অধীনে আনিলেন, পরে হিন্দুদিগের সহিত যুদ্ধে লিপ্ত হইলেন। ১১৯১ খৃষ্টাব্দে তিরৌরীর ক্ষেত্রে সাহাবুদ্দীনের সহিত দিল্লীশ্বর পৃথুরায়ের সহিত যুদ্ধ হয়

এবং সেই যুদ্ধে সাহাবুদ্দীন পরাজিত হইয়া স্বদেশে পলায়ন করিলেন। দুই বৎসর পর সাহাবুদ্দীন পুনরায় ভারতবর্ষে প্রবেশ করিলেন; এবং এবার যুদ্ধে পৃথুরায়কে পরাস্ত করিয়া দিল্লী ও আজমীর অধিকার করিলেন। কুতবুদ্দীন নামক দাসকে ভারতবর্ষে রাখিয়া স্বদেশে প্রত্যাবর্ত্তন করিলেন, পর বৎসর অর্থাৎ ১১৯৪ খৃষ্টাব্দে সাহাবুদ্দীন কাণ্যকুব্জ রাজ্য জয় করিলেন। কুতবুদ্দীন গোয়ালীয়র জয় করিলেন, ও তাঁহার অধীনস্থ বখ্‌তীয়ার খিল্‌জীনামক এক জন সেনা বিহার ও বঙ্গদেশ জয় করিলেন।

১২০২ খৃষ্টাব্দে গায়েসুদ্দীন ঘোরীর মৃত্যু হইলে সাহাবুদ্দীনই রাজা হইলেন; চারি বৎসর পর সাহাবুদ্দীনের মৃত্যু হইলে ১২০৬ খৃষ্টাব্দে কুতবুদ্দীন ভারতবর্ষের স্বাধীন মুসলমানরাজা হইলেন।

মুসলমানবিজয়ের ফল। বিদেশীয় বিজয় হইতে কখন২ সুফল উৎপন্ন হয়। বিজেতাগণ যখন বিজীতদিগের অপেক্ষা অনেক সুসভ্য হয়, তখন বিজীতদিগকে সভ্যতা দান করিয়া অনেক উপকার সাধন করিতে পারে। এই রূপে রোমীয়গণ গল, ব্রিটেন প্রভৃতি অসভ্য দেশ জয় করিয়া সভ্যতার আলোক বিস্তার করিয়াছিল; এবং এই রূপে ইউরোপীয়গণ পাসিফীক্ মহাসাগরের অসংখ্য দ্বীপের অধিবাসীদিগকে সভ্য করিতেছে। বিজেতাগণ যখন অধিকতর বলবান ও পরাক্রান্ত হয়, তখন নির্জ্জীব বিজীতদিগের সহিত মিলিত হইয়া কখন২ তাহাদিগকে বলবান করিতে পারে।

মুসলমানবিজয় হইতে ভারতবাসীদিগের এ দুইটীর মধ্যে কোনও উপকারই হয় নাই। মাহমুদ ও সাহাবুদ্দীনের স্বদেশীয় অপেক্ষা হিন্দুগণ অনেক সভ্য ছিল, সুতরাং বিজেতাদিগকে সভ্যতা দান করিয়াছিল, কিছু গ্রহণ করিতে

পারে নাই। পর যখন তৈমুরবংশজগণ ভারতবর্ষ জয় করিল, তখন তাহারাও ভারতবর্ষ হইতে সভ্যতা লাভ করিল, ভারতবর্ষকে সভ্যতা দান করে নাই। পৃথিবীর মধ্যে সমস্ত মোগলবিজীত প্রদেশ অপেক্ষা আকবরশাসিত প্রদেশ ও আকবরের রাজধানী ও রাজসভা সভ্য ছিল; সে সভ্যতা মোগলগণ ভারতবর্ষে আনে নাই, সেটী ভারতবর্ষে উৎপন্ন, ভারতবর্ষে বিজীত হিন্দুদিগের নিকট শিক্ষিত।

দ্বিতীয়তঃ মুসলমানগণ হিন্দুদিগের অপেক্ষা অনেক পরাক্রান্ত ছিল তাহার সন্দেহ নাই। কেবল তিরৌরীর যুদ্ধ ভিন্ন সমস্ত যুদ্ধে মুসলমান আক্রমণকারীগণ জয়লাভ করিয়াছিল, এবং পরিশেষে কয়েক সহস্রমাত্র মুসলমান পঞ্জাব হইতে বঙ্গদেশ পর্য্যন্ত সমস্ত রাজ্য অধিকার করিয়া অনায়াসে শাসন করিতে লাগিল; কয়েক কোটী হিন্দু এই বিজেতাদিগকে তাড়াইতে পারিল না। এই রূপ পরাক্রান্ত জাতি যদি হিন্দুদিগের সহিত মিলিত হইয়া যাইত, তাহা হইলে হিন্দুগণ অধিকতর বলবান ও রণপটু জাতি হইত সন্দেহ নাই। কিন্তু মুসলমান বিজেতাগণ কোনও দেশের লোকের সহিত মিলিত হইতে পারে নাই, অন্য স্থানে যেরূপ ভারতবর্ষেও সেই রূপ ধর্ম্মবিদ্বেষ ঘটাইয়াছে, সুতরাং তাহাদিগের বিজয় হইতে দুই জাতির একীকরণ হইল না, ভারতবর্ষ জাতীয়বলের উৎকর্ষ লাভ করিল না।

পূর্ব্বে উক্ত হইয়াছে যে, বিদেশীয় বিজয় হইতে কখন২ বিজীতদিগের উপকার হয়; কিন্তু প্রায়ই অতিশয় অনিষ্ট ও অপকার হয়। তাহার কারণ এই যে, বিজীতগণ স্বাধীনতার সঙ্গে২ উৎসাহ ও জাতিমর্য্যাদা হারায়; বিজেতাদিগের অধিক পরাক্রম দেখিয়া নিরাশ হয় ও ক্রমে২ অধিকতর নির্জ্জীব হয়, অধীনতা ও অবমাননা সহ্য করিতে২ সাহস, ও স্বাবলম্বন হারায়, শেষে বিজেতাদিগকে উৎকৃষ্ট ও আপনা-

দিগকে অপকৃষ্ট জ্ঞান করিয়া কেবল অনুকরণপটু হয়, উদ্ভাবন ও স্বচিন্তা একেবারে হারায়। বিশেষ আলোচনা করিয়া দেখিলে স্পষ্ট প্রতীয়মান হইবে যে, মুসলমানবিজয় হইতে ভারতবর্ষের এই সমস্ত অনিষ্ট উৎপাদন হইয়াছিল; মুসলমান-শাসনকালে ভারতবাসীদিগের জাতীয়বল যেরূপ হীন হইয়াছিল, চিন্তাবল, কার্য্যবল যেরূপ বিলুপ্তপ্রায় হইয়াছিল, সেরূপ পূর্ব্বে কখন হয় নাই।

খৃষ্টের পঞ্চম শতাব্দি হইতে দ্বাদশ শতাব্দি পর্য্যন্ত ভারতবর্ষে বিজ্ঞানশাস্ত্রের আলোচনা ক্রমশঃ উন্নত হইতেছিল। আর্য্যভট্ট, বরাহমিহির, ব্রহ্মগুপ্ত, প্রভৃতি চিরস্মরণীয় ধীশক্তিসম্পন্ন লোক যে সমস্ত উদ্ভাবন করিয়া গিয়াছেন, তাহা দেখিয়া আধুনিক ইউরোপীয়গণও বিস্মিত হয়। দ্বাদশ শতাব্দিতে ভাস্করাচার্য্য জগৎবিখ্যাত লীলাবতী ও বীজগণিত রচনা করেন। তাহার পর শতাব্দির প্রারম্ভে মুসলমান বিজয় ঘটিল; তৎক্ষণাৎ যেন মন্ত্রবলে চিন্তাসূত্র ছিন্ন হইল, চিন্তাশক্তির লোপ হইল, বিজ্ঞানচর্চ্চা বিদূরিত হইল! তাহার কারণ রাজকীয় স্বাধীনতা না থাকিলে, চিন্তার স্বাধীনতা থাকে না, জাতীয় সাহস ও বিক্রম ধ্বংশ হইলে চিন্তার বিক্রম ও সাহস ধ্বংশ হয়।

কাব্যেও এইরূপ। প্রসিদ্ধনামা কালিদাস বোধ হয়, খৃষ্টের পঞ্চম শতাব্দিতে জন্মগ্রহণ করেন, বাণভট্ট সপ্তম শতাব্দি ও ভবভূতি অষ্টম শতাব্দিতে আপনং চিরস্মরণীয় পুস্তক রচনা করেন। অন্যান্য কবির কথায় আবশ্যক নাই, বঙ্গদেশে দ্বাদশ শতাব্দিতে জয়দেব গীতগোবিন্দ রচনা করেন। তাহার পর শতাব্দিতে মুসলমান বিজয় ঘটিল; সহসা যেন মন্ত্রবলে কল্পনাসূত্র ছিন্ন হইল, কল্পনাশক্তির লোপ হইল। মুসলমান বিজয়ের পাঁচশত বৎসর পর পর্য্যন্ত একজন প্রসিদ্ধ সুকবি ভারতবর্ষে জন্মগ্রহণ করেন

নাই; কালিদাস ও ভবভূতির উত্তরাধিকারী নাই! তাহার কারণ জাতীয় স্বাধীনতা ও সাহসের সঙ্গেং কল্পনার স্বাধীনতার লোপ হয়।

চিন্তা ও কল্পনায় যেরূপ, কার্য্যেও সেইরূপ ঘটিয়াছিল। যে হিন্দুদিগের যুদ্ধশিক্ষা গ্রীক ও চীনগণ প্রশংসা করিয়াছে, যাহারা পাঁচশত বৎসর পর্য্যন্ত মুসলমান আক্রমণকারীদিগের সহিত যুদ্ধ করিয়া আপনাদিগের স্বাধীনতা রক্ষা করিয়াছিল, মুসলমান বিজয়ের পর তাহাদিগের যুদ্ধক্ষমতা ও সাহস যেন সহসা লোপ হইল, পঞ্জাব হইতে বঙ্গদেশ পর্য্যন্ত (কেবল রাজপুত ভিন্ন) কোনও জাতি স্বাধীনতালাভের বা বিধর্ম্মীদিগকে দূরীকরণের বিশেষ চেষ্টা করিল না!

খ্রীষ্টের জন্মের সময়ে হিন্দুগণ জাবাদ্বীপ আবিষ্কার করিয়াছিল ও তাহার পর বহু শতাব্দি পর্য্যন্ত সিংহল, জাবা, সুমাত্রা, চীন পর্য্যন্ত গমনাগমন করিয়া বাণিজ্য করিত খৃষ্টের পর অষ্টম শতাব্দিতে হুয়েন সাং বঙ্গদেশে তাম্রলিপ্তি ও অন্যান্য বন্দর হইতে অর্ণবপোত সিংহলদ্বীপে গমনাগমন করিতেছে এরূপ দৃষ্টি করেন। বিদেশীয় বিজয়ে সহসা এরূপ বলহীনতা হইল যে ইদানীং হিন্দুগণ সমুদ্র গমনের নাম শুনিলে শিহরিয়া উঠিত, সমুদ্রগমন করিলে জাতিভ্রষ্ট হইত!

ভাস্করকার্য্য হর্ম্ম্যাদিনির্ম্মাণ ও শিল্পকার্য্যে হিন্দুগণের কল্পনাশক্তির অধিক পরিচয় নাই; তথাপি তাহারা যে অসাধারণ প্রকাণ্ডং কার্য্য নির্ম্মাণ করিয়া গিয়াছে, তাহার উপর যে সূক্ষ্মং কারুকার্য্য রাখিয়া গিয়াছে, তাহা যিনি দেখেন, তিনি বিস্মিত হয়েন। কিন্তু এ সমস্ত কার্য্যই হিন্দুস্বাধীনতার সময়ে সাধিত হইয়াছিল, মুসলমান বিজয়ের পর কার্য্যক্ষমতা লুপ্ত হইয়াছিল। এলোরা ও এলিফান্টার বিস্ময়কর খোদিত গহ্বর, উড়িষ্যার চমৎকার খন্দগিরি ও অসংখ্য হর্ম্ম্যাদি হিন্দুশাসন সময়ে নির্ম্মিত হই-

য়াছিল। মুসলমান শাসনসময়ে মুসলমানগণ অনেক প্রাসাদ ও মস্‌জীদ প্রস্তুত করিয়াছেন, হিন্দুদিগের কার্য্যক্ষমতা লুপ্ত-প্রায় হইয়াছিল।

আর অধিক উদাহরণ অনাবশ্যক। যেগুলি উল্লিখিত হইয়াছে তাহা হইতে স্পষ্টই প্রতীয়মান হইবে যে, মুসলমান বিজয় হইতে ভারতবাসীগণ বিশেষ কোন উপকার গ্রহণ করে নাই; বরং তাহাদিগের জাতীয়জীবন দিন দিন ক্ষীণ ও বলশূন্য হইয়াছিল, সুতরাং জীবনের সমস্ত বিকাশ, চিন্তা, কল্পনা, সাহস ও কার্য্যক্ষমতা লুপ্তপ্রায় হইয়াছিল।

অষ্টম পরিচ্ছেদ।

পাঠান শাসন।

১২০৬ খৃষ্টাব্দ হইতে ১৫২৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

দাসবংশ। ১২০৬—১২৮৮ খৃঃ অব্দ। (১) কুতবুদ্দীন, ১২০৬-১০। ইনি ক্রীতদাস ছিলেন, এজন্য তাঁহার বংশীয় রাজগণ দাসবংশ বলিয়া খ্যাত। সাহাবুদ্দীনের জীবদ্দশায়ই কুতবুদ্দীন ভারতবর্ষের শাসনকর্ত্তৃপদে নিযুক্ত হইয়াছিলেন; ১২০৬ খৃষ্টাব্দে সাহাবুদ্দীনের মৃত্যু হওয়ায় কুতবুদ্দীন স্বাধীন সম্রাট হইলেন। চারি বৎসর কাল সুশাসন করিয়া তিনি ১২১০ খৃষ্টাব্দে কালগ্রাসে পতিত হয়েন।

(২) আরাম, ১২১০। কুতবুদ্দীনের অযোগ্য পুত্র এক বৎসর রাজত্ব করেন।

(৩) আল্‌টামস, ১২১০-৩৫। তাহার পর তাঁহার ভগিনীপতি শামসুদ্দীন আল্‌টামস শ্যালকের হস্ত হইতে রাজ্য কাড়িয়া লইয়া স্বয়ং সম্রাট হইলেন। আল্‌টামস কুতবের ক্রীতদাস ছিলেন, পরে নিজ ক্ষমতা ও বুদ্ধিবলে উন্নতি প্রাপ্ত হয়েন।

(ক) আল্‌টামসের রাজত্বকালে জঙ্গীস খাঁ ও তাঁহার মোগল সৈন্য ভীষণ বাত্যার ন্যায় আসিয়ার পূর্ব্ব অন্ত হইতে পশ্চিম অন্ত পর্য্যন্ত ও ইউরোপের কতক অংশ জয় করিয়াছিল ও সকল স্থানই নগরবিনাশ, দেশধ্বংশ ও নরহত্যার দ্বারা কলুষিত করিয়াছিল। খারিজমের রাজা স্বদেশ রক্ষার্থ প্রাণত্যাগ করেন, তাঁহার পুত্র জেলালুদ্দীন সিন্ধুতীরে মোগলদিগের নিকট পরাজিত হইয়া ভারতবর্ষে আসিয়া আল্‌টামসের সহায়তা প্রার্থনা করিলেন। বুদ্ধিমান আল্‌টামস জেলালুদ্দীনকে সহায়তা দান করিলে মোগলদিগকে ভারতবর্ষে ডাকিয়া আনা হইবে মনে করিয়া সাহায্য অস্বীকার করিলেন। জেলালুদ্দীন সিন্ধু প্রদেশ জয় করিবার বৃথা চেষ্টা করিয়া, অবশেষে মোগলত্যক্ত পারস্য দেশে প্রত্যাবর্ত্তন করিয়া তথায় রাজ্য স্থাপন করিলেন।

(খ) এই ভয়ানক মোগলবিপ্লব ক্ষান্ত হইলে আল্‌টামস সিন্ধু প্রদেশ জয় করেন। তথাকার অধিপতি নাসীরুদ্দীন পলায়নকালে দৈবযোগে সিন্ধু নদীতে সপরিবারে জলমগ্ন হইয়া প্রাণত্যাগ করেন।

(গ) তৎপরে বিহার ও বঙ্গদেশের শাসনকর্ত্তা বখ্‌তীয়ার খিলজীকে পরাস্ত করিয়া নিজের পুত্রকে সেই প্রদেশের শাসনকর্ত্তৃপদে নিযুক্ত করেন। বখ্‌তীয়ার বিহার পুনরায় হস্তগত করিবার উদ্যম করেন ও সেই উদ্যমে হত হয়েন।

(ঘ) হিন্দুস্থানের মধ্য অংশ (মালব প্রদেশ) এ পর্য্যন্ত স্বাধীন ছিল, আল্‌টামস তাহাই জয় করিবার উদ্যোগ করিলেন। প্রথমে রিন্তাম্বর তৎপরে প্রসিদ্ধ মাণ্ডু নগরী হস্তগত করিলেন, বিদ্রোহী গোয়ালীয়র নগর পুনরায় জয় করিলেন, পরে ভীলসা ও পুরাতন উজ্জয়িনী নগর হস্তগত করিয়া মালব বিজয় সমাপ্ত করিলেন। এই রূপে প্রায় সমস্ত আর্য্যাবর্ত্ত

নাসীরুদ্দীনের মন্ত্রিত্বপদে নিযুক্ত হইলেন। শান্তপ্রকৃতি নাসীরুদ্দীনের রাজ্যকালে কার্য্যক্ষম গীয়াসুদ্দীনই সর্ব্বেসর্ব্বা ছিলেন।

(ক) পশ্চিম হইতে মোগলদিগের আক্রমণ নিবারণার্থ গীয়াসুদ্দীন ভারতের পশ্চিম সীমায় সমস্ত ক্ষুদ্র২ প্রদেশ একত্রিত করিয়া নিজ আত্মীয় সেরখাঁকে তাহার শাসনকর্তৃত্বপদে নিযুক্ত করিলেন, তথাকার জায়গীরদারদিগকে নিজ২ সৈন্য সংগ্রহ করিয়া প্রস্তুত রাখিতে বাধ্য করিলেন, এবং স্বয়ং সম্রাট্‌কে একবার পঞ্জাবে লইয়া গেলেন। সেরখাঁও নিজ কার্য্যের অনুপযুক্ত ছিলেন না; যত বার মোগলেরা আসিল, তত বার তাহাদিগকে পরাস্ত করিলেন, এবং অবশেষে মোগলনগরী গজনীও হস্তগত করিলেন।

(খ) হিন্দুস্থানের মধ্যে বিদ্রোহী প্রদেশগুলিও গীয়াসুদ্দীন বশীভূত করিলেন। প্রথমে দিল্লী হইতে বুন্দেলখন্দ পর্য্যন্ত সমস্ত প্রদেশের স্বাধীনতেচ্ছু হিন্দু রাজাদিগকে বশীভূত করিলেন; তৎপর দিল্লী হইতে চম্বালনদী পর্য্যন্ত মেওয়াট প্রদেশের পর্ব্বতবাসীগণকে বশ করিলেন। পর নারওয়ার ও চন্দেরী দুর্গ অধিকার করিলেন, ও মালব প্রদেশের বিদ্রোহ দমন করিলেন। তৎপর সিন্ধু ও মেওয়াট্ প্রদেশের বিদ্রোহ দমন করেন।

কথিত আছে নাসীরুদ্দীন তাপসের ন্যায় সরল ও বিলাসদ্বেষী ছিলেন। তাঁহার একমাত্র রাজ্ঞী ছিল, তদ্ভিন্ন দাসী বা অন্য ললনা কেহ ছিল না। কথিত আছে তাঁহার রাজ্ঞী স্বহস্তে স্বামির জন্য খাদ্য প্রস্তুত করিতেন, একদা অগ্নিতে হস্ত দগ্ধ হওয়ায় একটী দাসী রাখিবার মানস প্রকাশ করিলেন। সম্রাট উত্তর করিলেন যে, দেশের ধন তিনি নিজের সুখের জন্য ব্যয় করিতে পারেন না।

(৯) বুলবন, ১২৬৬-৮৬। নাসীরুদ্দীনের মৃত্যুর পর

য়াছিল। মুসলমান শাসনসময়ে মুসলমানগণ অনেক প্রাসাদ ও মস্‌জীদ প্রস্তুত করিয়াছেন, হিন্দুদিগের কার্য্যক্ষমতা লুপ্তপ্রায় হইয়াছিল।

আর অধিক উদাহরণ অনাবশ্যক। যেগুলি উল্লিখিত হইয়াছে তাহা হইতে স্পষ্টই প্রতীয়মান হইবে যে, মুসলমান বিজয় হইতে ভারতবাসীগণ বিশেষ কোন উপকার গ্রহণ করে নাই; বরং তাহাদিগের জাতীয়জীবন দিন দিন ক্ষীণ ও বলশূন্য হইয়াছিল, সুতরাং জীবনের সমস্ত বিকাশ, চিন্তা, কল্পনা, সাহস ও কার্য্যক্ষমতা লুপ্তপ্রায় হইয়াছিল।

অষ্টম পরিচ্ছেদ।

পাঠান শাসন।

১২০৬ খৃষ্টাব্দ হইতে ১৫২৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

দাসবংশ। ১২০৬—১২৮৮ খৃঃ অব্দ। (১) কুতবুদ্দীন, ১২০৬-১০। ইনি ক্রীতদাস ছিলেন, এজন্য তাঁহার বংশীয় রাজগণ দাসবংশ বলিয়া খ্যাত। সাহাবুদ্দীনের জীবদ্দশায়ই কুতবুদ্দীন ভারতবর্ষের শাসনকর্ত্তৃপদে নিযুক্ত হইয়াছিলেন; ১২০৬ খৃষ্টাব্দে সাহাবুদ্দীনের মৃত্যু হওয়ায় কুতবুদ্দীন স্বাধীন সম্রাট হইলেন। চারি বৎসর কাল সুশাসন করিয়া তিনি ১২১০ খৃষ্টাব্দে কালগ্রাসে পতিত হয়েন।

(২) আরাম, ১২১০। কুতবুদ্দীনের অযোগ্য পুত্র এক বৎসর রাজত্ব করেন।

(৩) আল্‌টামস, ১২১০-৩৫। তাহার পর তাঁহার ভগিনীপতি শামসুদ্দীন আল্‌টামস শ্যালকের হস্ত হইতে রাজ্য কাড়িয়া লইয়া স্বয়ং সম্রাট হইলেন। আল্‌টামস কুতবের ক্রীতদাস ছিলেন, পরে নিজ ক্ষমতা ও বুদ্ধিবলে উন্নতি প্রাপ্ত হয়েন।

দিল্লীর বশীভূত করিয়া পঞ্চবিংশ বৎসর রাজ্যের পর আল্‌টামস ১২৩৫ খৃষ্টাব্দে কালগ্রাসে পতিত হয়েন।

(৪) রুকনুদ্দীন, ১২৩৫-৩৬। আল্‌টামসের অযোগ্য ও বিলাসপটু পুত্র কয়েক মাস মাত্র রাজত্ব করিলেন।

(৫) রিজিয়া, ১২৩৬-৩৯। তৎপরে আল্‌টামসের কন্যা রিজীয়াবেগম সিংহাসন আরোহণ করেন। রিজীয়া বিদ্যাবতী ও কার্য্যক্ষম ছিলেন, তিনি পুরুষের বেশ ধারণ করিয়া প্রত্যহ সিংহাসনে বসিতেন ও কখন২ বিচারকার্য্য সম্পাদন ও শাসনবিধি লিপিবদ্ধ করিতেন। কিন্তু অবশেষে একজন সামান্য কর্ম্মচারীর প্রতি অতিশয় অনুরাগ প্রকাশ করাতে সকলে বিরক্ত হইলেন, ও বাতিণ্ডাদুর্গপতি আল্‌টুনীয়া বিদ্রোহানল প্রজ্জ্বলিত করিলেন। রিজীয়া তাঁহার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন, কিন্তু পরাজিত হইয়া বন্দী হইলেন। কিছু দিন পরে আল্‌টুনীয়া বন্দী রিজীয়ার প্রণয়ে মুগ্ধ হইয়া তাঁহাকে বিবাহ করিলেন ও দুই জনে দিল্লীর সিংহাসন অধিকার করিবার চেষ্টা করিলেন। যুদ্ধে পরাস্ত হইয়া এবার উভয়ে বন্দী হইলেন ও ১২৩৯ খৃষ্টাব্দে নিহত হইলেন।

(৬,৭) বেহরাম, ১২৩৯-৪১; মসায়ুদ, ১২৪১-৪৬। রিজীয়ার পর আল্‌টামসের পুত্র বেহরাম ও রুকনুদ্দীনের পুত্র মসায়ুদ ক্রমান্বয়ে দুই বৎসর ও পাঁচ বৎসর রাজত্ব করেন। তাঁহারা দুই জনই অযোগ্য ছিলেন, এবং তাঁহাদিগের রাজ্যকালে মোগলেরা বার২ ভারতবর্ষ আক্রমণ করে।

(৮) নাসীরুদ্দীন, ১২৪৬-৬৬। আল্‌টামসের যে পুত্র বিহার ও বঙ্গদেশের শাসনকর্ত্তা হইয়াছিলেন, তাঁহার পুত্র নাসীরুদ্দীন মাহমুদ ১২৪৬ খৃষ্টাব্দে সিংহাসনে আরোহণ করিয়া বিংশ বৎসর রাজত্ব করেন। আল্‌টামসের একজন ক্রীতদাস গীয়াসুদ্দীন আপন বুদ্ধিবলে উন্নতি লাভ করিয়া আল্‌টামসের এক কন্যাকে বিবাহ করিয়াছিলেন; তিনি

নাসীরুদ্দীনের মন্ত্রিত্বপদে নিযুক্ত হইলেন। শান্তপ্রকৃতি নাসীরুদ্দীনের রাজ্যকালে কার্য্যক্ষম গীয়াসুদ্দীনই সর্ব্বেসর্ব্বা ছিলেন।

(ক) পশ্চিম হইতে মোগলদিগের আক্রমণ নিবারণার্থ গীয়াসুদ্দীন ভারতের পশ্চিম সীমায় সমস্ত ক্ষুদ্র২ প্রদেশ একত্রিত করিয়া নিজ আত্মীয় সেরখাঁকে তাহার শাসনকর্ত্তৃত্বপদে নিযুক্ত করিলেন, তথাকার জায়গীরদারদিগকে নিজ২ সৈন্য সংগ্রহ করিয়া প্রস্তুত রাখিতে বাধ্য করিলেন, এবং স্বয়ং সম্রাট্‌কে একবার পঞ্জাবে লইয়া গেলেন। সেরখাঁও নিজ কার্য্যের অনুপযুক্ত ছিলেন না; যত বার মোগলেরা আসিল, তত বার তাহাদিগকে পরাস্ত করিলেন, এবং অবশেষে মোগলনগরী গজনীও হস্তগত করিলেন।

(খ) হিন্দুস্থানের মধ্যে বিদ্রোহী প্রদেশগুলিও গীয়াসুদ্দীন বশীভূত করিলেন। প্রথমে দিল্লী হইতে বুন্দেলখন্দ পর্য্যন্ত সমস্ত প্রদেশের স্বাধীনতেচ্ছু হিন্দু রাজাদিগকে বশীভূত করিলেন; তৎপর দিল্লী হইতে চম্বালনদী পর্য্যন্ত মেওয়াট প্রদেশের পর্ব্বতবাসীগণকে বশ করিলেন। পর নারওয়ার ও চন্দেরী দুর্গ অধিকার করিলেন, ও মালব প্রদেশের বিদ্রোহ দমন করিলেন। তৎপর সিন্ধু ও মেওয়াট্ প্রদেশের বিদ্রোহ দমন করেন।

কথিত আছে নাসীরুদ্দীন তাপসের ন্যায় সরল ও বিলাসদ্বেষী ছিলেন। তাঁহার একমাত্র রাজ্ঞী ছিল, তদ্ভিন্ন নর্ত্তকী বা অন্য ললনা কেহ ছিল না। কথিত আছে তাঁহার রাজ্ঞী স্বহস্তে স্বামির জন্য খাদ্য প্রস্তুত করিতেন, একদা অগ্নিতে হস্ত দগ্ধ হওয়ায় একটী দাসী রাখিবার মানস প্রকাশ করিলেন। সম্রাট উত্তর করিলেন যে, দেশের ধন তিনি নিজের সুখের জন্য ব্যয় করিতে পারেন না।

(৯) বুলবন, ১২৬৬-৮৬। নাসীরুদ্দীনের মৃত্যুর পর

১২৬৬ খৃষ্টাব্দে তাঁহার মন্ত্রী ও পিতৃস্বসপতি গীয়াসুদ্দীন বুলবন্ আর বিংশ বৎসর রাজত্ব করেন। তিনি যুদ্ধপটু ও কার্য্যক্ষম ছিলেন কিন্তু অতিশয় নিষ্ঠুর ছিলেন।

(ক) যমুনা ও গঙ্গাতীরস্থ হিন্দু রাজাগণ পুনরায় স্বাধীনতা লাভের চেষ্টা করিলেন, ও মেওয়াট দেশের পার্ব্বতীয় লোকগণ পুনরায় বিদ্রোহানল প্রজ্জ্বলিত করিল। সম্রাট তাহাদিগের সকলকে জয় করিয়া বহুসংখ্যক লোকের প্রাণ হত্যা করেন।

(খ) বঙ্গদেশের মুসলমান তুগ্রল আপনাকে স্বাধীন রাজা বলিয়া প্রচার করায় গীয়াসুদ্দীন স্বয়ং রাজধানী সোণার গাঁ (আধুনিক ঢাকার নিকট) আসিয়া অতিশয় সাহস প্রকাশ করিয়া সমস্ত বঙ্গদেশ জয় করিলেন ও তুগ্রলকে নিহত করিলেন ও অসংখ্য লোককে হত্যা করিলেন।

(গ) তৎপরে মোগলেরা পুনরায় ভারতবর্ষ আক্রমণ করিলে, গীয়াসুদ্দীনের পুত্র তাহাদিগকে বার২ পরাস্ত করিলেন, কিন্তু অবশেষে একটী যুদ্ধে বিজয় লাভ করিয়া স্বয়ং নিহত হয়েন। সেই শোকে ও অতিশয় বার্দ্ধক্যবশতঃ গীয়াসুদ্দীন অশীতি বৎসর বয়ঃক্রমের সময় ১২৮৬ খৃষ্টাব্দে প্রাণত্যাগ করেন। ভারতবর্ষ ভিন্ন প্রায় সমস্ত মুসলমান রাজ্য এক্ষণে মোগলবশীভূত হইয়াছিল, এবং সেই দেশের রাজাগণ স্বদেশচ্যুত হইয়া গীয়াসুদ্দীনের রাজ সভায় আশ্রয় গ্রহণ করেন। গীয়াসুদ্দীনের রাজসভা বিদ্যালোচনা ও কবিত্বের জন্য প্রসিদ্ধ ছিল; কবি আমীর খসরুর নাম এতদূর বিস্তৃত হইয়াছিল যে, পারস্যের জগদ্বিখ্যাত কবি সেখ সাদী আমির খসরুর প্রশংসাসূচক একখানি পত্র গীয়াসুদ্দীনের নিকট প্রেরণ করেন।

(১০) কৈকোবাদ, ১২৮৬-৮৮। গীয়াসুদ্দীনের পুত্র বাকারা খাঁ বঙ্গদেশের শাসনকর্ত্তা থাকিতে ও তাহার পুত্র,

গীয়াসুদ্দীনের পৌত্র, কৈকোবাদ দিল্লীর সম্রাট হইলেন। এই অযোগ্য, বিলাসপটু সম্রাটকে বিলাসে মগ্ন রাখিয়া তাঁহার মন্ত্রী নিজামুদ্দীন ক্ষমতাপন্ন সমস্ত কর্ম্মচারী ও সভ্যসদকে হত্যা করিয়া বা নিজের বশীভূত করিয়া নিজে সমস্ত ক্ষমতা প্রাপ্ত হয়েন। পুত্রের অসচ্চরিত্র দেখিয়া বাকারা খাঁ অনেক সৈন্য লইয়া বঙ্গদেশ হইতে আগমন করেন; পিতার দর্শনে পুত্র অনুতাপ প্রকাশ করিলেন; কিন্তু পিতা বঙ্গদেশে চলিয়া গেলে পুনরায় আমোদে রত হইলেন। এইরূপ জঘন্য বিলাসে কৈকোবাদের শরীর দুর্ব্বল হইল, তখন অনুতাপাপন্ন হইয়া প্রথমে কুপরামর্শদাতা নিজামুদ্দীনকে হত্যা করিলেন, তাহার পর স্বয়ং হত হইলেন। তিনি দুই বৎসর মাত্র রাজত্ব করিয়াছিলেন; ও ১২৮৮ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হওয়ায় দাসবংশের রাজত্ব লোপ হইল, খিলজীবংশ দিল্লীর সাম্রাজ্য অধিকার করিল।

খিলজীবংশ। ১২৮৮—১৩২১ খৃঃ অব্দ। (১) জেলালুদ্দীন, ১২৮৮-৯৫। কেহ২ সন্দেহ করেন যে জেলালুদ্দীন খিলজী কৈকোবাদকে হত্যা করিয়াছিলেন। একথা প্রকৃতই হউক বা অপ্রকৃতই হউক, কিন্তু জেলালুদ্দীনের ন্যায় দয়ালু মুসলমান সম্রাট কখনও ভারতবর্ষ শাসন করেন নাই। তিনি শত্রুগণকে জয় করিয়া সসৈন্যে ছাড়িয়া দিতেন, একবার মোগল আক্রমণকারীগণকে পরাস্ত করিয়া, তাহাদিগকে নির্ব্বিঘ্নে ভারতবর্ষ হইতে বহির্গত হইতে দিলেন; এবং তাঁহার অধীনস্থ শাসনকর্ত্তাদিগকে এত অনুগ্রহ করিতেন যে, তাহারা যাহা ইচ্ছা তাহাই করিতে লাগিল, দেশের শাসনকার্য্য বিশৃঙ্খল হইল।

(ক) তাঁহার রাজ্যকালে ১২৯৪ খৃষ্টাব্দে তাঁহার ভ্রাতুষ্পুত্র আল্লাউদ্দীন খিলজী নর্ম্মদা ও বিন্ধ্যাচল পার হইয়া মহারাষ্ট্র দেশের রাজধানী দেবগিরি আক্রমণ করিয়া অধিকার

করিলেন। দাক্ষিণাত্যে এই মুসলমানদিগের প্রথম প্রবেশ। তথায় বিজয় লাভ করিয়া আল্লাউদ্দীন পুনরায় হিন্দুস্থানে প্রত্যাবর্ত্তন করিয়া ১২৯৫ খৃষ্টাব্দে বৃদ্ধ পিতৃব্যকে হত্যা করিয়া স্বয়ং সিংহাসনে আরোহণ করিলেন।

(২) আল্লাউদ্দীন, ১২৯৫-১৩১৬।

(ক) তিনি দিল্লীর অধীশ্বর হইয়া প্রথমে গুর্জ্জরদেশ জয়সাধন করিলেন, তথাকার স্বাধীন হিন্দুরাজা দেশত্যাগ করিয়া পলায়ন করিলেন। গুর্জ্জরদেশ এই অবধি মুসলমানদিগের অধিকারে রহিল।

(খ) ইহার কয়েক বৎসর পর একদল পরাক্রান্ত মোগল সৈন্য ভারতবর্ষ আক্রমণ করিয়া দিল্লী পর্য্যন্ত জয় করিল, কিন্তু আল্লাউদ্দীন তাহাদিগকে পরাস্ত করিয়া ভারতবর্ষ রক্ষা করিলেন। ইহার পরও মোগলেরা আল্লাউদ্দীনের রাজ্য কালেই বার২ ভারতবর্ষ আক্রমণ করিল, কিন্তু কিছু করিতে না পারিয়া শেষে ক্ষান্ত হইল।

(গ) সম্রাট্ প্রায় এক বৎসরের বহু পরিশ্রম ও যত্নের পর রিস্তাম্বর অধিকার করিলেন ও তথাকার হিন্দু রাজাকে সপরিবারে নিহত করিলেন, ও নগরের সমস্ত লোককে হত্যা করিলেন।

(ঘ) ১৩০৩ খৃষ্টাব্দে আল্লাউদ্দীন শিশোদীয় রাজপুতদিগের প্রসিদ্ধ নগর চিতোর আক্রমণ করেন। কথিত আছে তিনি চিতোর রাজ্ঞীর সৌন্দর্য্যবার্ত্তা শুনিয়া এই স্থান আক্রমণ করেন, ও চিতোর লইতে অক্ষম হইয়া কেবল দর্পণে রাজ্ঞীর ছায়ামাত্র দেখিয়া চলিয়া যাইবেন এইরূপ ইচ্ছা প্রকাশ করিলেন। চিতোর-রাজ সম্রাটকে দুর্গের ভিতর লইয়া যাইলেন এবং সম্রাট দর্পণে রাজ্ঞীর ছায়া দেখিয়া অধিকতর মুগ্ধ হইলেন। পর ভদ্রতাচরণহেতু রাজপুত রাজা যখন আল্লাউদ্দীনের শিবিরে সাক্ষাৎ করিতে আসিলেন, কপট

আল্লাউদ্দীন সন্ধিকথা লঙ্ঘন করিয়া তাঁহাকে বন্দী করিলেন, ও রাজ্ঞীকে না পাইলে রাজাকে ছাড়িয়া দিবেন না এইরূপ আদেশ করিয়া বন্দী রাজাকে লইয়া দিল্লী যাইলেন। রাজ্ঞী ও তাঁহার সহচরী আসিতেছেন রাজপুতগণ এইরূপ প্রচার করিল, এবং রাজপুত-রমণীর বেশে কয়েক শত রাজপুত সহসা কারাগার আক্রমণ করিয়া স্বীয় রাজাকে উদ্ধার করিয়া স্বদেশে লইয়া গেল। তাহার পর আল্লাউদ্দীন পুনরায় চিতোর আক্রমণ করিলেন ও সেই দুর্গ লইয়া ধ্বংস করিলেন ও মল্লদেব নামক একজন রাজপুতের হস্তে রাখিয়া গেলেন; কিন্তু মৃত রাজার পুত্র হামির অচিরে পৈতৃক দুর্গ ও স্বদেশের স্বাধীনতা উদ্ধার করিলেন।

(ঙ) এক্ষণে আল্লাউদ্দীন দাক্ষিণাত্য বিজয়ের সঙ্কল্প করিতে লাগিলেন। তাঁহার সেনাপতি মালিক কাফুর ১৩০৬ খৃষ্টাব্দে দাক্ষিণাত্যে যাইয়া দেবগিরির রাজা রামদেবকে বন্দী করিয়া আনিলেন; রামদেব দিল্লীতে আসিয়া সম্রাটের অধীনতা স্বীকার করিয়া স্বদেশ প্রত্যাবর্ত্তন করিলেন এবং তাহার পর আর বিদ্রোহাচরণ করেন নাই। তিন বৎসর পরে কাফুর তৈলঙ্গ পর্য্যন্ত যাইয়া তথায় হিন্দু রাজাকে যুদ্ধে পরাস্ত করিলেন, ও ওয়ারাঙ্গল দুর্গ কাড়িয়া লইলেন। রাজা দিল্লীর অধীনতা স্বীকার করিলেন ও বৎসর২ কর দিতে স্বীকৃত হইলেন। পর বৎসর (১৩১০ খৃঃ অব্দ) কাফুর কর্ণাট প্রদেশ আক্রমণ করিয়া তথাকার রাজধানীদ্বারসমুদ্র হস্তগত করিলেন ও বল্লালবংশীয় রাজাদিগের বিনাশসাধন করিলেন। পর ভারতবর্ষের অতি দক্ষিণে রামেশ্বর পর্য্যন্ত জয় করিয়া তথায় মুসলমান বিজয়চিহ্নস্বরূপ একটী মসজীদ নির্ম্মাণ করাইলেন। দুই বৎসর পর তিনি আর একবার দাক্ষিণাত্য আক্রমণ করিয়া সমস্ত মহারাষ্ট্র ও কর্ণাট অতিক্রম করিলেন, ও ঐ২ স্থানের রাজাদিগের নিকট কর সংগ্রহ

করিয়া আনিলেন। ইহার চারি বৎসর পর, ১৩১৬ খৃষ্টাব্দে আল্লাউদ্দীনের মৃত্যু হয়। গুর্জ্জরের পরাজিত রাজার স্ত্রী কমলা দেবীকে আল্লাউদ্দীন বিবাহ করিয়াছিলেন ও বেগমদিগের মধ্যে অতিশয় সম্মান করিতেন ও ভাল বাসিতেন। কমলাদেবীর অনুরোধে গুর্জ্জরের শাসনকর্ত্তা আল্প খাঁ কমলার কন্যা দেবলা দেবীকে অনেক অনুসন্ধানের পর এলোরার বিচিত্র গহ্বরে প্রাপ্ত হয়েন ও দিল্লীতে আনয়ন করেন; তথায় সম্রাটের জ্যেষ্ঠ পুত্র খিজর খাঁ তাঁহাকে বিবাহ করিলেন। এইরূপে কমলা দেবীর কন্যা মুসলমান সংসারে আসিয়া মাতার পুত্রবধূ হইলেন!

(৩) মুবারক, ১৩১৬-২১। আল্লাউদ্দীনের পুত্র মুবারক পাঁচ বৎসর রাজত্ব করেন। তাঁহার রাজত্বের প্রারম্ভেই কাফুর হত হয়েন; পরে আল্লাউদ্দীনের দুই পুত্রকে হত্যা করা হয়, পরে আল্লার কনিষ্ঠ পুত্রকে অন্ধ করিয়া বন্দীকরা হয়।

(ক) সম্রাট্ দাক্ষিণাত্যে প্রবেশ করিয়া স্বাধীনতেচ্ছু দেবগিরিরাজ হরপালকে বন্দী করিলেন ও অতি নৃশংসরূপে হত্যা করিলেন। রাজার জীবদ্দশায়ই তাঁহার শরীর হইতে চর্ম্ম ছিঁড়িয়া লওয়া হইল। এইরূপে মহারাষ্ট্রদেশ জয় করিয়া মুবারক দিল্লীতে প্রত্যাগমন করিলেন ও জঘন্য বিলাসে পুনরায় মগ্ন হইলেন।

(খ) সম্রাটের উজীর খসরু খাঁ (যিনি পূর্ব্বে হিন্দু ছিলেন) মালাবার প্রদেশ জয় করিলেন ও অচিরে সাম্রাজ্যের মধ্যে সর্ব্বেসর্ব্বা হইয়া উঠিলেন। তিনি অনেক পরাক্রান্ত লোককে হত্যা করিয়া আপনি সমস্ত ক্ষমতা প্রাপ্ত হইলেন, ও অবশেষে নৃশংস ও বিলাসপটু সম্রাটকে ১৩২১ খৃষ্টাব্দে হত্যা করিলেন, ও দেবলা দেবীকে নিজ প্রাসাদে লইয়া গেলেন ও নিজে সম্রাট হইবার উপক্রম করিলেন। কিন্তু অচিরে গীয়াসুদ্দীন টোগলক কর্ত্তৃক পরাস্ত ও নিহত হইলেন।

টোগলক বংশ। ১৩২১—১৪১৪ খৃঃ অব্দ। (১)

গীয়াসুদ্দীন, ১৩২১-২৫।

গীয়াসুদ্দীন টোগলক সম্রাট গীয়াসুদ্দীন বুলবনের এক দাসের পুত্র ছিলেন; টোগলকের মাতা একজন হিন্দু রমণা ছিলেন। গীয়াসুদ্দীন পরাক্রান্ত ও সচ্চরিত্র ছিলেন ও তাঁহার শাসনে সকলেই সন্তুষ্ট হইলেন।

(ক) তিনি পুত্র জুনা খাঁকে দাক্ষিণাত্য বিজয়ে প্রেরণ করিলেন। জুনা তৈলঙ্গ পর্য্যন্ত জয় করিলেন, কিন্তু তথায় ওয়ারাঙ্গল দুর্গ লইতে অক্ষম হইলেন ও হিন্দুদিগের দ্বারা পরাস্ত হইয়া পলায়ন করিলেন। পর বৎসর তিনি পুনরায় দাক্ষিণাত্যে যাইয়া বিদার জয় করিলেন, ও ওয়ারাঙ্গল অধিকার ও সমস্ত তৈলঙ্গ প্রদেশ জয় করিয়া তথাকার রাজাকে দিল্লীতে বন্দী করিয়া আনিলেন।

(খ) সম্রাট গীয়াসুদ্দীন স্বয়ং বঙ্গদেশে যাইলেন। তথায় সম্রাট কৈকোবাদের পিতা বাকারা খাঁ এখনও শাসনকর্ত্তা ছিলেন; টোগলক তাঁহার পিতার দাস পুত্র, সুতরাং তাঁহাকে যথোচিত সম্মান করিলেন। সোণার গাঁএ (আধুনিক ঢাকা) বিদ্রোহ দমন করিলেন ও দিল্লী প্রত্যাগমনের সময় মিথিলা দেশ জয় করিয়া তথাকার হিন্দু রাজাকে বন্দী করিয়া আনিলেন।

(২) মহম্মদ ১৩২৫-৫১। গীয়াসুদ্দীনের মৃত্যুর পর জুনা মহম্মদ টোগলক নাম ধারণ করিয়া দিল্লীর সম্রাট হইলেন। তিনি অতিশয় বিদ্বান ছিলেন, কিন্তু বুদ্ধিমান ছিলেন না; তাঁহার ন্যায় অস্থিরমতি, যথেচ্ছাচারী সম্রাট দিল্লীর সিংহাসনে কখনও আরোহণ করেন নাই। তাঁহার সময়ে মোগলেরা পুনরায় ভারতবর্ষে দেখা দিল।

(ক) মহম্মদের দুর্ব্বুদ্ধিঘটিত কার্য্যগুলি এক্ষণে আমরা বর্ণনা করিব। তিনি পারস্য বিজয়ের সঙ্কল্প করিয়া বহু

সংখ্যক সৈন্য জড় করিলেন; অনেক অর্থ ব্যয়ের পর সৈন্যগণ বেতনাভাবে চারিদিকে ছড়াইয়া পড়িল ও সমস্ত দেশ লুণ্ঠন করিতে লাগিল!

(খ) চীনদেশ জয় করিবার জন্য লক্ষ সৈন্য সংগৃহীত হইল ও হিমালয় পর্ব্বত অতিক্রম করিবার উপক্রম করিল। কিন্তু দুই দেশের সীমায় বহু সংখ্যক চীন সৈন্য দেখিয়া মুসলমান সৈন্য প্রত্যাগমন করিতে আরম্ভ করিল। পথে চীনদিগের আক্রমণে, পার্ব্বতীয় নিবাসীদিগের শত্রুতায়, খাদ্যের অভাবে, ও বৃষ্টি ও জলপ্লাবনে এরূপ কষ্ট পাইল যে একজন সৈন্যও ভারতবর্ষে ফিরিয়া আসিল না!

(গ) এই সমস্ত ব্যয়ে রাজভাণ্ডার শূন্য হওয়ায় টৌগলিক তাম্রের মুদ্রা করাইয়া তাহাকে রৌপ্যমুদ্রার মূল্যে চালাইবার চেষ্টা করিলেন। কেহ সে মুদ্রা সে মূল্যে লইল না; সম্রাট পূর্ব্বাপেক্ষা অধিক ক্ষতিগ্রস্ত ও দরিদ্র হইলেন!

(ঘ) শেষে প্রজাদিগের নিকট হইতে এরূপ কর লইতে লাগিলেন যে প্রজাগণ দেশত্যাগ করিয়া পলাইতে লাগিল। নগর শূন্য হইতে লাগিল, কৃষকগণ ক্ষেত্র ছাড়িয়া জঙ্গলে পলাইয়া দস্যুবৃত্তির দ্বারা প্রাণধারণ করিতে লাগিল। মহম্মদ বিরক্ত হইয়া এরূপ অত্যাচার করিতে লাগিলেন যে, জগতে বোধ হয় কোনও রাজা নিরপরাধী লোকের উপর সেরূপ অত্যাচার করেন নাই। একদা মৃগয়ার্থ বহু সৈন্য লইয়া বহিষ্কৃত হইয়া সেই সৈন্য দ্বারা প্রশস্ত প্রদেশ বেষ্টন করিলেন, পরে আদেশ করিলেন আমি মনুষ্য স্বীকার করিতে আসিয়াছি। সেই বেষ্টিত প্রদেশের মধ্যস্থ নির্দ্দোষী কৃষক ও পল্লীবাসী সকলে হত হইল। এইরূপ নৃশংস নরহত্যা অনেকবার হইয়াছিল, একবার কাণ্যকুব্জের সমস্ত নগরবাসী এই রূপে হত হয়! এই ভয়ানক অত্যাচারে দুর্ভিক্ষ আরম্ভ হইল, দেশের সে সময়ের ভয়ানক অবস্থা বর্ণনাতীত।

(ঙ) বিদ্রোহোন্মুখ দাক্ষিণাত্যের বশীকরণ জন্য মহম্মদ দেশের রাজধানী একবার দিল্লী হইতে দেবগিরিতে লইয়া যাইবার সঙ্কল্প করিলেন। তৎক্ষণাৎ দিল্লীর আবাল বৃদ্ধ বণিতা সকলকে দেবগিরিতে যাইবার আদেশ দিলেন, ও দেবগিরি নাম পরিবর্ত্তন করিয়া দৌলতাবাদ রাখিলেন। রাজাদেশে দিল্লী শূন্য হইল। নগরবাসীগণ দেবগিরিতে যাইলে পর পুনরায় দুই বার দিল্লীতে আসিবার অনুমতি প্রাপ্ত হয়, পুনরায় দুই বার দৌলতাবাদে যাইবার আদেশ হয়। এইরূপ অত্যাচারে বহু লোকের প্রাণ বিনাশ হয়।

(চ) এইরূপ ঘোর অত্যাচারী সম্রাটের বিরুদ্ধে চারিদিকে বিদ্রোহানল প্রজ্জ্বলিত হইতে লাগিল। ভারতবর্ষের এক অন্ত হইতে অন্য অন্ত পর্য্যন্ত বিদ্রোহপূর্ণ হইল, সে সকল বিদ্রোহের সংক্ষিপ্ত বর্ণনা সম্ভবে না, আমরা সেই বিদ্রোহের প্রধান২ ফল কয়েকটী উল্লেখ করিব। ১৩৪০ খৃঃ অব্দে বঙ্গদেশের মুসলমান বিদ্রোহী স্বাধীনতা লাভ করিলেন, এবং সেই অবধি বহুকাল পর্য্যন্ত বঙ্গদেশ দিল্লীর অধীনতা স্বীকার করে নাই।

(ছ) ১৩৪১ খৃষ্টাব্দে করোমণ্ডল প্রদেশে সৈয়দ হাসান এইরূপ স্বাধীনতা লাভ করিলেন।

(জ) কর্ণাটের হিন্দু রাজা স্বাধীনতা লাভ করিলেন। ১৩৪৪ খৃষ্টাব্দে কর্ণাটরাজ বিজয়নগরে নূতন রাজ্য স্থাপন করিলেন। স্বাধীনতার সঙ্গে২ যেন হিন্দুবিদ্যার নির্ব্বাপিত আলোক পুনরায় প্রদীপ্ত হইল; এই রাজার মন্ত্রী মাধবাচার্য্য (যাঁহার অন্য নাম সায়নাচার্য্য) বেদের যে টীকা করিয়াছেন, তাহা অদ্যাপি প্রসিদ্ধ আছে। বিজয়নগরের হিন্দু রাজ্য ইহার পর দুই শত বৎসরের অধিক কাল পর্য্যন্ত স্বাধীন ছিল।

(ঝ) তৈলঙ্গের হিন্দু রাজা স্বাধীনতা প্রাপ্ত হইলেন ও ওয়ারাঙ্গল নগর পুনরায় অধিকার করিলেন।

(ঞ) জফীরখাঁ বা হাসানগাঙ্গু মোগল সেনাপতি ইমাদ-উল্ মুল্ককে যুদ্ধে পরাস্ত করিয়া দৌলতাবাদে ১৩৪৭ খৃষ্টাব্দে স্বাধীন মুসলমান রাজ্য স্থাপন করিলেন। কথিত আছে জফীরখাঁ এক ব্রাহ্মণের ক্রীতদাস ছিলেন, ব্রাহ্মণ মুসলমান বালকের বুদ্ধি দেখিয়া তাহাকে স্বাধীন করিয়া দেন। পর জফীরখাঁ রাজা হইলে সেই ব্রাহ্মণকে আপন কোষাধ্যক্ষ করেন সেই জন্য জফীরের বংশ বাহমিনী (ব্রাহ্মণীর) বলিয়া খ্যাত।

ইহার চারি বৎসর পর মহম্মদ টোগলকের মৃত্যু হয়। ইহার প্রায় তিন শত বৎসর পর পর্য্যন্ত দিল্লীশ্বরগণ দাক্ষিণাত্য বিজয়ের কোনও চেষ্টা করেন নাই। ১৩৫১ খৃষ্টাব্দে মহম্মদের মৃত্যু হয়।

(৩) ফিরোজ, ১৩৫১-৮৯। মহম্মদের পর ফিরোজ টোগলক ৩৮ বৎসর রাজ্য শাসন করেন। তাঁহার সময়ে ভারতবর্ষ শান্তিলাভ করিল, ও খাল, পুষ্করণী চিকিৎসালয়, বিদ্যালয়, সাঁকো, সরাই প্রভৃতি অনেক হিতকর কার্য্য নির্ম্মাণ হইয়াছিল।

(৪, ৫, ৬) গীয়াসুদ্দীন, ১৩৮৯; আবুবেকর ১৩৮৯-৯০; নাসীরুদ্দীন ১৩৯০-৯৪। তৎপর দ্বিতীয় গীয়াসুদ্দীন পাঁচ মাস, আবুবেকর এক বৎসর, ও নাসীরুদ্দীন চারি বৎসর রাজত্ব করেন।

(৭) মাহমুদ, ১৩৯৪-১৪১৪। টোগলকবংশের শেষ রাজা মাহমুদ দিল্লীর সম্রাট হইয়া বিংশ বৎসর রাজত্ব করেন।

(ক) তাঁহার সময়ে মালব, খন্দেশ, ও গুর্জ্জর প্রদেশ স্বাধীন হইল, দিল্লীর সাম্রাজ্য কেবল দিল্লী ও চতুর্দ্দিকস্থ প্রদেশে বিস্তারিত রহিল। ফলতঃ ভারতবর্ষ ক্ষুদ্র২ হিন্দু ও মুসলমান রাজ্যে বিভক্ত হইল; প্রধান সম্রাট কেহ রহিল না।

(খ) ভারতবর্ষের এই অবস্থায় ১৩৯৮ খৃষ্টাব্দে প্রসিদ্ধ তৈমুরলঙ্গ এই দেশ আক্রমণ করিলেন। তিনি দেশধ্বংশ, নগরলুণ্ঠন ও নরহত্যা করিতে২ দিল্লী পর্য্যন্ত আসিলেন। সেই নগর অধিকার হইলে পাঁচ দিন পর্য্যন্ত লুণ্ঠন ও হত্যাকাণ্ড চলিতে লাগিল; শেষে তৈমুর অসংখ্য অর্থ লইয়া ভারতবর্ষ হইতে বহিষ্কৃত হইলেন। তৈমুর প্রায় সমস্ত আসিয়া এই-রূপে জয় করেন, জেঙ্গিসের সময় হইতে এরূপ মনুষ্য জাতির শত্রু জগতে জন্মগ্রহণ করে নাই।

সৈয়দবংশ। ১৪১৪—১৪৫০ খৃঃ অব্দ। (১, ২, ৩, ৪) এই বংশের খিজীরখাঁ ৭ বৎসর, মুবারক ১৪ বৎসর, মহম্মদ ৯ বৎসর, ও আল্লাউদ্দীন ৬ বৎসর দিল্লীর সম্রাট হইয়া রাজত্ব করেন। কিন্তু তাঁহারা নাম মাত্র সম্রাট। দিল্লী ভিন্ন অন্য স্থানে তাঁহাদিগকে কেহ মানিত না।

লোদীবংশ। ১৪৫০—১৫২৬ খৃঃ অব্দ। (১) বেহলুল ১৪৫০-৮৮। ইনি নিজ পরাক্রমে দিল্লীর অধিকার পুনরায় বিস্তার করেন।

(ক) তিনি পূর্ব্বেই সমস্ত পঞ্জাব অধিকার করিয়াছিলেন; এক্ষণে ২৬ বৎসরের যুদ্ধের পর জোয়নপুর অধিকার করিলেন ও তদ্ভিন্ন অন্যান্য বিজয়লাভ করেন। তাঁহার মৃত্যুর পূর্ব্বেই দিল্লীর সাম্রাজ্য হিমালয় হইতে যমুনা পর্য্যন্ত ও বারাণসী হইতে পঞ্জাব পর্য্যন্ত বিস্তৃত হইয়াছিল।

(২) সেকন্দর, ১৪৮৮-১৫১৬। তিনি বিদ্বান ও ন্যায়-পরায়ণ ছিলেন, কিন্তু অতিশয় মুসলমানধর্ম্মাশক্ত ও হিন্দু-বিদ্বেষী ছিলেন।

(ক) তিনি বিহার প্রদেশ জয় করিয়া দিল্লীর অধীনে আনেন।

(৩) ইব্রাহিম ১৫১৬-১৫২৬। ইনি লোদী বংশের শেষ সম্রাট্।

(ক) ১৫২৬ খৃষ্টাব্দে তৈমুরবংশোদ্ভব কাবুলাধিপতি বাবর ভারতবর্ষ আক্রমণ করিলেন ও পাণিপথের যুদ্ধে ইব্রাহিমকে হত করিয়া দিল্লীর সাম্রাজ্য কাড়িয়া লইলেন। পাঠানসাম্রাজ্য তিন শত বিংশ বৎসরের পর বিলুপ্ত হইল, মোগলসাম্রাজ্য আরম্ভ হইল।

নবম পরিচ্ছেদ।

পাঠানশাসনের সময়ে ভারতবাসীদিগের অবস্থা।

১২০৬ খৃষ্টাব্দ হইতে ১৫২৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

পূর্ব্ব পরিচ্ছেদে আমরা পাঠান সম্রাটদিগের কার্য্যপরম্পরায়, যুদ্ধ, বিজয় ও পরাজয় সমালোচনা করিয়াছি। এই পরিচ্ছেদে আমরা ঐ সময়ের প্রজাদিগের অবস্থা সমালোচনা করিব। সম্রাটদিগের কার্য্যপরম্পরায় প্রকৃত ইতিহাস নহে, প্রজাদিগের অবস্থাই প্রকৃত ইতিহাস; অতএব আমরা অপেক্ষাকৃত অধিক মনোনিবেশ পূর্ব্বক প্রজাদিগের অবস্থা বিশেষ রূপে জ্ঞাত হইবার চেষ্টা করিব।

উত্তরপশ্চিম ভারতবর্ষ। পশ্চিমে সিন্ধুনদীতীর হইতে পূর্ব্বে বারাণসী পর্য্যন্ত ও উত্তরে হিমালয় হইতে দক্ষিণে যমুনানদী পর্য্যন্ত প্রশস্ত, উর্ব্বরা, ও গঙ্গা, যমুনা ও সিন্ধুতীরবর্ত্তী সুন্দর প্রদেশখণ্ড দিল্লীর অধীন বলিয়া বর্ণিত হইতে পারে। কেননা যদিও এই প্রদেশের মধ্যে স্থানে২ হিন্দু রাজা বা মুসলমান সুলতানগণ দিল্লীশ্বরের হীনাবস্থার সময় বিদ্রোহাচরণ করিয়া সময়ে২ স্বাধীনতা লাভ করিতেন, তথাপি সে স্বাধীনতা অতিশয় ক্ষণস্থায়ী মাত্র; পরাক্রান্ত এক জন সম্রাট দিল্লীর সিংহাসনে আরোহণ করিলে সে স্বাধীনতা লোপ করিতেন। পক্ষান্তরে দিল্লীর সম্রাট অতিশয় পরাক্রান্ত হইলে উপরি উক্ত সীমা অতিক্রম করিয়া দিল্লীর আধিপত্য

বিস্তার করিতেন বটে, কিন্তু সে বিস্তৃতিও ক্ষণস্থায়ী মাত্র; পুনরায় অচিরে লোপপ্রাপ্ত হইত। অতএব সিন্ধু হইতে বারাণসী পর্য্যন্ত ও হিমালয় হইতে যমুনা পর্য্যন্ত প্রদেশখণ্ড পাঠান দিল্লীশ্বরদিগের অধীন প্রদেশ বলিয়া বর্ণিত হইতে পারে।

এই বিস্তীর্ণ প্রদেশখণ্ডে দিল্লীশ্বরদিগের রাজ্যপ্রণালী ও প্রজাদিগের অবস্থা আমাদিগের জানা আবশ্যক। পাঠান দিল্লীশ্বরগণ রাজসভায় বসিয়া প্রজাদিগের নিকট হইতে দরখাস্ত গ্রহণ করিতেন ও বিচারকার্য্য সম্পাদন করিতেন। যদিও এরূপে প্রজাদিগকে দর্শন দিয়া তাহাদিগের অনুরাগভাজন হইতেন বটে, তথাপি তাঁহারা স্বয়ং অধিক কার্য্য নির্ব্বাহ করিতেন তাহা সম্ভব নহে। দিল্লী ও তাহার চতুর্দ্দিকস্থ প্রদেশের বিচারকার্য্য প্রায় সমস্তই কাজীগণ ও অন্যান্য রাজকর্ম্মচারীগণ নির্ব্বাহ করিতেন; দূরের প্রদেশে সেই সেই প্রদেশের শাসনকর্ত্তাগণই সমস্ত কার্য্য সম্পাদন করিতেন। তাঁহারাই প্রজাদিগের নিকট হইতে কর আদায় করিতেন, তাঁহারাই বিচার করিতেন, তাঁহারাই যুদ্ধের সময় সৈন্য সংগ্রহ করিয়া সম্রাটের সহায়তা বা বিদ্রোহাচরণ করিতেন। ফলতঃ পাঞ্জাবের ন্যায় দূর প্রদেশের শাসনকর্ত্তাগণই প্রকৃতপক্ষে সেই২ প্রদেশের রাজা ছিলেন; কেবল সম্রাটকে কর পাঠাইয়া দিতেন মাত্র।

এই সমস্ত শাসনকর্ত্তাদিগের অধীনে অন্যান্য কর্ম্মচারী নিযুক্ত থাকিত। তাহাদেরও কর আদায় করা ও যুদ্ধের সময় শাসনকর্ত্তাদিগের সহায়তা করা কার্য্য ছিল। শাসনকর্ত্তাগণ হিন্দুগণকে অবিশ্বাস করিতেন না; কর আদায় কার্য্য হিন্দুদিগের দ্বারাই নির্ব্বাহ হইত, এবং প্রায় সমস্ত প্রদেশেই শাসনকর্ত্তাদিগের অধীনে হিন্দু রাজাগণ পৈতৃক ভূমিতে শাসন করিত ও কর সংগ্রহ করিত। যত দিন তাহারা শাসনকর্ত্তা-

দিগকে নিয়মিত কর দান করিত ও যুদ্ধের সময় সহায়তা করিত, তত দিন তাহাদিগের উপর কেহ হস্তক্ষেপ করিত না।

সম্রাট্, শাসনকর্ত্তা ও রাজপুরুষগণ যে সর্ব্বদাই স্বেচ্ছাচারী ছিলেন, এবং সময়ে২ প্রজাদিগের উপর অতিশয় অত্যাচার ও উপদ্রব করিতেন তাহার সন্দেহ নাই। রাজপুরুষদিগের স্বেচ্ছাচারিতা ভারতবর্ষ ও জগতের সমস্ত উষ্ণদেশের চিরন্তন প্রথা; তথাপি ভারতবাসীগণ এরূপ অত্যাচার সহ্য করিলেও তাহাদিগের অবস্থা নিতান্ত মন্দ ছিল এরূপ বোধ হয় না। শান্ত কৃষক ও পল্লিবাসীগণ ভারতবর্ষের চিরপ্রথা অনুসারে নিজ২ গ্রামের কার্য্য নিজে২ নির্ব্বাহ করিত। তাহাদিগের বিবাদ ও বিরোধ তাহাদিগের গ্রাম্য মণ্ডলেরা নিষ্পত্তি করিয়া দিত; তাহাদিগের আবশ্যকীয় শস্য বা অন্য খাদ্য দ্রব্য, বস্ত্র বা উপকরণ দ্রব্য তাহারা আপনারা প্রস্তুত করিত; তাহাদিগের কুটীরে বাস করিয়া তাহারা পৈতৃক ভূমি চাষ করিত; ও রাজার কর একত্র করিয়া মণ্ডলের হস্তে রাজকর্ম্মচারীদিগের নিকট পাঠাইয়া দিত। রাজাদিগের সহিত তাহাদিগের সম্বন্ধ ছিল না। যখন যিনি সম্রাট বা সুল্‌তান হইতেন, তখন তিনি কর আদায় করিতেন; বিদ্রোহে বা যুদ্ধে তাহারা ব্যতিব্যস্ত না হইয়া পৈতৃক শান্ত ব্যবসায়দ্বারা জীবন যাপন করিত। প্রকৃতপক্ষে এক২টী গ্রামকে এক২টী ক্ষুদ্র কৃষকরাজ্য বলিলে অত্যুক্তি হয় না। যুদ্ধের পর যুদ্ধে হিন্দুস্থান ও দাক্ষিণাত্য ব্যতিব্যস্ত হইয়াছে, বংশের পর বংশ বিনষ্ট হইয়াছে; কিন্তু এই সুন্দর ক্ষুদ্র রাজ্যগুলি বিনষ্ট হয় নাই। দেশের যুদ্ধের সময় গ্রামবাসীগণ আপন২ গ্রাম প্রাচীরদ্বারা বেষ্টন করে। বিনাশক সৈন্য যখন দেশ দিয়া চলিয়া যায়, গ্রামবাসীগণ সাবধানে গোমেষাদি সেই প্রাচীরের ভিতর আনিয়া নিরাপদে রাখে এবং সৈন্যকে বিরক্ত করে না; সৈন্য চলিয়া যাইলে আপনাদিগের শান্ত ব্যবসায় পুনরায় আরম্ভ

করে। যদি কখন শত্রু বা সৈন্য আসিয়া তাহাদিগের গ্রাম ধ্বংশ করে, গ্রামবাসীগণ পরিবার ও গোমেষাদি লইয়া নিকটস্থ গ্রামে পলাইয়া যায় ও লুকাইয়া থাকে; লুঠন ও অত্যাচারকাণ্ড যখন শেষ হয়, শত্রু বা সৈন্য যখন চলিয়া যায়, তখন পুনরায় আপন গ্রামে আসিয়া নিশ্চিন্তে পৈতৃক ব্যবসায় আরম্ভ করে। দশ কি বিংশ বৎসর পর্য্যন্ত যদি যুদ্ধ বা অত্যাচার বশতঃ গ্রাম পরিত্যক্ত হইয়া থাকে, সে সময় অতিবাহিত হইলে পুনরায় গ্রামের লোক বা তাহাদিগের সন্ততিগণ আসিয়া নিজ২ ব্যবসায় আরম্ভ করে। এইরূপে পাঠান সম্রাট ও শাসনকর্ত্তাদিগের অসংখ্য যুদ্ধ ও অনন্ত অত্যাচার সত্বেও কৃষকরাজ্য স্বরূপ ক্ষুদ্র২ অসংখ্য গ্রামগুলি ধ্বংশপ্রাপ্ত হয় নাই, গ্রামবাসীগণ সকল বিপদ হইতে নিস্তার পাইয়া পৈতৃক ব্যবসায় অবলম্বন করিয়া নিজের ও সাম্রাজ্যের অভাব যোগাইত।

এইরূপ কারণ বশতঃ নগরগুলির অবস্থাও নিতান্ত মন্দ ছিল না। অনন্ত যুদ্ধে অনেক সৈন্যের প্রাণ বিনাশ হইত, কিন্তু কদাচ নগর ধ্বংশ হইত। নগরে শাসনকর্ত্তাগণ বা তাহাদিগের কর্ম্মচারীগণ বাস করিত; হিন্দু ধনাঢ্যগণ আপনাপন দেবালয় প্রস্তুত করিত ও দেবপূজার ব্যয় নির্ব্বাহ করিত; মুসলমান ধনাঢ্যগণ মসজীদ নির্ম্মাণ করাইয়া তাহার অবশ্যকীয় ব্যয়ের জন্য অর্থ রাখিয়া যাইত, রাজ্যের ধন সে বিষয়ে প্রায় ব্যয় হইত না। নগরে বণিক ও ব্যবসায়ীগণ বাস করিত ও আপনাপন বাণিজ্য কর্ম্ম করিত। কাজী বিচার করিত, ও প্রধান২ নগরীগুলিতে সম্রাট বা শাসনকর্ত্তাদিগের সৈন্যও বাস করিত। ভারতবর্ষে অনেক সংখ্যক অতি সুন্দর ও সমৃদ্ধিশালী নগরী ছিল ও বাণিজ্যের বিস্তর ঘটা ছিল, তাহা পঞ্চদশ শতাব্দির ভ্রমণকারী কণ্টী ও ষোড়ষ শতাব্দির ভ্রমণকারী বার্বোসা ও বার্টেমা দেখিয়া গিয়াছেন ও মুক্তকণ্ঠে

স্বীকার করিয়া গিয়াছেন। সুতরাং পাঠান সম্রাটদিগের অনন্ত যুদ্ধ ও হত্যাকাণ্ডের বিষয় পাঠ করিলে দেশের যেরূপ ভয়ানক অবস্থা অনুমান হয়, বাস্তবিক সেরূপ ভয়ানক অবস্থা ছিল না। যুদ্ধে কেবল সৈন্যের বিনাশ হয়, হত্যাকাণ্ডে কেবল প্রাসাদবাসীগণ বা প্রধান২ আমীর ও ওমরাগণ লিপ্ত থাকিত; তাহাদিগের কার্য্যই সমস্ত ইতিহাস বলিয়া আমাদিগের সর্ব্বদা ভ্রম হয়। কিন্তু প্রকৃত ইতিহাস পাঠ করিলে, অর্থাৎ প্রজাদিগের অবস্থা সম্যক সমালোচনা করিলে ও তাৎকালিক ভ্রমণকারীদিগের পুস্তক অধ্যয়ন করিলে বোধ হয় যে সে অবস্থা নিতান্ত মন্দ ছিল না। পল্লিবাসীগণ চারিদিকে উপদ্রবের মধ্যেও কতকটা নিশ্চিন্ততা ভোগ করিয়া নিজ২ পৈতৃক কার্য্য করিত, নগর সকল সর্ব্বদা অত্যাচারপীড়িত হইলেও সুন্দর, সমৃদ্ধিশালী ও বাণিজ্যপূর্ণ ছিল; ভারতবাসীগণের অবস্থা নিতান্ত মন্দ ছিল না।

তথাপি স্বাধীনতার সঙ্গে২ হিন্দুদিগের মানসিক ক্ষমতা অন্তর্হিত হইয়াছিল। পাঠান রাজাদিগের অধীনে হিন্দুগণ শাসনকার্য্য, কর আদায় কার্য্য ও বাণিজ্যের অনেকটা ভাগ পাইত বটে, যুদ্ধেও তাহারা সর্ব্বদা লিপ্ত থাকিত ও তাহাদিগের সামাজিক ও রাজকীয় অবস্থা মন্দ ছিল না বটে, তথাপি হিন্দুগণ পাঠানদিগের অধীন; সেই জন্য মানসিক বল, উদ্ভাবনক্ষমতা, স্বাধীনচিন্তাশক্তি, সুন্দর কল্পনাশক্তি এ সমস্ত বিলুপ্ত হইয়াছিল।

দাক্ষিণাত্য। অতি প্রাচীন কাল হইতে দাক্ষিণাত্যে দ্রাবীড়, কর্ণাট, তৈলঙ্গ, ও মহারাষ্ট্র এই চারিটী প্রধান স্বাধীন প্রদেশ ছিল। এই চারিটী প্রদেশের মধ্যে ক্ষুদ্র২ অনেকগুলি রাজ্য ছিল। আধুনিক মান্দ্রাজের দক্ষিণে ভারতবর্ষের যে অংশ, সেইটী দ্রাবীড় প্রদেশ ছিল ও সেই প্রদেশে অনার্য্য তামিল ভাষা পূর্ব্ব হইতে এক্ষণ পর্য্যন্ত প্রচলিত আছে।

আধুনিক ত্রাবাঙ্কোর ও কার্ণাটীক প্রাচীন দ্রাবীড়ের অন্তর্গত। দ্রাবীড়ের উত্তরে তৈলঙ্গ ও কর্ণাট এই দুইটী প্রদেশ; তৈলঙ্গ পূর্ব্বদিকে অর্থাৎ বঙ্গ সাগরের উপকূলে এবং কর্ণাট পশ্চীমদিকে অর্থাৎ আরব সাগরের উপকূলে। তৈলঙ্গে তৈলঙ্গী বা তেলেগু নামক অনার্য্য ভাষা এখনও প্রচলিত আছে, কর্ণাটে কর্ণাটী বা কানারীস ভাষা প্রচলিত আছে। আধুনিক মহীশূর প্রদেশ প্রাচীন কর্ণাটের অন্তর্গত ছিল, ও আধুনিক নিজামের রাজ্য তৈলঙ্গের অন্তর্গত। কর্ণাটের উত্তরে পরাক্রান্ত মহারাষ্ট্র দেশ, তাহাতে মহারাষ্ট্রীয় নামক সংস্কৃতমূলক ভাষা প্রচলিত আছে। অতি দক্ষিণে তামিল ও তেলেগু নামক অনার্য্য ভাষা প্রচলিত থাকিবার কারণ বোধ হয় এই যে, তত দক্ষিণে বহু সংখ্যক আর্য্য যাইয়া উপনিবেশ করে নাই; সুতরাং দ্রাবীড় ও তৈলঙ্গের রাজসভায় সংস্কৃতের আলোচনা হইলেও সামান্য লোক পূর্ব্বমত আপন ভাষায় কথা কহিত, এবং আদিম ভাষা কখনই সংস্কৃত কর্তৃক তিরোহিত হয় নাই। ১২৯৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত মহারাষ্ট্র, কর্ণাট, তৈলঙ্গ ও দ্রাবিড়ের হিন্দুগণ স্বাধীন ছিল।

১২৯৪ হইতে ১৩৪৪ খৃঃ অব্দ পর্য্যন্ত অর্দ্ধ শতাব্দি কাল দাক্ষিণাত্যের হিন্দুগণ স্বাধীনতার জন্য দিল্লীশ্বর মুসলমানদিগের বিরুদ্ধে ক্রমাগত যুদ্ধ করিয়াছিল। এই কালের মধ্যে প্রথমে আল্লাউদ্দীন মহারাষ্ট্র প্রদেশ (১২৯৪), তৎপর তাঁহার সেনাপতি কাফুর মহারাষ্ট্র, তৈলঙ্গ, কর্ণাট ও দ্রাবীড় প্রদেশ (১৩০৬-১৩১২), তৎপর মুবারক মহারাষ্ট্র প্রদেশ (১৩১৮), তৎপর গীয়াসুদ্দীন টোগলকের পুত্র জুনা তৈলঙ্গ প্রদেশ (১৩২৩), ও তৎপর সেই জুনা সম্রাট হইয়া মহম্মদ টোগলক নাম ধারণ করিয়া সমস্ত দাক্ষিণাত্য আক্রমণ করেন। হিন্দু রাজাগণ বার২ পরাস্ত ও বন্দী হইয়াও একেবারে স্বাধীনতা হারান নাই। ১৩৪৪ খৃষ্টাব্দে বহু যুদ্ধের পর তৈলঙ্গের হিন্দু

রাজ্য সম্পূর্ণ স্বাধীনতা লাভ করিল,ও কর্ণাট ও দ্রাবীড় ব্যাপিয়া বিজয়নগর নামক একটী নূতন পরাক্রান্ত হিন্দু রাজ্য স্থাপিত হইল। কিন্তু চতুর্থ প্রদেশটী, মহারাষ্ট্র দেশ আর স্বাধীন হইল না। পঞ্চাশৎ বৎসরের যুদ্ধে তথাকার হিন্দুগণ হীনবল হইয়াছিল, অনেক মুসলমানও সেই প্রদেশে আসিয়াছিল ; এক্ষণে সেই মুসলমানগণ তথায় একটী স্বাধীন রাজ্য স্থাপন করিল ; বাহমিনী বংশের প্রথম রাজা হাসানগাঙ্গু মহারাষ্ট্র প্রদেশে স্বাধীন মুসলমানরাজ্য স্থাপন করিলেন, (১৩৪৭) ও দৌলতাবাদে রাজধানী স্থাপন করিলেন। মহারাষ্ট্র দেশে হিন্দুস্বাধীনতা বিলুপ্ত হইল। অতএব চতুর্দ্দশ শতাব্দির মধ্য সময়ে দাক্ষিণাত্যে তৈলঙ্গ ও বিজয়নগর এই দুইটী স্বাধীন হিন্দু রাজ্য ও দৌলতাবাদে একটী স্বাধীন মুসলমান রাজ্য সংস্থাপিত হইল। ইহার পর প্রায় তিন শত বৎসর দিল্লীশ্বরগণ দাক্ষিণাত্য জয় করিবার চেষ্টা করেন নাই।

কিন্তু এই বিপদ হইতে নিস্তার পাইলেও দক্ষিণে হিন্দু সাম্রাজ্য বিপদশূন্য ছিল না। দাক্ষিণাত্যের হিন্দুগণ গৃহের মধ্যে দৌলতাবাদস্বরূপ মুসলমান রাজ্যকে স্থান দিয়াছিলেন, সেই দৌলতাবাদ রাজ্য দিন২ বাড়িতে লাগিল। তৈলঙ্গরাজ্য ধ্বংশপ্রাপ্ত হইল, ও ১৪২১ খৃষ্টাব্দে তৈলঙ্গের রাজধানী ওয়ারাঙ্গল দৌলতাবাদের অধীন হইল ; ও বিজয় নগরের অনেক অংশও ক্রমে দৌলতাবাদের অধিকৃত হইল। অতএব পঞ্চদশ খৃষ্টাব্দের শেষ ভাগে দাক্ষিণাত্যে পরাক্রান্ত মুসলমান রাজ্য দৌলতাবাদ ও হীনবল হিন্দুরাজ্য বিজয়নগর এই দুইটী মাত্র রাজ্য ছিল।

কালক্রমে দৌলতাবাদ রাজ্য হইতে আহমদ নগর, বিজয়পুর ও গলখন্দ এই তিনটী স্বাধীন মুসলমান রাজ্য উৎপন্ন হইল, ও ১৫২৬ খৃষ্টাব্দে দৌলতাবাদ রাজ্য বিলুপ্ত হইল। অতএব এই বৎসরে, অর্থাৎ যে বৎসর বাবর দিল্লী জয় করি-

লেন, সে বৎসরে, দাক্ষিণাত্যে বিজয়পুর, গলখন্দ ও আহমদ নগর এই তিনটী মুসলমান রাজ্য ও বিজয়নগর নামক একটী হিন্দুরাজ্য ছিল।

ইহার ৩৮ বৎসর পরে অর্থাৎ ১৫৬৪ খৃষ্টাব্দে মুসলমানগণ একত্র হইয়া টেলিকোটার যুদ্ধে বিজয়নগরের সৈন্য পরাস্ত করিয়া সেই অবশিষ্ট হিন্দুরাজ্যের লোপ সাধন করিল। তথাপি বিজয়নগরের অন্তর্গত কর্ণাট ও দ্রাবীড় প্রদেশ জয় করিল না ; সেইং দেশে ক্ষুদ্রং হিন্দু রাজা বা পলীগারগণ শাসন করিতে লাগিলেন ; তাঁহারা নামে বিজয়পুর ও গলখন্দের অধীনতা স্বীকার করিতেন। অতএব ষোড়ষ শতাব্দির শেষে দাক্ষিণাত্যে বিজয়পুর, গলখন্দ ও আহমদনগর এই তিনটী স্বাধীন মুসলমান প্রদেশ ছিল ; কর্ণাট ও দ্রাবীড়ের হিন্দুরাজগণ উক্ত মুসলমানদিগের অধীনতা স্বীকার করিতেন।

ত্রয়োদশ শতাব্দির শেষভাগে দাক্ষিণাত্যে মুসলমান রাজ্য ছিল না ; মহারাষ্ট্র, কর্ণাট, তৈলঙ্গ ও দ্রাবীড় এই চারিটী প্রধান হিন্দু প্রদেশ ছিল। তিন শত বৎসর পরে অর্থাৎ ষোড়ষ শতাব্দির শেষভাগে দাক্ষিণাত্যে হিন্দু রাজ্য ছিল না ; আহমদনগর, বিজয়পুর ও গলখন্দ এই তিনটী মুসলমান রাজ্য ছিল। কর্ণাট ও দ্রাবীড়ের ক্ষুদ্রং হিন্দু রাজা ও পলীগারগণ নামে এই মুসলমানদিগের অধীনতা স্বীকার করিতেন। কিরূপে তিন শত বৎসরের মধ্যে ক্রমে মুসলমান ক্ষমতা বিস্তৃত হইয়া হিন্দু ক্ষমতা লোপ করিল, তাহা পূর্ব্বে সংক্ষেপে বর্ণিত হইল, এবং সেটী বিশেষরূপে স্মরণ রাখা কর্ত্তব্য। ফলতঃ ঐ তিন শত বৎসরের মধ্যে পাঁচটী নির্দ্ধারিত সময়ে দাক্ষিণাত্যের পাঁচ রূপ অবস্থা স্মরণ রাখিলেই মুসলমান ক্ষমতা বিস্তারের সমস্ত ইতিহাস স্মরণ থাকিবে। পাঠকদিগের সুবিধার জন্য সেই পাঁচ রূপ অবস্থা নিম্নে ক্রমান্বয়ে দর্শিত হইল।

১২৯৪ খৃষ্টাব্দের পূর্ব্বে	মহারাষ্ট্র, তৈলঙ্গ, কর্ণাট ও দ্রাবীড় এই চারিটী প্রধান হিন্দু প্রদেশ। মুসলমান রাজ্য নাই।
১৩৪৭ খৃষ্টাব্দের পর	দৌলতাবাদের মুসলমান রাজ্য ও তৈলঙ্গ ও বিজয়নগরের হিন্দু রাজ্য।
১৪২১ খৃষ্টাব্দের পর	দৌলতাবাদের মুসলমান রাজ্য ও বিজয়নগরের হিন্দু রাজ্য।
১৫২৬ খৃষ্টাব্দের পর	আহমদ নগর, বিজয়পুর ও গলখন্দের মুসলমান রাজ্য ও বিজয়নগরের হিন্দু রাজ্য।
১৫৬৪ খৃষ্টাব্দের পর	আহমদ নগর বিজয়পুর ও গলখন্দের মুসলমান রাজ্য। হিন্দু রাজ্য নাই;—কর্ণাট ও দ্রাবীড়ের ক্ষুদ্র২ হিন্দু রাজা ও পলীগারগণও বিজয়পুর ও গলখন্দের অধীনতা স্বীকার করিত।

পৌরাণিক সময়ে ভারতবর্ষের হিন্দু রাজ্য সমূহের পূর্ব্বে যেরূপ অবস্থা বর্ণিত হইয়াছে, মুসলমান আক্রমণের পূর্ব্বে মহারাষ্ট্র ও তৈলঙ্গ, কর্ণাট ও দ্রাবীড় এই চারিটী প্রদেশের অন্তর্গত ক্ষুদ্র২ হিন্দু রাজ্য সমূহে সেইরূপ অবস্থা ছিল তাহার সন্দেহ নাই। সেই রাজ্য সমূহের মধ্যে দ্রাবীড়ের অন্তর্গত মধুরা নগরে পাণ্ড্যরাজ্য ও কাঞ্চী নগরে চোলরাজ্য ও আরব সমুদ্রকুলে চের ও কেরল রাজ্য প্রসিদ্ধ ছিল। তদ্ভিন্ন তৈলঙ্গের অন্তর্গত অন্ধ্ররাজ্য ও পূর্ব্বে কলিঙ্গ রাজ্যও প্রসিদ্ধ ছিল। রাজসভায় সংস্কৃত আলোচনা হইত, এবং ব্রাহ্মণেরা বিচারকার্য্য, মন্ত্রিত্ব কার্য্য ও অন্যান্য কার্য্য সম্পাদন করিত। রাজ-

কর্ম্মচারীগণ, সৈন্যাধ্যক্ষগণ ও গ্রামের শাসনকর্ত্তাগণ বেতন স্বরূপ অর্থ অথবা জায়গীর ভোগ করিতেন। ক্ষেত্রবেষ্টিত সুন্দর পল্লিতে শান্ত কৃষকগণ শস্য উৎপাদন করিত ও ষষ্ঠাংশ বা তদপেক্ষা অল্প অংশ রাজকোষে বা নিজ২ জায়গীরদারকে দান করিত।

১৩৪৪ খৃষ্টাব্দে বিজয়নগরের নূতন রাজ্য স্থাপনের সঙ্গে২ যেন সহসা হিন্দু-বল একবার উৎকর্ষ লাভ করিল। কথিত আছে রাজপুত্র বুক্করায় ও হরিহর প্রসিদ্ধ মাধবাচার্য্যের সহায়তায় এই রাজ্য সংস্থাপন করেন। এই রাজ্য কৃষ্ণানদী হইতে দক্ষিণে সমুদ্র পর্য্যন্ত বিস্তৃত ছিল, এবং সমৃদ্ধি ও পরাক্রমে বোধ হয় দিল্লী ভিন্ন ভারতবর্ষের মধ্যে অন্য কোনও রাজ্য অপেক্ষা ন্যূন ছিল না। নূতন হিন্দুরাজ্য স্থাপনের সঙ্গে২ হিন্দুশাস্ত্রালোচনা পুনরায় বল লাভ করিল এবং প্রসিদ্ধ মাধবাচার্য্য বা সায়নাচার্য্য বেদের টীকা করিয়া ও দর্শন, ব্যাকরণ প্রভৃতি নানা শাস্ত্রে পুস্তক রচনা করিয়া অনন্ত কীর্ত্তি লাভ করিয়াছেন। বিদেশীয় ভ্রমণকারীগণ বিজয়নগরের সৌন্দর্য্য দেখিয়া বিস্মিত হইয়াছিলেন। আবদুর রজ্জাক নামক তৈমুরের এক পৌত্রের একজন দূত ভারতবর্ষ দর্শন করিয়াছিলেন; তিনি বিজয়নগরের যে বর্ণনা করিয়াছেন, আরব্য উপন্যাসে তদপেক্ষা অধিক সমৃদ্ধির বর্ণনা আছে কি না সন্দেহ। ইতালীয় ভ্রমণকারী কন্টী বাড়াইয়া লিখিয়াছেন যে, ইহার চারিদিকের পরিধি ত্রিংশৎ ক্রোশ! বার্টেমা নামক অন্য একজন ইতালীয় ভ্রমণকারী এই নগরের ভূরি২ প্রশংসা করিয়া স্বদেশের মিলান নগরের সহিত তুলনা করিয়া গিয়াছেন।

এই রাজ্যের স্থাপনাবধি ইহার সহিত প্রথমে দৌলতাবাদের, তৎপরে আহমদনগর, বিজয়পুর ও গলখন্দের সহিত ক্রমাগত যুদ্ধ হইতে লাগিল। হিন্দুগণ কখনই বলে মুসল-

মানদিগের সমকক্ষ ছিল না, সুতরাং ক্রমে পরাস্ত হইতে লাগিল। তথাপি ২২০ বৎসর পর্য্যন্ত এই অসম যুদ্ধ শেষ হয় নাই। অবশেষে দাক্ষিণাত্যের সমস্ত মুসলমান সুলতানগণ একত্র হইয়া ১৫৬৪ খৃষ্টাব্দে টেলিকোটের যুদ্ধে এই সমৃদ্ধিশালী হিন্দু-রাজ্যের ধ্বংশ-সাধন করিলেন। সাহসী বৃদ্ধ রাজারাম বন্দী হইলেন, এবং মুসলমানেরা তাঁহাকে নৃশংসভাবে হত্যা করিয়া তাঁহার মস্তক বিজয়চিহ্নস্বরূপ দ্বিশত বৎসরের অধিক কাল পর্য্যন্ত বিজয়পুরে রাখিয়াছিল। বিজয়নগর রাজ্য ধ্বংশ হইল; রামরাজার ভ্রাতা দক্ষিণ পূর্ব্বে চন্দ্রগিরিতে যাইয়া ক্ষুদ্র রাজাস্বরূপ বাস করিতে লাগিলেন, এবং তাঁহারই এক জন সন্ততি ১৬৪০ খৃষ্টাব্দে প্রথম আগন্তুক ইংরাজদিগকে মান্দ্রাজে বাস করিবার অনুমতি পত্র দান করেন।

যখন মুসলমানেরা ক্রমে দাক্ষিণাত্য জয় করিল, তখন তাহাদিগের অধীনে দেশীয় লোকদিগের অর্থাৎ হিন্দুদিগের অবস্থা কিরূপ ছিল তাহা আমাদিগের জানা আবশ্যক। মুসলমান-রাজ্যের অধীনে, অর্থাৎ প্রথমে দৌলতাবাদের, পর আহমদনগর, বিজয়পুর ও গলখন্দের অধীনে হিন্দুদিগের অবস্থা নিতান্ত মন্দ ছিল না। বস্তুতঃ মুসলমানদিগের দেশ-শাসনকার্য্য অনেকটা হিন্দু-বুদ্ধিবলেই পরিচালিত হইত। প্রত্যেক রাজ্য কতকগুলি সরকারে, ও প্রত্যেক সরকার কতকগুলি পরগণায় বিভক্ত ছিল, ও সেই সমস্ত সরকার ও পরগণায় কখন কখন মুসলমান শাসনকর্ত্তা নিযুক্ত হইতেন, কিন্তু অধিক সময়ে হিন্দু-কার্য্যকারীগণই কর অদায় করিয়া রাজকোষে প্রেরণ করিতেন। মহারাষ্ট্র দেশ পর্ব্বত-সঙ্কুল, ও সেই সমস্ত পর্ব্বত-চূড়ায় অসংখ্য দুর্গ নির্ম্মিত ছিল। মুসলমান সুলতানগণ সেই সকল পর্ব্বত-দুর্গ মুসলমান ও কখন২ হিন্দু জায়গীরদারদিগের হস্তে ন্যস্ত রাখিতে সঙ্কুচিত হইতেন না: কিল্লাদারগণ কখন কখন রাজকোষ

হইতে বেতন পাইতেন, কখন বা চতুষ্পার্শ্বস্থ ভূমির জায়গীর প্রাপ্ত হইয়া তাহারই আয় হইতে দুর্গরক্ষার জন্য আবশ্যকীয় ব্যয় করিতেন। এই সমস্ত কিল্লাদার ও দেশমুখ ভিন্ন মুসলমান সুলতানদিগের অধীনে অনেক হিন্দু মনসবদার ছিলেন, তাঁহারা শত কি দ্বিশত কি পঞ্চশত কি সহস্র কি তদধিক অশ্বারোহীর সেনাপতি, সুলতানের আদেশমতে সেই সেই পরিমাণ সৈন্য লইয়া যুদ্ধ সময়ে উপস্থিত হইতে বাধ্য ছিলেন, ও সৈন্যের বেতন ও আবশ্যকীয় ব্যয়ের জন্য এক একটী জায়গীর ভোগ করিতেন। মহারাষ্ট্রীয় অশ্বারোহী সেনা শীঘ্র-গতিতে ও ত্বরিত-যুদ্ধে অদ্বিতীয়, ও নিজ নিজ সুলতানদিগকে যুদ্ধ সময়ে যথেষ্ট সাহায্য করিতেন; সময়ে সময়ে তাঁহারা আপনার মধ্যেও ঘোরতর বিবাদে লিপ্ত হইতেন। বিজয়পুরের সুলতানের অধীনে চন্দ্ররাও মোরে দ্বাদশ সহস্র পদাতিকের সেনাপতি ছিলেন ও সুলতানের আদেশে নীরা ও বার্ণানদীর মধ্যবর্ত্তী সমস্ত প্রদেশ জয় করিয়াছিলেন। সুলতান পরিতুষ্ট হইয়া সেই দেশ চন্দ্ররাওকে অল্প মাত্র কর ধার্য্য করিয়া জায়গীরস্বরূপ দান করেন ও চন্দ্ররাওয়ের সন্ততিগণ সপ্তম পুরুষ পর্য্যন্ত রাজা খেতাবে সেই প্রদেশ স্বচ্ছন্দে সুশাসন করেন। এইরূপ রাওনায়েক নিম্বালকরবংশ পুরুষানুক্রমে ফুল্‌তন দেশের দেশমুখ হইয়া সেই দেশ শাসন করেন। এইরূপে ঘাটিগীবংশ মল্লওরী প্রদেশে, মনয় বংশ মুশ্বর প্রদেশে, ঘরপুরীয়বংশ কাপসী ও মুধোল দেশে, দুফ্লেবংশ ঝট্ট প্রদেশে ও শবন্তবংশ ওয়ারি প্রদেশে অবস্থিতি করিয়া পুরুষানুক্রমে বিজয়পুরের সুলতানের কার্য্য সাধন করিতে থাকেন, ও সময়ে সময়ে বা আপনাদিগের মধ্যেই তুমুল সংগ্রাম করিতেন। জ্ঞাতিবিরোধের ন্যায় আর বিরোধ নাই; পর্ব্বত-সঙ্কুল কঙ্কন ও মহারাষ্ট্র প্রদেশে সর্ব্ব স্থানে ও সর্ব্ব কালেই

স্থানীয় বড়২ বংশে আত্মবিরোধ দৃষ্ট হইত ও পর্ব্বত-কন্দরে ও উর্ব্বরা উপত্যকায় সর্ব্বদাই মহা-যুদ্ধ সঙ্ঘটিত হইত। বহু শোণিতপাত হইলেও সেগুলি কুলক্ষণ নহে, সেগুলি সুলক্ষণ; পরিচালনা দ্বারা আমাদের শরীর যেরূপ সুবদ্ধ ও দৃঢ়ীকৃত হয়, সর্ব্বদা কার্য্য, উপদ্রব ও বিপর্য্যয় দ্বারা জাতীয়-বল ও জাতীয়-জীবন সেইরূপ রক্ষিত ও পরিপুষ্ট হয়। দাক্ষিণাত্যে মুসলমানদিগের অধীন হিন্দুগণ এইরূপ শাসন-কার্য্যে ও যুদ্ধকার্য্যে সর্ব্বদা লিপ্ত থাকাতে একেবারে দুর্ব্বল বা জীবনহীন হয় নাই; সুতরাং মুসলমান রাজ্যের অবনতির সময় অর্থাৎ সপ্তদশ শতাব্দিতে পুনরায় সহসা পরাক্রান্ত ও স্বাধীন হইয়া উঠিল।

মধ্য ভারতবর্ষ। গুর্জ্জর, মালব প্রভৃতি প্রদেশগুলি দিল্লীর সমধিক নিকটবর্ত্তী বলিয়া সর্ব্বদাই দিল্লীশ্বরদিগের লোভের দ্রব্য হইয়া উঠিয়াছিল। দিল্লীশ্বর দুর্ব্বল হইলে এই রাজ্যগুলি স্বাধীন হইয়া উঠিত, এবং ক্ষমতাপন্ন সম্রাটগণ পুনরায় সেই স্বাধীনতার লোপ সাধন করিতেন।

পূর্ব্ব পরিচ্ছেদে অনেকবার মুসলমান কর্ত্তৃক গুর্জ্জরবিজয়ের কথা লিখিত হইয়াছে। কিন্তু প্রকৃতপক্ষে সমস্ত গুর্জ্জর কখনও বিজিত হয় নাই। গুর্জ্জরের উপদ্বীপ অংশে নয় কি দশটা ভিন্নজাতীয় হিন্দু স্বাধীনভাবে বাস করিত; তাহারা পূর্ব্বকাল হইতে ইংরাজদিগের সময় পর্য্যন্ত কখনও অধীনতা স্বীকার করে নাই। আবার পশ্চিমদিকে দুরূহ পর্ব্বত শ্রেণীর উপর ঝালোর, সিরোহী, ইদার, চম্পানীর, দোঙ্গারপুর, ভান্সোয়ারা, প্রভৃতি স্থানের ক্ষুদ্র২ রাজপুত রাজগণও স্বাধীনভাবে রাজত্ব করিতেন; এবং কোন২ স্থলে কেবল ভীল, কুলী প্রভৃতি পার্ব্বতীয় অসভ্যগণ বাস করিত। সুতরাং যে গুর্জ্জর-বিজয়ের জন্য দিল্লীর সম্রাট এত ব্যস্ত ছিলেন, সে কেবল সুরাত নগরীর নিকটে ও উত্তরে উর্ব্বরা কতক প্রদেশ মাত্র,

তাহার পূর্ব্বদিকে ঘাট পর্ব্বতশ্রেণী, ও পশ্চিমদিকে আরব সমুদ্র।

এই প্রদেশের শেষ হিন্দু-রাজা, আল্লাউদ্দীনের শাসন-কালে ১২৯৬ খৃষ্টাব্দে পরাজিত হইয়া পলায়ন করেন, এবং তাঁহার রমণী আল্লার বেগম হয়েন, তাহা পূর্ব্বে বর্ণিত হইয়াছে।

পরে মহম্মদ টোগলকের মৃত্যুর পর যখন গুর্জ্জর প্রদেশ পুনরায় স্বাধীন হয়, তখন একজন মুসলমান সুলতান সেই স্বাধীনতা লাভ করে, হিন্দু-রাজ্য আর সংস্থাপিত হয় নাই। যত দিন পাঠানগণ দিল্লীর সম্রাট রহিলেন, গুর্জ্জরের স্বাধীনতা ততদিন বিলুপ্ত হয় নাই। এই কালের মধ্যে গুর্জ্জ-রের সুলতানগণ ঝালোর, সিরোহী, ইদার ও চম্পানীরের ক্ষুদ্র২ হিন্দুরাজাদিগকে বশীকরণের জন্য সর্ব্বদাই চেষ্টা করি-তেন ও মালবের সুলতান ও মেওয়ারের হিন্দু-রাজার সহিত সর্ব্বদাই যুদ্ধে প্রবৃত্ত হইতেন। অবশেষে ১৫৩১ খৃষ্টাব্দে (অর্থাৎ বাবর কর্ত্তৃক হিন্দুস্থান বিজয়ের পাঁচ বৎসর পর) গুর্জ্জ-রের সুলতান বাহাদুর শাহ সমস্ত মালব প্রদেশ জয় করিয়া গুর্জ্জরের অন্তর্গত করিলেন। ইহার একচত্বারিংশৎ বৎসর পর আকবর গুর্জ্জর প্রদেশ জয় করিয়া পুনরায় দিল্লীর অধীনে আনেন।

মালব দেশে হিন্দু স্বাধীনতা ১২৩১ খৃঃ অব্দে অর্থাৎ আলটামসের শাসনকালে বিলুপ্ত হয়, তাহা পূর্ব্বেই উক্ত হইয়াছে। মহম্মদ টোগলকের মৃত্যুর পর চতুর্দ্দশ খৃষ্টাব্দের শেষে এই প্রদেশের মুসলমান সুলতান দিল্লীর অধীনতা-শৃঙ্খল হইতে মুক্ত হন। সেই সময় হইতে ১৫৩১ খৃঃ অব্দ পর্য্যন্ত মালব-রাজ্য স্বাধীন থাকে ও তৎপরে গুর্জ্জরের অন্ত-র্গত হয়।

গুর্জ্জর ও মালব ভিন্ন মধ্যভারতবর্ষে খন্দেশ প্রদেশ,

পশ্চিমে মুলতান ও সিন্ধুপ্রদেশ ও পূর্ব্বে (বিহারের নিকট) জৌনপুর প্রদেশ মুসলমান সুলতানদিগের অধীনে সময়ে২ স্বাধীনতা লাভ করিয়াছিল।

এই সকল প্রদেশ ভিন্ন মধ্যভারতবর্ষে আর একটী ক্ষমতাপন্ন বিস্তীর্ণ সমৃদ্ধিশালী প্রদেশ ছিল। সে স্থানের হিন্দু-স্বাধীনতা পাঠান সম্রাটগণ লোপ করিতে পারেন নাই; পরে মোগল সম্রাটগণও সে দেশ সম্যকরূপে জয় করিতে পারেন নাই। এমন কি অদ্য পর্য্যন্ত সেই গৌরবান্বিত প্রদেশের হিন্দুগণ ইংরাজদিগের করপ্রদ মাত্র হইয়া আপনং হিন্দু রাজাদিগের অধীনে আপন২ রীতি, নীতি, বিধি ও শাসন-প্রাণালী অনুসারে স্বাধীনভাবে বাস করিতেছে। সে প্রদেশটী রাজস্থান, অর্থাৎ রাজপুতদিগের বাসস্থান।

সমস্ত রাজস্থান কতকগুলি ক্ষুদ্র২ হিন্দু-রাজ্যে বিভক্ত ছিল, ও প্রত্যেক রাজ্যে একং টী ভিন্ন জাতীয় রাজপুত বাস করিত। তাহাদিগের মধ্যে মেওয়ারবাসী শিশোদীয়গণ ও মাড়ওয়ারবাসী রাঠৌরগণ সর্ব্বাপেক্ষা সাহসী ও পরাক্রান্ত। শিশোদীয়গণ গুর্জ্জর হইতে আসিয়া খৃষ্টের পর অনুমান অষ্টম শতাব্দিতে চিতোরে আপনাদিগের রাজধানী স্থাপন করে, ও আপনাদিগকে রঘুবংশোদ্ভব শ্রীরাম চন্দ্রের সন্ততি বলিয়া পরিচয় দেয়। যে সময়ে শাহাবুদ্দীন বা মহম্মদ ঘোরী ভারতবর্ষ আক্রমণ করেন, সে সময়ে চিতোরের রাজা সমরসিংহ অতিশয় পরাক্রান্ত ছিলেন। তিনি দিল্লীর পৃথুরায়ের ভগিনীপতি ছিলেন, এবং যে যুদ্ধে পৃথুরায় অবশেষে পরাস্ত হয়েন, সেই যুদ্ধে সমরসিংহ অতিশয় বিক্রম প্রকাশ করিয়া প্রাণদান করেন। দিল্লী, কান্যকুব্জ প্রভৃতি প্রদেশ শাহাবুদ্দীনের হস্তগত হইল, কিন্তু পর্ব্বত-সঙ্কুল ও মরুভূমি-রক্ষিত রাজস্থান স্বাধীন রহিল।

পরে আল্লাউদ্দীন চিতোর বিজয়ের যে চেষ্টা করিয়াছিলেন, তাহা পূর্ব্বেই বর্ণিত হইয়াছে। চিতোর রক্ষার্থ শিশোদীয়গণ যার পর নাই চেষ্টা করিয়াছিল, পরে যখন চিতোর-রক্ষা দুঃসাধ্য বোধ হইল, তখন সমস্ত যোদ্ধা সম্মুখ-সমরে প্রাণ দিলেন, ও তাঁহাদিগের সমস্ত পরিবার চিতানলে প্রবেশ করিয়া আত্মহত্যা করিলেন, তথাপি মুসলমানদিগের অধীনতা স্বীকার করিলেন না। চিতোর অধিক দিন শত্রু-হস্তে রহিল না; আল্লাউদ্দীনের জীবদ্দশাতেই হামির পৈতৃক দুর্গের উদ্ধার করিলেন।

টোগলকবংশের শাসনকালে গুর্জ্জর ও মালব প্রদেশ স্বাধীনতা লাভ করিলে পর ঐং দেশের মুসলমান সুলতানদিগের সহিত চিতোরের হিন্দু রাজাদিগের সর্ব্বদাই যুদ্ধ হইত, তাহাতে কখন হিন্দুগণ কখন মুসলমানগণ পরাস্ত হইত। অবশেষে হিন্দুস্থানে পাঠান-সাম্রাজ্য বিলোপের সময় মহাবলপরাক্রান্ত সংগ্রামসিংহ চিতোরের রাজা হইয়াছিলেন। তিনি ১৫১৯ খৃষ্টাব্দে মালবের সুলতানকে পরাস্ত ও বন্দী করিয়া পরে আপন উদারতার প্রমাণস্বরূপ তাঁহাকে ছাড়িয়া দিলেন; পরে গুর্জ্জরদেশ আক্রমণ করিয়া আহমদাবাদ নগর পর্য্যন্ত লুণ্ঠন করিয়া আসিলেন। তাঁহার অশীতি সহস্র অশ্বারোহী অসংখ্য যুদ্ধে জয়লাভ করিয়াছিল, এবং গুর্জ্জর হইতে যমুনাতীর পর্য্যন্ত তাঁহার প্রতাপ ও রাজ্য বিস্তার করিয়াছিল। অবশেষে বাবর দিল্লীর সম্রাট হইলে সংগ্রামসিংহের সহিত বাবরের একটী ভীষণ যুদ্ধ হয়, তাহাতে সংগ্রামসিংহ পরাস্ত হইলেন ও কিছু কাল পরে প্রাণত্যাগ করিলেন।

১১১৪ খৃষ্টাব্দে শাহাবুদ্দীন বা মহম্মদ ঘোরী যখন কান্যকুব্জ জয় করিলেন, তথাকার রাঠৌরদিগের মধ্যে এক অংশ মুসলমানদিগের অধীনে বাস করিয়া সময়ে২ স্বাধীনতার জন্য চেষ্টা করিতে লাগিল, আর এক অংশ দেশ ত্যাগ

করিয়া মাড়ওয়ারের জাঠদিগকে পরাস্ত করিয়া তথায় স্বাধীন রাঠোর রাজ্য স্থাপন করিল। যোধপুর তাহাদিগের রাজধানী।

এইরূপে অম্বর বা জয়পুর, জেসলমীর, আজমীর প্রভৃতি ক্ষুদ্র২ প্রদেশে ভিন্ন২ রাজপুতজাতিগণ আপন২ স্বাধীন রাজ্যে বাস করিত। গুর্জ্জরের নিকট সিরোহী ও ঝালোর, এবং যমুনার নিকট মেওয়াট, গোয়ালীয়র, নারওয়ার, চন্দেরী প্রভৃতি অনেক দুর্গে রাজপুতবংশীয় রাজাগণ স্বাধীনভাবে রাজত্ব করিতেন। পূর্ব্ব পরিচ্ছেদে উক্ত হইয়াছে যে, যমুনার নিকটের এই সকল স্থান লইবার জন্য দিল্লীশ্বরগণ বার২ চেষ্টা করিয়াছিলেন, কিন্তু রাজপুতগণ বার২ পরাস্ত হইয়াও স্বাধীনতা একেবারে হারান নাই।

রাজপুতদিগের শাসনপ্রণালী অনেকাংশে ইউরোপের ফিউডল রাজ্যতন্ত্রের ন্যায়। রাজার অধীনে ভিন্ন২ কুলেশ্বরগণ আপন২ দুর্গে বাস করিয়া আপন২ প্রদেশখণ্ড অধিকার করিতেন, আবার তাঁহাদিগের অধীনে সেই কুলের ক্ষুদ্র২ যোদ্ধাগণ নিজ২ দুর্গে বাস করিতেন ও নিজ২ ভূমি অধিকার করিতেন। ফিউডল রাজ্যতন্ত্র হইতে রাজপুত রাজ্যতন্ত্র এই মাত্র বিভিন্ন যে রাজস্থানে অধীনস্থ যোদ্ধাগণ উচ্চপদস্থ যোদ্ধাদিগের সহিত একই বংশজ, সুতরাং যোদ্ধাদিগের মধ্যে প্রভু ও দাসের সম্বন্ধ অপেক্ষা পারিবারিক সম্বন্ধ সমধিক প্রবল ছিল। ফলতঃ প্রভু ও দাসের সম্বন্ধ স্বাধীনতাপ্রিয় রাজপুত যোদ্ধাদিগের মধ্যে প্রবল ছিল না; মাড়ওয়ারের যোদ্ধাগণ একবার রাজার সম্বন্ধে লিখিয়াছিলেন, "যখন আমাদিগের সহায়তা আবশ্যক হয়, তখন তিনি আমাদিগের প্রভু; নচেৎ আমরা সকলে ভ্রাতা ও আত্মীয় ও নিজ২ ভূমি অধিকার করি।" যুদ্ধের সময় সকল যোদ্ধা আপন২ সৈন্য লইয়া কুলেশ্বরদিগের নিকট এবং কুলেশ্বরগণ রাজার নিকট

উপস্থিত হইতেন, এবং রাজা এইরূপে দেশের সমস্ত সৈন্য-বেষ্টিত হইয়া যুদ্ধ দান করিতেন। রাজার সম্মুখে ভিন্ন২ কুলের যোদ্ধাগণ আপন২ বীরত্ব দেখাইবার জন্য অনির্ব্বচনীয় সাহস প্রকাশ করিত। রাজপুতগণ অতিশয় সাহসী, যতক্ষণ রাজা বা কুলপতিগণ যুদ্ধ দান করিতেন, ততক্ষণ তাহারা সহস্র বিপদেও ভীত হইত না, মৃত্যুকে তুচ্ছ জ্ঞান করিত। ফলতঃ তাহাদিগের অপেক্ষা সাহসী, নির্ভীক যোদ্ধা বোধ হয় জগতে নাই, এবং সমস্ত রাজপুত সৈন্য, সংখ্যায় দশগুণ শত্রুর সহিত সম্মুখরণে প্রাণত্যাগ করিয়াছে, এরূপ ইতিহাসে বার২ পাঠ করা যায়। কিন্তু সাহসে অদ্বিতীয় হইলেও যুদ্ধনিপুণতা ও কষ্টসহিষ্ণুতায় ও বলে বোধ হয়, তাহারা মুসলমানদিগের সমকক্ষ ছিল না, এই জন্যই সমান যুদ্ধে প্রায়ই রাজপুতগণ পরাস্ত হইত এবং পর্ব্বত ও মরুভূমিরক্ষিত রাজস্থান এবং স্থানে২ কয়েকটী পর্ব্বত-দুর্গ ভিন্ন প্রায় সমস্ত ভারতবর্ষ মুসলমানদিগের অধিকৃত হইল।

রাজপুতদিগের সত্যপ্রিয়তা ও যুদ্ধের উদার নিয়মগুলি যেরূপ চমৎকার, অন্য কোনও জাতীর বোধ হয় সেরূপ নাই। রাজপুতগণ সত্য করিলে প্রায়ই পালন করিত, এবং মুসলমান ও রাজপুতদিগের যুদ্ধের সময় মুসলমানদিগের প্রতারণা ও রাজপুতদিগের সরলতা ও সত্যপ্রিয়তা বার২ লক্ষিত হয়। যুদ্ধে ও রাজ্যলোভ বশতঃ হত্যাকাণ্ড ও নৃশংসতা মুসলমান ইতিহাসে যেরূপ দৃষ্ট হয়, রাজপুত ইতিহাসে সেরূপ দৃষ্ট হয় না; এবং কখন২ রাজপুতগণ যুদ্ধে পরাস্ত হইত, তথাপি যুদ্ধ বিষয়ক শাস্ত্রের সরল উদার নিয়মগুলি লঙ্ঘন করিত না।

শত বিজয়ে ও পরাজয়ে ও চরণ অর্থাৎ রাজপুত কবিদিগের যুদ্ধ-গীতে রাজপুতদিগের বীরত্ব প্রোৎসাহিত হইত, গৌরবাকাঙ্ক্ষা বৃদ্ধিপ্রাপ্ত হইত এবং কুলেশ্বর ও রাজাদিগের প্রতি ভক্তি উৎকর্ষ লাভ করিত। রাজপুতগণ রমণীদিগকে

করিয়া মাড়ওয়ারে জাঠদিগকে পরাস্ত করিয়া তথায় স্বাধীন রাজ্যের রাজ্য স্থাপন করিল। যোধপুর তাহাদিগের রাজধানী।

এইরূপে অম্বর বা জয়পুর, জেসলমীর, আজমীর প্রভৃতি ক্ষুদ্র২ প্রদেশে ভিন্ন২ রাজপুতজাতিগণ আপন২ স্বাধীন রাজ্যে বাস করিত। গুর্জ্জরের নিকট সিরোহী ও ঝালোর, এবং যমুনার নিকট মেওয়াট, গোয়ালীয়র, নারওয়ার, চন্দেরী প্রভৃতি অনেক দুর্গে রাজপুতবংশীয় রাজাগণ স্বাধীনভাবে রাজত্ব করিতেন। পূর্ব্ব পরিচ্ছেদে উক্ত হইয়াছে যে, যমুনার নিকটের এই সকল স্থান লইবার জন্য দিল্লীশ্বরগণ বার২ চেষ্টা করিয়াছিলেন, কিন্তু রাজপুতগণ বার২ পরাস্ত হইয়াও স্বাধীনতা একেবারে হারান নাই।

রাজপুতদিগের শাসনপ্রণালী অনেকাংশে ইউরোপের ফিউডল রাজ্যতন্ত্রের ন্যায়। রাজার অধীনে ভিন্ন২ কুলেশ্বরগণ আপন২ দুর্গে বাস করিয়া আপন২ প্রদেশখণ্ড অধিকার করিতেন, আবার তাঁহাদিগের অধীনে সেই কুলের ক্ষুদ্র২ যোদ্ধাগণ নিজ২ দুর্গে বাস করিতেন ও নিজ২ ভূমি অধিকার করিতেন। ফিউডল রাজ্যতন্ত্র হইতে রাজপুত রাজ্যতন্ত্র এই মাত্র বিভিন্ন যে রাজস্থানে অধীনস্থ যোদ্ধাগণ উচ্চপদস্থ যোদ্ধাদিগের সহিত একই বংশজ, সুতরাং যোদ্ধাদিগের মধ্যে প্রভু ও দাসের সম্বন্ধ অপেক্ষা পারিবারিক সম্বন্ধ সমধিক প্রবল ছিল। ফলতঃ প্রভু ও দাসের সম্বন্ধ স্বাধীনতাপ্রিয় রাজপুত যোদ্ধাদিগের মধ্যে প্রবল ছিল না; মাড়ওয়ারের যোদ্ধৃগণ একবার রাজার সম্বন্ধে লিখিয়াছিলেন, "যখন আমাদিগের সহায়তা আবশ্যক হয়, তখন তিনি আমাদিগের প্রভু; নচেৎ আমরা সকলে ভ্রাতা ও আত্মীয় ও নিজ২ ভূমি অধিকার করি।" যুদ্ধের সময় সকল যোদ্ধা আপন২ সৈন্য লইয়া কুলেশ্বরদিগের নিকট এবং কুলেশ্বরগণ রাজার নিকট

উপস্থিত হইতেন, এবং রাজা এইরূপে দেশের সমস্ত সৈন্য-বেষ্টিত হইয়া যুদ্ধ দান করিতেন। রাজার সম্মুখে ভিন্ন২ কুলের যোদ্ধাগণ আপন২ বীরত্ব দেখাইবার জন্য অনির্ব্বচনীয় সাহস প্রকাশ করিত। রাজপুতগণ অতিশয় সাহসী, যতক্ষণ রাজা বা কুলপতিগণ যুদ্ধ দান করিতেন, ততক্ষণ তাহারা সহস্র বিপদেও ভীত হইত না, মৃত্যুকে তুচ্ছ জ্ঞান করিত। ফলতঃ তাহাদিগের অপেক্ষা সাহসী, নির্ভীক যোদ্ধা বোধ হয় জগতে নাই, এবং সমস্ত রাজপুত সৈন্য, সংখ্যায় দশগুণ শত্রুর সহিত সম্মুখরণে প্রাণত্যাগ করিয়াছে, এরূপ ইতিহাসে বার২ পাঠ করা যায়। কিন্তু সাহসে অদ্বিতীয় হইলেও যুদ্ধনিপুণতা ও কষ্টসহিষ্ণুতায় ও বলে বোধ হয়, তাহারা মুসলমানদিগের সমকক্ষ ছিল না, এই জন্যই সমান যুদ্ধে প্রায়ই রাজপুতগণ পরাস্ত হইত এবং পর্ব্বত ও মরুভূমিরক্ষিত রাজস্থান এবং স্থানে২ কয়েকটী পর্ব্বত-দুর্গ ভিন্ন প্রায় সমস্ত ভারতবর্ষ মুসলমানদিগের অধিকৃত হইল।

রাজপুতদিগের সত্যপ্রিয়তা ও যুদ্ধের উদার নিয়মগুলি যেরূপ চমৎকার, অন্য কোনও জাতীর বোধ হয় সেরূপ নাই। রাজপুতগণ সত্য করিলে প্রায়ই পালন করিত, এবং মুসলমান ও রাজপুতদিগের যুদ্ধের সময় মুসলমানদিগের প্রতারণা ও রাজপুতদিগের সরলতা ও সত্যপ্রিয়তা বার২ লক্ষিত হয়। যুদ্ধে ও রাজ্যলোভ বশতঃ হত্যাকাণ্ড ও নৃশংসতা মুসলমান ইতিহাসে যেরূপ দৃষ্ট হয়, রাজপুত ইতিহাসে সেরূপ দৃষ্ট হয় না; এবং কখন২ রাজপুতগণ যুদ্ধে পরাস্ত হইত, তথাপি যুদ্ধ বিষয়ক শাস্ত্রের সরল উদার নিয়মগুলি লঙ্ঘন করিত না।

শত বিজয়ে ও পরাজয়ে ও চরণ অর্থাৎ রাজপুত কবিদিগের যুদ্ধ-গীতে রাজপুতদিগের বীরত্ব প্রোৎসাহিত হইত, গৌরবাকাঙ্ক্ষা বৃদ্ধিপ্রাপ্ত হইত এবং কুলেশ্বর ও রাজাদিগের প্রতি ভক্তি উৎকর্ষ লাভ করিত। রাজপুতগণ রমণীদিগকে

অতিশয় সম্মানের সহিত ব্যবহার করে, এবং রাজপুত রমণীগণও সে সম্মানের অযোগ্য নহেন। স্বামী যুদ্ধে পরাস্ত হইলে রাজপুত রমণী তাঁহাকে তিরস্কার করিতেন বা পুনরায় যুদ্ধে প্রেরণ করিতেন বা স্বামির পতনে স্বয়ং নগর রক্ষা করিতেন, এরূপ ইতিহাসে অনেক উদাহরণ আছে। এবং যখন শত্রুদিগের আগমন আর রোধ করিতে পারিতেন না, তখন রাজপুত রমণী হাসিয়া চিতারোহণ করিয়া জাতি, ধর্ম্ম ও সম্মান রক্ষা করিয়াছেন তাহারও অনেক উদাহরণ আছে।

পূর্ব্ব ভারতবর্ষ। ১২০৩ খৃষ্টাব্দে কুতবুদ্দীনের সেনাপতি বখতীয়ার খিলজী বঙ্গ ও বিহার দেশ জয় করেন, ও হিন্দু-স্বাধীনতার লোপ করেন। সেই বৎসর হইতে আকবরের সময় পর্য্যন্ত এই দুই প্রদেশে আফগান বা পাঠানেরা রাজত্ব করে। ইহারা কখন২ দিল্লীর সাম্রাজ্যের অধীনতা স্বীকার করিত, কখন২ বা সময় পাইলেই স্বাধীন ভাব অবলম্বন করিত। ১৩৪০ খৃষ্টাব্দে মহম্মদ টৌগলকের সময় বঙ্গদেশের আফগানগণ বিদ্রোহী হইয়া যে স্বাধীনতা লাভ করিয়াছিল, দিল্লীতে পাঠান-শাসনকালের মধ্যে সে স্বাধীনতা আর বিলুপ্ত হয় নাই। বঙ্গীয় পাঠানদিগের রাজ্যতন্ত্র অনেকাংশে ইউরোপীয় ফিউডল রাজ্যতন্ত্র সদৃশ ছিল। দেশের সিংহাসন শূন্য হইলেই কখন২ সেনাপতিগণ আপনাদিগের মধ্যে কাহাকেও রাজা স্থির করিতেন, কখন বা কোন সেনাপতি আপন বাহুবলে সিংহাসনে আরোহণ করিতেন। দেশের অধিপতি কোন একটী উৎকৃষ্ট জেলা আপন অধীনে রাখিতেন, অন্যান্য জেলা প্রধান২ সেনানী ও জায়গীরদারগণ ভোগ করিত। তাহাদিগের অধীনে আবার কর্ম্মচারী ও জমিদারগণ খণ্ড২ জমি করিত ও অধীনস্থ কৃষক বা তালুকদারদিগের নিকট হইতে কর আদায় করিত। সেনানী ও জায়গীরদারগণ কখন বঙ্গাধিপতির অধীনতা স্বীকার করিত,

আবার সময় পাইলেই আপন২ জেলায় স্বাধীনভাব অবলম্বন করিত। বঙ্গদেশের হিন্দুগণ সাহস ও শারীরিক বলে হীন; সুতরাং দাক্ষিণাত্যের মহারাষ্ট্রগণ যেরূপ সুলতানদিগের অধীনে বহু সৈন্য চালনা করিত ও যুদ্ধ ব্যবসায়ে সর্ব্বদা লিপ্ত থাকিত, বঙ্গ দেশের হিন্দুদিগের সেরূপ ক্ষমতা বা সৈন্য বা যুদ্ধপটুতা ছিল না। তথাপি হিন্দুদিগের বুদ্ধি ও কার্য্যক্ষমতা দেখিয়া পাঠান-রাজগণ তাহাদিগকে প্রধান২ রাজ কার্য্যে লিপ্ত করিতেন, এবং তাহাদিগকে জায়গীর ও জমীদারি দিয়া তাহাদিগের নিকট হইতে কর আদায় করিতেন। সময়ে২ দুই এক জন হিন্দু জমীদার ও জায়গীরদার অতিশয় পরাক্রান্ত হইয়া উঠিতেন; এমন কি স্বাধীন পাঠান রাজাদিগের মধ্যে আমরা একজন হিন্দুর নামও দেখিতে পাই। বঙ্গদেশ স্বাধীন হইবার অষ্টাদশ বৎসর পর, অর্থাৎ ১৩৫৮ খৃষ্টাব্দে কংশ-রাজা বঙ্গদেশের অধিপতি হইয়া সাত বৎসর নিরাপদে রাজত্ব করেন; তিনি পূর্ব্বে জমীদার ছিলেন, আপন সাহস ও পরাক্রম বলে সিংহাসনে আরোহণ করেন। তাঁহার পুত্র মুসলমান ধর্ম্ম অবলম্বন করেন, এবং তাঁহার বংশ সর্ব্বশুদ্ধ চত্তারিংশৎ বৎসর বঙ্গদেশে রাজত্ব করেন। এই সমস্ত বর্ণনা হইতে স্পষ্টই প্রতীয়মান হইবে যে, বঙ্গদেশের হিন্দুগণ সচরাচর যুদ্ধপটু না হইলেও পাঠানদিগের অধীনে প্রভূত ক্ষমতা ভোগ করিতেন। দেশস্থ জমীদার ও জায়গীরদারদিগের মধ্যে অধিকাংশই হিন্দু ছিলেন; প্রধান২ জমীদারদিগের কিছু২ সৈন্যও থাকিত ও তাঁহারা পরস্পরের মধ্যে বিরোধ ও যুদ্ধ করিতেন।

পাঠান অধিকার কালে জমীদার ও জয়গীরদারদিগের নিজ২ জেলা বা জমীদারীতে সম্পূর্ণ ক্ষমতা ছিল। তাঁহারা দুষ্ট ও দুশ্চরিত্র লোকদিগের অর্থদণ্ড বা কায়িক দণ্ড বা প্রাণদণ্ড করিতে পারিতেন ও আপন২ এলাকার মধ্যে শান্তি রক্ষা

করিয়া কর আদায় করিতেন। প্রজাগণ তাঁহাদিগকে প্রকৃত রাজার তুল্য জ্ঞান করিত, ও জমীদারদিগের সম্পূর্ণ অধীন ছিল,সুতরাং জমীদার ও প্রজাদিগের মধ্যে বিরোধের সম্ভাবনা ছিল না। বঙ্গদেশের শান্ত কৃষকগণ ক্ষেত্রবেষ্টিত বৃক্ষাচ্ছাদিত শান্ত গ্রামে বাস করিয়া পৈতৃক কৃষিকার্য্য নির্ব্বাহ করিয়া "রাজার" দেয় কর দিয়া বহুশতাব্দি ব্যাপিয়া একরূপেই জীবন যাপন করিত। দেশের অধিপতি পাঠানই হউক বা হিন্দুই হউক তাহাদিগের পক্ষে সমান; তাহারা "রাজা" স্বরূপ নিজ২ জমীদারের অধীন থাকিয়া তাঁহাকেই কর দান করিত।

বঙ্গদেশের প্রায় অসংখ্য নদীতীরে ও সমুদ্রতীরে অনেক নগর ছিল, এবং সে সমস্ত নগরের অবস্থা মন্দ ছিল না। পঞ্চদশ শতাব্দিতে নিকোলো ডি কন্টী বঙ্গদেশে ভ্রমণ করিয়াছিলেন, এবং এই দেশের সুন্দর বৃক্ষবেষ্টিত সুন্দর ও সমৃদ্ধিশালী বহুসংখ্যক নগর ও তাহার বাণিজ্যের বর্ণনা করিয়া গিয়াছেন। তথাপি মুসলমানাধীনে হিন্দুদিগের সাহস ও বাণিজ্যোৎসাহ হ্রাস হইয়াছিল, তাহার সন্দেহ নাই। যাহারা পূর্ব্বে সমুদ্রপথে গমনাগমন করিত, তাহাদিগের সন্ততিগণ সমুদ্রের নাম শুনিলে শিহরিয়া উঠিতে লাগিল।

পূর্ব্ববঙ্গদেশে অর্থাৎ আসাম ও ব্রহ্মপুত্রের পূর্ব্ব অংশে হিন্দুগণ স্বাধীনাবস্থায়ই বাস করিত। পাঠানগণ কখনং সেই প্রদেশ জয় করিতে যাইত, এবং সময়েং যুদ্ধ হইত, কিন্তু ঐ প্রদেশে পাঠান-ক্ষমতা কখনই স্থিররূপে স্থাপিত হয় নাই। ইংরাজদিগের অধীন ত্রিপুরা জেলা ত্রিপুরা-রাজেরই অধীন ছিল; আধুনিক কুমিল্লা নগরে ও তাহার দুই তিন ক্রোশ পশ্চিমে ক্ষুদ্র পর্ব্বতশ্রেণীতে হিন্দুরাজ-খণিত অনেক দীর্ঘিকা দেখিতে পাওয়া যায়, ও অনেক সুন্দর উপন্যাসও শুনিতে পাওয়া যায়।

পাঠান অধিকার কালে বঙ্গবাসীদিগের মানসিক ক্ষমতার কয়েকটী লক্ষণ অদ্যাপি দেদীপ্যমান আছে। অধীন জাতির প্রকৃত বীররসাত্মক কোন রচনা সম্ভবে না; কিন্তু বিদ্যাপতি, চণ্ডীদাস প্রভৃতি বৈষ্ণব কবিগণ রাধা কৃষ্ণের অনন্ত প্রেমের সুললিত হৃদয়গ্রাহী গীত রচনা করিয়া বঙ্গবাসীদিগকে মুগ্ধ করিয়াছিলেন। এই বিষয় স্বাধীন বঙ্গের শেষ কবি জয়দেব গাইয়া গিয়াছিলেন; এক্ষণে মুসলমানাধীন বঙ্গদেশে পুনরায় সেই প্রেমগীত শ্রুত হইল, সেই ভক্তি-তরঙ্গ বহিতে লাগিল। সে স্রোত সহসা শেষ হইল না; কবির পর কবি ললিত বঙ্গভাষায় কৃষ্ণপ্রেম গাইতে লাগিলেন; অবশেষে ষোড়ষ শতাব্দির প্রারম্ভে নিমাই বা বিশ্বম্ভর, গৌরাঙ্গ বা কৃষ্ণচৈতন্য সেই কৃষ্ণপ্রেমের কথা যমুনা হইতে কাবেরী তীর পর্য্যন্ত প্রচার করিলেন। গৌরাঙ্গের মত বঙ্গদেশে সকলেই জানেন; কৃষ্ণপ্রেমের ভক্ত হইলে অন্য পূজার বা দেবের আবশ্যক নাই, হিন্দু ও মুসলমানে বিচ্ছেদ নাই, হরিনাম গাইয়া সকলেই উদ্ধার হইতে পারে।

হিন্দু দেবশ্রেণীর মধ্যে দুর্গা বা শক্তি ও বিষ্ণু বা কৃষ্ণ এই দুইটী দেবই বঙ্গদেশের মধ্যে অধিক আরাধ্য, ও এই দুই দেবের পূজকদিগের মধ্যে, অর্থাৎ শাক্ত ও বৈষ্ণবদিগের মধ্যে চৈতন্যের বহু দিন পূর্ব্ব হইতে বিরোধ চলিয়া আসিতেছে। চৈতন্য যে মত প্রচার করিলেন, তাহা বৈষ্ণব মতের ঔৎকর্ষ্য মাত্র; তথাপি তাঁহার অপরিসীম ভক্তি দ্বারা বঙ্গদেশে প্রকৃত একটী ধর্ম্মবিপ্লব সঙ্ঘটিত হইল। ধর্ম্মবিপ্লব চিন্তার উদ্রেক করে, সুতরাং ষোড়ষ শতাব্দিতে বঙ্গদেশে চারিদিকে চিন্তার ঔৎকর্ষ্য দৃষ্ট হইল। এই শতাব্দিতে প্রসিদ্ধ বৈজ্ঞানিক রঘুনাথ শিরোমণি নবদ্বীপে ন্যায়শাস্ত্রের আলোচনা দ্বারা আপনার নাম চিরস্মরণীয় করিয়াছেন। এই শতাব্দিতে রঘুনন্দন স্মৃতিশাস্ত্র সঙ্কলন করিয়া যে বিধি স্থাপন করিয়া

গিয়াছেন, অদ্যাপি তাহা প্রচলিত রহিয়াছে। এবং এই শতাব্দিতে সংস্কৃত মহাকাব্য রামায়ণ প্রথমে কীর্ত্তিবাসকর্ত্তৃক বঙ্গভাষায় অনুবাদিত হয়, মুকুন্দরাম চণ্ডী প্রণয়ন করেন ; ও পর শতাব্দিতে কাশীরাম মহাভারত অনুবাদ করেন।

শক্তি ও বিষ্ণুর পূজা সম্বন্ধে আর এই মাত্র বলা আবশ্যক যে, অধুনাও বঙ্গদেশের হিন্দুগণ এই দুই দেবপরায়ণ। ভদ্র লোক প্রায়ই শাক্ত ; ইতর লোক প্রায়ই সংসারী বৈষ্ণব।

বঙ্গ ও বিহার দেশের ন্যায় উড়িষ্যা পাঠানদিগের অধীনতা স্বীকার করে নাই, বরং মোগল সম্রাট আকবরের সময় পর্য্যন্ত এই প্রদেশ স্বাধীন ছিল। উড়িষ্যার প্রাচীন ইতিহাস গল্পবিজড়িত, কিন্তু খৃষ্টের পর পঞ্চম শতাব্দি হইতে এই প্রদেশের প্রকৃত ইতিহাস পাওয়া যায়। ৪৭৩ খৃষ্টাব্দে যযাতিকেশরী যবনদিগকে পরাস্ত ও বিদূরিত করিয়া উড়িষ্যা উদ্ধার করিলেন, এবং তাঁহার পর তাঁহার বংশের পঞ্চত্রিংশৎ জন রাজা ৬৫০ বৎসর উড়িষ্যায় রাজত্ব করেন। পর তাম্রলিপ্তি বা মেদিনীপুর হইতে গঙ্গাবংশীয় একজন রাজপুত্র ১১৩১ খৃষ্টাব্দে উড়িষ্যার রাজধানী অধিকার করেন, এই বংশীয় রাজাদিগের রাজত্বকালে ১১৯৭ খৃষ্টাব্দে জগন্নাথের বর্ত্তমান মন্দির নির্ম্মিত হয়। তিন শত বৎসর পরে অর্থাৎ পঞ্চদশ শতাব্দিতে এক রাজপুত বংশ উড়িষ্যা অধিকার করেন, এবং পাঠানগণ যত দিন দিল্লীর অধীশ্বর ছিলেন, এই বংশীয় রাজগণ তত দিন উড়িষ্যা শাসন করেন।

দ্বাদশ শতাব্দির শেষে গঙ্গাবংশীয় উড়িষ্যা-রাজদিগের অসাধারণ ক্ষমতা ছিল, এবং তাঁহারা বার২ দাক্ষিণাত্য ভেদ করিয়া আপনাদিগের বিজয়পতাকা উড্ডীন করিয়াছিলেন। পঞ্চদশ শতাব্দিতে রাজপুতবংশীয় রাজাদিগের সৈন্য কাঞ্চী বা কঞ্জেবারম ও মান্দ্রাজ পর্য্যন্ত গিয়াছিল, এবং এক জন উড়িষ্যারাজ স্বয়ং তৈলঙ্গরাজের সহায়তার্থ দৌলতাবাদের

মুসলমান সৈন্যের সহিত যুদ্ধ করিয়াছিলেন। ১৫৫০ খৃষ্টাব্দে একজন তৈলঙ্গ-যোদ্ধা উড়িষ্যা অধিকার করেন, এবং তাঁহার অষ্টবিংশ বৎসর পর আকবরের সৈন্য এই প্রদেশ জয় করে ও উড়িষ্যা মুসলমানদিগের অধীনতা স্বীকার করে।

উড়িষ্যায় হিন্দু-স্বাধীনতা তিন শত বৎসর মাত্র বিলুপ্ত হইয়াছে, এই তিন শত বৎসরের মধ্যে অধীনতার বিষময় ফল উড়িষ্যায় যেরূপ প্রমাণীকৃত হইয়াছে, সেরূপ বোধ হয় জগতে আর কোথাও হয় নাই। স্বাধীন উড়িষ্যাবাসীদিগের সাহস ও যুদ্ধোৎসাহের কথা আমরা উল্লেখ করিয়াছি ; তাহাদিগের হর্ম্ম্যনির্ম্মাণক্ষমতা, তাহাদিগের অসংখ্য দেবালয় ও প্রকাণ্ড অবিনশ্বর গিরি-গহ্বর জগতের বিস্ময়ের কারণ হইয়াছে। সেই জাতি তিন শত বৎসরমাত্র পরাধীন হইয়া আছে, এক্ষণে সেই উড়িষ্যাবাসীদিগের বিদ্যা, বুদ্ধি, উৎসাহ ও উন্নতির অভাব দেখিলে কে দুঃখ সম্বরণ করিতে পারে ?

উপসংহার। এই অধ্যায়ে পাঠান শাসনের সময়, সমস্ত ভারতবর্ষের একটী সংক্ষিপ্ত চিত্র দিবার চেষ্টা করিয়াছি।

ভারতবর্ষের মানচিত্রের দিকে দৃষ্টি কর। পশ্চিমে সিন্ধুতীর হইতে পূর্ব্বে বারাণসী পর্য্যন্ত ও উত্তরে হিমালয় হইতে দক্ষিণে যমুনা ও রাজস্থানের উত্তর সীমা পর্য্যন্ত একটী প্রশস্ত উর্ব্বরা প্রদেশখণ্ড দেখিতে পাইবে। এই দেশের জল বায়ু অতি উত্তম, মৃত্তিকা অতি উৎকৃষ্ট। প্রথমে আর্য্যগণ এই প্রদেশে বাস করিয়াছিল, প্রাচীন ভারতবর্ষের প্রসিদ্ধ রাজাগণ এই স্থানে রাজত্ব করিয়াছিলেন, গঙ্গা, যমুনা, সিন্ধু ও সিন্ধুর পঞ্চশাখা এই প্রদেশ দিয়া বহিয়া যাইতেছে। এই প্রশস্ত প্রদেশখণ্ড পাঠানদিগের অধীন ছিল। দিল্লী ও তাহার নিকটস্থ প্রদেশে দিল্লীশ্বর ও তাঁহার মন্ত্রী ও কর্ম্মচারীগণ শাসন করিতেন, পঞ্জাব প্রভৃতি দূর প্রদেশে শাসনকর্ত্তাগণ নিযুক্ত হই-

তেন। দিল্লীশ্বর ক্ষীণবল হইলে শাসনকর্ত্তাগণ ও অধীনস্থ হিন্দু রাজাগণ স্বাধীনতা লাভ করিতেন, পুনরায় পরাক্রান্ত সম্রাট্ তাঁহাদিগকে অধীনতা শৃঙ্খলে বদ্ধ করিতেন। নগরে কাজীগণ বা অন্য রাজকর্ম্মচারীগণ বিচার করিতেন; বণিকগণ সমৃদ্ধিশালী নগরসমুহে বাণিজ্য করিত, পল্লীগ্রামে শান্ত গ্রামবাসীগণ সহস্র রাজ-উৎপাৎ সত্ত্বেও বংশানুক্রমে পৈতৃক ব্যবসায়ে লিপ্ত থাকিত, আপনাদিগের বিবাদ বিসম্বাদ ও সমস্ত ব্যাপার আপনারা নিষ্পত্তি করিত,ও মণ্ডলদিগের দ্বারা সমস্ত গ্রামের কর একীকৃত করিয়া রাজকোষে পাঠাইয়া দিত।

এই প্রশস্ত প্রদেশের পূর্ব্বে বিহার, বঙ্গ ও উড়িষ্যা এই তনটী প্রদেশ দেখিতে পাইবে। বঙ্গ ও বিহার প্রদেশে দিল্লীর অধীনস্থ শাসনকর্ত্তাগণ শাসন করিতেন ও দূরতাবশতঃ প্রায়ই স্বাধীনভাবে নিজ২ প্রদেশে রাজত্ব করিতেন। তাঁহাদিগের অধীনে জায়গীরদার ও জমীদারগণ নিজ২ জিলায় বা জমীদারিতে প্রায় স্বাধীন রাজার ন্যায় রাজ্য করিতেন, কেবল শাসনকর্ত্তাকে কর দিতেন ও যুদ্ধের সময় সহায়তা করিতেন। শাসনকর্ত্তাগণ হিন্দুদিগকে বিশ্বাস করিতেন; অনেক প্রশস্ত জমীদারী ও জায়গীর হিন্দুগণ ভোগ করিত, সুতরাং তাহাদিগের অবস্থা মন্দ ছিল না। তাহাদিগের অধীনে শান্ত প্রজাগণ নিজ২ ক্ষেত্র চাষ করিত, ও জমীদারকে কর দিত। তাহারা জমীদারদিগের সম্পূর্ণরূপে অধীন ছিল, দুষ্টদমন ও শিষ্টপালনের ক্ষমতা জমীদারদিগের হস্তে ন্যস্ত থাকিত, সুতরাং জমীদার ও প্রজার বিরোধ হইবার সম্ভাবনা ছিল না। উড়িষ্যা স্বাধীন ছিল, ও অতিশয় ক্ষমতাপন্ন রাজ্য ছিল, এবং এই রাজ্যের সৈন্য বার২ দাক্ষিণাত্য ভেদ করিয়া আপনাদিগের বীরত্ব প্রকাশ করিয়াছিল।

পাঠানশাসিত প্রদেশের দক্ষিণে গুর্জ্জর ও সিন্ধু প্রদেশ

হইতে বন্দেলখন্দ পর্য্যন্ত যে মধ্য ভারতবর্ষ দেখিতে পাইতেছ, তাহাতে অনেকগুলি ক্ষুদ্র২ হিন্দু ও মুসলমান রাজ্য ছিল। এই রাজ্যগুলি বশীকরণ জন্য দিল্লীশ্বরগণ বার২ চেষ্টা করিতেন, সুতরাং এই স্থানের যুদ্ধ প্রায় শেষ হইত না। ইহার মধ্যে গুর্জ্জর ও মালব প্রদেশের মুসলমান সুলতানগণ প্রবল ছিলেন, এবং পরস্পরে সর্ব্বদাই যুদ্ধ করিতেন; অবশেষে মালববিজীত হইয়া গুর্জ্জরের অন্তর্গত হইল। রাজস্থানে অনেকগুলি স্বাধীন হিন্দু-রাজ্য ছিল, তথায় শিশোদীয়, রাঠোর প্রভৃতি জাতি নিজ২ রাজা ও নিজ২ কুলেশ্বরদিগের অধীনে বাস করিয়া ভূমি অধিকার করিত, এবং অনন্ত যুদ্ধকার্য্যে জীবন'যাপন করিত। জাঠ প্রভৃতি অধীনস্থ জাতিগণ ভূমিকর্ষণ করিত, ও রাজপুত প্রভুদিগকে কর দান করিত। রাজপুতদিগের বীরত্বের ইতিহাস বিস্ময়কর, এবং পাঠান দিল্লীশ্বরগণ তাহাদিগের স্বাধীনতার উপর হস্তক্ষেপ করিতে সাহস করেন নাই। ইহা ভিন্ন পশ্চিমে ঝালোর, সিরোহী, ও পূর্ব্বে মেওয়াট, চন্দেরী ও গোয়ালীয়র প্রভৃতি স্থানে স্বাধীন রাজপুতগণ রাজত্ব করিত।

বিন্ধ্যাচল ও নর্ম্মদার দক্ষিণে যে প্রশস্ত প্রদেশ দেখিতে পাইতেছ, ঐ দাক্ষিণাত্যে পাঠান আমলের প্রারম্ভে চারিটী স্বাধীন হিন্দু-প্রদেশ ছিল। অতি দক্ষিণে দ্রাবীড়, তাহার উত্তরে কর্ণাট, তাহার উত্তরে মহারাষ্ট্র, ও কর্ণাট ও মহারাষ্ট্রের পূর্ব্বে বঙ্গসাগর পর্য্যন্ত তৈলঙ্গ। পূর্ব্ববর্ণিত হিন্দু রীতি অনুসারে এই চারিটী প্রদেশের বহুসংখ্যক ক্ষুদ্র২ হিন্দু রাজাগণ এই স্থানে রাজত্ব করিতেন, এবং ব্রাহ্মণ, মন্ত্রী ও রাজকর্ম্মচারীগণ কর আদায় ও বিচার কার্য্য নির্ব্বাহ করিতেন, ও ব্রাহ্মণ পণ্ডিতগণ শাস্ত্রানুশীলন করিতেন। সমস্ত দাক্ষিণাত্য সমৃদ্ধিশালী নগরীতে পূর্ণ ছিল এবং অসংখ্য পল্লীগ্রামে শান্ত গ্রামবাসীগণ শস্য উৎপাদন করিয়া রাজার প্রাপ্য অংশ

রাজাকে বা জায়গীরদারকে প্রেরণ করিত। কিন্তু মুসলমান বল ক্রমে এই হিন্দু-প্রদেশে বিস্তার পাইতে লাগিল। প্রথমে মহারাষ্ট্র বিলুপ্ত হইয়া (১৩৪৭) দৌলতাবাদে মুসলমান রাজ্য স্থাপিত হইল; তৎপরে (১৪২১) তৈলঙ্গ রাজ্য ধ্বংশপ্রাপ্ত হইয়া দৌলতাবাদের রাজ্য বিস্তৃত হইল; তৎপরে একটী দৌলতাবাদের স্থানে (১৫২৬) বিজয়পুর, গলখন্দ ও আহমদ-নগর নামক তিনটী মুসলমান রাজ্য স্থাপিত হইল; তৎপরে (১৫৬৪) শেষ হিন্দু রাজ্য বিজয়নগর (কর্ণাট ও দ্রাবীড়) ধ্বংশ প্রাপ্ত হইল ও সেই দেশের ক্ষুদ্র২ রাজা ও পলীগারগণ মুসলমানদিগের অধীনতা স্বীকার করিল। অন্য স্থানে যেরূপ, দাক্ষিণাত্যেও সেইরূপ মুসলমানদিগের অধীনে হিন্দুদিগের ক্ষমতা একেবারে লোপ পায় নাই; বিশেষ দাক্ষিণাত্যে রাজকার্য্য প্রায়ই অধীন হিন্দুদিগের বলে নির্ব্বাহিত হইত; এবং অনেক হিন্দু বহুসংখ্যক সৈন্যের অধ্যক্ষ হইয়া প্রশস্ত জায়গীর ও অনেক পর্ব্বত-দুর্গ অধিকার করিয়া মুসলমান সুলতানদিগের অধীনে বাস করিত, ও যুদ্ধকালে সহায়তা দান করিত।*

উপরি উক্ত বর্ণনা হইতে প্রতীয়মান হইবে যে, পাঠান দিগের অধীনে হিন্দুদিগের অবস্থা নিতান্ত মন্দ ছিল। বিজীত হইলেও তাহারা রাজ্যশাসন ও যুদ্ধ কার্য্যের উচিত অংশ পাইত, এবং অনেক বিস্তীর্ণ জায়গীর ও দুরাক্রম্য পর্ব্বত-দুর্গ অধিকার করিয়া মুসলমানদিগকে কর দিয়া অনেকটা স্বাধীনতা ভোগ করিতে পারিত। তথাপি "আমরা নিকৃষ্ট ও পরা-

* দুইটী প্রদেশের কথা বলা হয় নাই। কাশ্মীর হইতে ভুটান পর্য্যন্ত উত্তরের পার্ব্বতীয় প্রদেশ স্বাধীন ছিল, তাহার মধ্যে কাশ্মীরের হিন্দুগণ সুসভ্য ও শাক্তজ্ঞ ও শৈব ছিল। উড়িষ্যা ও তৈলঙ্গের মধ্যে গণ্ডোয়াতনা নামক যে প্রদেশ দেখিতেছ, তাহা জঙ্গলে পূর্ণ ছিল, ও তথায় জঙ্গলবাসী অসভ্য জাতিগণ স্বাধীনভাবে বাস করিত।

ধীন" এই চিন্তা মনের বল, সাহস ও উদারতা হরণ করে, সুতরাং ভারতবর্ষে দিনে২ পরাধীনতার ফল ফলিতে লাগিল। স্বাধীনতার সঙ্গে২ হিন্দুদিগের মানসিক বল ও উদ্ভাবনশক্তি, স্বাধীন-চিন্তা, কার্য্যক্ষমতা ও সুন্দর কল্পনাশক্তি বিলুপ্ত হইল। ধর্ম্মভীরুতা (Superstition) বৃদ্ধি পাইল, দেবসংখ্যা ও পূজার আড়ম্বরের বৃদ্ধি হইল। স্বাধীনতার সঙ্গে২ ক্ষত্রিয়দিগের মর্য্যাদা হ্রাস হইল; ধর্ম্মভীরুতার সঙ্গে২ ব্রাহ্মণক্ষমতা বৃদ্ধি পাইতে লাগিল, অবশেষে প্রকৃত ক্ষত্রিয় বা বৈশ্য নাই, ব্রাহ্মণগণই কেবল বেদ পাঠের ও উপবীত ধারণের অধিকারী, অন্য সকল জাতি শূদ্র বা শূদ্রের ন্যায় ব্রাহ্মণদিগের দাস এই অস্বাস্থ্যকর মত প্রচার হইল। আপনাদিগের আধিপত্য অধিকতর স্থিরীকরণার্থ ব্রাহ্মণগণ হিন্দুদিগের পুরাতন শাস্ত্র স্থানে স্থানে পরিবর্দ্ধন ও পরিবর্ত্তন করিতে লাগিল, নূতন২ শাস্ত্র প্রণয়ন করিতে লাগিল, এবং সেই গুলি বেদ-ব্যাস-রচিত এইরূপ প্রচার করিতে লাগিল। বিশ্রী তন্ত্র ও পূজা বৃদ্ধি পাইতেছিল, এবং বলহীন পরাধীন জাতি দিনে২ চেষ্টাহীন হইয়া সহস্র মন্দিরে কেবল পূজা ও ক্রন্দনে শান্তি লাভ করিতে লাগিল।

পাঠানশাসনকালের প্রজার অবস্থার এই সংক্ষিপ্ত চিত্রটী বোধ হয় আমাদিগের হৃদয়ঙ্গম হইয়াছে। নচেৎ কেবল সম্রাটদিগের ইতিহাস ও যুদ্ধবিবরণ অভ্যাস করা অনাবশ্যক। সম্রাট্‌দিগের কার্য্যপরম্পরা প্রকৃত ইতিহাস নহে; অধিবাসী জাতিদিগের অবস্থা, উন্নতি ও অবনতিই প্রকৃত ইতিহাস।

দশম পরিচ্ছেদ।

মোগল রাজ্যের উন্নতি।

১৫২৬ খৃষ্টাব্দ হইতে ১৬৫৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

বাবর। ১৫২৬-১৫৩০। ১৫২৬ খৃষ্টাব্দে পানিপথের যুদ্ধে জয় লাভ করিয়া বাবর দিল্লী অধিকার করিলেন ও তৎপরই আগ্রা অধিকার করিলেন।

(ক) চিতোরের সংগ্রামসিংহ সে সময়ে অতিশয় পরাক্রান্ত হইয়াছিলেন, এবং গুর্জ্জর হইতে যমুনাতীর পর্য্যন্ত আপন বিজয় বিস্তার করিয়াছিলেন। এক্ষণে তিনি সসৈন্যে আগ্রার দিকে আসিতে লাগিলেন ও আগ্রা হইতে ২৫ ক্রোশ দূরে বায়ানার দুর্গ বেষ্টন করিলেন। বাবর এই পরাক্রান্ত হিন্দু রাজার আগমনে সসৈন্যে আগ্রা হইতে বহিষ্কৃত হইলেন, এবং আগ্রা হইতে দশ ক্রোশ দূরে শিক্রীতে একটী যুদ্ধে বাবরের সৈন্য পরাস্ত হইল। ইহাতে বাবরের সমস্ত সৈন্য ভীত হইল, কিন্তু বাবর ইতিপূর্ব্বে অনেক বিপদে পড়িয়া সাহস ও অধ্যবসায় শিখিয়াছিলেন; তিনি সৈন্যদিগকে সাহস দিয়া পুনরায় শিক্রীতে যুদ্ধ দান করিলেন। এবার সংগ্রামসিংহ পরাস্ত হইলেন; এবং ইহার অল্প পরই তাঁহার মৃত্যু হয়। সংগ্রামসিংহের ন্যায় পরাক্রান্ত রাজা রাজস্থানে কখনও রাজত্ব করেন নাই। বাবরের নিকট পরাস্ত না হইলে তিনি সম্ভবতঃ দিল্লীশ্বর হইতে পারিতেন ও হিন্দু-স্বাধীনতার পুনরুদ্ধার করিতে পারিতেন।

(খ) চন্দেরী দুর্গের রাজপুত রাজা মেদিনীরায়কে বাবর তৎপর আক্রমণ করিলেন। রাজপুতগণ তাহাদিগের নৈসর্গিক সাহসের সহিত দুর্গ রক্ষা করিল; অবশেষে আর রক্ষা অসম্ভব দেখিয়া সমস্ত রাজপুত রমণী চিতারোহণ করিল, ও

সমস্ত যোদ্ধা সম্মুখরণে প্রাণত্যাগ করিল। বাবর দুর্গ অধিকার করিলেন।

(গ) অযোধ্যার বিবান ও তাঁহার অধীনস্থ আফগানগণ বিদ্রোহী হইয়াছে শুনিয়া বাবর তথায় যাইয়া তাহাদিগকে পরাস্ত করিলেন ও পরে সমস্ত বিহার জয় করিলেন।

পর বৎসর মাহমুদ লোদী পুনরায় বিহার অধিকার করেন ও এক লক্ষ সৈন্য জড় করেন; কিন্তু বাবরের আগমনে তিনি বিহার ত্যাগ করিয়া পলায়ন করিলেন। এবার বাবর বিহার জয় করিয়া ক্ষান্ত রহিলেন না, তিনি গঙ্গা পার হইয়া বঙ্গদেশ আক্রমণ করিলেন। গোগ্‌রা নদী পার হইবার সময় বঙ্গদেশের সৈন্য তাঁহার গতিরোধ করিবার চেষ্টা করিল, কিন্তু সক্ষম হইল না; অচিরে বঙ্গদেশের নবাব নসর খাঁর সহিত বাবর সন্ধি স্থাপন করিলেন। আগ্রায় প্রত্যাবর্ত্তনের সময় তাঁহার সৈন্য পুনরায় বিবান ও বিদ্রোহী পাঠানদিগকে পরাস্ত করিল।

ইহার দেড় বৎসর পরে বাবরের মৃত্যু হয়। কথিত আছে যে, তাঁহার পীড়িত পুত্র হুমায়ুনকে বাঁচাইবার জন্য তিনি সেই পীড়া আপনার শরীরে লইয়া পুত্রকে বাঁচাইলেন, কিন্তু আপনি কালগ্রাসে পতিত হইলেন।

হুমায়ুনের প্রথম শাসন। ১৫৩০—১৫৪০। বাবরের চারি পুত্রের মধ্যে কামরাণ কাবুল ও পঞ্জাবের রাজা হইলেন এবং হুমায়ুন হিন্দুস্থানের সম্রাট হইলেন। হুমায়ুনের আর দুই জন ভ্রাতা হিন্দাল ও মির্জা আস্‌কারী সম্বল ও মেওয়াট প্রদেশের শাসনকর্ত্তার পদে নিযুক্ত হইলেন।

(ক) কালীঞ্জর দুর্গ বেষ্টন করিয়া আছেন এরূপ সময়ে হুমায়ুন শুনিতে পাইলেন যে, তাঁহার পিতার শত্রু চিবান ও বায়জীদ পুনরায় জোয়নপুরে বিদ্রোহী হইয়াছে। হুমায়ুন তাহাদিগকে পরাস্ত করিলেন ও চুনার দুর্গের শের খাঁকে অধীনতা স্বীকার করাইলেন।

(খ) তৎপরে হুমায়ুন স্বাধীন প্রদেশ গুর্জ্জরের সুলতান বাহাদুর খাকে শাস্তি দিবার মানসে সেই দিকে অগ্রসর হইলেন। হুমায়ুনের আগমনে বাহাদুর মন্দেস্থরর শিবির হইতে গোপনে একাকী মাণ্ডু নগরে, তথা হইতে চম্পানীর দুর্গে ও তথা হইতে কাম্বে নগরে পলায়ন করিলেন। হুমায়ুন সে স্থান পর্য্যন্ত পশ্চাদ্ধাবন করিয়া গেলেন, কিন্তু তিনি আসিবার পূর্ব্বেই বাহাদুর দায়ু নগরে পলায়ন করিলেন। বাহাদুরকে ধরিতে না পারিয়া হুমায়ুন গুর্জ্জর প্রদেশ ও দুরাক্রম্য পর্ব্বত-দুর্গ চম্পানীর জয় করিলেন। কিন্তু এ সকল বিজয়ের কোনও স্থায়ী ফল হইল না; হুমায়ুন গুর্জ্জর হইতে চলিয়া যাইবার অচির পরই গুর্জ্জরের সমস্ত বিজয় ও মালব প্রদেশ মোগল হস্ত হইতে পুনরায় স্খলিত হইল।

(গ) চম্পানীর জয়ের পরই হুমায়ুন শুনিলেন যে চুনারের শের খাঁ সমস্ত বিহারের অধিপতি হইয়া বঙ্গদেশ আক্রমণ করিয়াছেন। হুমায়ুন তৎক্ষণাৎ গুর্জ্জর ত্যাগ করিয়া বিহারে আসিয়া চুনার বেষ্টন করিলেন; শের খাঁ তখন বঙ্গের রাজধানী গৌড় বেষ্টন করিয়াছিলেন। এ দিকে হুমায়ুন চুনার অধিকার করিলেন, অপরদিকে শের খাঁ গৌড় অধিকার করিলেন। আবার যখন হুমায়ুন চুনার লইয়া শের খাঁকে আক্রমণ করিবার জন্য বঙ্গদেশে আসিলেন, বুদ্ধিমান সের খাঁ তখন বঙ্গদেশ ত্যাগ করিয়া পুনরায় বিহার প্রদেশে আসিলেন। এদিকে হুমায়ুন বঙ্গদেশে গৌড় অধিকার করিলেন, অপরদিকে শের খাঁ বিহার প্রদেশে চুনার পুনরুদ্ধার করিলেন। বর্ষার আগমনে হুমায়ুন বঙ্গদেশে নিশ্চেষ্ট হইয়া রহিলেন; শের খাঁ সমস্ত বিহার অধিকার করিলেন, ও হুমায়ুনের আগ্রা প্রত্যাবর্ত্তনের পথ অবরোধ করিবার উদ্যোগ করিতে লাগিলেন। সে উদ্যোগ ব্যর্থ হয় নাই; বর্ষার শেষে যখন হুমায়ুন আগ্রায় প্রত্যাবর্ত্তন করিতেছিলেন, শের খাঁ তাহাকে যুদ্ধে

এরূপ পরাস্ত করিলেন যে হুমায়ুনের সমস্ত সৈন্য ধ্বংশ প্রাপ্ত হইল ও হুমায়ুন স্বয়ং বহু কষ্টে প্রাণ বাঁচাইয়া আগ্রায় পলায়ন করিলেন।

এই অবমাননার প্রতিশোধের জন্য হুমায়ুন পর বৎসর পুনরায় সৈন্য সংগ্রহ করিলেন। কাণ্যকুব্জের নিকট যুদ্ধে হুমায়ুন পুনরায় পরাস্ত হইলেন ও তৎপরই দিল্লী ও আগ্রা পরিত্যাগ করিয়া পলায়ন করিলেন। শের খাঁ হিন্দুস্থানের সম্রাট হইলেন।

হুমায়ুন বহু কষ্টে রাজস্থানের মরুভূমি পার হইয়া অমরকোটে উপস্থিত হইলেন, এবং এই স্থানে এই কষ্টের মধ্যে তাঁহার পুত্র প্রসিদ্ধনামা আকবরের জন্ম হয়। তথা হইতে সিন্ধু প্রদেশ জয় করিবার মানস করেন, কিন্তু ব্যর্থ-প্রযত্ন হইয়া প্রথমে কান্দাহারে ও তৎপর পারস্য দেশে যাত্রা করেন। আপাততঃ তিনি পারস্য দেশে অবস্থান করিতে লাগিলেন।

শের শাহ। ১৫৪০—১৫৪৫। শের শাহ অতিশয় বুদ্ধিমান, কার্য্যদক্ষ ও প্রজার হিতকারী সম্রাট ছিলেন; এবং তাঁহার অল্প রাজত্বসময়ের মধ্যে সমস্ত হিন্দুস্থান সুন্দর শৃঙ্খলাবদ্ধ করিয়াছিলেন। প্রজার হিতের জন্য যে সমস্ত কার্য্য করিয়াছিলেন তন্মধ্যে বঙ্গদেশ হইতে পঞ্জাব পর্য্যন্ত যে প্রশস্ত রাজপথ করিয়াছিলেন, সেইটীই প্রসিদ্ধ। ইহার স্থানে২ মসজীদ, স্থানে২ সরাই ও হিন্দু ও মুসলমানদিগের আহারাদির সুন্দর বন্দোবস্ত করিয়াছিলেন।

(ক) তিনি আগ্রা ও দিল্লী অধিকার করিবার অচির পরই হুমায়ুনের ভ্রাতা কামরাণ পঞ্জাব ত্যাগ করিয়া কাবুলে পলায়ন করিলেন, সুতরাং পঞ্জাব শের শাহের অধিকৃত হইল।

(খ) বঙ্গদেশের শাসনকর্ত্তা বিদ্রোহী হইলে শের শাহ

তাঁহাকে বশে আনিয়া বঙ্গদেশ ক্ষুদ্র২ প্রদেশে বিভক্ত করিয়া প্রত্যেক প্রদেশে এক জন করিয়া শাসনকর্ত্তা নিযুক্ত করিলেন ; সুতরাং কাহারও বিদ্রোহীতার পথ রহিল না।

(গ) পর বৎসর মালব প্রদেশ জয় করিলেন।

(ঘ) পর বৎসর হিন্দুরাজরক্ষিত রৈসিন দুর্গ জয় করিলেন, এবং সন্ধির কথা বিস্মৃত হইয়া নৃশংসভাবে সমস্ত হিন্দু নগরবাসীকে হত্যা করিলেন। এই নৃশংস নরহত্যা শের শাহের সুযশে মহৎ কলঙ্ক স্বরূপ।

(ঙ) এই রূপে প্রায় সমস্ত হিন্দুস্থান অধীনে আনিয়া রাজস্থান বিজয়ের চেষ্টা পাইলেন। প্রথমে তিনি অশীতি সহস্র সৈন্য লইয়া মাড়ওয়ার আক্রমণ করিলেন, কিন্তু মাড়-ওয়ারাধিপতি মালদেব পঞ্চাশৎ সহস্র সৈন্য লইয়া অপেক্ষা করিতেছেন শুনিয়া অগ্রসর হইতে সাহস করিলেন না। সম্মুখযুদ্ধে সাহস না করিয়া তিনি জাল পত্র দ্বারা মালদেবের মনে অধীনস্থ সেনানীদিগের প্রতি সন্দেহ জন্মাইবার চেষ্টা করিলেন। এই মন্ত্রণা সফল হইল, মালদেব কতকগুলি এই-রূপ জাল পত্র পাইয়া শের শাহের চক্রান্ত না বুঝিতে পারিয়া আপন সেনানীদিগের প্রতি সন্দেহ করিলেন, এবং যুদ্ধে নিরস্ত হইয়া পলায়ন তৎপর হইলেন। যে সমস্ত সেনানীর প্রতি এই অন্যায় সন্দেহ পড়িয়াছিল, তাঁহারা মর্ম্মান্তিক কষ্ট পাইলেন ; এবং এক জন আপন নির্দ্দোশিতা দেখাইবার জন্য আপনার কেবল ১২০০০ সৈন্য লইয়া এরূপ বেগে শের শাহের শিবির আক্রমণ করিলেন যে, শের শাহ অতি কষ্টে পরিত্রাণ পাইলেন। শের শাহ অবশেষে সেই অল্প সংখ্যক রাজপুতকে পরাস্ত করিলেন, কিন্তু মাড়ওয়ার বিজয়ের উদ্যম ত্যাগ করিলেন, ও মাড়ওয়ারের মৃত্তিকার অনুর্ব্বরতা লক্ষ্য করিয়া কহিলেন, "আমি এক মুষ্টি শস্যের জন্য আর একটু হই-লেই ভারতবর্ষের সাম্রাজ্য হারাইয়াছিলাম !"

(চ) ইহার পর তিনি মেওয়ারের রাজাকে বশীকৃত করিলেন।

(ছ) তৎপর কালীঞ্জর দুর্গ আক্রমণ করিলেন, এবং এই আক্রমণে দুর্গের গোলায় হত হইলেন। মৃত্যুর প্রাক্কালে দুর্গ হস্তগত হইয়াছে শুনিয়া ঈশ্বরকে ধন্যবাদ দিলেন।

সলীম শাহ। ১৫৪৫-১৫৫৩। সলীম শের শাহের পুত্র। তাঁহার শাসনের প্রারম্ভেই তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা আদী-লের ও পরাক্রান্ত ওমরাহদিগের নিষ্ফল বিদ্রোহ ভিন্ন তাঁহার রাজ্যকালের মধ্যে আর কোনও ঘটনা ঘটে নাই।

মহম্মদ আদীল শাহ। ১৫৫৩-১৫৫৬। সলীমের পুত্রকে হত্যা করিয়া সলীমের শ্যালক মহম্মদ আদীল শাহ নাম ধারণ করিয়া সম্রাট হইলেন। তিনি অকর্ম্মণ্য ও জঘন্য বিলাস-পটু ছিলেন, রাজ্যের ধন অনায়াসে অপব্যয় করিতেন ও পুরাতন সাহসী ভৃত্যদিগের জায়গীর কাড়িয়া লইয়া আপনার লোকদিগকে দিতেন। এইরূপ অন্যায় ও জঘন্য আচরণে শীঘ্র সমস্ত সাম্রাজ্যে বিদ্রোহ হইল। সম্রাটের কেবল এক জন বিশ্বস্ত, অতিশয় সাহসী ও কার্য্যদক্ষ ভৃত্য ছিল, তাঁহার নাম হিমু, তিনি জাতিতে হিন্দু।

চুনারের বিদ্রোহ দমনার্থে সম্রাট্ তথায় যাইলে এদিকে ইব্রাহীম সুর নামক সম্রাটের এক জন আত্মীয় দিল্লী ও আগ্রা অধিকার করিলেন। সেকন্দর সুর নামক আর এক জন পঞ্জাবে রাজপদ গ্রহণ করিলেন, পর ইব্রাহীমকে পরাস্ত করিয়া দিল্লী ও আগ্রা অধিকার করিলেন। আবার এই সুযোগে হুমায়ুন ভারতবর্ষে পুনঃ প্রবেশ করিয়া সেকন্দরকে পরাস্ত করিয়া দিল্লী ও আগ্রায় পুনরায় মোগল অধিকার স্থাপন করিলেন।

এই সময়ে হিমু সুপ্ত ছিলেন না। সেকন্দর সুরের নিকট পরাস্ত হইয়া ইব্রাহীম সম্রাটকে আক্রমণ করিতে

আসিতেছিলেন ; হিমু প্রথমে তাঁহাকে পরাস্ত করিলেন। তৎপর বঙ্গদেশের বিদ্রোহী শাসনকর্ত্তা মহম্মদ সুরকে পরাস্ত করিয়া বঙ্গদেশে আপন প্রভুর অধিকার স্থাপন করিলেন। পরে হুমায়ুনের আগমনবার্ত্তা শুনিয়া হিমু অকর্ম্মণ্য প্রভুকে চুনারে রাখিয়া আগ্রার দিকে আসিলেন, কিন্তু তিনি আসিবার পূর্ব্বেই হুমায়ুনের মৃত্যু হয় (১৫৫৫) ও আকবর সম্রাট হইয়াছিলেন। হিমু আগ্রা বেষ্টন করিয়া অধিকার করিলেন, পর তর্দীবেগকে পরাস্ত করিয়া দিল্লী অধিকার করিলেন ; পর মোগলদিগের একেবারে বিনাশ সাধন করিবার জন্য লাহোরের দিকে যাত্রা করিলেন। কিন্তু পানীপথের যুদ্ধে আকবরের সেনাপতি বৈরামের নিকট পরাস্ত হইয়া তৎকর্ত্তৃক নিহত হয়েন। ১৫৫৬ খৃষ্টাব্দ।

ইহার অচিরপর মহম্মদ আদীল শাহ বঙ্গদেশে হত হয়েন, আকবর শাহ নিষ্কণ্টকে দিল্লীর সম্রাট হইয়া রহিলেন।

হুমায়ুনের দ্বিতীয় শাসন। ১৫৫৫। ভারতবর্ষ হইতে পলায়ন করিয়া হুমায়ুন প্রথমে কান্দাহারে পর পারস্য দেশে গিয়াছিলেন। পারস্যরাজের সহায়তায় তিনি অচিরে কান্দাহার অধিকার করিলেন ; পরে ভ্রাতা কামরাণের সহিত অনেক যুদ্ধের পর কাবুলের রাজা হইলেন ও নিষ্ঠুররূপে কামরাণের দুই চক্ষু অন্ধ করিয়া দিলেন। তাহার পর কিরূপে দিল্লী ও আগ্রা অধিকার করিয়াছিলেন, তাহা পূর্ব্বেই বর্ণিত হইয়াছে। এই ঘটনার ছয় মাস পরই একটী সোপান হইতে পড়িয়া তাঁহার মৃত্যু হয়।

আকবর শাহ। ১৫৫৫—১৬০৫। আকবরের ন্যায় সুযোগ্য, উদারমনা ও বিচক্ষণ সম্রাট কখন দিল্লীর সিংহাসনে আরোহণ করেন নাই। তিনি যেরূপ সাহস ও ক্ষমতার সহিত সমস্ত হিন্দুস্থান বশীকৃত করেন ও সুন্দর ও সুশৃঙ্খল-

রূপে শাসন করেন, সেরূপ পূর্ব্বে কখনও দৃষ্ট হয় নাই। তাঁহার উদারতা ও সৌজন্যে হিন্দু রাজগণ যেরূপ তাঁহার বশীভূত ও প্রণয়ভাজন হইয়াছিলেন, মুসলমানাধিকৃত ভারতবর্ষে পূর্ব্বে বা পরে কখনও সেরূপ দৃষ্ট হয় নাই।

(ক) আকবর সম্রাট্ হইবার পরই তাঁহার সেনাপতি বৈরামের সহিত পাঠান সম্রাট মহম্মদ আদীলের সেনাপতি হিমুর পানীপথে যে যুদ্ধ হয়, তাহা পূর্ব্বেই উক্ত হইয়াছে। সে যুদ্ধে পাঠানদিগের পরাজয় হয় ; কিন্তু তাহার অব্যবহিত পরই সেই পাঠান রাজবংশের সেকন্দর সুর পঞ্জাবে বিদ্রোহী হইলে আকবর তথায় যাইয়া সেই প্রদেশ বশীভূত করিলেন। আট মাস বেষ্টনের পর আকবর মানকোটের দুর্গ হস্তগত করিলেন, কিন্তু সেকন্দরকে ছাড়িয়া দিলেন। এইরূপে হিন্দুস্থানে পাঠান-ক্ষমতা বিলুপ্ত হইল। (১৫৫৬ খৃঃ অব্দ)

(খ) বৈরাম অসাধারণ ক্ষমতাপন্ন সেনানী ছিলেন ; ও এ পর্য্যন্ত সাম্রাজ্যের মধ্যে সর্ব্বেসর্ব্বা ছিলেন। কিন্তু তাঁহার কর্কশ ব্যবহার ও অত্যাচার সকলের অসহ্য হইয়াছিল, সুতরাং আকবর এক্ষণে রাজ্যভার বৈরামের হস্ত হইতে আপন হস্তে লইলেন। বৈরাম ক্ষুব্ধ ও ক্রুদ্ধ হইয়া কতক ইতস্ততঃ করিয়া অবশেষে পঞ্জাবে বিদ্রোহানল প্রজ্জ্বলিত করিলেন, কিন্তু অচিরে আকবর কর্ত্তৃক পরাস্ত হইয়া আকবরের শরণাগত হইলেন। আকবর তাঁহাকে শাস্তি না দিয়া যথোচিত সম্মান করিলেন। তাহার পর বৈরাম মক্কায় যাইবার জন্য গুর্জ্জর প্রদেশে যাইলে এক জন আফগান তাঁহাকে হত্যা করে। অষ্টাদশ বৎসর বয়ঃক্রমে আকবর এত দিনে (১৫৬০ খৃঃ অব্দ) প্রকৃত সম্রাট হইলেন।

(গ) কিন্তু তাঁহার বিপদরাশি এখনও শেষ হয় নাই। মোগলদিগের ক্ষমতা এখনও হিন্দুস্থানে সম্যকরূপে স্থাপিত হয় নাই ; বিশেষতঃ বালককে সিংহাসনে দেখিয়া তাঁহার

আপন কর্ম্মচারীগণও চারিদিকে বিদ্রোহী হইতে লাগিল। তাঁহার ভ্রাতা কাবুলের শাসনকর্ত্তা হাকিম পঞ্জাব আক্রমণ করিলেন, এবং জোয়নপুর, মালব, অযোধ্যা, আলাহাবাদ প্রভৃতি প্রদেশে বিদ্রোহ উত্থাপিত হইল। কিন্তু আকবর আপন অসাধারণ সাহস, বুদ্ধি ও ক্ষিপ্রকারিতা গুণে এ সমস্ত বিদ্রোহ শীঘ্র দমন করিলেন। হাকিম পুনরায় কাবুলে পলায়ন করিলেন ও পঞ্জাব হইতে জোয়নপুর পর্য্যন্ত সমস্ত দেশ আকবরের অবিভক্ত অধিকার স্বীকার করিল ১৫৬৭ খৃঃ অব্দ। তখন আকবর অন্য স্বাধীন প্রদেশ বিজয়ের অভিলাষ করিতে লাগিলেন।

(ঘ) এ পর্য্যন্ত কোনও সম্রাট রাজস্থান বশীকৃত করিতে পারেন নাই। আকবর সদাচরণ ও বুদ্ধিবলে তাহা কতকদূর সম্পাদন করিলেন। অন্যান্য সম্রাটদিগের ন্যায় তিনি হিন্দুবিদ্বেষী ছিলেন না, বরং তাহাদিগকে মুসলমানদিগের ন্যায় সমান সম্মান ও বিশ্বাস করিতেন, ও স্বয়ং জয়পুর ও মাড়ওয়ারের দুই রাজকন্যাকে বিবাহ করেন ও জয়পুরের আর একটী রাজকন্যার সহিত আপন পুত্রের বিবাহ দিলেন। এইরূপ কুটুম্বিতাসূত্রে বদ্ধ হইয়া ও সম্রাটের উদার আচরণে তদপেক্ষা অধিক বশীভূত হইয়া রাজপুত রাজগণ সম্রাটের অধীনতা স্বীকার করিলেন, এবং আপন২ রাজপুত সৈন্য লইয়া সম্রাটের কার্য্য সাধন করিতে লাগিলেন। এই রাজপুত সহায়তায় আকবরের অল্প উপকার হয় নাই; তিনি আপন শাসনকালে ক্রমে গুর্জ্জর হইতে বঙ্গ ও উড়িষ্যা দেশ পর্য্যন্ত যে বিজয় বিস্তার করিয়াছিলেন, তাহা অনেকটা রাজপুত রাজাদিগের সহায়তায়। সে বিষয় ক্রমে বর্ণিত হইবে।

এইরূপে প্রধান২ রাজপুত রাজগণ সম্রাটের অধীনতা স্বীকার করিলেন বটে, কিন্তু মেওয়ার প্রদেশের মহারাণা

(রাজা) তাহা স্বীকার করিলেন না। ১৫৬৮ খৃষ্টাব্দে আকবর মেওয়ারের রাজধানী চিতোর আক্রমণ করিলেন। সংগ্রামসিংহের অযোগ্য পুত্র উদয়সিংহ তখন রাণা ছিলেন। তিনি দুর্গ ত্যাগ করিয়া পলাইলেন, কিন্তু মেওয়ারের যোদ্ধাগণ যতদূর সাধ্য সেই দুর্গ রক্ষা করিলেন। শেষে আর যুদ্ধ অসম্ভব দেখিয়া নারীগণ চিতারোহণ করিলেন, যোদ্ধাগণ সম্মুখরণে প্রাণত্যাগ করিলেন; চিতোর আকবরের হস্তগত হইল।

উদয়সিংহের মৃত্যুর পর তাঁহার পুত্র প্রাতঃস্মরণীয় বীর প্রতাপসিংহ পর্ব্বতে ও কন্দরে বাস করিয়া, এক স্থান হইতে অন্য স্থানে সপরিবারে তাড়িত হইয়াও আকবরের অধীনতা স্বীকার করিলেন না; বরং বৎসর২ আকবরের অসংখ্য সৈন্যের সহিত যুদ্ধ দান করিতে লাগিলেন। প্রথম বৎসরে (১৫৭৬) হল্‌দীঘাটায় অম্বরের রাজপুত রাজা মানসিংহ ও আকবরের পুত্র সলীম প্রতাপকে পরাস্ত করেন, ও কমলমীর ও গোগুন্দ দুর্গ অধিকার করেন। এইরূপে বৎসর২ পরাস্ত ও দুর্গচ্যুত হইয়াও প্রতাপ অধীনতা স্বীকার করিলেন না; অবশেষে অনেক বৎসর পর্য্যন্ত অসাধারণ বীরত্ব ও কষ্টসহিষ্ণুতা প্রদর্শন করিয়া অবশেষে মোগলদিগকে দেওয়ীরের যুদ্ধে পরাস্ত করিয়া পুনরায় মেওয়ার কাড়িয়া লইলেন। প্রতাপের অসামান্য অধ্যবসায় ও বীরত্ব দেখিয়া আকবরও তাঁহার সাধুবাদ করিলেন, এবং মেওয়ারবিজয়ের আর উদ্যোগ করিলেন না।

(ঙ) ১৫৭২ ও ১৫৭৩ খৃষ্টাব্দে বহু যুদ্ধের পর আকবর স্বাধীন গুর্জ্জর রাজ্য জয় করিয়া দিল্লীর অধীনে আনেন। অন্য যুদ্ধে যেরূপ, এই যুদ্ধেও আকবর সেইরূপ অসাধারণ সাহস ও ক্ষিপ্রকারিতা প্রকাশ করিয়াছিলেন। একবার ১৫৬ জন মাত্র সৈন্য লইয়া ১০০০ শত্রুকে আক্রমণ করিয়া মহা

সঙ্কটে পড়িলেন, কেবল জয়পুরাধিপতি ভগবানদাস ও তাঁহার পোষ্যপুত্র মানসিংহের অসাধারণ সাহস ও প্রভু-ভক্তি বশতঃ রক্ষা পাইলেন। গুর্জ্জরের যুদ্ধে হিন্দু সেনাপতি টোডরমল্লও আকবরের অনেক সহায়তা করিয়াছিলেন; ধোলকার যুদ্ধে সেনাপতি উজীর খাঁ পলায়নতৎপর হইয়াছিলেন, কিন্তু টোডরমল্লের অপূর্ব্ব সাহসেই আকবরের সৈন্য জয়লাভ করিল।

(চ) ১৫৭৩ খৃষ্টাব্দে বঙ্গদেশের শেষ পাঠানরাজা দায়ুদ খাঁ সিংহাসনে আরোহণ করেন, ও তাহার পর বৎসরই আকবর সেই প্রদেশ জয় করিবার অভিলাষ করেন। তিনি স্বয়ং পাটনা নগর বেষ্টন ও অধিকার করিয়া মনাইম খাঁকে সেনাপতি রাখিয়া দিল্লী প্রত্যাগমন করিলেন, কিন্তু মনাইম খাঁ নাম মাত্র সেনাপতি ছিলেন, টোডরমল্লই সমস্ত কার্য্য নির্ব্বাহ করেন ও বার২ দায়ুদ খাঁর সহিত যুদ্ধ করিয়া অবশেষে কটকের মহাযুদ্ধে তাঁহাকে পরাস্ত করিলেন। দায়ুদ খাঁ তখন সন্ধি দ্বারা (১৫৭৪) বঙ্গ ও বিহার আকবরকে অর্পণ করিয়া কেবল উড়িষ্যা মাত্র আপন অধীনে রাখিলেন। ইহার পর টোডরমল্ল দিল্লী যাত্রা করিলে দায়ুদ খাঁ পুনরায় বঙ্গদেশ অধিকার করিলেন। ১৫৭৬ খৃষ্টাব্দে আকবর হোসেনকুলী খাঁকে সেনাপতি করিয়া বঙ্গদেশে পাঠাইলেন, কিন্তু পূর্ব্বের ন্যায় টোডরমল্লই সর্ব্বেসর্ব্বা ছিলেন। দ্বিতীয়বার বঙ্গদেশে আসিয়া টোডরমল্ল দায়ুদ খাঁকে রাজমহলের যুদ্ধে পরাস্ত করিলেন, এবং সেই যুদ্ধে দায়ুদ হত হইলেন। হোসেনকুলী বঙ্গ, বিহার ও উড়িষ্যার শাসনকর্ত্তা হইলেন, টোডরমল্ল পুনরায় দিল্লী প্রত্যাগমন করিলেন। হোসেনের পর মজফ্ফর খাঁ শাসনকর্ত্তা হইলেন, কিন্তু ১৫৮০ খৃষ্টাব্দে পাঠানগণ পুনরায় বিদ্রোহানল প্রজ্জ্বলিত করিল, এবং মজফ্ফর নিধনপ্রাপ্ত হইলেন। আকবর এবার টোডরমল্লকেই শাসনকর্ত্তা

ও সেনাপতি করিয়া পাঠাইলেন, এবং তিনি বিহারে আসিয়া মুঙ্গেরে পাঠান কর্ত্তৃক বেষ্টিত হইয়া কয়েক মাস রহিলেন। কিন্তু হিন্দু জমীদারদিগকে স্বপক্ষে আনিয়া অবশেষে পাঠানদিগকে পরাস্ত করিলেন ও তৃতীয়বার বঙ্গদেশ জয় করিলেন। দুই বৎসর বঙ্গদেশ শাসন করিলে পর তাঁহার অধীনস্থ মোগলগণ অসন্তোষ প্রকাশ ও বিদ্রোহ উপস্থিত করায় আকবর তাঁহাকে ডাকাইয়া লইলেন, ও আজীম খাঁকে বঙ্গদেশে পাঠাইয়া দিলেন।

এ দিকে আফগানগণ নিশ্চেষ্ট রহিল না। কতলু খাঁ পুনরায় বিদ্রোহী হইয়া উড়িষ্যা ও বঙ্গদেশে দামোদর নদীর দক্ষিণ পর্য্যন্ত জয় করিলেন। আজীম খাঁর পর জয়পুরের-মানসিংহ বঙ্গের শাসনকর্ত্তা নিযুক্ত হইয়া আসিলেন। তিনি আধুনিক কলিকাতার নিকট শিবির সন্নিবেশ করিলেন, এবং তাঁহার পুত্র জগৎসিংহ একটী যুদ্ধে পরাস্ত হইয়া পাঠানদিগের বন্দী হইলেন। মোগলপক্ষের সৌভাগ্যবশতঃ কতলু খাঁর এই সময়ে (১৫৯০) মৃত্যু হয় এবং তাঁহার নাবালক পুত্রদিগের রক্ষক ইসা মানসিংহের সহিত সন্ধি স্থাপন করিলেন, তদ্দ্বারা বঙ্গ ও বিহার মোগলদিগেরই রহিল, উড়িষ্যায় কতলুর পুত্রগণ আকবরের অধীনতা স্বীকার করিয়া রাজ্য করিতে লাগিলেন। দুই বৎসর পর ইসার মৃত্যু হইলে পাঠানদিগের মধ্যে গৃহবিচ্ছেদ হয়, এবং মানসিংহ দ্বিতীয়বার বঙ্গদেশে আসিয়া অবশেষে উড়িষ্যা জয় করিলেন; ১৫৯২ খৃঃ অব্দ। ইহার আট বৎসর পর কতলুর পুত্র ওসমান বয়ঃপ্রাপ্ত হইয়া আর একবার বিদ্রোহাচরণ করিয়াছিলেন বটে, কিন্তু তাহাতে কোনও ফল লাভ হইল না।

(ছ) আকবরের ভ্রাতা কাবুলের শাসনকর্ত্তা হাকিম ১৫৮১ খৃঃ অব্দে পুনরায় বিদ্রোহী হইয়া পঞ্জাব আক্রমণ করিলেন, এবং তথাকার শাসনকর্ত্তা মানসিংহ (যিনি পরে

বঙ্গদেশ শাসন করেন) হাকিমের সহিত যুদ্ধ দানে অসমর্থ হইয়া লাহোরে আশ্রয় গ্রহণ করিলেন। আকবর স্বয়ং পঞ্জাবে আসিলেন, এবং সিন্ধুনদী পার হইয়া কাবুল অধিকার করিলেন ; পর ভ্রাতার অপরাধ মার্জ্জনা করিয়া তাঁহাকে পুনরায় কাবুলের শাসনকর্ত্তা করিলেন। রাজা মানসিংহের পিতা রাজা ভগবানদাস পঞ্জাবের শাসনকর্ত্তা নিযুক্ত হইলেন। ইহার ৪ বৎসর পর ১৫৮৫ খৃঃ অব্দে হাকিমের মৃত্যু হইলে মানসিংহ কাবুলের শাসনকর্ত্তা নিযুক্ত হইলেন।

(জ) কাশ্মীর দেশের হিন্দুগণ অতি প্রাচীনকাল হইতে খৃষ্টের পর চতুর্দ্দশ শতাব্দীর প্রারম্ভ পর্য্যন্ত স্বাধীন ছিল ; কিন্তু ঐ সময়ে এক জন মুসলমান সেই প্রদেশ জয় করে। সেই সময় হইতে আকবরের সময় পর্য্যন্ত মুসলমান রাজগণ স্বাধীনভাবে কাশ্মীর শাসন করিতেন, কিন্তু ১৫৮৭ খৃষ্টাব্দে আকবর এই প্রদেশ জয় করিলেন। সেই অবধি এই জগতে অতুল্য সুন্দর পর্ব্বত-প্রদেশ মোগল সম্রাটদিগের গ্রীষ্মকালের আমোদ ও লীলা স্থান হইল।

(ঝ) পেশাওয়রের নিকটস্থ পর্ব্বতবাসী আফগানগণ অতিশয় কঠোর ও দুর্দ্দমনীয়। ১৫৮৬ খৃষ্টাব্দে আকবর জৈন খাঁ ও বীরবলকে তথায় প্রেরণ করিলেন, কিন্তু উভয়েই পর্ব্বতের ভিতর শত্রু কর্ত্তৃক বেষ্টিত হইয়া পরাস্ত হইলেন, এবং বীরবল হত হইলেন। বীরবল ব্রাহ্মণ ছিলেন, এবং আকবরের অতিশয় প্রিয় পারিষদ ছিলেন ; বীরবলের মৃত্যুবার্ত্তা শুনিয়া আকবর বহু দিন অবধি শোকবিহ্বল হইয়া রহিলেন। বীরবলের মৃত্যুর পর কাবুলের শাসনকর্ত্তা মানসিংহ এবং টোডরমল্ল সেই পার্ব্বতীয়দিগের সহিত যুদ্ধ করিতে লাগিলেন, কিন্তু সে পার্ব্বতীয় আফগানগণ অদ্য পর্য্যন্ত কোন সম্রাট বা কোনও জাতির সম্পূর্ণ অধীনতা স্বীকার করে নাই।

(ঞ) ১৫৯২ খৃষ্টাব্দে আকবর সিন্ধু প্রদেশ জয় করিলেন।

(ট) ১৫৯২ খৃষ্টাব্দে আকবর কান্দাহার প্রদেশ জয় করিলেন।

(ঠ) এই রূপে সমস্ত আর্য্যাবর্ত্ত ও কাবুল আপন অধীনে আনিয়া আকবর দাক্ষিণাত্য বিজয়ের কল্পনা করিতে লাগিলেন। ১৫৯৫ খৃষ্টাব্দে আহমদনগর রাজ্যে গৃহবিচ্ছেদ হওয়ায় আকবর সেই প্রদেশ জয় করিবার জন্য মোরদ ও খানখানানকে পাঠাইলেন। তাঁহারা আহমদনগর বেষ্টন করিলেন, কিন্তু নাবালক সুলতানের পিতৃব্যপত্নী চাঁদ সুলতানা অসাধারণ সাহস ও অধ্যবসায়ের সহিত নগর রক্ষা করিতে লাগিলেন, এবং বর্ম্ম ও অসি ধারণ করিয়া স্বয়ং যুদ্ধ দান করিলেন। নারীর এরূপ সাহস দেখিয়া সমস্ত নগরবাসীগণ এরূপ সাহসের সহিত যুদ্ধ করিতে লাগিল যে, আকবরের সৈন্য বিফলপ্রযত্ন হইল। অচিরে আহমদনগরের সুলতান কেবল বেরার প্রদেশ মাত্র সম্রাটকে অর্পণ করিয়া সন্ধি স্থাপন করিলেন।

কিন্তু এ সন্ধি চিরস্থায়ী হইল না ; অচিরে পুনরায় যুদ্ধ আরম্ভ হইল। এবার আহমদনগরের ভিতর দলাদলি হইতেছিল, বিপক্ষদল কর্ত্তৃক চাঁদ সুলতানা হত হইলেন, ও অচিরে আহমদনগর (১৬০০ খৃঃ অব্দ) মোগলহস্তে পতিত হইল। রাজধানী ধ্বংশ হইল বটে, কিন্তু তথাপি আহমদনগর রাজ্য মোগলদিগের অধীনতা স্বীকার করিল না। আকবরের শাসনকালে সে রাজ্য দিল্লীর অধীনতা স্বীকার করে নাই।

(ড) ১৬০০ খৃঃ অব্দে খন্দেশ প্রদেশ আকবরের হস্তগত হইল। আকবর নিজ পুত্র দানীয়েলকে খন্দেশ ও বেরারের শাসনকর্ত্তার পদে ও খানখানানকে মন্ত্রিত্বপদে নিযুক্ত করি-

লেন ; এবং প্রসিদ্ধ "আকবর নামা" লেখক আবুলফজলকে আহমদনগর রাজ্য বিজয়ের জন্য নিযুক্ত করিলেন। পূর্ব্বে লিখিত হইয়াছে যে,সে রাজ্য আকবরের জীবিত কালের মধ্যে বিজীত হইল না।

(ঢ) আকবরের শেষাবস্থায় তাঁহার পুত্র সলীম বিদ্রোহাচরণ করিয়াছিলেন, এবং আকবরের সুহৃদ ও ভৃত্য আবুলফজলকে হত্যা করেন। আকবর এই আচরণে অতিশয় ক্ষুব্ধ হয়েন ; কিন্তু তাঁহার মৃত্যুর সময় সলীম ভিন্ন অন্য কোনও পুত্র জীবিত ছিল না, সুতরাং তিনি সলীমকেই উত্তরাধিকারী করিয়া গেলেন। ১৬০৫ খৃঃ অব্দে আকবরের মৃত্যু হয়, মৃত্যুর পূর্ব্বে পিতা পুত্রের মিলন হয়, এবং সলীম সজলনয়নে আপন দোষের ক্ষমা প্রার্থনা করেন ও পিতার প্রতি উচিত অনুরাগ ও ভালবাসা প্রদর্শন করেন।

আকবরের ন্যায় সর্ব্বগুণসম্পন্ন সম্রাট দিল্লীর সিংহাসনে কখনও আরোহণ করিয়াছেন কি না সন্দেহ। তাঁহার অপরিসীম সাহস ও ক্ষিপ্রকারিতা, তাঁহার প্রতাপ ও দেশবিজয়, বিজীত শত্রুর প্রতি তাঁহার দয়া ও উদার ব্যবহার, হিন্দুদিগের প্রতি তাঁহার সদ্ব্যবহার, এবং তাঁহার বিচক্ষণ শাসন পূর্ব্বেই বর্ণিত হইয়াছে। তিনি প্রকৃত মুসলমান ছিলেন না ; এক ঈশ্বরবাদী ছিলেন, পয়গম্বরে মানিতেন না, সুতরাং কাফেরদিগের প্রতি মুসলমানদিগের যেরূপ ঘৃণা থাকে আকবরের তাহা ছিল না। ধর্ম্ম সম্বন্ধে তাঁহার যেরূপ উদার মত ও আচারণ ছিল, সাহিত্যেও সেই রূপ ; তিনি সংস্কৃত আলোচনা করিতেন, ও মহাভারত রামায়ণ প্রভৃতি কাব্য ও ভাস্করাচার্য্যের বীজগণিত ও লীলাবতী ও অন্যান্য সংস্কৃত পুস্তক অনুবাদ করাইয়াছিলেন। তিনি হিন্দু বিধবাদিগের পুনর্ব্বিবাহের জন্য চেষ্টা করিতেন,এবং সতীর চিতারোহণ একেবারে বন্ধ করিয়া দিলেন, এবং হিন্দুদিগের উপর যে জিজিয়া কর

স্থাপিত ছিল, তাহা উঠাইয়া দিলেন। নিজে যুক্তিসঙ্গত ধর্ম্মে বিশ্বাস করিতেন ; অন্য কোনও ধর্ম্মের বিদ্বেষী ছিলেন না।

দেশ-শাসন সম্বন্ধে তিনি টোডরমল্লের সহায়তায় যে সুন্দর বন্দোবস্ত করিয়াছিলেন তাহা পরে বর্ণিত হইবে।

জেহাঙ্গীর। ১৬০৫-১৬২৭। আকবরের মৃত্যুর পর তাঁহার পুত্র সলীম জেহাঙ্গীর নাম ধারণ করিয়া সিংহাসনে আরোহণ করিলেন।

(ক) তাঁহার পুত্র খসরু (রাজা মানসিংহের ভাগিনেয়) আগ্রা হইতে পলায়ন করিয়া পঞ্জাবে যাইয়া লাহোর নগর অধিকার করিলেন ; কিন্তু অচিরে পিতার সৈন্য দ্বারা যুদ্ধে পরাস্ত হইলেন ও কাবুলে পলায়নের সময় তিনি ধৃত হইলেন জেহাঙ্গীর বন্দীদিগকে খসরুর সম্মুখে অতিশয় নিষ্ঠুরতার সহিত নিহত করিলেন।

(খ) গীয়াসুদ্দীন নামক একজন পারসীকের কন্যা নুরজেহান অতিশয় লাবণ্যময়ী ছিলেন, এবং বিবাহের পূর্ব্বে মাতার সহিত সর্ব্বদা সম্রাট আকবরের বেগমদিগের নিকট যাইতেন। জেহাঙ্গীর (তখন যুবরাজ সলীম) নুরজেহানকে দেখিয়া মুগ্ধ হইলেন ; তাহাতে আকবর পুত্রের প্রতি অসন্তুষ্ট হইয়া শের আফগান নামক একজন পারসীকের সহিত নুরজেহানের বিবাহ দেওয়াইলেন ও তাঁহাকে বর্দ্ধমানের শাসনকর্ত্তা নিযুক্ত করিলেন।

পর জেহাঙ্গীর সম্রাট হইলে বঙ্গদেশের শাসনকর্ত্তা কুতবুদ্দীনকে সেই রমণী আনিয়া দিবার আদেশ করেন। শের আফগান কুতবুদ্দীনের উদ্দেশ্য বুঝিতে পারিয়া আপন কর্ম্ম ছাড়িয়া দিলেন। তৎপর কুতবুদ্দীন শের আফগানকে হত্যা করিবার উদ্যম করিলে তৎকর্ত্তৃক নিজে হত হইলেন ; কিন্তু কুতবের অনুচর কর্ত্তৃক শেরও তৎক্ষণাৎ হত হইলেন। নুরজেহান দিল্লীতে প্রেরিত হইলেন।

নুরজেহান স্বামীর হত্যাকারক জেহাঙ্গীরকে বিবাহ করিতে অসম্মত হইলেন ; জেহাঙ্গীরও কএক বৎসর নুরজেহানকে ভুলিয়া রহিলেন। কিন্তু ১৬১১ খৃঃ অব্দে সম্রাট পুনরায় নুরজেহানের সৌন্দর্য্যে বিমোহিত হইয়া তাঁহাকে বিবাহ করিলেন। নুরজেহান যেরূপ রূপবতী ছিলেন, সেইরূপ অসাধারণ বুদ্ধিমতী ছিলেন, সুতরাং অচিরে স্বামীকে বশ করিয়া ভারতশাসনকার্য্যে সর্ব্বেসর্ব্বা হইয়া উঠিলেন।

(গ) আকবর রাজস্থানের সমস্ত রাজাদিগকে একরূপ অধীনতা স্বীকার করাইয়াছিলেন কিন্তু মেওয়ারের মহারাণা প্রতাপসিংহকে বশ করিতে পারেন নাই। প্রতাপের মৃত্যুর পর তাঁহার পুত্র অমরসিংহের সহিত জেহাঙ্গীরের যুদ্ধ চলিতে লাগিল ; প্রথমে মহাবৎ খাঁ, তৎপরে আবদুল্লা খাঁ মেওয়ার আক্রমণ করিলেন কিন্তু কিছুই করিতে পরিলেন না। অবশেষে যুবরাজ কুর্ম্ম (পরে যিনি শাহজেহান নামে সম্রাট হয়েন) সেই প্রদেশ পুনরায় আক্রমণ করিলেন। অমরসিংহ আর না পারিয়া ১৬১৪ খৃঃ অব্দে জেহাঙ্গীরের অধীনতা স্বীকার করিলেন। কিন্তু সে নাম মাত্র অধীনতা; অন্যান্য রাজপুত রাজাদিগের ন্যায় তিনি স্বরাজ্য শাসন করিতে লাগিলেন।

(ঘ) আকবর আহমদনগর রাজ্য জয় করিবার অনেক চেষ্টা করিয়াও বিফলপ্রযত্ন হইয়াছিলেন, পূর্ব্বে লিখিত হইয়াছে। জেহাঙ্গীরের সময়েও এইরূপ অনেক চেষ্টা হইয়াছিল, কিন্তু সে চেষ্টাও নিষ্ফল হয়। ১৬১০ খৃষ্টাব্দে সেনাপতি খানখানানের মোগল সৈন্যের মধ্যে বিরোধ হওয়ায় আহমদনগর রাজের আবিসিনীয় মন্ত্রী মালিক অম্বর আহমদনগর সহর পুনরায় হস্তগত করিলেন। ১৬১২ খৃঃ অব্দে আবদুল্লা গুর্জ্জর হইতে ও যুবরাজ পরবেজ ও খানজেহান ও মানসিংহ খন্দেশ হইতে একেবারে আহমদনগর আক্রমণ করিবেন সম্রাট্ এইরূপ আদেশ দিলেন। কিন্তু এ উদ্যমও

ব্যর্থ হইল। আবদুল্লা সর্ব্বপ্রথমে যুদ্ধস্থানে আসিয়া পরাস্ত হইলেন ; পর সম্রাটের দ্বিতীয় সৈন্য লব্ধবিজয় মালিক অম্বরকে আক্রমণ করিতে সাহস করিল না। শেষে ১৬১৭ খৃষ্টাব্দে যুবরাজ কুর্ম্ম দাক্ষিণাত্যে যাইয়া কতকটা জয়সাধন করিলেন ; মালিক অম্বর আহমদনগর প্রভৃতি যে২ স্থান জয় করিয়াছিলেন, তাহা ফিরাইয়া দিলেন, এবং নাম মাত্র সম্রাটের অধীনতা স্বীকার করিলেন। ইহার চারি বৎসর পর মালিক অম্বর পুনরায় যুদ্ধ আরম্ভ করেন এবং নর্ম্মদা নদী পার হইয়া মাণ্ডু নগর দগ্ধ করেন ; কিন্তু যুবরাজ কুর্ম্মকর্ত্তৃক পুনরায় পরাস্ত হয়েন। তথাপি আহমদনগর সম্যকরূপে জয় হইল না।

(ঙ) যুবরাজ কুর্ম্মই এত দিন পিতার দক্ষিণ হস্তের ন্যায় ছিলেন, কিন্তু নুরজেহানের কুমন্ত্রণায় তিনি এখন পিতার শত্রু হইয়া উঠিলেন। নুরজেহান পূর্ব্ব স্বামী শের আফগানজাত কন্যাকে জেহাঙ্গীরের এক পুত্র শাহরীয়রের সহিত বিবাহ দিয়াছিলেন এবং তিনিই যাহাতে জেহাঙ্গীরের পর সম্রাট্ হয়েন এইরূপ চক্রান্ত করিতে লাগিলেন। নুরজেহানের পরামর্শে জেহাঙ্গীর যুবরাজ কুর্ম্মের জায়গীর কাড়িয়া শাহরীয়রকে দিলেন, এবং শাহরীয়র কান্দাহার বিজয়ার্থ যাইবেন, কুর্ম্মের অধিকাংশ সেনা তাঁহার সঙ্গে যাইবে এইরূপ আদেশ দিলেন। কুর্ম্ম বিদ্রোহী হইয়া তৈলঙ্গে পলায়ন করিলেন, ও তথা হইতে আসিয়া বঙ্গ ও বিহার অধিকার করিলেন। কিন্তু অচিরে সম্রাটের সেনাপতি মহাবৎ খা দ্বারা পরাস্ত হইয়া কুর্ম্ম পুনরায় দাক্ষিণাত্যে পলায়ন করিলেন ও পুরাতন শত্রু মালিক অম্বরের সহিত এক্ষণে যোগ দিলেন। কিন্তু তাহাতেও সফলপ্রযত্ন না হইয়া অবশেষে শ্রান্ত, পীড়িত ও সৈন্যদ্বারা পরিত্যক্ত হইয়া পিতার অধীনতা স্বীকার করিলেন। ফলে নুরজেহানই জিতিলেন।

(চ) কিন্তু নুরজেহান ইহাতেও সন্তুষ্ট হইলেন না। তিনি সাম্রাজ্যের মধ্যে সর্ব্বেসর্ব্বা হইতে চাহিতেন; কুর্ম্মের ক্ষমতা ধ্বংশ করিয়া মহাবতের ক্ষমতা ধ্বংশ করিবার মন্ত্রণা করিতে লাগিলেন। সম্রাটের প্রাপ্য অর্থ আত্মসাৎ করিয়াছেন, এই অভিযোগে মহাবৎ অভিযুক্ত হইলেন ও সম্রাট-সম্মুখে আসিবার আদেশ পাইলেন। মহাবৎও সমস্ত বুঝিতে পারিয়া সহসা সসৈন্যে আসিয়া সম্রাটকে বন্দী করিলেন! বীর রমণী নুরজেহান শত্রু সম্মুখে বিপাশা নদী পার হইয়া স্বামীর উদ্ধারার্থ মহাবতের সহিত যুদ্ধ দান করিলেন, এবং স্বয়ং রণহস্তী আরোহণ করিয়া যুদ্ধের মধ্যে প্রবেশ করিলেন, তথাপি সফলপ্রযত্ন হইলেন না। অবশেষে ইচ্ছাপূর্ব্বক স্বামীর সহিত আপনিও বন্দী হইলেন; এবং আপন অসাধারণ বুদ্ধিবলে অচিরে স্বামীর উদ্ধার সাধন করিলেন! সম্রাট পুনরায় স্বাধীন হইলেন, নুরজেহানের ক্ষমতার ইয়ত্তা রহিল না; মহাবৎ দাক্ষিণাত্যে পলায়ন করিয়া কুর্ম্মের সহিত যোগ দিলেন।

১৬২৭ খৃঃ অব্দে জেহাঙ্গীরের মৃত্যু হইল; তাঁহার সঙ্গে২ নুরজেহানের সমস্ত ক্ষমতা লুপ্ত হইল; যুবরাজ কুর্ম্ম শাহ জেহান নামে সম্রাট্ হইলেন।

শাহ জেহান। ১৬২৭-১৬৫৮। শাহ জেহান সম্রাট হইয়া ভ্রাতা শাহরীয়র ও পিতৃব্যপুত্রদিগকে হত্যা করিলেন; তাঁহার পুত্র আরংজীব পরে তাঁহার এই নৃশংস আচরণ অনুকরণ করিয়াছিলেন। নুরজেহান বন্দীভাবে আরও বিংশ বৎসর জীবিত রহিলেন, তাঁহার ব্যয়ের জন্য সম্রাট তাঁহাকে বৎসর২ পঞ্চবিংশ লক্ষ টাকা দিতেন।

(ক) জেহাঙ্গীরের রাজ্যকালে খান জেহান লোদী দাক্ষিণাত্য বিজয়কার্য্যে নিযুক্ত হইয়াছিলেন; তিনি আহমদনগরের মালিক অম্বরের সহিত সন্ধি করিয়া মোগলবিজীত

সমস্ত প্রদেশ ফিরাইয়া দিলেন। শাহ জেহান তাহাতে অসন্তুষ্ট হইয়া প্রথমে খান জেহানকে মালবে স্থানান্তরিত করিলেন, পর আগ্রায় আহ্বান করিলেন; কিন্তু খানজেহান সন্দেহ প্রযুক্ত সহসা আগ্রা পরিত্যাগ করিয়া পলায়ন করিলেন। প্রথমে আহমদনগর, তৎপর বিজয়পুর ও তৎপরে বুন্দেলখণ্ডে পলায়ন করিলেন, কিন্তু মোগল সৈন্য দ্বারা পশ্চাদ্ধাবিত হইয়া অবশেষে শেষোক্ত স্থানে হত হইলেন।

তাঁহার মৃত্যুতে দাক্ষিণাত্যের যুদ্ধ শেষ হইল না; আহমদনগর-রাজ্য জয় করিবার জন্য আকবর ও জেহাঙ্গীর বৃথা চেষ্টা করিয়াছিলেন; শাহ জেহান এক্ষণে সেই চেষ্টায় প্রবৃত্ত হইলেন। আহমদনগরেও এ সময়ে অতিশয় গণ্ডগোল উপস্থিত হইয়াছিল। মালিক অম্বরের পুত্র ফতে খাঁ সুলতানকে হত্যা করিয়া মোগলদিগের সহিত যোগ দিলেন; কিন্তু অচিরে আর এক জন সুলতানকে রাজ্যে অভিষেক করিয়া মোগলদিগের বিরুদ্ধে দৌলতাবাদ রক্ষা করিতে লাগিলেন। তাহাতেও ব্যর্থযত্ন হইলেন; আহমদনগরের সুলতান বন্দী হইলেন ও ফতে খাঁ মোগলদিগের অধীনে কার্য্য গ্রহণ করিলেন।

তথাপি আহমদনগর বিজীত হইল না। মহারাষ্ট্র বীর শাহজী পতনোন্মুখ আহমদনগর-রাজ্য আপন বাহুবলে স্বাধীন রাখিবার চেষ্টা করিতে লাগিলেন। সুলতানের বংশের আর এক জনকে রাজ্যে অভিষিক্ত করিয়া তিনি বিজ্ঞ ব্রাহ্মণের সাহায্যে দেশ শাসনের সুন্দর রীতি স্থাপন করিলেন, বহুসংখ্যক দুর্গ হস্তগত করিলেন, এবং সুলতানের নামে সেনা সংগ্রহ করিতে লাগিলেন। সম্রাট এই সমস্ত দেখিয়া স্বয়ং বহুসংখ্যক সৈন্য লইয়া দাক্ষিণাত্যে আসিলেন। দিল্লীশ্বরের সহিত যুদ্ধ করা শাহজীর সাধ্য নহে, সুতরাং দুই বৎসর পর ১৬৩৭ খৃষ্টাব্দে সন্ধি স্থাপিত হইল। আহমদ-

নগরের স্বাধীন রাজ্য এত দিনে লুপ্ত হইল ; বিজয়পুর ও গলখন্দের সুলতানগণ দিল্লীশ্বরকে কর দিতে স্বীকার করিলেন, এবং শাহজী বিজয়পুরের সুলতানের অধীনে কার্য্য গ্রহণ করিলেন ও বিস্তীর্ণ জায়গীর ভোগ করিতে লাগিলেন। এই শাহজীর পুত্র প্রসিদ্ধনামা শিবজীর বয়ঃক্রম তখন দশ বৎসর ; তিনিই বয়ঃপ্রাপ্ত হইয়া মহারাষ্ট্র দেশে হিন্দু-স্বাধীনতা পুনরায় স্থাপন করেন।

(খ) বাবরের সময় হইতে ভারতবর্ষের সম্রাটগণ কাবুলেরও সম্রাট ছিলেন ; কিন্তু কাবুলের উত্তরে বাখ ও বাদাক্ষাণ ও পশ্চিমে কান্দাহার প্রদেশ মধ্যেং দিল্লীশ্বরদিগের হস্ত হইতে স্খলিত হইত। বিশেষতঃ বাখ বহু দিন হইতে মোগল সাম্রাজ্যের বহির্ভূত ছিল ; শাহ জেহান সেই দেশ বিজয়ার্থ রাজপুত-রাজ জগৎসিংহকে প্রেরণ করিলেন। এই উদ্যমে রাজপুতগণ অসাধারণ সাহস ও কষ্টসহিষ্ণুতা প্রকাশ করিয়াছিল ; হিন্দুকুশ পর্ব্বতের ভিতর দিয়া এবং বরফের উপর তাহারা যুদ্ধ করিতে লাগিল, এবং রাজা সৈন্যগণকে উৎসাহিত করিবার জন্য আবশ্যক মতে সহস্তে কোদালি লইয়া মৃত্তিকা খনন করিতে লাগিলেন। অবশেষে সম্রাট আপনি কাবুলে আসিলেন, এবং তাঁহার সন্তান মোরাদ বাখ জয় করিলেন ; কিন্তু অচিরে উজবেকগণ পুনরায় সেই দেশ আক্রমণ করিল। এবার সম্রাটের আর এক পুত্র আরংজীব যুদ্ধের ভার প্রাপ্ত হইয়া বাখ রক্ষা করিতে লাগিলেন ; কিন্তু যুদ্ধের গতি দেখিয়া এবং এই প্রদেশ অধিক দিন অধীনে রাখা অসম্ভব বিবেচনা করিয়া অবশেষে শাহ জেহান সমস্ত ত্যাগ করিয়া সন্ধি স্থাপন করিলেন ; বাখ ও বাদাক্ষাণ জয় হইল না।

কান্দাহার প্রদেশ জেহাঙ্গীরের রাজ্যকালে পারস্য রাজার হস্তে পতিত হইয়াছিল, কিন্তু শাহজেহানের রাজ্য-

কালে দিল্লীশ্বরের হস্তে পতিত হইল। কিন্তু অচিরে পারস্যরাজ পুনরায় এই স্থান জয় করিলেন। তাহার পর আরংজীব দুই বার ও তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা দারা একবার এই স্থান উদ্ধার করিবার চেষ্টা করিলেন, কিন্তু প্রতিবারই বিফলযত্ন হইয়া প্রত্যাগমন করিলেন। কান্দাহার দিল্লীশ্বরদিগের হস্ত হইতে চিরকালের জন্য স্খলিত হইল।

(গ) তৎপর আরংজীব দাক্ষিণাত্যের শাসনকার্য্যে নিযুক্ত হইলেন। আহমদনগরের স্বাধীনতা লোপের পর তথায় গলখন্দ ও বিজয়পুর এই দুইটী মাত্র স্বাধীন মুসলমান রাজ্য ছিল, এই দুইটী দিল্লীর অধীন হয় আরংজীব এইরূপ চেষ্টা করিতে লাগিলেন। বঙ্গদেশে যাইতেছেন এইরূপ ছল করিয়া সহসা গলখন্দের রাজধানী হাইদ্রাবাদ আক্রমণ করিয়া হস্তগত করিলেন ; তথাকার সুলতান আপন কন্যাকে আরংজীবের পুত্রের সহিত বিবাহ দিয়া ও অনেক প্রদেশ ও অর্থ দিয়া আপাততঃ রক্ষা পাইলেন। ইহার পর আরংজীব বিনা কারণে বিজয়পুর আক্রমণ করিলেন ; বিদর হস্তগত করিলেন, এবং বিজয়পুরের নগর ও রাজ্য হস্তগত করিবার উদ্যোগ করিতেছিলেন এমন সময়ে সহসা পিতার পীড়ার কথা শুনিয়া সে উদ্যম ত্যাগ করিয়া দিল্লীর সিংহাসন হস্তগত করিবার উদ্যমে প্রবৃত্ত হইলেন। বিজয়পুরের সুলতান অনেক অর্থ দান করিয়া আপাততঃ রক্ষা পাইলেন।

(ঘ) অতিশয় বিলাসপটুতার জন্য শাহ জেহানের ১৬৫৭ খৃঃ অব্দে সহসা রোগ উপস্থিত হইল, তাঁহার জ্যেষ্ঠ পুত্র রাজ্যভার গ্রহণ করিলেন। অন্যান্য ভ্রাতাগণ ইহাতে সম্মত হইলেন না। সুতরাং তাঁহারা দিল্লীর দিকে আসিতে লাগিলেন। শাহ সুজা বঙ্গদেশের শাসনকর্ত্তা ছিলেন, তিনি বারাণসী পর্য্যন্ত আসিয়া তথায় দারার পুত্র সলিমান ও জয়পুরাধিপতি জয়সিংহের নিকট পরাস্ত হইয়া বঙ্গদেশে

প্রত্যাবর্ত্তন করিলেন। আরংজীব দাক্ষিণাত্য হইতে ও মোরদ গুর্জ্জর হইতে আসিয়া সিপ্রা নদী পার হইয়া যশোবন্ত-সিংহকে পরাস্ত করিলেন। দারা ভীত হইয়া স্বয়ং বহু সৈন্য লইয়া আরংজীব ও মোরদের গতিরোধ করিতে আসিলেন; কিন্তু শ্যামাগড়ের যুদ্ধে পরাস্ত হইয়া পলায়ন করিলেন। আরংজীব আগ্রায় প্রবেশ করিয়া ছলপূর্ব্বক পিতাকে বন্দী করিলেন, ভ্রাতা মোরদকে বন্দী করিলেন ও স্বয়ং সিংহাসনে আহোরণ করিলেন। পর বৎসর শাহ সুজা পুনরায় যুদ্ধার্থে আসিলেন; কিন্তু আরংজীব কর্ত্তৃক প্রয়াগের নিকট পরাস্ত হইয়া পুনরায় বঙ্গদেশে পলাইলেন। আরংজীব যেরূপ সাহসী ও কার্য্যক্ষম ছিলেন, সেইরূপ ধূর্ত্ত ও কপটাচারী ছিলেন; সুতরাং চারি ভ্রাতার মধ্যে তিনিই পিতৃসিংহাসনে আরোহণ করিলেন।

শাহ জেহান বহুসংখ্যক অতি সুন্দর হর্ম্ম্যাদি দ্বারা দিল্লী নগর যেরূপ সুন্দর করিয়াছিলেন, সেরূপ সুন্দর নগর বোধ হয় সে সময়ে জগতে আর ছিল না। তাঁহার মমতাজ-মহল নাম্নী এক বেগমের স্মরণার্থ যে "তাজমহল" প্রস্তুত করিয়াছেন, সেরূপ সুন্দর হর্ম্ম্য বোধ হয় জগতে আর নাই। দিল্লীর মর্ম্মরপ্রস্তরনির্ম্মিত দেওয়ানখাস ও মতিমসজীদ তাঁহারই নির্ম্মিত; এবং তাঁহার কৃত জুম্মামসজীদ জগদ্বিখ্যাত। রত্ন-মুক্তাবিভূষিত ময়ুর-সিংহাসনও তিনিই নির্ম্মাণ করাইয়াছিলেন।

একাদশ পরিচ্ছেদ।

মোগল রাজ্যের অবনতি।

১৬৫৮ খৃষ্টাব্দ হইতে ১৭৬১ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

আরংজীব। ১৬৫৮—১৭০৭। প্রয়াগের যুদ্ধে পরাস্ত

হইয়া শাহ সুজা বঙ্গদেশে পলায়ন করিলেন, আরংজীবের পুত্র সুলতান মহম্মদ ও সেনাপতি মীরজুমলা তাঁহার পশ্চাদ্ধাবন করিলেন। তণ্ডার সুল্‌তান মহম্মদ সুজার কন্যাকে বিবাহ করিয়া সুজার পক্ষে আসিলেন, কিন্তু উভয়েই মীর-জুমলার নিকট পরাস্ত হইলেন। শাহ সুজা সপরিবারে আরাকানে যাইয়া তথাকার রাজাকর্ত্তৃক হত হইলেন। দারা শ্যামাগড়ের যুদ্ধে পরাস্ত হইয়া সিন্ধু প্রদেশে পলায়ন করিলেন; তথায় ধৃত হইয়া দিল্লীতে আনীত হইলেন ও আরংজীবের আদেশে হত হইলেন। কারারুদ্ধ মোরদও অচিরে আরংজীবের আজ্ঞায় হত হইলেন। এইরূপে পিতাকে বন্দী করিয়া ভ্রাতৃরক্তে স্নাত হইয়া আরংজীব রাজ্য করিতে লাগিলেন।

(ক) এই সময়ে মহারাষ্ট্রীয়দিগের মধ্যে একটী জাতীয় বিপ্লব ঘটিতেছিল। ১৬৩৭ খৃঃ অব্দে আহমদনগরের ধ্বংশের পর শাহজী বিজয়পুরের সুল্‌তানের অধীনে একজন সেনাপতি হইয়া প্রশস্ত জায়গীর ভোগ করিতে লাগিলেন তাহা পূর্ব্বেই বর্ণিত হইয়াছে। কিন্তু শাহজীর পুত্র প্রাতঃস্মরণীয় শিবজী ইহাতেও সন্তুষ্ট না হইয়া স্বাধীন রাজা হইবার চেষ্টা করিতে লাগিলেন। তিনি প্রথমে তোরণ দুর্গ পরে দুই একটী দুর্গ আত্মসাৎ করিলে বিজয়পুরের সুল্‌তান তাঁহার পিতা শাহ-জীকে বন্দী করিলেন; পর শাহজীকে মুক্তি দিলে শিবজীর পুনরায় পূর্ব্ববৎ আচরণ দেখিয়া তাঁহার বিরুদ্ধে একদল সৈন্য পাঠাইয়া দিলেন। শিবজী সেনাপতি আফ্‌জল খাঁকে হত্যা করিয়া সেই সৈন্যের ধ্বংশসাধন করিলেন। সুলতান আর একদল সৈন্য পাঠাইলেন, শেষে স্বয়ং যুদ্ধক্ষেত্রে আসিলেন; তথাপি কোন বিশেষ জয়লাভ করিতে না পারিয়া শিবজীর সহিত সন্ধিস্থাপন করিলেন। শিবজী তদ্দ্বারা সমস্ত কঙ্কণ প্রদেশের অধীশ্বর হইলেন, এবং আপন অধীনে ৭০০০

অশ্বারোহী ও ৫০,০০০ পদাতিক সৈন্য রাখিলেন। ১৬৬২ খৃঃ অব্দ।

শিবজীর ক্ষমতার বৃদ্ধি দেখিয়া আরংজীব তখন শায়েস্তা খাঁ ও মাড়ওয়ারের যশোবন্তসিংহকে শিবজীর বিরুদ্ধে পাঠাইলেন। শায়েস্তা খাঁ পুনায় অবস্থিতি করিতেছিলেন এরূপ সময়ে শিবজী এক দিন রাত্রিতে সহসা তাঁহাকে আক্রমণ করিয়া তাঁহার সৈন্য ছিন্ন ভিন্ন করিয়া পুনরায় পলায়ন করিলেন; তাহাতে শায়েস্তা খাঁ ভীত হইয়া সেই স্থান পরিত্যাগ করিলেন। ইহার পরই শাহজীর মৃত্যু হওয়ায় শিবজী রাজা উপাধি গ্রহণ করিলেন। ১৬৬৫ খৃঃ অব্দ।

আরংজীব তখন মহাবলপরাক্রান্ত অম্বরাধিপতি জয়সিংহকে দিলাওয়ার খাঁর সহিত শিবজীর বিরুদ্ধে প্রেরণ করিলেন। জয়সিংহের সহিত যুদ্ধ অসম্ভব বিবেচনা করিয়া শিবজী বিনা যুদ্ধেই পরাজয় স্বীকার ও সন্ধিস্থাপন করিলেন; তদ্দ্বারা তাঁহার দ্বাত্রিংশৎ দুর্গের মধ্যে বিংশতিটী সম্রাটকে সমর্পণ করিলেন ও অবশিষ্ট দ্বাদশটী সম্রাটের অধীনে ভোগ করিবেন স্বীকার করিলেন। ইহার কিয়ৎপরই জয়সিংহের পরামর্শে শিবজী সম্রাটকে দর্শন করিতে দিল্লী যাত্রা করিলেন। সম্রাট এই সময়ে শিবজীর প্রতি সদাচরণ করিলে তাঁহাকে চিরবিশ্বস্ত ভৃত্য করিতে পারিতেন; কিন্তু আপন ক্রূর ও ধূর্ত্ত বুদ্ধি অনুসারে শিবজীকে প্রথমে অবমাননা করিয়া পরে যাবজ্জীবন বন্দী করিয়া দিল্লীতে রাখিবার চেষ্টা করিলেন। শিবজী চক্রান্ত করিয়া দিল্লী হইতে পলায়ন করিয়া আরংজীবের চিরশত্রু হইয়া স্বদেশে উপস্থিত হইলেন। ১৬৬৬ খৃঃ অব্দ।

সম্রাটের আদেশানুসারে জয়সিংহ বিজয়পুর লইবার চেষ্টা করিলেন ও সম্রাটের নিকট সহায়তা চাহিয়া পাঠাইলেন। ধূর্ত্ত আরংজীব আপন অধীনের কোনও কর্ম্মচারী বা

সেনাপতিকে বিশ্বাস করিতেন না; যাহার অধিক ক্ষমতা হইত সে অতিশয় বিশ্বস্ত ভৃত্য হইলেও তাহার ধ্বংশসাধনের চেষ্টা করিতেন। সেই জন্য এক্ষণে জয়সিংহের অবমাননা করিবার জন্য সহায়তা পাঠাইলেন না; জয়সিংহও ব্যর্থ-প্রযত্ন ও ক্ষুণ্ণমনা হইয়া দিল্লীতে প্রত্যাবর্ত্তনের সময় কালগ্রাসে পতিত হইলেন। এই সুযোগে শিবজী আপনার দুর্গ সমুদয় পুনরায় হস্তগত করিতে লাগিলেন। ১৬৬৮ খৃঃ অব্দ হইতে তিনি বিজয়পুর ও গলখন্দের সুলতানদিগের নিকট হইতে কর আদায় করিতে লাগিলেন; এবং ১৬৭০ খৃঃ অব্দে খন্দেশ প্রদেশ হইতে "চৌঠ" অর্থাৎ তথাকার রাজস্বের চতুর্থাংশ আদায় করিলেন। এই মহারাষ্ট্রদিগের "চৌঠ" গ্রহণের সূত্রপাত। সম্রাটপ্রেরিত সৈন্যদিগকে বার২ পরাস্ত করিয়া শিবজী আপন রাজ্য ক্রমশঃ বৃদ্ধি করিতে লাগিলেন। উত্তর দিকে তিনি নর্ম্মদা নদী পার হইয়া মোগল প্রদেশ লুণ্ঠন করিলেন; দক্ষিণে মহীশূর পর্য্যন্ত আপনার বিজয় বিস্তার করিলেন। দিল্লী হইতে ফিরিয়া আসিবার পর চতুর্দ্দশ বৎসর পর্য্যন্ত এইরূপে দাক্ষিণাত্যে হিন্দু-স্বাধীনতা স্থিরীকৃত করিয়া ও রাজ্য সুশৃঙ্খল করিয়া শিবজী কালগ্রাসে পতিত হইলেন। ১৬৮০ খৃঃ অব্দ।

(খ) আরংজীব এদিকে যেরূপ ধূর্ত্ত ও কপটাচারী ছিলেন, আবার সেইরূপ গোঁড়া ধার্ম্মিক ছিলেন। সুতরাং তিনি প্রথমাবধিই হিন্দুদিগের উপর নানারূপ উৎপাত ও কর স্থাপন করিয়া অবশেষে "জিজীয়া" কর স্থাপন করিয়া সমস্ত দেশের লোককে, বিশেষ রাজপুতদিগকে, বিরক্ত করিলেন; সুতরাং রাজপুতগণ আকবরের সময় হইতে যেরূপ দিল্লীর বিশ্বস্ত ও উপকারী কর্ম্মচারী ছিল, এক্ষণে সম্রাটের সেইরূপ প্রবল শত্রু হইয়া উঠিল। মাড়ওয়ারের যশোবন্তসিংহ সম্রাটের কার্য্যে কাবুলে প্রাণ দান করিলেও অকৃতজ্ঞ সম্রাট সামান্য কারণে

তাঁহার পরিবারকে বন্দী করিবার চেষ্টা করিলেন। সে চেষ্টায় বিফলপ্রযত্ন হইলেন, কিন্তু সমস্ত রাজপুত এই নূতন অত্যাচারে ক্রুদ্ধ হইয়া উঠিল। কয়েক বৎসর পর্য্যন্ত রাজপুতদিগের সঙ্গে সম্রাটের ভয়ানক যুদ্ধ চলিতে লাগিল, অবশেষে মেওয়ারের রাজার সহিত যে সন্ধিস্থাপন হইল,তাহাতে আরংজীবের বিশেষ কোনও লাভ হইল না। মাড়ওয়ার প্রভৃতি অন্যান্য স্থানে তখনও যুদ্ধ চলিতে লাগিল, আরংজীবের মৃত্যু পর্য্যন্ত সে যুদ্ধ ক্ষান্ত হইল না।

(গ) শিবজী যত দিন জীবিত ছিলেন,আরংজীব তত দিন দাক্ষিণাত্যে আইসেন নাই; এক্ষণে ১৬৮৩ খৃষ্টাব্দে সমস্ত দাক্ষিণাত্য বিজয় মানসে আরংজীব দাক্ষিণাত্যে আসিলেন। ইহার পর ২৪ বৎসর কাল তিনি জীবিত ছিলেন, কিন্তু এই কালের মধ্যে দাক্ষিণাত্যের যুদ্ধ শেষ হইল না আরংজীব দাক্ষিণাত্য ত্যাগ করেন। ১৬৮৬ খৃষ্টাব্দে তিনি বিজয়পুর অধিকার করিলেন এবং সেই স্বাধীন রাজ্য বিলুপ্ত হইল। পর বৎসর তিনি গলখন্দ জয় করিলেন সুতরাং দাক্ষিণাত্যে শেষ স্বাধীন মুসলমান রাজ্য বিলুপ্ত হইল। এক্ষণে সম্রাট তাঁহার সমস্ত সৈন্য ও বল মহারাষ্ট্রীয়দিগের বিরুদ্ধে চালনা করিতে লাগিলেন; বিংশ বৎসর পর্য্যন্ত এই যুদ্ধ চলিতে লাগিল; অনেক দুর্গ আরংজীবের হস্তগত হইল, অনেক যুদ্ধে মহারাষ্ট্রীয়গণ পরাস্ত হইল, কিন্তু এ যুদ্ধ শেষ হইল না; মহারাষ্ট্রীয়গণ বিজীত হইল না। মহারাষ্ট্রীয়দিগের অশ্বারোহী ক্ষিপ্রগামী, তাহাদিগের কোনও একটী রাজধানীতে সমস্ত বল স্থাপিত ছিল না; শিবজীর মৃত্যুর পর কোন এক জনের হস্তে সমস্ত ক্ষমতা ন্যস্ত ছিল না; সুতরাং এক স্থানে পরাস্ত হইলে তাহারা অন্য স্থানে জড় হইত; একটী দুর্গ হারাইলে অন্য একটীতে যাইত; এক জন বন্দী হইলে আর দশ জন যুদ্ধ করিত, সম্মুখযুদ্ধ না করিয়া চারিদিকে মোগলদিগের দেশ লুণ্ঠন ও সর্ব্বদা আক্রমণ করিয়া তাহাদিগকে যৎপরোনাস্তি ক্লেশ দান করিত। বিংশ বৎসরের অনন্ত যুদ্ধেও এরূপ জাতির ক্ষমতা চূর্ণ করিতে না পারিয়া শ্রান্ত, পীড়িত, বার্দ্ধক্যক্লিষ্ট আরংজীব ১৭০৭ খৃষ্টাব্দে আহমদনগরে প্রাণত্যাগ করিলেন। মোগলশ্রেষ্ঠ আকবর হইতে আরংজীব সাহস বা অধ্যবসায়ে, তীক্ষ্ণ বুদ্ধি বা স্থির প্রতিজ্ঞায় ন্যূন ছিলেন না; তথাপি আকবর আপন উদার স্বভাব, সদাচার ও হিন্দুদিগের প্রতি বিশ্বাস দ্বারা মোগল সাম্রাজ্য গঠিত ও স্থিরীকৃত করেন; আরংজীব আপন ধূর্ত্ততা, জগতের প্রতি অবিশ্বাস, ও হিন্দুদিগের প্রতি অত্যাচার বশতঃ সেই বিস্তীর্ণ সাম্রাজ্যের ধ্বংশসাধন করিলেন। আরংজীবের সময়েই মোগল সাম্রাজ্য গৌরবহীন ও ক্ষমতাহীন হইল; তাঁহার পর কয়েক জন হীনবল সম্রাট্ নাম মাত্র দিল্লীর সিংহাসনে অধিরূঢ় হইয়াছিলেন।

বাহাদুর শাহ। ১৭০৭-১৭১২। আরংজীবের পুত্র মোয়াজিম্ ভ্রাতা আজীমকে যুদ্ধে পরাস্ত ও নিহত করিয়া বাহাদুর শাহ নাম ধারণ করিয়া সিংহাসনে আরোহণ করিলেন।

(ক) শিবজীর অযোগ্য পুত্র শম্ভুজী আরংজীব কর্ত্তৃক নিহত হইয়াছিলেন। শম্ভুজীর পুত্র শাহুর সহিত এক্ষণে মোগলদিগের সন্ধিস্থাপন হইল, তদ্দ্বারা মোগলেরা নিজের লোকের দ্বারা চৌঠ আদায় করিয়া মহারাষ্ট্রীয়দিগকে দিতে স্বীকার করিল।

(খ) আরংজীবের রাজ্য কালে রাজপুতদিগের সহিত এপর্য্যন্ত যে যুদ্ধ চলিতেছিল, তাহা এক্ষণে ক্ষান্ত হইল। সম্রাট্ রাজপুতদিগকে সমস্ত ফিরাইয়া দিলেন; তাহারা আকবরের সময়ে যেরূপ, এক্ষণেও সেইরূপ নাম মাত্র অধীন রহিল।

(গ) খৃষ্টের পঞ্চদশ শতাব্দির শেষে নানক নামক এক জন ধর্ম্মগুরু হিন্দু ও মুসলমান ধর্ম্ম মিশ্রিত করিয়া শীখ-ধর্ম্মের সূত্রপাত করেন। প্রথম শীখগণ অতিশয় শান্ত ও ধর্ম্মাচারী ছিল, কিন্তু মোগলদিগের অসহ্য উৎপীড়নে ক্রমে তাহারা যোদ্ধৃবেশ ধারণ করিল। আরংজীবের রাজ্যকালে গুরুগোবিন্দের শিক্ষাবলে তাহারা সাহসী যোদ্ধা হইয়া উঠিল, এবং দিন২ অধিক পরাক্রম লাভ করিতে লাগিল। বাহাদুরের শাসনকালে বান্দা নামক গুরু দ্বারা পরিচালিত হইয়া তাহারা পূর্ব্ব পঞ্জাব হইতে অনেক দেশ লুণ্ঠন করিয়া অনেক অত্যাচার করে। সম্রাট তাহাদিগকে তাড়াইয়া দিয়া লাহোরে আসিয়া প্রাণত্যাগ করেন।

জেহান্দর শাহ। ১৭১২-১৭১৩। প্রবল মন্ত্রী জুলফিকারের সহায়তায় বাহাদুরের পুত্র জেহান্দর ভ্রাতা-গণকে হত্যা করিয়া সম্রাট হইলেন; কিন্তু তাঁহার ভ্রাতু-ষ্পুত্র ফেরোকসের বিহারের শাসনকর্ত্তা সৈয়দ হোসেন ও আলাহাবাদের শাসনকর্ত্তা সৈয়দ আবদুল্লার সহায়তায় যুদ্ধে জেহান্দর ও জুলফিকারকে হত করিয়া সম্রাট হইলেন।

ফেরোকসের। ১৭১৩-১৭১৯। এই ক্ষীণ সম্রাটের রাজ্য কালে দুই ভ্রাতা হোসেন ও আবদুল্লাই সর্ব্বেসর্ব্বা ছিলেন।

(ক) শীখগণ পুনরায় পঞ্জাবে উপদ্রব করাতে এক জন মোগল সেনাপতি তাহাদিগকে আক্রমণ করিয়া বান্দাকে দিল্লীতে বন্দীস্বরূপ আনেন। বান্দাকে অতি নিষ্ঠুরতার সহিত নিহত করা হয়।

(খ) সৈয়দ হোসেনের অত্যন্ত প্রভুত্ব দেখিয়া সম্রাট তাঁহাকে প্রথমে মাড়ওয়ার তৎপর মহারাষ্ট্র দেশ বিজয়ার্থ প্রেরণ করেন। দাক্ষিণাত্যে আসিয়া হোসেন রাজা শাহুর সহিত সন্ধি স্থাপন করিলেন, তদ্দ্বারা শিবজীর সময়

হইতে মহারাষ্ট্রীয়গণ যে২ দেশ জয় করিয়াছিল সমস্তই তাহাদিগের রহিল; এবং সমস্ত দাক্ষিণাত্যের জন্য মোগলগণ চৌঠ (চতুর্থাংশ) ও সর্দ্দেশমুখী (অবশিষ্ট তিন অংশের দশমাংশ) দিতে স্বীকার করিল। মহারাষ্ট্রগণও দিল্লীশ্বরকে কর দিতে ও দিল্লীশ্বরের কার্য্য সাধনার্থে সৈন্য দিতে স্বীকার করিল। হোসেনকৃত এই সন্ধিতে ফেরোক্‌সের সম্মত হইলেন না; অচিরে হোসেন দিল্লীতে যাইয়া সম্রাটকে হত্যা করি-লেন।

মহম্মদ শাহ। ১৭১৯-১৭৪৮। ফেরোক্‌সেরকে হত্যা করিয়া সৈয়দেরা ক্রমান্বয়ে রফীউদ্দর্জাৎ ও রফীউদ্দৌ-লাকে সম্রাট করেন; কিন্তু তাহারা কয়েক মাসের মধ্যে কালগ্রাসে পতিত হওয়ায় আর এক জনকে মহম্মদ শাহ নামে সম্রাট করিলেন।

(ক) ফেরোক্‌সেরের সময়ে আসফ্‌জা দাক্ষিণাত্যের শাসনকর্ত্তা ছিলেন; তাঁহাকে বশীভূত করিবার জন্য সৈয়দ হোসেন দাক্ষিণাত্যে যাত্রা করিলেন, কিন্তু নূতন সম্রাটকে সঙ্গে২ লইলেন। পথিমধ্যে সম্রাটের গুপ্ত আজ্ঞানুসারে হোসেন নিহত হইলেন; ও সম্রাট দিল্লীতে ফিরিয়া আসিয়া হোসেনের ভ্রাতা আবদুল্লাকে পরাস্ত করিয়া বন্দী করিলেন। এইরূপে সৈয়দদিগের ক্ষমতার শেষ হইল।

(খ) এক্ষণে সম্রাট আসফ্‌জাকে উজীরী পদ দিবার জন্য তাঁহাকে দাক্ষিণাত্য হইতে আহ্বান করিলেন। তিনি দিল্লীতে আসিলেন বটে, কিন্তু সম্রাটের বিলাসপটুতা দেখিয়া বিরক্ত হইয়া দাক্ষিণাত্যে ফিরিয়া যাইলেন, এবং নাম মাত্র দিল্লীর অধীন থাকিয়া তথায় স্বাধীন রাজ্য স্থাপন করত হাইদ্রাবাদে রাজধানী করিলেন (১৭২৪ খৃঃ অব্দে)। হাইদ্রা-বাদের স্বাধীন রাজ্য অদ্যাপি বর্ত্তমান আছে।

(গ) এই সময়ে সাদৎ খাঁ নামে আর এক জন মন্ত্রীও

ঐ কারণে বিরক্ত হইয়া অযোধ্যায় গমন করিলেন। তাঁহার স্থাপিত অযোধ্যার স্বাধীন রাজ্য ১৮৫৬ খৃঃ অব্দ পর্য্যন্ত বর্ত্তমান ছিল।

(ঘ) মহারাষ্ট্রীয়দিগের মধ্যে গৃহবিচ্ছেদ হওয়ায় এত দিন তাহারা অন্য দেশ জয় করিতে পারে নাই; কিন্তু শাহুর "পেশওয়া" বলজী বিশ্বনাথের বুদ্ধিবলে শাহুর ক্ষমতাই স্থিরীকৃত হইল। ১৭২০ খৃঃ অব্দে বলজীর মৃত্যু হইলে তাঁহার পুত্র প্রসিদ্ধনামা বাজীরাও পিতার কর্ম্ম পাইয়া প্রথমে গুর্জ্জর ও তাহার পর মালব দেশ জয় করিলেন; পরে ক্রমে দিল্লীর নিকটবর্ত্তী হইতে লাগিলেন। হাইদ্রাবাদের আসফ্‌জা সম্রাটের সহায়তায় দিল্লী আসিলেন; কিন্তু ভুপালের নিকট বাজীরাও কর্ত্তৃক পরাস্ত হইয়া নর্ম্মদা ও চম্বল নদীর মধ্যবর্ত্তী সমস্ত প্রদেশ মহারাষ্ট্রীয়দিগকে অর্পণ করিয়া সন্ধি ক্রয় করিলেন (১৭৩৮)। এই বৎসর নাদীর শাহ দিল্লী আক্রমণ করিলেন, ও ইহার দুই বৎসর পর বাজীরাওয়ের মৃত্যু হয়। নীরা নদী-তীরস্থ মলহার রাও হলকার নামক এক জন গোরক্ষক ও রাণাজী সিন্ধিয়া নামক বাজীরাওয়ের এক জন ভৃত্য ক্রমে বাজীরাওয়ের অধীনে সেনানীপদে নিযুক্ত হয়েন। ক্রমে তাঁহারা যে দুইটী স্বাধীন রাজ্য স্থাপন করিলেন, তাহা অদ্যাপি বর্ত্তমান আছে।

(ঙ) নাদীর কুলী প্রথমে সামান্য লোক ছিলেন; আপন ক্ষমতাবলে পারস্য দেশের রাজা হইয়া পর সমস্ত কাবুল জয় করিলেন। বাবরের সময় হইতে কাবুল দিল্লীশ্বরদিগের হস্তেই ছিল; এক্ষণে সেই প্রদেশ পৃথক্ হইয়া অন্য রাজার বশীভূত হইল। কাবুল জয় করিয়া নাদীর শাহ ১৭৩৮ খৃষ্টাব্দে ভারতবর্ষ আক্রমণ করিলেন। যমুনার নিকট একটী যুদ্ধে দিল্লীশ্বরের সৈন্য পরাস্ত হইল, তৎপর নাদীর দিল্লীতে আসিয়া সেই নগর বহ্নি ও অসিদ্বারা ছারখার করিলেন, এবং

অন্যূন দশ কোটী টাকা ও বহু কোটী টাকার স্বর্ণ, রৌপ্য, রত্ন ও অন্যান্য দ্রব্য লুণ্ঠন করিয়া লইয়া স্বদেশে প্রত্যাবর্ত্তন করিলেন।

(চ) বাজীরাওরের মৃত্যুর পর তাঁহার পুত্র বলজী "পেশওয়া" হইলেন কিন্তু "প্রতিনিধি" রঘুজী তাঁহার পরম শত্রু ছিলেন। রঘুজী বঙ্গ ও বিহার দেশ আক্রমণ করিলে সম্রাট-আদেশে বলজী তথায় যাইয়া রঘুজীকে পরাস্ত করিয়া সে প্রদেশ হইতে তাড়াইয়া দিলেন। ইহার পর বলজী ও রঘুজীর মধ্যে সন্ধিস্থাপন হইল, তদ্দ্বারা বলজী রঘুজীকে বঙ্গ ও বিহার দেশ হইতে "চৌঠ" আদায়ের ক্ষমতা প্রদান করিলেন। রঘুজীও অচিরে (১৭৪৫) বঙ্গ ও বিহার দেশে পুনরায় যাইলেন। তথাকার সুদক্ষ কিন্তু বৃদ্ধ সুবাদার আলীবর্দ্দী খাঁ দশ বৎসর মহারাষ্ট্রীয়দিগের সহিত যুদ্ধে ক্লান্ত হইয়া শেষে ১৭৫১ খৃষ্টাব্দে তাহাদিগকে উড়িষ্যা দেশের আধিপত্য ও বাঙ্গলার "চৌঠ" স্বরূপ বাৎসরিক ১২ লক্ষ টাকা দিতে স্বীকৃত হইলেন।

১৭৪৯ খৃষ্টাব্দে মহারাষ্ট্রীয় রাজা শাহুর মৃত্যু হয়; রাজারাম বলজীর সহায়তায় রাজত্ব প্রাপ্ত হইলেন।

(ছ) দিল্লীশ্বর দিন২ হীনবল হইতে লাগিলেন, এবং ভারতবর্ষের চারিদিকে নূতন২ জাতি স্বাধীনতা লোলুপ হইয়া পরাক্রান্ত হইতে লাগিল। মহারাষ্ট্রীয়, রাজপুত, ও শীখদিগের কথা বারম্বার উক্ত হইয়াছে; তদ্ভিন্ন রাজধানীর সন্নিকটবর্ত্তী রোহিলখণ্ড রোহিল্লাগণ ও ভরতপুরে জাঠগণ দিনং পরাক্রান্ত হইতে লাগিল। রোহিল্লা সর্দ্দার আলী মহম্মদ স্বাধীনতা লাভ করিলেন; কিন্তু মহম্মদ শাহ তাঁহাকে যুদ্ধে পরাস্ত করিয়া সর্হিন্দের শাসনকর্ত্তার পদে নিযুক্ত করিলেন (১৭৪৫)।

আহমদ শাহ। ১৭৪৮-১৭৫৪। মহম্মদ শাহের পুত্র আহমদ শাহ সিংহাসনে আরোহণ করিলেন।

(ক) রোহিল্লারা পুনরায় স্বাধীন হইয়া প্রবল হইয়া উঠিল। অযোধ্যাধিপতি সাদৎ খাঁর পুত্র সফ্‌দরজঙ্গ তাহাদিগকে যুদ্ধে পরাস্ত করিতে পারিলেন না, বরং রোহিল্লারা লক্ষ্ণৌ আক্রমণ করিল। তখন সফ্‌দরজঙ্গ বহু অর্থ দান করিয়া মহারাষ্ট্র সেনানী সিন্দিয়া ও হলকারকে ডাকাইলেন; ও তাহাদিগের যোগে রোহিল্লাদিগকে বশীভূত করিলেন।

(খ) মহম্মদ শাহের শাসনকালে কাবুলাধিপতি আহমদ্ দুরাণী ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন, কিন্তু যুবরাজ আহমদ কর্ত্তৃক পরাস্ত হইয়া স্বদেশে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। এক্ষণে আহমদ্ সম্রাট হইলে দুরাণী দ্বিতীয়বার ভারতবর্ষ আক্রমণ করিলেন এবং পঞ্জাব অধিকার করিলেন। সম্রাট আহমদ্ শত্রুকে সেই প্রদেশ সমর্পণ করিয়া সন্ধিস্থাপন করিলেন।

হাইদ্রাবাদের আসফ্‌জার পুত্র গাজীউদ্দীন সম্রাট্‌কে অন্ধ ও বন্দী করিয়া রাজবংশীয় আর এক জনকে সম্রাট করিলেন।

দ্বিতীয় আলমগীর। ১৭৫৪-১৭৫৯। আরংজীব দিল্লীর সম্রাট হইয়া আলম্‌গীর নাম ধারণ করিয়াছিলেন; সেই জন্য এক্ষণে যিনি সম্রাট হইলেন, তিনি দ্বিতীয় আলম্‌গীর নাম ধারণ করিলেন। গাজীউদ্দীন তাঁহার উজীর হইলেন।

(ক) গাজীউদ্দীন শঠতাক্রমে পঞ্জাব হস্তগত করায় আহমদ্ শাহ দুরাণী তৃতীয়বার ভারতবর্ষে আগমন করেন। তিনি দিল্লী অধিকার করিলেন, এবং নাদীর শাহের আক্রমণে যেরূপ হত্যাকাণ্ড ও লুণ্ঠন হইয়াছিল এক্ষণেও পুনরায় সেইরূপ হইল। দিল্লী ভিন্ন অন্য যে কয়েকটী নগরে এইরূপ নরহত্যা ও লুণ্ঠন হইল তন্মধ্যে প্রসিদ্ধ বহু জনাকীর্ণ তীর্থস্থান মথুরার নিরপরাধী হিন্দুগণ ও একটী বড় পর্ব্বের দিনে নৃশংসরূপে হত হইল। ১৭৫৭ খৃষ্টাব্দে আহমদ্ শাহ স্বদেশে প্রত্যাবর্ত্তন করিলেন।

(খ) আহমদ্ শাহ স্বদেশে যাইবার পূর্ব্বে গাজীউদ্দীনকে পদচ্যুত করিয়া নজীবউদ্দৌলাকে সম্রাটের উজীর করিয়া গেলেন; কিন্তু তাঁহার প্রস্থানের পর গাজীউদ্দীন মহারাষ্ট্রদিগকে ডাকাইলেন। পেশওয়া বলজীর ভ্রাতা রাঘব আসিয়া প্রথমে দিল্লী জয় করিলেন, তৎপর সিন্ধুতীর পর্য্যন্ত সমস্ত পঞ্জাব জয় করিলেন। এই কথা শুনিয়া আহমদ্ শাহ চতুর্থ বার ভারতবর্ষে আগমন করিলেন। তাঁহার আগমন বার্ত্তা শুনিয়া গাজীউদ্দীন সম্রাটকে হত্যা করিলেন।

১৭৫৯ খৃষ্টাব্দে দ্বিতীয় আলম্‌গীরের হত্যায় মোগল সাম্রাজ্য বিলুপ্ত হইল; তাঁহার পুত্র শাহ আলম্ বঙ্গদেশে ইংরাজদিগের সহিত যুদ্ধ করিতেছিলেন।

পানিপথের যুদ্ধ। মহারাষ্ট্রীয়গণ এক্ষণে ভারতের রাজা হইয়াছিল। দক্ষিণে প্রায় সমুদ্রতীর হইতে উত্তরে হিমালয় ও সিন্ধুতীর পর্য্যন্ত তাহাদিগের বিজয় বিস্তৃত হইয়াছিল। তাহারা দিল্লী হস্তগত করিয়াছিল এবং যে২ প্রদেশ আপনারা শাসন না করিত তথা হইতে "চৌঠ" আদায় করিত। তাহাদিগের বহুসংখ্যক অশ্বারোহী সেনা ছিল, দশ সহস্র সুসজ্জিত পদাতিক সেনা ছিল, এবং অনেক কামান ও বন্দুক ছিল। তাহাদিগের এই প্রাধান্যে হিন্দুমাত্রেই আনন্দিত হইতে পারিত, কিন্তু তাহাদিগের অসভ্য ও নৃশংস যুদ্ধপ্রণালীতে সমস্ত ভারতবাসীগণ ত্যক্ত হইয়াছিল। অন্যান্য জাতির ন্যায় তাহারা যুদ্ধক্ষেত্রে যুদ্ধ দান করিয়া সন্তুষ্ট থাকিত না; গ্রাম লুণ্ঠন করা, পল্লীগ্রাম দাহ করা, শস্যক্ষেত্র ধ্বংশ করা তাহাদিগের রীতি ছিল। অন্যান্য জাতীদিগের যুদ্ধে নির্দ্দোষী গ্রামবাসী ও প্রজাগণ অধিক কষ্ট বোধ করিত না, রাজায় রাজায় যুদ্ধ হইত প্রজারা আপনং ব্যবসায়ে রত থাকিত; কিন্তু মহারাষ্ট্রীয়গণ যে দেশে যাইত তথাকার সমস্ত লোকের সর্ব্বনাশ করিত; তাহারা অধিক দিন যে দেশে

থাকিত সে স্থান প্রথমে দুর্ভিক্ষপীড়িত পর জনশূন্য হইত! কথিত আছে সিন্ধিয়া যখন রোহিলখন্দে গিয়াছিলেন (১৭৫৯) তখন এক মাসের মধ্যে তিনি ১৩০০ গ্রাম দগ্ধ করেন। এরূপ ভয়ানক ও অসভ্য অত্যাচারে ভারতবাসীগণ প্রপীড়িত হইল, সকলে মহারাষ্ট্রীয়দিগকে ভয় করিতে লাগিল; বঙ্গদেশে "বর্গীর হাঙ্গামার" নাম শুনিলে বহু দিন পর্য্যন্ত লোকের হৃৎকম্প হইত।

আহমদ্ শাহ চতুর্থবার ভারতবর্ষে আসাতে মহারাষ্ট্রীয়গণ অচিরে উত্তর পশ্চিম হইতে সরিয়া আসিল এবং আহমদ্ শাহ দিল্লী হস্তগত করিলেন। পর উভয় পক্ষ আপন২ সৈন্য সংগ্রহ করিয়া পানিপথের নিকট আসিল। মহারাষ্ট্রীয়দিগের ৭০,০০০ অশ্বারোহী ও ১৫,০০০ পদাতিক ও ২০০ কামান ছিল; আহমদ শাহের ৫৩,০০০ অশ্বারোহী ও ৩৮,০০০ পদাতিক ও ৩০ কামান ছিল। মহারাষ্ট্রীয়গণ আপনাদিগের গড়খাইয়ের ভিতর রহিল; বাহির হইয়া যুদ্ধ দান করিলে পরাজয়ের সম্ভাবনা এই জন্য কয়েক মাস অবধি বাহির হইল না; কিন্তু ১৭৬১ খৃষ্টাব্দের ৬ জানুয়ারী তারিখে খাদ্য কষ্টের জন্য বাহির হইয়া যুদ্ধ দান করিতে বাধ্য হইল।

যুদ্ধে মহারাষ্ট্রীয়গণ পরাস্ত হইল, এবং তাহাদিগের প্রধান২ সেনাপতি ও অধিকাংশ সৈন্য ধ্বংশ প্রাপ্ত হইল। ভারতবর্ষে মহারাষ্ট্রপ্রাধান্য কিছু কালের জন্য বিলুপ্ত হইল।

দ্বাদশ পরিচ্ছেদ।

মোগল শাসনকালে ভারতবাসীদিগের অবস্থা।

১৫২৬ খৃঃ অব্দ হইতে ১৭৬১ খৃঃ অব্দ পর্য্যন্ত।

উত্তর ভারতবর্ষ বা হিন্দুস্থান। আমরা নবম অধ্যায়ে বলিয়াছি যে, পাঠান দিল্লীশ্বরগণ হিমালয় হইতে যমুনা নদী পর্য্যন্ত এবং সিন্ধু হইতে বারাণসী পর্য্যন্ত প্রদেশ অধিকার করিতেন। মোগল দিল্লীশ্বরগণ এই সাম্রাজ্য চারিদিকে বিস্তৃত করিয়াছিলেন। পশ্চিমে পারস্য দেশের সীমা হইতে পূর্ব্ব দিকে ব্রহ্মদেশ পর্য্যন্ত এবং উত্তরে কাশ্মীর হইতে দক্ষিণে আহমদ্‌নগর, বেরার ও খন্দেশ পর্য্যন্ত মোগল-সাম্রাজ্য বিস্তৃত হইয়াছিল। কাবুল রাজ্য বাবরের সময়েই দিল্লীশ্বরের অধিকৃত ছিল; পরে হুমায়ুনের সময়ে পৃথক্ হইয়া পুনরায় আকবরের সময় একীকৃত হয়। সেই পরাক্রান্ত ও বিচক্ষণ সম্রাট উত্তরে কাশ্মীর, পূর্ব্বদিকে বঙ্গ, বিহার ও উড়িষ্যা, দক্ষিণে সিন্ধু, গুর্জ্জর, মালব, খন্দেশ, বেরার ও আহমদনগরের কিয়ৎ অংশ জয় করিয়া মোগল-সাম্রাজ্যের যে আয়তন করিয়াছিলেন, তাহা পূর্ব্বে বর্ণিত হইয়াছে। জেহাঙ্গীর ও শাহ জেহানের শাসনকালে আহমদ্‌নগর ভিন্ন আর কোন দেশ বিজীত হয় নাই; বরং কাবুলের পূর্ব্বাংশ কান্দাহার মোগল-হস্তস্খলিত হইল। পর আরংজীব যদিও বিজয়পুর ও গলখন্দ রাজ্য জয় করিয়াছিলেন বটে, তথাপি সে প্রদেশ পঞ্চাশৎ বর্ষও দিল্লীর অধীন রহিল না; তথায় হাইদ্রাবাদের নূতন স্বাধীন রাজ্য স্থাপিত হইল। সুতরাং মহানুভব আকবরশাসিত প্রদেশই মোগলশাসিত প্রদেশ বলিয়া বর্ণনা করিলে অধিক ভ্রম হয় না। সে প্রদেশের সীমা আমরা পূর্ব্বেই নির্দ্দেশ করিয়াছি; পশ্চিমে পারস্য

দেশের সীমা হইতে পূর্ব্বদিকে ব্রহ্মদেশ পর্য্যন্ত, উত্তরে কাশ্মীর ও হিমালয় হইতে দক্ষিণে বেরার ও আহমদ্‌নগর পর্য্যন্ত। এই বিস্তীর্ণ সাম্রাজ্যের মধ্যে কেবল একটী প্রদেশ স্বাধীন ছিল; রাজপুত রাজগণ নামে অধীনতা স্বীকার করিলেও আপন২ রাজ্যে সম্পূর্ণ স্বাধীনভাবে আপনাদিগের রীতি, নিয়ম ও বিধি অনুসারে রাজত্ব করিতেন।

মোগল-সাম্রাজ্য বিস্তৃতিতে যেরূপ পাঠান সাম্রাজ্য হইতে অধিক, মোগল শাসনপ্রণালীও সেইরূপ পাঠান শাসনপ্রণালী হইতে সূক্ষ্ম ও বহুদূর-বিচারী। ভূমি পরিমাপ ও কর আদায় সম্বন্ধে মোগল সম্রাটগণ যেরূপ সূক্ষ্ম২ নিয়ম বিধিবদ্ধ করিয়াছিলেন, পাঠান সম্রাটগণ কখন সেরূপ চেষ্টা করেন নাই। পাঠান রাজগণ অধীনস্থ শাসনকর্ত্তা বা কর্ম্মচারীদিগের উপর যে সমস্ত বিষয় ন্যস্ত রাখিতেন, মোগল রাজগণ সেই সমস্ত বিষয়ে আপনারা বিধি স্থাপন করিলেন।

আকবর সমস্ত সাম্রাজ্য ১৫টী সুবায় বিভক্ত করিয়াছিলেন, সে সুবা গুলি এই ;—

১ দিল্লী	৯ অযোধ্যা
২ আগ্রা	১০ আলাহাবাদ
৩ কাবুল	১১ বিহার
৪ লাহোর	১২ বঙ্গ
৫ মুলতান	১৩ খন্দেশ
৬ আজমীর	১৪ বেরার
৭ গুর্জ্জর	১৫ আহমদ্‌নগর
৮ মালব	

প্রত্যেক সুবায় একজন করিয়া সুবাদার ও আয় ব্যয় পরিদর্শন জন্য এক জন করিয়া দেওয়ান নিযুক্ত হইতেন, এবং সুবাদার নিজ সুবায় সম্পূর্ণ ক্ষমতাপন্ন ছিলেন। তিনি

শাসনকর্ত্তা ও সমস্ত সৈন্যের সেনাপতি, এবং দিল্লীশ্বরকে নিরূপিত কর পাঠাইয়া দিয়া আপন সুবায় প্রায় রাজার ন্যায় আধিপত্য করিতেন। তাঁহার অধীনে কর আদায়ের জন্য ভিন্ন২ কর্ম্মচারী নিযুক্ত হইত, এবং "ফৌজদার" অর্থাৎ সেনানীগণ আপন২ জেলায় শাসন ও শান্তি রক্ষা করিতেন। প্রধান২ নগরে কাজীগণ বিচার করিত এবং কোটওয়ালগণ শান্তি রক্ষা করিত। পল্লীগ্রামবাসীগণ চিরকালই আপনাদিগের কার্য্য আপনারাই নির্ব্বাহ করিত, আপনাদিগের বিবাদ বিসম্বাদ মণ্ডল বা পঞ্চাইতের দ্বারা নিষ্পত্তি করিত। ভারতবর্ষে চিরকালাবধি ক্ষেত্রবেষ্টিত ক্ষুদ্র২ পল্লীগ্রামগুলি এক২টী ক্ষুদ্র২ করপ্রদ রাজ্যের ন্যায় আপনাদিগের গ্রাম্য ব্যাপার আপনারা নির্ব্বাহ করিত; রাজকর একত্র করিয়া রাজকর্ম্মচারী বা জমীদারকে দিত, তাহারা সুবাদারের রাজকোষে পাঠাইয়া দিত, সুবাদার সমস্ত সুবার কর একত্র করিয়া বহু শকটে সৈন্য সমভিব্যাহারে দিল্লীতে প্রেরণ করিতেন। বঙ্গদেশে জমীদারগণই চিরকাল প্রজার নিকট হইতে কর আদায় করিয়া উপযুক্ত পরিমাণ সুবাদারের নিকট প্রেরণ করিতেন; কিন্তু পাঠানদিগের অধীনে তাঁহাদিগের আপন২ জমীদারির ভিতর যতটা স্বাধীন ক্ষমতা ছিল, মোগলদিগের কঠোর শাসনে তাহার অনেক হ্রাস হইল। বঙ্গদেশের এক জন শাসনকর্ত্তা মুরশীদ্ কুলী খাঁ অনেক জমীদারকে কারারুদ্ধ করিয়া আপন কর্ম্মচারীদ্বারা গ্রামের প্রাপ্য কর স্থির করিলেন; শেষে এই অধিক পরিমাণ কর জমীদারগণ না দিতে পারিলে তাহাদিগের উপর নানারূপ অত্যাচার করিতেন। তথাপি বঙ্গদেশে জমীদার ও কৃষকদিগের মধ্যে রাজা প্রজা সম্বন্ধ কখনও একেবারে বিলুপ্ত হয় নাই।

সম্রাট সুবাদারদিগের আচরণ সম্বন্ধে মধ্যে২ অনেক উপদেশ পাঠাইয়া দিতেন কিন্তু দূরবর্ত্তী সুবার সুবাদারগণ

যে,সেই উপদেশ অনুসারে সর্ব্বদা কার্য্য করিতেন এরূপ বোধ হয় না। তাঁহারা নিজ২ সুবার মধ্যে এক২ জন সেচ্ছাচারী সম্রাটের ন্যায়ই অনেকটা কার্য্য করিতেন।

ভারতবর্ষে সেনাধ্যক্ষ ও কর্ম্মচারীদিগের বেতনস্বরূপ জায়গীর দান করার রীতি হিন্দু রাজত্বের সময় হইতে প্রচলিত ছিল; কিন্তু জায়গীর দান করিলে জায়গীরদারগণ অনেকটা স্বাধীন ক্ষমতা লাভ করে এই জন্য মোগল সম্রাট্‌গণ জায়গীর দানে বিরত ছিলেন। আকবর সৈন্যকে বেতনস্বরূপ জায়গীর দেওয়ার রীতি একেবারে বন্ধ করিয়া তাহাদিগকে মাসিক বেতনস্বরূপ অর্থ দিবার নিয়ম স্থাপন করেন, এবং পুরাতন জায়গীরদারদিগের উপরও কঠিন নিয়ম স্থাপন করিলেন। সৈন্যাধ্যক্ষগণ মন্‌সবদার নাম প্রাপ্ত হইয়া দশ সহস্র, সপ্ত সহস্র বা পঞ্চ সহস্র বা তদপেক্ষা ন্যূনসংখ্যক সেনার বেতন রাজকোষ হইতে পাইতেন, এবং আপন অধীনে সেই২ পরিমাণ সেনা রাখিতে বাধ্য থাকিতেন। তাহাদিগকে "দশ হাজারী" বা "সাত হাজারী" বা "পাঁচ হাজারী" বলিত, এবং তাহারা আপন২ সৈন্য সংগ্রহ করিয়া রাজকোষ হইতে বেতন মাত্র পাইত। রাজপুত রাজাগন আপন২ জাতীয় যোদ্ধা লইয়া সম্রাটের কার্য্য সাধন করিতেন এবং মন্‌সবদার পদ প্রাপ্ত হইয়া দিল্লী হইতে বেতন প্রাপ্ত হইতেন। ফলতঃ তাঁহাদিগের প্রভুত ক্ষমতা ও সম্মান ছিল এবং আরংজীবের পূর্ব্বের দিল্লীশ্বরগণ তাঁহাদিগকে অতিশয় বিশ্বাস করিতেন। ভগবানদাস, মানসিংহ, জয়সিংহ, যশোবন্তসিংহ প্রভৃতি সম্রাট্‌দিগের যে কার্য্য করিয়াছিলেন তাহা পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে। একা মানসিংহ আকবর ও জেহাঙ্গীরের পক্ষে অসংখ্য যুদ্ধে যুঝিয়াছিলেন; এবং তদ্ভিন্ন সময়ে২ বঙ্গদেশের, দাক্ষিণাত্যের, কাবুল ও লাহোরের শাসনকর্ত্তা পদে নিযুক্ত হইয়াছিলেন। বিজীত জাতির প্রতি এরূপ সম্মান ও বিশ্বাস

প্রায় দেখা যায় না; এরূপ সদাচরণে বিজেতাদিগেরও উপকার হয়, পরাজিত জাতিও পরাধীনতার কষ্ট কতকটা বিস্মৃত হয়।

কর আদায় সম্বন্ধে আকবর যে সুন্দর নিয়ম স্থাপন করিয়াছিলেন তাহা বর্ণনা করা আবশ্যক। হিন্দু রাজাগণ ক্ষেত্রের উৎপন্নের ষষ্টাংশ লইয়া সন্তুষ্ট হইতেন, কিন্তু আকবর উৎপন্নের তৃতীয়াংশ করস্বরূপ চাহিলেন। আকবর বলেন যে যদিও এইরূপে তিনি ভূমির কর বৃদ্ধি করিলেন বটে কিন্তু অন্য নানারূপ বিরক্তিজনক কর ও মাস্থল তিনি একেবারে ত্যাগ করিয়া প্রকৃত প্রস্তাবে প্রজাদিগের অনেক কষ্টের লাঘবতা সাধন করিয়াছিলেন।

এই ভূমিকর আদায়ের জন্য তিনি প্রথমে সমস্ত কর্ষণযোগ্য ভূমির পরিমাপ করেন, পরে সেই ভূমির উর্ব্বরতা অনুসারে তাহাকে উত্তম, মধ্যম ও অধম এই তিন শ্রেণীতে বিভক্ত করেন। এই তিন প্রকার ভূমির উৎপন্নের পরিমাণ ঠিক দিয়া পরে তিন দিয়া হরণ করিলে গড়ে যে ফসল হয় তাহা পাইতেন, এবং তাহারই তৃতীয়াংশ তিনি রাজকরস্বরূপ লইতেন। যথা—

প্রথম শ্রেণী গহমের ভূমিতে প্রতি বিঘায় ১৮ মন গহম হয়,
দ্বিতীয় " " " " " ১২ মন " "
তৃতীয় " " " " " ৮ মন ৩৫ সের "

ঠিক দিলে তিন বিঘাতে ৩৮ মন ৩৫ সের হয়, তাহার তৃতীয়াংশ ১২ মন ৩৮৷৷০ সের প্রতি বিঘার গড় ফসল। তাহার তৃতীয়াংশ ৪ মন ১২৷৷০ সের রাজকরস্বরূপ প্রাপ্য।

এই কর অত্যন্ত অধিক, কিন্তু এই কর বরাবর আদায় হইত না। যে জমীতে প্রতি বৎসর ফসল হয় তাহাতেই এই কর আদায় হয়, যে জমী পতিত থাকে তাহার খাজনা লাগে না। বন্যা বা অন্যান্য কারণের জন্য যে জমীর

অপকার হইয়াছে সেই পরিমাণে তাহার কর মাপ হইত।

এইরূপে মোগলাধীন সমস্ত ভারতবর্ষে ভূমি পরিমাপ ও কর আদায় হইতে লাগিল। মহানুভব টোডরমল্ল, যিনি প্রথমে গুর্জ্জরে যুদ্ধ করিয়াছিলেন, পর বঙ্গদেশ জয় করিয়াছিলেন, তিনিই এই বিশাল বন্দোবস্তের প্রণেতা।* কিন্তু আমরা পূর্ব্বেই বলয়াছি নিয়ম করিলেই নিয়ম পালন হয় না, আদেশ বা উপদেশ দান করিলেই তাহা কার্য্যে পরিণত হয় না। প্রত্যেক সুবার শাসনকর্ত্তাদিগের অনেকটা স্বাধীন ক্ষমতা ছিল, এবং তাঁহারা সেইটী স্বেচ্ছানুসারে ব্যবহার করিতেন। জেহাঙ্গীরের সময় ইংরাজদিগের সহিত ভারতবর্ষের বানিজ্যের সুবিধার জন্য হকিনস্ ও সার টমাস রো ভারতবর্ষে আগমন করেন; এবং তাঁহাদিগের বর্ণনা হইতে শাসনকর্ত্তাদিগের স্বাধীন ক্ষমতা ও স্বেচ্ছাচারের অনেক পরিচয় পাওয়া যায়। রো বলেন কি সমুদ্রবন্দর সমূহে, কি অন্য স্থানে, শাসনকর্ত্তাগণ প্রজাদিগের উপর স্বেচ্ছাচার করিতেন ও অনেক অন্যায় অপহরণ করিতেন। মুর্শীদ কুলী খাঁ বঙ্গদেশের জমীদারদিগের উপর যে অত্যাচার করিতেন তাহা পূর্ব্বে বর্ণিত হইয়াছে, এবং রাজা মানসিংহ যখন বঙ্গদেশের শাসনকর্ত্তা ছিলেন, তখন এক জন অধীনস্থ কর্ম্মচারী বর্দ্ধমানে কিরূপ অত্যাচার করিতেন, তাহা আমরা মুকুন্দরামের কবিকঙ্কণের প্রারম্ভে দেখিতে পাই। রাজা ও রাজপুরুষদিগের স্বেচ্ছাচারিতা বোধ হয় জগতের সকল উষ্ণ দেশে সকল সময়ে প্রচলিত আছে; বিশেষ ভারতবাসীগণ নিতান্ত ধীরপ্রকৃতি বলিয়া এরূপ রাজকীয় স্বেচ্ছাচারিতা কি হিন্দু কি পাঠান কি মোগল সকল রাজার অধীনেই বহন করিয়াছে।

* টোডরমল্লের পঞ্জাবে জন্ম হয়; তাঁহাকে কেহ কায়স্থ কেহ ক্ষত্রিয় বলেন। বস্তুতঃ তাঁহার ক্ষত্রিয়ের ন্যায় অসাধারণ সাহস ও রণপাণ্ডিত্য, ও কায়স্থের ন্যায় হিসাবে পারদর্শিতা ও আয়ব্যয় বন্দোবস্তের ক্ষমতা, উভয়ই ছিল।

কোন২ নগরের সৌন্দর্য্য ও সমৃদ্ধি দেখিয়া হকিনস্ এবং রো বিস্মিত হইয়াছেন, এবং সম্রাটের রাজধানীর অপরিসীম সৌন্দর্য্য ও ধুমধামের বিস্তর বর্ণনা দিয়াছেন। মোগলদিগের অধীনে শিল্পকার্য্যেরও বিস্তর সুখ্যাতি করিয়াছেন। শান্ত, স্বকার্য্যরত গ্রামবাসীদিগের অধিক বর্ণনা নাই।

সম্রাটের কথা রো লিখিয়াছেন যে, তিনি প্রাতঃকালে উঠিয়াই আপন গবাক্ষ হইতে নীচে রাজদর্শনেচ্ছু প্রজাদিগকে দর্শন দিতেন; দ্বিপ্রহরের সময় পুনরায় সেই স্থানে আসিয়া ব্যাঘ্র হস্তী প্রভৃতি জন্তুর যুদ্ধ দর্শন করিতেন; ও বৈকালে তিনি দরবারে বসিয়া রাজকার্য্য ও বিচারকার্য্য সমাধা করিতেন। তথায় সিংহাসনের চারিদিকে দুই সারি রেল ছিল, নিকটবর্ত্তী রেলের ভিতর কেবল অতিশয় সম্মানিত লোকে স্থান পাইতেন, দ্বিতীয় শ্রেণীর লোক দ্বিতীয় রেলের ভিতর স্থান পাইতেন, এবং অসংখ্য সাধারণ লোকে রেলের বাহিরে দণ্ডায়মান হইয়া রাজদর্শন পাইত। সম্রাট প্রত্যহ এই দরবারে আসিতেন, পীড়া বা মদ্যপানবশতঃ এক দিন না আসিলে তাহার ক্ষমা আছে, দুই দিন না আসিলে তাহার ক্ষমা নাই। সমস্ত রাজাদেশ তৎক্ষণাৎ লিপিবদ্ধ হইত ও রাজকার্য্য এইরূপে প্রচারিত হইত, সুতরাং সমস্ত রাজ্যের লোকে জানিতে পারিত। সন্ধ্যার সময় সম্রাট দরবার গৃহের নিকট "গোসলখানায়" বিশ্বাসী অমাত্যদিগের সহিত কথোপকথন করিতেন। সম্রাটের জন্মদিনের অথবা অন্য পরবের দিনের ধূমধাম ও মণি-মাণিক্যের ছড়াছড়ি দেখিয়া সার্ টমাস্ রো বিস্মিত হইয়াছিলেন।

সৈন্য সম্বন্ধে তিনি বলেন যে, রাজপুত ও পাঠান ভিন্ন ভারতবর্ষে সাহসী সেনা ছিল না।

টাবের্ণীয়ে নামক ফরাসী ভ্রমণকারী শাহ জেহানের সময়ে ভারতবর্ষের সমৃদ্ধি, সৌন্দর্য্য ও শান্তির অনেক

প্রশংসা করিয়া গিয়াছেন। ফলতঃ এই সময়ে ভারত-সাম্রাজ্য যেরূপ সমৃদ্ধি লাভ করিয়াছিল, সেরূপ বোধ হয় মুসলমান-দিগের অধীনে পূর্ব্বে কখনও করে নাই। এখনও শাহ জেহানের কৃত যে অসংখ্য প্রাসাদ, জলপ্রনালী, পথ, সরাই, জলাধার প্রভৃতি দেখিতে পাওয়া যায়, তাহাতে ভারতবর্ষের সমৃদ্ধির পরিচয় দান করে।

তথাপি আমরা রাজধানীর সমৃদ্ধি ও সম্রাটের কার্য্য সমুদয়, তাজমহলের সৌন্দর্য্য বা ময়ুর-সিংহাসনের অপরিসীম মূল্যের বিষয়ে ইউরোপীয় ভ্রমণকারীদিগের বর্ণনা পাঠ করিয়া যেন প্রজাদিগের প্রকৃত অবস্থা বিস্মৃত না হই। সমস্ত হিন্দুস্থানের অর্থ রাশীকৃত হইয়া দিল্লীর সৌন্দর্য্যবর্দ্ধন করিত, কিন্তু দিল্লী সমস্ত ভারতবর্ষ নহে, দিল্লীর অসংখ্য সুন্দর প্রাসাদ দেখিয়া যেন আমরা সমস্ত ভারতবাসীদিগকে সেইরূপ সমৃদ্ধিশালী মনে না করি। তথাপি প্রজাদিগের অবস্থাও নিতান্ত মন্দ ছিল না। রাজপুরুষদিগের স্বেচ্ছাচারিতা সত্ত্বেও তাহারা উর্ব্বরা ভারতবর্ষে নিজ২ চাষ বা বাণিজ্য অবলম্বন করিয়া একরূপ সচ্ছন্দে জীবন যাপন করিত। বিশেষ শাহ জেহানের শাসনকালে তাহারা যেরূপ শান্তি ভোগ করিয়াছিল, পূর্ব্বে কখনও সেরূপ করে নাই।

আরংজীবের রাজ্যকালের প্রারম্ভে বের্ণীয়ে নামক এক জন প্রসিদ্ধ ফরাসী ভ্রমণকারী ভারতবর্ষে অনেক বৎসর বাস করিয়াছিলেন, এবং তাঁহার বর্ণনা হইতে প্রকৃত অবস্থা অনেক জানা যায়। তিনি দিল্লীর চতুর্দ্দিকের প্রাচীর, বিস্ময়কর দুর্গ ও প্রাসাদ (যাহা অদ্যাপি বর্ত্তমান আছে,) রাজদরবার, ও রাজকার্য্য, ওমরাহ ও মনসবদারদিগের বড়২ অট্টালিকা, দরিদ্র লোকের অসংখ্য পর্ণকুটীর, প্রধান২ পথ, ও জনপূর্ণ বাজার ও দোকান প্রভৃতি বিষয়ের অনেক বর্ণনা দিয়াছেন। কিন্তু এ সমস্ত বিষয়ের অধিক বর্ণনা স্থানে দিবার আবশ্যক নাই।

দেশের সম্বন্ধে তিনি লিখিয়াছেন যে বঙ্গদেশের ন্যায় অনেক স্থান অতিশয় উর্ব্বর। বঙ্গদেশ মিশর অপেক্ষাও উর্ব্বর এবং এই প্রদেশে কেবল যে ধান্য এবং অন্যান্য খাদ্য শস্য উৎপন্ন হয় এমত নহে, রেশম, তুলা ও নীল প্রভৃতি বাণিজ্যের দ্রব্যও উৎপন্ন হয়। ভারতবর্ষের অনেক স্থানে লোকসংখ্যা প্রচুর, ভূমিতে চাষ হয় এবং শিল্পব্যবসায়ীগণ স্বভাবতঃ অলস হইলেও আপন২ কার্য্যে রত থাকে এবং গালিচা, জরী, সুবর্ণ ও রৌপ্যখচিত বস্ত্রাদি এবং উত্তম২ রেশম ও সুতার বস্ত্র নির্ম্মাণ করে। এই সমস্ত নানারূপ বাণিজ্য দ্রব্য ভারতবর্ষ হইতে বাহির হইয়া যায় এবং তাহার বিনিময়ে জগতের নানা দেশ হইতে সুবর্ণ ও রৌপ্য আসিয়া এই দেশে জড় হয়। ভারতবর্ষ অন্যান্য দেশোৎপন্ন দ্রব্য অধিক ব্যবহার করে না, সুতরাং সুবর্ণ ও রৌপ্য ভারতবর্ষ হইতে অধিক বাহির হইয়া যায় না। ভারতবর্ষে অর্থ ও অনেক সুবর্ণ, রৌপ্য থাকার এই একটী কারণ। এই সুবর্ণ, রৌপ্য অধিকাংশই স্ত্রীলোকদিগের গহনার জন্য ব্যবহৃত হইত, সামান্য লোক ও অতি দরিদ্র সেনাও আপন স্ত্রীকে গহনা দিত।

অন্যান্য দেশ হইতে ভারতবর্ষে যে দ্রব্যাদি আসিত, বের্ণীয়ে তাহার একটী সংক্ষিপ্ত তালিকা দিয়াছেন। সিংহল প্রভৃতি দ্বীপ হইতে হস্তী ও নানারূপ মসলা আসিত, ইংলণ্ড ও অন্যান্য দেশ হইতে সীসা আসিত, ফ্রান্স হইতে বস্ত্রাদি আসিত, ও তাতার, আরব, পারস্য প্রভৃতি দেশ হইতে অশ্ব আসিত। সুমরখন্দ ও বোখারা প্রভৃতি দেশ হইতে আঙ্গুর বাদাম, পেস্তা, আক্রোট, কিস্‌মিস্, আপেল প্রভৃতি ফল আসিত, মল্লদ্বীপ হইতে কড়ি আনিয়া বঙ্গ ও অন্যান্য দেশে অর্থ স্বরূপ ব্যবহৃত হইত, মিশর হইতে গণ্ডারের শৃঙ্গ, হস্তীর দন্ত ও গোলাম আসিত, চীন হইতে মৃগনাভি ও কাঁচের বাসন আসিত এবং সিংহল প্রভৃতি দ্বীপ হইতে মুক্তা আসিত।

সৈন্য সম্বন্ধে বের্ণীয়ে লিখিয়াছেন যে রাজপুত রাজা, মুসলমান ওমরাহ ও মন্‌সবদারগণই সেনাধ্যক্ষ। প্রত্যেক অশ্বারোহী সৈন্য মাসে পঞ্চবিংশ টাকার অনল্প বেতন পাইত এবং পদাতিকগণ প্রত্যেকে দশ, পঞ্চদশ বা বিংশ টাকা বেতন পাইত। কামান চালনার জন্য ইংরাজ, ফরাসী, ওলন্দাজ, পোর্ত্তুগীজ বা জর্ম্মান সৈন্য নিযুক্ত হইত এবং প্রথম২ তাহারা ২০০৲ টাকা করিয়া বেতন পাইত; কিন্তু ক্রমে মোগলগণ কামানের ব্যবহার শিক্ষা করিলে ইউরোপীয়দিগের সংখ্যা কমিয়া গেল এবং তখন তাহারা ৩২৲ টাকার অধিক বেতন পাইত না। সম্রাটের নিজের সৈন্য অনুমান ৪০,০০০ অশ্বারোহী ও ১৫,০০০ পদাতিক; কিন্তু ভিন্ন২ প্রদেশের শাসনকর্ত্তাদিগের সৈন্য একত্র করিলে সর্ব্বশুদ্ধ সম্রাটের দুই লক্ষ অশ্বারোহী ও এক লক্ষের অনধিক পদাতিক ছিল। সৈন্যের সঙ্গে২ ভৃত্য,দোকানী ও বাজার চলে এই জন্য সৈন্য আরও অধিক বলিয়া বোধ হয়। দিল্লী ও আগ্রার অধিকাংশ প্রজাই সৈন্য বা তাহাদিগের ভৃত্য; সৈন্যগণ দিল্লী বা আগ্রা ত্যাগ করিলে সেই নগর যেন শূন্য হইয়া যাইত।

সম্রাট সেনানী ও শাসনকর্ত্তাদিগকে অর্থে বেতন না দিয়া তাহাদিগকে জায়গীর প্রদান করিতেন; সেই জায়গীরে জায়গীরদারদিগের অবিভক্ত অধিকার থাকিত। জায়গীর ভিন্ন অবশিষ্ট ভূমি সম্রাটের নিজের, তিনি ইজারা করিয়া দিতেন। এই জায়গীরদার, শাসনকর্ত্তা ও ইজারাদারের স্বেচ্ছাচারিতার কথা বের্ণীয়ে অনেক লিখিয়াছেন; পল্লিবাসী কৃষক এবং নগরবাসী বণিক তাঁহাদিগের সম্পূর্ণ অধীন ছিল, তাঁহারা অত্যাচার করিলে তাহার প্রতিকার ছিল না। অর্থ দেখিলেই ইহাঁরা লুব্ধ হইতেন, সুতরাং বণিকদিগের অধিক অর্থ সঞ্চয়ের লালসা থাকিত না, যাহারা অর্থ সঞ্চয় করিত তাহারাও সামান্য গৃহে বাস করিয়া ও হীন পরিচ্ছদ পরিধান করিয়া অর্থ

গোপন করিত, এবং মৃত্তিকার নীচে অর্থ পুতিয়া রাখিত। সম্রাটের কর্ম্মচারী ও ভৃত্যগণ সকলেই অহংকারী ও অত্যাচারী;—প্রজা ধনী হইলেও ক্ষমতাহীন ও ভীত। ফলতঃ ইউরোপের সহিত তুলনা করিলে ভারতবর্ষে বা অন্যান্য উষ্ণ দেশে রাজা বা রাজপুরুষদিগের অত্যাচার চিরকালই অধিক তাহা পূর্ব্বেই উক্ত হইয়াছে। বের্ণীয়ে যথার্থই বলেন, এই অত্যাচারে বাণিজ্য, কৃষিকার্য্য, শিল্প কর্ম্ম সমস্তেরই অবনতি;—বণিক বা শিল্পকারী কাহারও কার্য্যে সম্যক উৎসাহ নাই, কোনও শিল্প কর্ম্মের উপর যদি বড় লোকের লোভ পড়ে তাহা হইলে তাঁহারা যথেচ্ছা মূল্য দিয়া লইতে পারেন, কেহ আপত্তি করিতে পারে না।

কখনৎ সম্রাটের অতিশয় অর্থের আবশ্যক হইলে তিনিও কোন লোকের নিকট বহুসংখ্যক টাকা লইয়া কোনও প্রদেশের শাসনকর্ত্তৃপদ বিক্রয় করিতেন, নূতন শাসনকর্ত্তা সেই অর্থ নিরীহ প্রজাদিগের নিকট দশ গুণ পরিমাণে আদায় করিয়া লইতেন। একটী শাসনকর্ত্তা একটী রাজার ন্যায় ক্ষমতাপন্ন, আপন প্রদেশে রাশি২ অর্থ সঞ্চয় করিতেন। কাজী ও বিচারপতিগণও উৎকোচ গ্রহন করিয়া বড় লোকের সহায়তা করিতেন।

কিন্তু আমরা পূর্ব্বেই বলিয়াছি, এইটী ভারতবর্ষ ও জগতের সমস্ত উষ্ণ দেশের চিরন্তন দুর্ভাগ্য;—কিন্তু এ দুর্ভাগ্য, এ অত্যাচার সত্বেও শান্ত, নিরীহ ভারতবাসী নাগরিক ও কৃষকগণ যে একরূপ স্বচ্ছন্দে থাকিত, তাহার সন্দেহ নাই। বের্ণীয়ে স্বয়ং বঙ্গদেশ ভ্রমণ করিয়াছিলেন, এবং তথাকার সমৃদ্ধি ও স্বচ্ছন্দতা ও সৌন্দর্য্যের সুন্দর বর্ণনা দিয়াছেন। তিনি বলেন বঙ্গদেশের অপর্য্যাপ্ত ধান্যে সেই দেশ ও অন্যান্য বহু দেশের ভরণ পোষণ হয়, বঙ্গদেশের চিনি কর্ণাট পর্য্যন্ত যায় এবং তথায় আম্র ও আনারস প্রভৃতি নানা প্রকার ফলও

উৎপন্ন হয়। বঙ্গদেশে টাকায় ২০টা মুরগী পাওয়া যায় ও হাঁসও সেরূপ অল্পমূল্য; ছাগল, ভেড়াও অনেক পাওয়া যায় এবং মৎসেরও শেষ নাই! তুলা, রেশম, সোরা, গালা, আফিন্, ও নানারূপ মসলা ও ঔষধি এই স্থানে প্রচুর পাওয়া যায়।

বের্ণীয়ে আরও বলেন যে, রাজমহল হইতে সমুদ্র পর্য্যন্ত গঙ্গার দুই ধারে তিনি অসংখ্য খাল দেখিয়াছিলেন; বাণিজ্যের গমনাগমনের জন্য বহু পরিশ্রমে এই খাল কাটা হইয়াছিল। এই খালের উভয় পার্শ্বে বহু লোকসমাকীর্ণ নগর, পল্লীগ্রাম ও ধান্য, ইক্ষু, সরিষা ও তিল প্রভৃতি শস্যপূর্ণ ক্ষেত্র ছিল। নদীর দুই ধার সুন্দর২ বৃক্ষে পরিপূর্ণ, ও গঙ্গা দ্বীপপূর্ণ, কিন্তু সমুদ্রের নিকটবর্ত্তী দ্বীপগুলি আরাকানের দস্যুদিগের উপদ্রবে নির্জ্জন হইয়াছিল এবং ব্যাঘ্রাদি জন্তুতে পূর্ণ ছিল। একবার বের্ণীয়ে নয় দিনে পিপলী হইতে হুগলীতে আসিয়াছিলেন। এই ভ্রমণের শেষে বের্ণীয়ে লিখিয়াছেন, "যে সুন্দর আনন্দনীয় প্রদেশের ভিতর দিয়া যাইলাম তাহার উপর চাহিয়া, চাহিয়া, চাহিয়া আমার বোধ হইল যেন আমার নয়ন কখনই তৃপ্ত হইবে না।" পরাধীনতায় বা স্বাধীনতায়, হিন্দু শাসনে বা মুসলমান শাসনে, বঙ্গদেশ চিরকালই সুন্দর, উর্ব্বর ও শান্ত!

দক্ষিণ ভারতবর্ষ বা দাক্ষিণাত্য। নবম পরিচ্ছেদে বর্ণিত হইয়াছে যে ১৫৬৫ খৃঃ অব্দে বিজয়নগরের হিন্দু রাজ্য ধ্বংশ হইলে পর দাক্ষিণাত্যে কেবল তিনটী স্বাধীন মুসলমান রাজ্য ছিল, যথা, আহমদনগর, বিজয়পুর ও গলখন্দ; এবং কর্ণাট ও দ্রাবীড়ের ক্ষুদ্র২ পলীগার ও রাজগণও নামে এই মুসলমান সুলতানদিগের অধীনতা স্বীকার করিলেন।

আকবরের সময় হইতে মোগলগণ দাক্ষিণাত্য বিজয়ের চেষ্টা করিতে লাগিলেন, এবং শাহ জেহানের রাজ্যকালে

১৬৩৭ খৃষ্টাব্দে আহমদনগর রাজ্যের স্বাধীনতা বিলুপ্ত হইল।

আহমদনগরের স্বাধীনতা বিলোপের সময় শাহজী নামক এক জন মহারাষ্ট্রীয় অতিশয় ক্ষমতা ও খ্যাতি লাভ করিয়াছিলেন। তাঁহার পুত্র শিবজী মুসলমানের অধীনতা-শৃঙ্খল ভগ্ন করিয়া পুনরায় দাক্ষিণাত্যে হিন্দু-স্বাধীনতা স্থাপন করেন। ১৬৬৫ খৃষ্টাব্দে তাঁহার পিতার মৃত্যু হইলে তিনি স্বাধীন রাজার পদ গ্রহণ করিলেন, সুতরাং হিন্দু বিজয়নগর রাজ্য লোপের ঠিক একশত বৎসর পর দাক্ষিণাত্যে হিন্দু মহারাষ্ট্র রাজ্য পুনঃস্থাপিত হইল।

পর আরংজীব ১৬৮৬ খৃষ্টাব্দে বিজয়পুর রাজ্যের ধ্বংশসাধন করিলেন এবং পর বৎসর গলখন্দ রাজ্য ধ্বংশ করিলেন, সুতরাং ইহার পর মহারাষ্ট্র ভিন্ন সমস্ত দাক্ষিণাত্য মোগলদিগের করকবলিত হইল।

কিন্তু দাক্ষিণাত্য অধিক দিন মোগলদিগের হস্তে রহিল না। ১৭২৪ খৃষ্টাব্দে আসফজা হাইদ্রাবাদে একটী স্বাধীন মুসলমান রাজ্য স্থাপন করিলেন, সেটী এখনও বর্ত্তমান আছে ও তাহাকে নিজামের রাজ্য কহে।

দাক্ষিণাত্যে এই সমস্ত রাজ্যবিপ্লব নিম্নে এক স্থানে প্রদর্শিত হইল, যথা—

১৫৬৫ খৃষ্টাব্দের পর	আহমদনগর, বিজয়পুর ও গলখন্দ এই তিনটী স্বাধীন মুসলমান রাজ্য।
১৬৩৭ খৃঃ অব্দের পর	আহমদনগর মোগলদিগের অধীন; বিজয়পুর ও গলখন্দ দুইটী মাত্র স্বাধীন মুসলমান রাজ্য।
১৬৬৫ খৃঃ অব্দের পর	আহমদনগর মোগলদিগের

অধীন ; বিজয়পুর ও গলখন্দ দুইটী স্বাধীন মুসলমান রাজ্য ও মহারাষ্ট্র দেশে স্বাধীন হিন্দু রাজ্য।

১৬৮৭ খৃঃ অব্দের পর — আহমদনগর, বিজয়পুর ও গলখন্দ মোগলদিগের অধীন; মহারাষ্ট্র হিন্দু রাজ্য স্বাধীন।

১৭২৪ খৃঃ অব্দের পর — হাইদ্রাবাদের স্বাধীন মুসলমান রাজ্য ও মহারাষ্ট্রে স্বাধীন হিন্দু রাজ্য।

মুসলমান সুলতানদিগের অধীনে, হিন্দুদিগের অবস্থা আমরা নবম পরিচ্ছেদে বর্ণনা করিয়াছি। এক্ষণে নূতন মহারাষ্ট্র রাজ্যের কথা সংক্ষেপে বর্ণিত হইবে।

শিবজী মহারাষ্ট্র রাজ্যের স্থাপনকর্ত্তা ; তাঁহার রাজ্যপ্রণালী হইতে পরের সময়ের রাজ্যপ্রণালী অনেকটা অনুমিত হইতে পারে।

শিবজীর পদাতিক সেনার মধ্যে অধিকাংশই মাউলী অথবা হিতকরী জাতীয়। তাহারা আপনারা অস্ত্র আনিত, কিন্তু সরকার হইতে গোলা ও বারুদ পাইত। তলওয়ার, ঢাল এবং বন্দুক তাহাদিগের প্রধান অস্ত্র, এবং পর্ব্বতারোহণে ও দুর্গ আক্রমণে তাহারা অতুল্য। দশ জন সৈন্যের উপর এক জন নায়েক, ৫০ জনের উপর এক জন হাবেলদার ও ১০০ জনের উপর এক জন করিয়া জুমলদার থাকিত। এক সহস্র পদাতিকের সেনানীকে এক হাজারী ও পাঁচ সহস্র পদাতিকের সেনানীকে পাঁচ হাজারী কহিত। পাঁচ হাজারীর উপর আর পদ ছিল না কেবল সরনৌবৎ বা সেনাধ্যক্ষ ছিল।

এইরূপে অশ্বারোহীদিগের মধ্যে প্রত্যেক ২৫ জনের

উপর এক জন হাবেলদার, ১২৫ জনের উপর এক জন জুমলাদার এবং ৬২৫ জনের উপর এক জন সুবেদার ছিল। দশ জন সুবেদারের অর্থাৎ ৬,২৫০ জন অশ্বারোহীর অধ্যক্ষকে পাঁচ হাজারী কহিত, এবং তাহাদিগের উপর সরনৌবৎ বা সেনাপতি ছিল। অশ্বারোহীগণ তলওয়ার ও ঢাল ব্যবহার করিত এবং কেবল এক অংশ মাত্র বন্দুক ব্যবহার করিত। বর্ষাই তাহাদিগের বিশেষ ব্যবহার্য্য অস্ত্র ছিল এবং মহারাষ্ট্রীয় অশ্বারোহীর বর্ষাচালনা প্রসিদ্ধ। মহারাষ্ট্র অশ্বগুলি ক্ষুদ্রং ও শীঘ্রগামী ; পার্ব্বতীয় প্রদেশে তাহারা অনায়াসে গমনাগমন করিতে পারিত, এবং সম্মুখযুদ্ধে পারদর্শী না হইলেও তাহারা শত্রুর চারি দিকে বিস্তৃত হইয়া খাদ্য ধ্বংশ করিয়া ও স্থানেং সহসা আক্রমণ করিয়া আবার পুনরায় পলাইয়া যাইয়া যৎপরোনাস্তি ক্লেশ দিতে পারিত। এইরূপ মহারাষ্ট্র অশ্বারোহীই সিন্ধুতীর হইতে বঙ্গদেশ পর্য্যন্ত ও দিল্লী হইতে কর্ণাট পর্য্যন্ত আচ্ছাদন করিয়া চৌঠ আদায় করিত ও শত্রুর গ্রাম ও ক্ষেত্র দগ্ধ করিত।

পদাতিকদিগের মাসিক বেতন তিন, চারি টাকা হইতে দশ, বার টাকা পর্য্যন্ত ছিল। অশ্বারোহীদিগের মধ্যে দুইটী শ্রেণী ছিল, বর্গীগণ সরকার হইতে অশ্ব পাইত এবং মাসিক ছয়, সাত টাকা হইতে ১৫। ২০ টাকা পর্য্যন্ত বেতন পাইত ; সিল্লীদারগণ আপনাদিগের অশ্ব আনিত এবং মাসিক ১৮। ২০ টাকা হইতে ৪০। ৫০ টাকা পর্য্যন্ত পাইত। লুণ্ঠনপ্রাপ্ত সমস্ত দ্রব্যই সরকারের, কিন্তু লুণ্ঠনকারীগণ উপযুক্ত পারিতোষিক পাইত।

শারদীয় পূজার সময়ে যুদ্ধসময় আরম্ভ হয় বলিয়া শিবজী সেই পূজা অতি ধুমধামের সহিত নির্ব্বাহ করিতেন, এবং সেই সময়ে সমস্ত সৈন্যের পরিদর্শন করিতেন। তাহার পর যে যুদ্ধ আরম্ভ হইত লুণ্ঠনই তাহার প্রধান অঙ্গ, কিন্তু

কৃষক, গো অথবা স্ত্রীলোকদিগের উপর হস্তক্ষেপ করা নিষেধ ছিল।

সৈন্যরচনা সম্বন্ধে শিবজী যেরূপ নৈপুণ্য প্রদর্শন করিয়াছিলেন, শাসন ও কর আদায় সম্বন্ধেও সেইরূপ বন্দোবস্ত করিয়াছিলেন। জমীর ফসল স্থির করা হইত, এবং সেই ফসলের পাঁচ ভাগের মধ্যে তিন ভাগ কৃষকের আর দুই ভাগ সরকারের। আপনার কর্ম্মচারীর দ্বারা শিবজী এই সমস্ত কর আদায় করিতেন; দুই তিনটী গ্রামে এক জন করিয়া কারকুন নিযুক্ত হইত ও একটী ক্ষুদ্র জেলায় এক জন করিয়া ব্রাহ্মণ তরফদার বা তালুকদার নিযুক্ত হইত। কতকগুলি তালুকদারের উপর একজন করিয়া সুবেদার থাকিত। দেশমুখ বা দেশপাঁড়ে (জমীদার) দিগের অধিকৃত স্থানেও শিবজী প্রথমে নিজ কর্ম্মচারী দ্বারা প্রাপ্য করের সংখ্যা স্থির করিতেন, পর সেই কর আদায় জন্য সেই দেশমুখকে বৎসর২ আদেশ দিতেন।

কিন্তু মোগল সাম্রাজ্যে যেরূপ টোডরমল্লের কর আদায় সম্বন্ধীয় সূক্ষ্ম বন্দোবস্ত অধিক দিন স্থায়ী হইল না, অবশেষে শাসনকর্ত্তাগণ নির্দ্ধারিত করে একটী প্রদেশ শাসন করিতেন, মহারাষ্ট্র দেশেও সেইরূপ শিবজীর সূক্ষ্ম কর আদায়ের ও সৈন্যগণকে বেতন দিবার প্রণালী অধিক দিন থাকিল না। অবশেষে কর্ম্মচারী ও সেনাধ্যক্ষগণ চিরস্থায়ী বেতনস্বরূপ একটী জায়গীর প্রাপ্ত হইতে লাগিল, অথবা একটী প্রদেশের চৌঠ আদায় করিবার ক্ষমতা পাইল, ও এইরূপ প্রকাণ্ড মহারাষ্ট্র রাজ্যের ভিতর নানা স্থানে হলকার, সিন্দীয়া প্রভৃতি একটী রাজ্য হইয়া উঠিল।

মহারাষ্ট্রীয়দিগের ক্ষমতা ও যুদ্ধপ্রণালী পূর্ব্বেই বর্ণিত হইয়াছিল, সুতরাং এস্থানে সে বিষয়ের বিশেষ উল্লেখ করার আবশ্যক নাই। সমস্ত মহারাষ্ট্র দেশ তাহাদিগের অধীনে

ছিল; তদ্ভিন্ন প্রায় সমস্ত ভারতবর্ষ হইতে তাহারা "চৌঠ" বা "সুর্দ্দেশমুখী" আদায় করিত।

রাজস্থান। আমরা পূর্ব্বেই বলিয়াছি যে, সমস্ত উত্তর ভারতবর্ষ মোগলদিগের অধীনতা স্বীকার করিয়াছিল, কেবল রাজস্থানের রাজাগণ নামে অধীনতা স্বীকার করিয়া স্বাধীনভাবে আপনং দেশে রাজত্ব করিতেন। মেওয়ারের সংগ্রামসিংহ সম্রাট বাবরের সহিত যুদ্ধে পরাস্ত হইয়া কিঞ্চিৎ পর প্রাণত্যাগ করেন। পর আকবরের শাসনকালে যখন অন্যান্য প্রধান রাজপুত রাজাগণ দিল্লীশ্বরের অধীনতা স্বীকার করেন, মেওয়ারের প্রতাপসিংহ অধীনতা স্বীকার করিলেন না। সেই জন্য তাঁহার ও তাঁহার পুত্রের সহিত অনেক দিন পর্য্যন্ত যুদ্ধ চলিতে থাকে। শেষে ১৬১৬ খৃষ্টাব্দে অমরসিংহ জেহাঙ্গীরের অধীনতা স্বীকার করিলেন। কিন্তু সে নাম মাত্র অধীনতা; অন্যান্য রাজপুতগণ আকবরের অধীনে যেরূপ নানা বিজয় ও শাসনকার্য্যে প্রবৃত্ত হইলেন, মেওয়ারের রাণা তাহা কখন করেন নাই; তিনি কখনও আপন রাজ্য হইতে বহিষ্কৃত হয়েন নাই।

তথাপি এই সময় হইতে রাজপুতদিগের জাতীয় জীবন ক্ষীণ হইতে লাগিল। তাহার অন্য কোনও কারণ লক্ষিত হয় না, কেবল মোগলদিগের প্রাধান্য স্বীকার করাতে প্রথমে রাজপুত দর্প পর রাজপুত তেজ লীন হইতে লাগিল। যে রাজারা চিরস্বাধীনতার দর্প করিতেন তাঁহারা এক্ষণে প্রবলতর শত্রুর উৎকৃষ্টতা, আপনাদিগের নিকৃষ্টতা ও অধীনতা স্বীকার করিতে বাধ্য হইলেন। যাঁহারা মুসলমানদিগকে ম্লেচ্ছ বলিয়া ঘৃণা করিতেন তাঁহারা এক্ষণে দিল্লীশ্বরকে কন্যা দান করিতে পারিলে আপনাদিগকে ভাগ্যবান্ মনে করিতে লাগিলেন। যাঁহারা চিরকাল দিল্লীশ্বরদিগের সহিত সমান যুদ্ধ করিয়া আসিয়াছিলেন, তাঁহারা এক্ষণে দিল্লীশ্বরের দাস

হইয়া বঙ্গদেশ হইতে কাবুল পর্য্যন্ত যুদ্ধ ও শাসনকার্য্যে নিযুক্ত হইলেন। পরাধীনতা জাতীয় তেজ বিনাশ করে; আমরা অন্য হইতে নিকৃষ্ট এই চিন্তায় প্রথমে জাতীয় দর্প তৎপরে জাতীয় বল হরণ করে। রাজপুতগণেরও তাহাই ঘটিল। যাঁহারা পৃথুরায়ের সময় হইতে ভারতবর্ষের হিন্দু জাতিদিগের মধ্যে প্রবল ছিলেন, তাঁহারা এক্ষণে দিন২ নিস্তেজ হইতে লাগিলেন।

আরংজীবের অত্যাচারে রাজপুতগণ দলবদ্ধ হইয়া আর একবার সম্রাটের সহিত যুদ্ধ দান করিল; এবং মাড়ওয়ারের রাঠোরগণ ত্রিংশৎ বৎসর যুদ্ধ করিয়াছিল। কিন্তু অধীনতায় রাজপুতদিগের জাতীয় জীবন নিস্তেজ হইতেছিল; যখন মহারাষ্ট্রগণ ক্ষমতাপন্ন হইয়া রাজস্থান আক্রমণ করিল, তখন সেই ক্ষীণতা স্পষ্ট প্রতীয়মান হইল। মোগলদিগের সহিত যুদ্ধে সংগ্রামসিংহ ও প্রতাপসিংহ যে বীরত্ব ও স্থিরপ্রতিজ্ঞা প্রদর্শন করিয়াছিলেন, তাহা রাজস্থান হইতে বিলুপ্ত হইয়াছিল; রাজপুতগণ বিনা যুদ্ধে "চৌঠ" দিতে স্বীকার করিল। পর যখন মহারাষ্ট্রীয়গণ বার২ রাজস্থান লুণ্ঠন করিয়া দেশ ছারখার করিতে লাগিল, তখন রাজপুতগণ ভীরুর ন্যায় কেবল ক্রন্দন করিল মাত্র, অথবা অর্থ দান করিয়া মহারাষ্ট্রীয়দিগকে বিদায় করিল। এইরূপে পরাধীনতায় রাজপুতদিগের জাতীয় জীবন নির্ব্বাণ হইল।

মোগল-ক্ষমতা যখন ক্রমে বিলুপ্ত হইল তখন ভারতবর্ষে চারিদিকে নূতন২ রাজ্য, নূতন২ জাতি পরাক্রান্ত হইতে লাগিল। মহারাষ্ট্রীয়গণ প্রায় সমগ্র ভারতবর্ষ হইতে কর আদায় করিতেছিল বর্ণিত হইয়াছে। আসফ্‌জা দক্ষিণে ও সাদৎ খা অযোধ্যায় দুইটী রাজ্য স্থাপন করেন। পশ্চিমে শীখ, জাঠ, রোহীল্লা প্রভৃতি জাতি পরাক্রান্ত হইয়া উঠিতেছিল, অতি দক্ষিণে হায়দর আলী নামে একজন মুসলমান

মহীশূরে একটী অতি পরাক্রান্ত রাজ্য স্থাপন করিতেছিলেন। বিদেশীয় জাতির মধ্যে কাবুল হইতে আহমদ্ শাহ দুরাণী আসিয়া দিল্লী অধিকার করিয়াছিলেন; ইউরোপ হইতে পর্টুগীজ, ওলন্দাজ ও দিনেমারগণ স্থানে২ অধিনিবেশ স্থাপন করিয়াছিল। আর কর্ণাটে ও বঙ্গদেশে ইংরাজ ও ফরাসীগণ পরস্পরের সহিত যুদ্ধ করিতেছিল। প্রকৃতির নিয়মানুসারে এ সমস্ত প্রতিদ্বন্দ্বী বলের মধ্যে ইংরাজদিগের প্রবলতম বল অচিরে ভারতবর্ষ আচ্ছন্ন করিল; সেরূপ বল ভারতবর্ষে পূর্ব্বে কখনও লক্ষিত হয় নাই, সে বলে ভারতবর্ষ অচিরে চমকিত ও বশীভূত হইল।

ভারতবর্ষে মুসলমানদিগের সাহিত্য। আমরা হিন্দু রাজ্য বর্ণনার শেষে হিন্দু-সাহিত্য ও সভ্যতার সংক্ষিপ্ত বিবরণ দিয়াছি; এই স্থানে ভারতবর্ষের মুসলমানদিগের সাহিত্যের বিষয় দুই একটী কথা বলা আবশ্যক। বিশেষ বিবরণের আবশ্যক নাই, কেননা ভারতবর্ষে মুসলমান-সাহিত্য কখনই বিশেষ উৎকর্ষ লাভ করে নাই। ফের্দুসী, সাদী ও হাফেজ পারস্য দেশে জন্ম গ্রহণ করিয়াছিলেন ও সেই দেশেই কবিতা লিখিয়াছিলেন, ভারতবর্ষে মুসলমানদিগের মধ্যে সেরূপ মহাকবি একজনও জন্ম গ্রহণ করে নাই।

মুসলমানদিগের ধর্ম্মপুস্তক কোরাণ এবং আইন ও বিজ্ঞানশাস্ত্র আরব্য-ভাষায় রচিত, এবং মুসলমানেরা সেই ভাষাকেই পবিত্র ভাষা বলিয়া মনে করে। তথাপি সুন্দর২ কবিতা সমস্তই পারস্য-ভাষায় রচিত। সাদী, ফের্দুসী ও হাফেজ সেই ভাষায়ই আপনাদিগের কাব্য রচনা করিয়াছেন। ভারতবর্ষেও যে সমস্ত কাব্য ও ইতিহাস গ্রথিত হইয়াছে তাহাও পারস্য-ভাষায়;—এইটী বিদ্বানদিগের ও রাজসভার ভাষা ছিল। তথাপি মুসলমানদিগের সচরাচর কথাবার্ত্তা পারস্য বা আরব্য-ভাষায় হইত না, উর্দ্দু ভাষায়ই হইত।

ভারতবর্ষে মুসলমান কবিদিগের মধ্যে আমীর খসরুই প্রধান। সম্রাট্ কৈকোবাদের সহিত তাঁহার পিতা বাকারা খাঁর সাক্ষাৎ এবং সম্রাট্ আল্লাউদ্দীনের পুত্রের সহিত হিন্দু কুমারী দেবলা দেবীর প্রণয় সম্বন্ধে খসরু কবিতা লিখিয়াছেন।

কাব্যে যেরূপ, বিজ্ঞান বা অঙ্ক ও জ্যোতিষ শাস্ত্রেও সেইরূপ ভারতবর্ষের মুসলমানগণ কখনই হিন্দুদিগের সমকক্ষ হইতে পারে নাই। অঙ্ক ও জ্যোতিষ শাস্ত্রে ভাস্করাচার্য্যের সময়ে যে সমস্ত আবিষ্ক্রিয়া হইয়াছিল তাহা মুসলমানগণ অবগত ছিল না। আকবরের সময় ভাস্করাচার্য্যের লীলাবতী ও বীজগণিত এবং বেদ, মহাভারত, রামায়ণ প্রভৃতি গ্রন্থ পারস্য ভাষায় অনুবাদিত হয়।

কিন্তু এ সকল বিষয়ে হীন হইলেও মুসলমানগণ ইতিহাসে হিন্দুদিগের অপেক্ষা অনেক শ্রেষ্ঠ ছিল। হিন্দুদিগের ইতিহাস একেবারেই নাই; মুসলমানদিগের মধ্যে ফেরেস্তা, খাফী খাঁ প্রভৃতি ইতিহাসবেত্তার গ্রন্থ অদ্যাপি আদরণীয়। বাবর আপনার যে জীবনচরিত লিখিয়াগিয়াছেন, তাহা অতি মনোহর; আকবরের সময় প্রসিদ্ধ আবুল্ ফাজেল্ আইন আকবরী লিখিয়াছেন এবং তাঁহার ভ্রাতা ফৈজী অনেক গ্রন্থ প্রনয়ন করেন।

হর্ম্ম্যনির্ম্মাণ বিষয়েও মুসলমানগণ উৎকর্ষলাভ করিয়াছিলেন। এলোরার ন্যায় আশ্চর্য্য ও প্রকাণ্ড কার্য্যে মুসলমানগণ কখনও হস্তক্ষেপ করে নাই, তথাপি তাহাদিগের মস্‌জীদ ও সমাধিমন্দিরে কল্পনাশক্তির যে পরিচয় পাওয়া যায়, হিন্দু অট্টালিকায় তাহা পাওয়া যায় না। তাজমহল, মোতীমস্‌জীদ, দেওয়ানখাস্ বা জুম্মা মস্‌জীদ অপেক্ষা অনেক প্রকাণ্ড২ এবং অধিকতর কষ্টসাধ্য প্রাসাদ ও মন্দির হিন্দুগণ প্রস্তুত করিয়াছে, কিন্তু সেই হিন্দুরচিত হর্ম্ম্যে সেরূপ মানসিক ক্ষমতা বা কল্পনাশক্তির পরিচয় নাই।

সূক্ষ্ম কারুকার্য্যে হিন্দুগণ অতুল্য ছিল; মোগলদিগের সময়ে বিদেশীয় ভ্রমণকারীগণ যে শিল্পকার্য্য ও কারুকার্য্য দেখিয়া বিস্মিত হইয়াছিলেন, তাহা বোধ হয় দেশোৎপন্ন মুসলমানগণ বিদেশ হইতে আনে নাই।

ত্রয়োদশ পরিচ্ছেদ।

ইংরাজ শাসন।

১৭৪৪ খৃষ্টাব্দ হইতে ১৮৭৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

ইউরোপীয় উপনিবেশ। পর্টুগীজ, ওলন্দাজ, দিনেমার, ইংরাজ ও ফরাসী এই পাঁচ ইউরোপীয় জাতি ভারতবর্ষের ভিন্ন২ স্থানে কুঠী নির্ম্মাণ করিয়া বাণিজ্য চালাইতেছিল।

(ক) ১৪৯৭ খৃষ্টাব্দে অর্থাৎ বাবরের দিল্লী বিজয়ের অনুমান ত্রিংশৎ বৎসর পূর্ব্বে পর্টুগীজ নাবিক ভাস্কোডি গামা আফ্রিকার দক্ষিণ দিয়া ভারতবর্ষে আগমনের পথ আবিষ্কার করিলেন। ক্রমশঃ সেই পথ দিয়া পর্টুগীজগণ আসিয়া ভারতবর্ষে বাণিজ্য করিতে লাগিল। এবং তাহাদিগের প্রধান উপনিবেশ গোয়া নগরী শীঘ্রই প্রসিদ্ধ বাণিজ্য স্থান হইয়া উঠিল। শেষে অন্যান্য ইউরোপীয় জাতির আগমনে পর্টুগীজদিগের ক্ষমতা ও বাণিজ্য হ্রাস প্রাপ্ত হইয়াছে কিন্তু গোয়া অদ্যাবধি তাহাদিগের অধিকারে আছে।

(খ) পর্টুগীজদিগের অনুমান এক শত বৎসর পর আকবরের রাজ্যকালে ওলন্দাজগণ এদেশে বাণিজ্য আরম্ভ করে এবং জাবা, সুমাত্রা প্রভৃতি দ্বীপ অধিকার করে। ভারতবর্ষের মধ্যে চুঁচুড়াই ওলন্দাজদিগের প্রধান উপনিবেশ ছিল, সে নগর ১৮২৪ খৃষ্টাব্দে ইংরাজগণ ওলন্দাজদিগের নিকট হইতে লইয়াছে।

(গ) ওলন্দাজদিগের কিছু পরই দিনেমারগণ ভারতবর্ষে বাণিজ্য আরম্ভ করে। শ্রীরামপুরই ভারতবর্ষের মধ্যে তাহাদিগের প্রধান অধিকার ছিল, সেটী ইংরাজগণ ১৮৪৫ খৃষ্টাব্দে ক্রয় করিয়া লইয়াছে।

(ঘ) ভারতবর্ষে বাণিজ্য করিবার জন্য ১৬০০ খৃষ্টাব্দে ইংলণ্ডে "ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী" নামক এক বণিক সম্প্রদায় রাজ্ঞী এলিজাবেথের নিকট হইতে সনন্দ পত্র প্রাপ্ত হইল। পর বৎসর তাহাদিগের অর্ণবপোত সুমাত্রা দ্বীপে উপস্থিত হইয়া কুঠী স্থাপন করিল। ক্রমে ইংরাজেরা পিপ্‌লী, মসলীপত্তন, সুরাট, কালিকট্, হুগলী, কাশীমবাজার, পাটনা প্রভৃতি ভারতবর্ষের নানা স্থানে কুঠী স্থাপন করিল।

নবম পরিচ্ছেদে আমরা লিখিয়াছি যে, ১৩৬৫ খৃঃ অব্দে বিজয়নগরের রাজ্য ধ্বংশ প্রাপ্ত হইলে তথাকার রাজবংশ কার্ণাটীকে চন্দ্রগিরিতে নিবাস করিতে ছিলেন। ১৬৪০ খৃষ্টাব্দে ইংরাজেরা সেই বংশের রাজার অনুমতি পাইয়া একটী কুঠী নির্ম্মাণ করে ও তাহার নাম ফোর্ট সেন্ট জর্জ রাখে। কালক্রমে সেই স্থানই মান্দ্রাজ নাম ধারণ করিয়া মান্দ্রাজ প্রেসিডেন্সীর রাজধানী হইয়াছে।

ইংলণ্ডের রাজা দ্বিতীয় চার্লস্ পর্টুগালের রাজকন্যাকে বিবাহ করিয়া বোম্বে নগর যৌতুকস্বরূপ প্রাপ্ত হইয়া ১৬৬৮ খৃঃ অব্দে সেই নগর ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীকে দান করেন। কালক্রমে বোম্বে নগর বোম্বে প্রেসিডেন্সীর রাজধানী হইয়াছে।

১৬৯৬ খৃষ্টাব্দে ইংরাজেরা আরংজীবের পুত্র আজিমের নিকট হইতে কলিকাতা, সুতানুটী ও গোবিন্দপুর ক্রয় করে। কালক্রমে কলিকাতা বঙ্গ প্রেসীডেন্সীর ও পর সমগ্র ভারতবর্ষের রাজধানী হইয়াছে।

(ঙ) ইংরাজদিগের অনতিপরই ১৬০৪ খৃঃ অব্দে ফরাসীগণ এদেশে বাণিজ্য করিতে আইসে ও প্রথমে মরিশস্ ও

বুরবন্ দ্বীপ অধিকার করে। ১৬৬৪ খৃঃ অব্দে সুরাটে, ১৬৭৪ খৃঃ অব্দে পণ্ডিচেরীতে ও ১৬৮৮ খৃঃ অব্দে চন্দননগরে তাহারা কুঠী স্থাপন করে; তদ্ভিন্ন মাহী, কারিকল প্রভৃতি কয়েক স্থানে তাহাদিগের অধিকার ছিল। পণ্ডিচেরীই সর্ব্বপ্রধান হইয়া উঠিল ও এখনও ভারতবর্ষে ফরাসীদিগের রাজধানী আছে। তদ্ভিন্ন চন্দননগরও এখন পর্য্যন্ত ফরাসীদিগের অধিকৃত।

কর্ণাট বিজয়। ১৭৪৪-১৭৬৩ খৃঃ অব্দ। পূর্ব্বকালে যে প্রদেশটীকে দ্রাবীড় বলিত এক্ষণে সেইটীই কার্ণাটিক বা কর্ণাট বলিয়া খ্যাত; এবং তথাকার যুদ্ধই আমরা এক্ষণে বর্ণনা করিব। পূর্ব্বকালে যে প্রদেশটীকে কর্ণাট বলিত, সেটী এখন মহীশূর বলিয়া খ্যাত।

(ক) ১৭৪৪ খৃঃ অব্দে ইউরোপে ফরাসী ও ইংরাজ জাতিদিগের মধ্যে যুদ্ধ আরম্ভ হইল, এবং ভারতবর্ষেও ঐ দুই জাতি পরস্পর যুদ্ধ করিতে লাগিল। মরিশস্ ও বুরবনের শাসনকর্ত্তা লাবর্ডনে মান্দ্রাজ অধিকার করিলেন ও পণ্ডিচেরীর শাসনকর্ত্তা ডুপ্লে ইংরাজদিগের প্রতি অন্যায় আচরণ করিলেন। ইহার কিছু পরই ইংরাজগণ মান্দ্রাজ উদ্ধার করিল, ও ১৭৪৮ খৃঃ অব্দে ইউরোপে ঐ দুই জাতির মধ্যে সন্ধিস্থাপন হওয়ায় ভারতবর্ষেও সন্ধি হইল।

(খ) কর্ণাটের নবাবী লইয়া চণ্ডসাহেবের সহিত মহম্মদ্ আলীর বিবাদ হইল, এবং আসফজার মৃত্যুর পর হাইদ্রাবাদের রাজ্য লইয়া মজঃফরজঙ্গ ও নাজীরজঙ্গের বিবাদ হইল। ফরাসীগণ চণ্ডসাহের ও মজঃফরজঙ্গের সহায়তা করিতে লাগিল, এবং ফরাসীদিগের সহায়তায় অচিরে মজঃফরজঙ্গ হাইদ্রাবাদের সুবাদার ও চণ্ডসাহেব কর্ণাটের নবাব হইলেন। ফরাসীদিগের এই বিক্রম ও যশোবিস্তার দেখিয়া ইংরাজেরা অপর পক্ষ অর্থাৎ মহম্মদ্ আলী ও নাজীরজঙ্গের

পক্ষ অবলম্বন করিল। সুতরাং কর্ণাটে দ্বিতীয় বার ইংরাজ ও ফরাসীদিগের মধ্যে যুদ্ধ আরম্ভ হইল। মহম্মদ্ আলী ত্রিচিনাপল্লীতে অবস্থিতি করিতেছিলেন এবং চণ্ডসাহেব সেই নগর বেষ্টন করিয়াছিলেন। ইংরাজদিগের মধ্যে ক্লাইব নামক এক জন অসামান্য বীর ত্রিচিনাপল্লীর উদ্ধারার্থ চণ্ড সাহেবের রাজধানী আর্কট্ আক্রমণ করিয়া অধিকার করিলেন। ক্লাইবের মনোরথ পূর্ণ হইল, চণ্ডসাহেব ত্রিচিনাপল্লী ছাড়িয়া আপন রাজধানী উদ্ধারার্থ আসিলেন; কিন্তু ক্লাইব এরূপ সাহসের সহিত কতিপয় মাত্র সৈন্য লইয়া সেই নগর রক্ষা করিলেন যে শত্রুরা উহা লইতে পারিল না এবং ক্লাইবের যশ চারিদিগে বিস্তার হইল। এই সময়ে আরও ইংরাজ-সৈন্য ত্রিচিনাপল্লীতে উপস্থিত হওয়ায় তথায়ও অবরোধকারী সৈন্য পরাস্ত হইল। ফরাসীরা তখন বিজয়ের আশা ত্যাগ করিয়া ইংরাজদিগের সহিত সন্ধি করিল এবং মহম্মদ্ আলীই কর্ণাটের নবাব হইলেন। কর্ণাটে যেরূপ ইংরাজ-ক্ষমতা প্রবল হইল, হাইদ্রাবাদে ফরাসীদিগের ক্ষমতা সেইরূপ প্রবল হইল; এবং মজঃফরজঙ্গের মৃত্যুর পর তাহারা সলাবৎ-জঙ্গকে সুবাদার করিল।

(গ) ইহার দুই বৎসর পর ইউরোপে পুনরায় ইংরাজ ও ফরাসীদিগের মধ্যে যুদ্ধ আরম্ভ হইল, সুতরাং ভারতবর্ষেও ঐ দুই জাতীর মধ্যে যুদ্ধ আরম্ভ হইল। ফরাসীদিগের সেনাপতি লালী ইংরাজদিগকে উৎসন্ন করিবার জন্য স্থিরপ্রতিজ্ঞ হইলেন এবং সেই জন্য হাইদ্রাবাদের নিজামের রাজ্য হইতে অধীনস্থ সেনানী বুসীকে ডাকাইয়া আনিলেন। এটী অতি অজ্ঞতার কার্য্য হইয়াছিল, কেননা বুসী হাইদ্রাবাদের অনেক যুদ্ধে হস্তক্ষেপ করিয়া সেই রাজ্যে ফরাসীপ্রাধান্য বিস্তার করিয়াছিলেন, সেটী একেবারে বিলুপ্ত হইল। লালী ইংরাজদিগের ফোর্ট সেণ্ট ডেবিড্ দুর্গ অধিকার করিলেন, কিন্তু

মান্দ্রাজ বেষ্টন করিয়াও লইতে পারিলেন না। পর বুসী ও লালী ইংরাজদিগের নিকট ওয়াণ্ডীওয়াশের যুদ্ধে পরাস্ত হইলেন এবং বুসী বন্দী হইলেন। এক্ষণে একে২ ফরাসী অধিকারগুলি ইংরাজদিগের হস্তগত হইল, এবং অবশেষে কর্ণাটে ফরাসীদিগের শেষ অধিকার পণ্ডিচেরীও ইংরাজদিগের হস্তগত হইল। তাহার পর ১৭৬৩ খৃঃ অব্দে দুই জাতির মধ্যে সন্ধিস্থাপন হওয়ায় ফরাসীরা পণ্ডিচেরী ফিরিয়া পাইল কিন্তু কর্ণাটে তাহাদিগের ক্ষমতা বিলুপ্ত হইয়াছিল; ইংরাজেরাই কর্ণাটে সর্ব্বেসর্ব্বা হইয়া উঠিল।

বঙ্গবিজয়। ১৭৫৬-১৭৬৫ খৃঃ অব্দ। বঙ্গ দেশের সুবাদার আলীবর্দ্দী খাঁ। ১৭৫৬ খৃঃ অব্দে কালগ্রাসে পতিত হয়েন; তাঁহার অনুপযুক্ত দৌহিত্র সিরাজউদ্দৌলা সুবাদার হইলেন।

(ক) রাজা রাজবল্লভ ঢাকার শাসনকর্ত্তা হইয়া অনেক অর্থ সঞ্চয় করিয়াছিলেন, সুবাদারের তাহার প্রতি লোভ হইল। সুতরাং রাজবল্লভের পুত্র কৃষ্ণদাস সুবাদারের ভয়ে ইংরাজদিগের শরণাগত হইয়া কলিকাতায় আশ্রয় গ্রহন করিয়াছিলেন। সুবাদার কৃষ্ণদাসকে প্রত্যর্পণ করিবার জন্য ইংরাজদিগকে আদেশ করিলেন; ইংরাজগণ শরনাপন্ন ব্যক্তিকে ত্যাগ করিতে অস্বীকৃত হওয়ায় সিরাজ্ কলিকাতা আক্রমণ করিয়া অধিকার করিলেন। অনেক ইংরাজ নৌকাযোগে পলাইয়া গেলে, অবশিষ্ট ১৪৬ জনকে বন্দী করিয়া সিরাজের কর্ম্মচারীগণ রাত্রিতে একটী সঙ্কীর্ণ ঘরে রাখিল; তথায় গ্রীষ্ম ও পিপাসায় ১২৩ জনের এক রাত্রিতে প্রাণ বিয়োগ হয়। এই শোচনীয় ঘটনাটীকে অন্ধকূপ হত্যা বলে।

এই ঘটনার অচিরকাল পরই মান্দ্রাজ হইতে ক্লাইব ও ওয়াট্সন আসিয়া কলিকাতা পুনরায় অধিকার করিলেন।

সিরাজ্ পুনরায় কলিকাতা আক্রমণেচ্ছু হইলেন কিন্তু পথিমধ্যে ক্লাইব কর্তৃক পরাস্ত হইয়া ইংরাজদিগের সহিত সন্ধি করিলেন। এই সময়ে সুবাদার ফরাসীদিগের সহিত গোপনে ষড়যন্ত্র করিতেছেন বলিয়া ক্লাইব ফরাসীনগর চন্দননগর অধিকার করিলেন।

তৎপর ক্লাইব সুবাদারকে পদচ্যুত করিবার জন্য গোপনে তাঁহার সেনাপতি মীরজাফর, মন্ত্রী রায়দুর্ল্লভ, ও কোষাধ্যক্ষ জগৎশেঠের সহিত ষড়যন্ত্র করিতে লাগিলেন। এই সমস্ত কথা স্থির হইতেছে এমন সময় সেই ষড়যন্ত্রকারীদিগের মধ্যে উমীচাঁদ নামক এক জন ধূর্ত্ত ব্যক্তি সময় বুঝিয়া বলিলেন যে, কলিকাতা আক্রমণের সময় তাঁহার অনেক ক্ষতি হইয়াছিল, তাঁহাকে যদি অনেক টাকা না দেওয়া হয়, তাহা হইলে তিনি এই ষড়যন্ত্র সুবাদারের নিকট প্রকাশ করিয়া দিবেন। ক্লাইব যেরূপ সাহসী ও কার্য্যদক্ষ ছিলেন, সেইরূপ ধূর্ত্তও ছিলেন; তিনি তৎক্ষণাৎ একখানি মিথ্যা প্রতিজ্ঞা পত্র প্রস্তুত করাইলেন, সেই খানিতে উমীচাঁদকে তাঁহার প্রার্থিত টাকা দিবার কথা সন্নিবেশিত করিলেন, এবং সেই খানি দেখাইয়া উমীচাঁদকে শান্ত করিলেন। সদাচারী ওয়াট্সন এরূপ মিথ্যাপত্রে স্বাক্ষর করিতে অস্বীকার করিলেন,তাহাতে ক্লাইব ওয়াট্সনের নাম জাল করিলেন।

সমস্ত স্থির হইলে ক্লাইব যুদ্ধার্থ গমন করিলেন। পলাশীর ক্ষেত্রে দুই পক্ষ সম্মুখীন হইল কিন্তু প্রকৃত যুদ্ধ হইল না। ক্ষণেক যুদ্ধ হওয়াতেই বিশ্বাসঘাতক সেনাপতি মীর্ জাফর্ সুবাদারকে কুমন্ত্রণা দিয়া যুদ্ধক্ষান্ত হইবার আদেশ দেওয়াইলেন; এই আদেশ পাইয়া সুবাদারের সৈন্য যুদ্ধে বিরত হইল, ক্লাইব অনায়াসে জয়লাভ করিলেন। এই বিশ্বাসঘাতকতার জন্য মীর্ জাফরকে ক্লাইব বঙ্গদেশের সুবাদার করিলেন ও স্বয়ংও অনেক অর্থলাভ করিলেন। সিরাজ্

উদ্দৌলা ভগবান্গোলায় ধরা পড়িয়া মীর্ জাফরের পুত্র কর্তৃক নিহত হইলেন। উমীচাঁদ যখন অর্থ চাহিলেন, তখন ক্লাইব তাঁহাকে প্রকৃত প্রতিজ্ঞাপত্র খানি দেখাইলেন, তাহাতে উমীচাঁদের অর্থ পাইবার কোনও উল্লেখ নাই। উমীচাঁদ শোকে জ্ঞানশূন্য হইলেন। ১৭৫৭ খৃঃ অব্দ।

(খ) মীর্ জাফর্ নবাব হইলেন কিন্তু তিনি সাক্ষীগোপাল মাত্র, ক্লাইবই সর্ব্বেসর্ব্বা। তিনি ১৭৫৯ খৃঃ অব্দে ফরাসীদিগকে উত্তর সরকার প্রদেশ হইতে তাড়াইলেন, এবং চুঁচুড়ায় ওলন্দাজদিগকে পরাস্ত করিলেন, পর ১৭৬০ খৃঃ অব্দে বিলাত গমন করিলেন। এ দিকে মীর্ জাফর ইংরাজদিগকে যত টাকা দিতে স্বীকার করিয়াছিলেন, তাহা না দিতে পারায় কলিকাতার ইংরাজ্গণ তাঁহাকে পদচ্যুত করিয়া সেই বৎসরেই (১৭৬০) তাঁহার জামতা মীর্ কাসীম্কে নবাব করিলেন। ইংরাজ কর্ম্মচারীগণ পুনরায় বিলক্ষণ অর্থলাভ করিলেন, এবং বর্দ্ধমান, মেদিনীপুর ও চট্টগ্রাম এই তিনটী জেলা ইংরাজদিগকে প্রদত্ত হইল।

(গ) মীর্ কাসীম্ অতিশয় কার্য্যদক্ষ ছিলেন এবং ইংরাজদিগের দর্প ও প্রাধান্য সহ্য করিতে না পারিয়া মুঙ্গেরে রাজধানী করিলেন। দিল্লীর শেষ সম্রাট দ্বিতীয় আলম্গীরের পুত্র শাহ আলম্ বিহারে নানা স্থানে ভ্রমণ করিতেছিলেন, মীর্ কাসীম্ পাটনায় যাইয়া তাঁহাকে দিল্লীশ্বর বলিয়া মানিয়া বার্ষিক ২৪ লক্ষ টাকা করস্বরূপ দিতে স্বীকৃত হইয়া বঙ্গ, বিহার ও উড়িষ্যার সুবাদারী পদের সনন্দ পত্র পাইলেন।

সে সময়ের ইংরাজ কর্ম্মচারীগণ অতিশয় অর্থগৃধ্নু ও অসৎ ছিলেন। বাণিজ্য দ্রব্যের উপর সে সময়ে সকল বণিকেই শুল্ক দান করিত, কিন্তু ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর দ্রব্যে সম্রাটের সনন্দ অনুসারে কোনও শুল্ক লাগিত না। কোম্পানীর

কর্ম্মচারীগণও আপনারা গোপনে বাণিজ্য করিতেন এবং আপনাদিগের নৌকায় কোম্পানীর নিশান উড়াইয়া সেই শুল্কদান রহিত করিলেন। মীর্ কাসীম্ অন্যায় আচরণের বার২ প্রতিকার চাহিয়াও বিফলযত্ন হওয়ায় একেবারে সমস্ত শুল্ক উঠাইয়া দিলেন ও বলিলেন কি দেশী কি বিদেশী কাহাকেও শুল্ক দিতে হইবে না। এই উদার আচরণেও ইংরাজেরা ক্রুদ্ধ হইয়া যুদ্ধারম্ভ করিল,এবং মীর্ কাসীমকে পদচ্যুত করিয়া বৃদ্ধ মীর্ জাফরকে নবাব করিল। মীর্ কাসীম্ পাটনার অধ্যক্ষ এলীস্ সাহেবকে তৎসঙ্গী সমভিব্যাহারে বন্দী করিলেন, পর গেরীয়ার যুদ্ধে ইংরাজ কর্ত্তৃক পরাস্ত হইয়া পাটনায় যাইয়া এলীস্ ও অন্যান্য ইংরাজদিগকে ও কয়েক জন ধনী হিন্দুকে নৃশংসরূপে হত্যা করিলেন। প্রথমে মুঙ্গের পর পাটনা ইংরাজদিগের হস্তগত হইল; মীর্ কাসীম্ অযোধ্যার নবাব ও শাহ আলমের সহিত যোগ করিয়া যুদ্ধে পুনরায় পরাস্ত হইলেন ও পলায়ন করিলেন। পর ১৭৬৪ খৃঃ অব্দে বক্সারের নিকট আর একটী যুদ্ধ হয়, তাহাতেও ইংরাজগণ জয়লাভ করিল এবং মীর্ কাসীমের আশা ভরসা বিলুপ্ত হইল।

(ঘ) বৃদ্ধ মীর্ জাফর পুনরায় নবাব হইলেন। ১৭৬৫ খৃঃ অব্দে ক্লাইব লর্ড খেতাব পাইয়া বিলাত হইতে আসিলেন এবং ইংরাজ কর্ম্মচারীদিগের অনেক দোষ সংশোধন করিয়া দিলেন। অনন্তর আলাহাবাদে যাইয়া অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা ও শাহ আলমের সহিত সাক্ষাৎ করিলেন। সন্ধি হইল; সুজা অযোধ্যা ফিরিয়া পাইলেন, কেবল কোরা ও আলাহাবাদ প্রদেশ সম্রাট্ শাহ আলম্কে দেওয়া হইল; এবং শাহ আলম্ বার্ষিক ২৬ লক্ষ টাকা কর নির্ধারণ করিয়া কোম্পানীকে বঙ্গ, বিহার ও উড়িষ্যার দেওয়ানী প্রদান করিলেন। এইরূপে কোম্পানী পূর্ব্ববিজীত প্রদেশত্রয়ে এত

দিনে আইন অনুসারে অধিকারী হইলেন (১৭৬৫); মুর্শীদাবাদের সাক্ষীগোপাল নবাবকে তাঁহারা বার্ষিক ৫০ লক্ষ টাকা বৃত্তিস্বরূপ দিতে সম্মত হইলেন। পর বৎসর ক্লাইব সিপাহীদিগের একটী বিদ্রোহ দমন করিয়া ১৭৬৭ খৃঃ অব্দে স্বদেশ যাত্রা করিলেন।

ক্লাইবের ন্যায় অসাধারণ ইংরাজ পুরুষ ভারতবর্ষে কদাচ আসিয়াছেন। তিনি কেরাণী হইয়া এ দেশে আইসেন, পর ইংরাজদিগের বিপদ দেখিয়া সহসা লেখনীর পরিবর্ত্তে খড়্গ ধারণ করিয়া যেরূপ বীরত্ব দেখান, তাহা পূর্ব্বে বর্ণিত হইয়াছে। তিনিই এ দেশে ইংরাজরাজ্যের স্থাপনকর্ত্তা; দুঃখের বিষয় যে, রাশি২ অর্থ গ্রহণ করিয়া এবং দুই একটী প্রতারণার কার্য্য করিয়াই আপন যশঃ কলুষিত করিয়াছেন। তদ্ভিন্ন সিরাজউদ্দৌলার সেনাপতি ও কর্ম্মচারীদিগের সহিত জঘন্য ষড়যন্ত্র না করিয়া কেবল স্বকীয় বলে সেই নবাবকে পরাস্ত করিলে অধিক সততা প্রকাশ হইত। সদাচারী ওয়াট্সন্ সাহেব সেইরূপ পরামর্শই দিয়াছিলেন।

এই সময়ে বঙ্গদেশে শাসনাভাবে ও রাজ্যবিপ্লব বশতঃ লোকদিগের যেরূপ কষ্ট হইয়াছিল, তাহা বর্ণনা করা যায় না। দস্যু ও তস্করে দেশ উৎসন্ন করিতে লাগিল, গ্রাম ও ক্ষেত্র সকল জঙ্গলপূর্ণ হইতে লাগিল, এবং ১৭৭০ খৃঃ অব্দে যে ভয়ানক দুর্ভিক্ষ হইল তাহাতে বঙ্গ দেশের তৃতীয়াংশ লোকের প্রাণ বিয়োগ হইল।

ওয়ারেন্ হেষ্টিংস। ১৭৭৪-১৭৮৫। হেষ্টিংস বহু বৎসরাবধি কোম্পানীর কার্য্য করিয়া ১৭৭২ খৃষ্টাব্দে বঙ্গদেশের শাসনকর্ত্তা হয়েন। তাহার পর বৎসর কোম্পানীর কর্ত্তৃপক্ষীয়েরা নির্দ্ধারিত করিলেন যে, বঙ্গদেশের শাসনকর্ত্তাই সমস্ত ভারতবর্ষের গবর্ণর্ জেনেরল্ হইবেন। এইরূপে গবর্ণর্ জেনেরল্ পদের সৃষ্টি হইল এবং হেষ্টিংস ১৭৭৪

খৃষ্টাব্দে বার্ষিক ২৷৷০ লক্ষ টাকা বেতনে ভারতবর্ষের প্রথম গবর্ণর্ জেনেরল্ হইলেন।

(ক) হেষ্টিংসের সময়ে ১৭৭২ খৃঃ অব্দে দেশ-শাসন-কার্য্য মুসলমানদিগের হস্ত হইতে ইংরাজেরা গ্রহণ করিল এবং ধনাগার ও সমস্ত প্রধান আফীস্ মুর্শীদাবাদ হইতে কলিকাতায় আনীত হইল। কর সংগ্রহের জন্য প্রতি জেলায় কলেক্টর্ নিযুক্ত হইলেন এবং তাঁহারাই দেওয়ানী মকদ্দমা নিষ্পত্তির ভার লইলেন; তদ্ভিন্ন প্রতি জেলায় ফৌজ্‌দারী মকদ্দমা নিষ্পত্তির জন্য কাজী ও মুফ্‌তী নিযুক্ত হইলেন। কলিকাতায়ও সদর দেওয়ানী আদালৎ ও সদর নেজামৎ আদালৎ নামে দুইটী বিচারস্থান স্থাপিত হইল। ইহার অচিরকাল পরই কলিকাতার সুপ্রিম্‌কোর্ট স্থাপিত হইল। এ সমস্ত নিয়ম সত্ত্বেও বহুকালাবধি দেশে সুশাসন হইল না। দুর্ভিক্ষক্লিষ্ট লোকদিগের নিকট হইতে কলেক্টরগণ অতিশয় অধিক কর লইতে লাগিলেন, জমীদারগণ তাহা দিতে না পারায় বন্দীস্বরূপ কলিকাতায় প্রেরিত হইতেন। কলেক্টরগণ দেশীয় মকদ্দমা কিছু মাত্র বুঝিতেন না, অধীনস্থ আম্‌লাগণ যাহা ইচ্ছা করিত এবং অন্যায় কার্য্য ও অন্যায় বিচার দ্বারা রাশি২ অর্থ সংগ্রহ করিতে লাগিল। দেশে পূর্ব্ববৎ ডাকাইতি ও দস্যুতাও চলিতে লাগিল, অনেক সময়ে সর্দ্দার ডাকাইৎগণ আম্‌লাগণকে উৎকোচ দিয়া বিচারের পথ রুদ্ধ করিত। অবিচারে ও অতিশয় করগ্রহণে ও অশাসনে প্রজা একেবারে উৎসন্নপ্রায় হইল। ফলতঃ ইংরাজ শাসনের প্রথম বিংশ কি ত্রিংশ বৎসর বঙ্গবাসীগণ যেরূপ কষ্ট পাইয়াছিল, বোধ হয় সিরাজ্‌উদ্দৌলার সময়ে বা পূর্ব্বে কোন সময়ে সেরূপ কষ্ট পায় নাই।

(খ) অযোধ্যার নবাব সুজা উদ্দৌলা রোহিল্লাদিগের সহিত অন্যায় যুদ্ধ করিতে ছিলেন, এবং রোহিল্লাদিগের ধ্বংশ-

সাধন জন্য ইংরাজদিগের সহায়তা চাহিলেন। ইংরাজদিগের সহিত রোহিল্লাদিগের কোন বিবাদই ছিল না; কিন্তু হেষ্টিংস সুজার অর্থে বশীভূত হইয়া সৈন্য পাঠাইয়া দিলেন। রোহিল্লারা পরাজিত হইল, এবং ইংরাজ বলে বলিষ্ঠ সুজা তাহাদিগের সমস্ত দেশ একেবারে ছারখার করিলেন। এই সময়ে কোরা ও আলাহাবাদ প্রদেশও সম্রাট্ শাহ আলমের নিকট হইতে কাড়িয়া লইয়া অযোধ্যার নবাবকে ৫০লক্ষ টাকা পণে দেওয়া হইল, এবং ইংরাজেরা সম্রাটকে যে বার্ষিক ২৬ লক্ষ টাকা দিবার প্রতিজ্ঞা করিয়াছিল, হেষ্টীংস তাহাও রহিত করিলেন।

(গ) কলিকাতার কৌন্সিলে কয়েক জন মেম্বর হেষ্টীংসের শত্রু ছিলেন, এবং হেষ্টীংস বাঙ্গালার নবাব-সংসার হইতে উৎকোচ লইয়াছেন এইরূপ অপবাদ দিতেন। এ অপবাদ সত্যই হউক, বা মিথ্যাই হউক, হিন্দুরাজা নন্দকুমার এই বিষয়ে প্রমাণ আনিতে লাগিলেন তাহাতে হেষ্টীংস ভীত হইয়া নন্দকুমার একটী জাল করিয়াছেন বলিয়া কলিকাতার সুপ্রীম কোর্টে তাঁহার নামে অভিযোগ আনাইলেন। এই অপরাধে নন্দকুমারের ফাঁসী হয়। এটী অবিচার হইয়াছিল তাহা সকলেই স্বীকার করেন, কেননা জাল অপরাধ প্রমাণ হইলেও ভারতবর্ষের আইনানুসারে প্রাণদণ্ড হইতে পারে না; কেবল হেষ্টীংসের বিপদ মোচন করিবার জন্য তাঁহার বন্ধু জজ্ ইম্পে অবিচার করিলেন।

(ঘ) ১৭৭৫ খৃঃ অব্দে ইংরাজেরা অযোধ্যার নবাবের নিকট হইতে বারাণসী প্রদেশ প্রাপ্ত হইয়া ২২৷৷০ লক্ষ টাকা কর স্থির করিয়া চৈৎসিংহকে জমীদারীস্বরূপ দেয়। হেষ্টীংস তিন বৎসর পর্য্যন্ত সেই রাজার নিকট ৫ লক্ষ টাকা করিয়া অতিরিক্ত গ্রহণ করেন। ১৭৮০ খৃঃ অব্দে চৈৎসিংহ এই অতিরিক্ত দানে অসম্মত হওয়ায় হেষ্টীংস তাঁহাকে অবমানিত

ও কারারুদ্ধ করেন, এবং তিনি পলায়ন করিলে তাঁহার পরিবারের আর এক জনকে জগীদার করিয়া ৪০ লক্ষ টাকা কর স্থাপন করেন।

(ঙ) অযোধ্যার নবাব সুজার মৃত্যু হইলে তাঁহার মাতা ও দুই পত্নী সমস্ত সম্পত্তি গ্রহণ করেন। সুজার পুত্র আসফ্-উদ্দৌলা সেই টাকা না পাইলে ইংরাজদিগের ঋণ পরিশোধ করিতে পারিবেন না বলিলেন; তাহাতে হেস্টীংস সেই বেগমদিগের উপর অতিশয় অত্যাচার করিয়া এক কোটী বিংশ লক্ষ টাকা আদায় করিলেন।

(চ) হেস্টীংসের সময় মহারাষ্ট্রীয়দিগের সহিত ইংরাজদিগের প্রথম যুদ্ধ হয়। তৃতীয় পেশওয়া বলজীর কথা আমরা একাদশ পরিচ্ছেদে বলিয়াছি; তাঁহার মৃত্যুর পর ১৭৬১ খৃঃ অব্দে তাঁহার পুত্রবধু রাও পেশওয়া হয়েন। ১৭৭২ খৃঃ অব্দে তাঁহার মৃত্যু হইলে তাঁহার ভ্রাতা নারায়ণ রাও অল্প কাল পেশওয়া হইয়াই নিহত হইলেন এবং মহারাষ্ট্রীয়দিগের মধ্যে একটী গৃহবিচ্ছেদ হইল। নারায়ণের পিতৃব্য রাঘবজী পেশওয়া পদ গ্রহণ করিলেন কিন্তু নানা ফর্ণাবীজ প্রভৃতি কয়েক জন প্রধানং লোক মৃত নারায়ণের নবজাত শিশুকে পেশওয়ার সিংহাসনে আরোহণ করাইলেন। ইংরাজেরা এই সময়ে আপনারা কিছু লাভ করিবার ইচ্ছা করিয়া রাঘবের সহায়তা করিল, এবং বোম্বের নিকটে সাল্‌সেট্ নামক স্থান আপনাদিগের হস্তগত করিল। কিছু যুদ্ধের পর ইংরাজেরা রাঘবকে ত্যাগ করিয়া নানা ফর্ণাবীজের নিকট সাল্‌সেট্ ও বেসীন্ প্রাপ্ত হইয়া "পুরন্দরের সন্ধি" স্থাপন করিল। ইহারই কিছু পর এই সন্ধি ভঙ্গ করিয়া ইংরাজেরা পুনরায় যুদ্ধারম্ভ করিল, কিন্তু ইংরাজ সৈন্য একটী পার্ব্বতীয় প্রদেশে মহারাষ্ট্রীয় কর্ত্তৃক বেষ্টিত হইয়া নিরুপায় হইয়া "ওয়ার্গামের সন্ধি" স্থাপন করিল ও তদ্দ্বারা সমস্ত

বিজয় ফিরিয়া দিতে স্বীকার করিল। এই বিপদ হইতে উদ্ধার হইবার অনতিপরই সন্ধি লঙ্ঘন করা হইল এবং পুনরায় যুদ্ধারম্ভ হইল। গডার্ড কলিকাতা হইতে ভারতবর্ষের মধ্য দিয়া সুরাটে আসিলেন এবং সিন্দিয়া ও হলকারকে পরাজিত করিয়া বেসীন্ অধিকার করিলেন ও পপ্‌হাম প্রথমে লাহোর পর গোয়ালীয়র অধিকার করিলেন। ইহার পর "সালবাইয়ের সন্ধি" হইল। পুরন্দরের সন্ধিই বজায় রহিল; রাঘবজী পেশওয়া হইতে পারিলেন না, কেবল মাসে ১৫,০০০ টাকা করিয়া বেতন পাইবেন স্থির হইল। নানা ফর্ণাবীজেরই জয় হইল। (১৭৮২)

(ছ) হেস্টীংসের সময় ইংরাজেরা যে সমস্ত যুদ্ধ করিয়াছিল, তাহার মধ্যে মহীশূরের যুদ্ধই প্রধান। আমরা নবম পরিচ্ছেদে বলিয়াছি যে ১৫৬৫ খৃঃ অব্দে বিজয়নগরের রাজ্যের ধ্বংশের পর ভারতবর্ষের অতি দক্ষিণের ক্ষুদ্র২ স্বাধীন রাজা ও পলীগারগণ নামে বিজয়পুর ও গলখন্দের মুসলমানদিগের অধীনতা স্বীকার করিতেন। মহীশূরের রাজারা ঐরূপ প্রকৃত পক্ষে স্বাধীন ছিলেন, ও ১৭৫০ খৃঃ অব্দে ঐ হিন্দু রাজ্যের মন্ত্রী নন্দরাজ সমস্ত ক্ষমতা আত্মসাৎ করেন। তাঁহার অধীনে হাইদর নামক এক জন সামান্য সৈন্য ছিলেন, তিনি আপন বুদ্ধিবলে ১৭৬১ খৃঃ অব্দের মধ্যে সমস্ত ক্ষমতা আপনি গ্রহণ করিয়া মহীশূরের সুল্‌তান হইলেন; এবং হিন্দুরাজ্যের লোপসাধন করিলেন।

১৭৬৬ খৃষ্টাব্দে, হাইদ্রাবাদের নিজাম্ ও মহারাষ্ট্রগণ হাইদরের সহিত যুদ্ধ আরম্ভ করে; এবং ইংরাজগণ বিনা কারণে হাইদরের বিরুদ্ধে যোগ দেয়। হাইদর আলী অর্থদান করিয়া নিজাম্ ও মহারাষ্ট্রদিগকে সন্তুষ্ট করিলেন সুতরাং কেবল ইংরাজদিগের সহিত তাঁহার যুদ্ধ চলিতে লাগিল। দুই বৎসর পর্য্যন্ত এইরূপ যুদ্ধ চলিতে লাগিল, শেষে হাইদর সন্ধি

প্রার্থনা করিলেন, কিন্তু ইংরাজগণ তাহা স্বীকার করিল না। তাহাতে হাইদর আলী ক্রুদ্ধ হইয়া বহুসংখ্যক অশ্বারোহী লইয়া সহসা মান্দ্রাজের সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন; মান্দ্রাজের ইংরাজগণ তাহাতে এত ভীত হইল যে তৎক্ষণাৎ সন্ধি স্থাপন করিল। যুদ্ধের পূর্ব্বে যাহার যে অধিকার ছিল তাহাই রহিল। এইরূপ প্রথম মহীশূর যুদ্ধ সমাপ্ত হইল।

হেষ্টিংসের সময় দ্বিতীয় মহীশূর যুদ্ধ হয়। ১৭৮০ খৃঃ অব্দে ৮০,০০০ সৈন্য লইয়া হাইদর কর্ণাট আক্রমণ করিলেন, এবং একে২ অনেকগুলি ইংরাজদিগের দুর্গ হস্তগত করিলেন ও কর্ণেল্ বেলির অধীনের ইংরাজ সৈন্যকে পরাস্ত করিয়া বেলীকে বন্দী করিলেন। ইংরাজেরা গবর্ণর জেনেরল হেষ্টীংসের নিকট আরও অধিক সৈন্য প্রার্থনা করিল, ও সেই সৈন্য আসিয়া পৌঁছিলে ১৭৮১ খৃঃ অব্দে হাইদর ক্রমান্বয়ে তিনটী যুদ্ধে পরাস্ত হইলেন। ১৭৮২ খৃঃ অব্দের শেষে হাইদরের মৃত্যু হয়, কিন্তু তাঁহার পুত্র টিপু সুল্তান ইংরাজদিগকে যুদ্ধ দান করিতে লাগিলেন। অবশেষে ১৭৮৪ খৃঃ অব্দে সন্ধি-স্থাপন হইল তদ্দ্বারা উভয় পক্ষেরই যুদ্ধের পূর্ব্বে যে২ অধিকার ছিল তাহাই রহিল।

ইহারই পরবৎসর হেষ্টীংস স্বদেশ গমন করিলেন। তথায় পার্লীয়ামেণ্টের প্রধান২ সদ্বক্তা, বর্ক, ফক্স সেরিডান্, পিট্ সকলে হেষ্টীংসের ভারতবাসীদিগের প্রতি অত্যাচারে ত্যক্ত হইয়া তাঁহার নামে পার্লীয়ামেণ্টে অভিযোগ উপস্থিত করেন, এবং হেষ্টীংস স্বয়ং যখন সেই বক্তাদিগের বক্তৃতা শুনিলেন, তখন তাঁহার মনে প্রকৃত অনুতাপ উদয় হইল, এবং তিনি মনে২ ভাবিলেন যে তাঁহার ন্যায় অন্যায়াচারী জগতে আর নাই। বিশেষ রোহিল্লাদিগের বিরুদ্ধে যুদ্ধ, অযোধ্যার বেগমদিগের প্রতি অত্যাচার, ও বারাণসীর চৈৎ সিংহের প্রতি অন্যায় আচরণ, এই তিনটীর জন্য তাঁহার

প্রতি লোকে অতিশয় ক্রুদ্ধ হয়। সাত বৎসর পর্য্যন্ত এই অভিযোগ চলিতে লাগিল, ইহার মধ্যে লোকের মনে অনেক পরিবর্ত্তন হইয়া গেল, শেষে হেষ্টীংস নির্দ্দোষী বলিয়া অব্যাহতি পাইলেন। প্রকৃত পক্ষে হেষ্টীংস নির্গুণ লোক ছিলেন না; সুশাসনের জন্য অনেক চেষ্টা করিয়াছিলেন, এবং বুদ্ধি, অধ্যবসায়, তীক্ষ্ণ প্রতিজ্ঞা প্রভৃতি অনেক সদ্গুণে সমন্বিত ছিলেন। তাঁহার প্রধান দোষ এই ছিল যে, আপন স্থির উদ্দেশ্য সাধন জন্য তিনি অত্যাচার বা নিষ্ঠুর আচরণ হইতে বিরত হইতেন না; স্বদেশীয়দিগের ক্ষমতা বিস্তারের জন্য অন্যের প্রতি অন্যায় আচরণ করিতেও কুণ্ঠিত হইতেন না।

লর্ড কর্ণওয়ালিস্। ১৭৮৬—১৭৯৩। হেষ্টীংসের পর লর্ড কর্ণওয়ালিস্ গবর্ণর জেনেরল হইয়া আসিলেন।

(ক) ইংরাজদিগের মিত্র ট্রাবাঙ্কোরের হিন্দু রাজাকে টিপু আক্রমণ করায় তৃতীয় মহীশূর যুদ্ধ আরম্ভ হয় এবং কর্ণওয়ালিস্ সেই যুদ্ধ যুঝিবার জন্য স্বয়ং মান্দ্রাজে যাইলেন। ১৭৯১ খৃঃ অব্দে তিনি বাঙ্গালোর নগর হস্তগত করিলেন এবং টিপুকে একটী যুদ্ধে পরাস্ত করিলেন। পরবৎসর তিনি টিপুর রাজধানী শ্রীরঙ্গপত্তন আক্রমণ করিলেন, তখন টিপু ভীত হইয়া অর্দ্ধেক রাজ্য দিয়া ও অনেক অর্থ দিয়া সন্ধি স্থাপন করিলেন (১৭৯২)। এই যুদ্ধে হাইদ্রাবাদের নিজাম্ ও মহারাষ্ট্রগণ ইংরাজদিগের সহযোদ্ধা ছিল, সুতরাং তাহারাও বিজীত প্রদেশের অংশ পাইল।

(খ) ক্লাইবের সময় হইতে বঙ্গবাসীদিগের যে ভয়ানক অবস্থা হইয়াছিল, তাহা পূর্ব্বেই বর্ণিত হইয়াছে। রাজকর্ম্মচারীগণ জমীদারী নিলামে অধিক মূল্যে বিক্রয় করিতে লাগিলেন, নূতন ক্রেতাগণের প্রজার উপর মায়া, দয়া নাই, তাহারা প্রজার সর্ব্বস্ব হরণ করিতে লাগিল এবং প্রজার উপর

অন্যায় আচরণ করিতে লাগিল ; তথাপি তাহারা রাজকর দিতে অসমর্থ হইল, সুতরাং গবর্ণমেণ্টের অনেক ক্ষতি হইতে লাগিল। এই সকল অনিষ্ট সংশোধনার্থ কর্ণওয়ালিস্ দশ বৎসরের জন্য একটী বন্দোবস্ত করিলেন, (দশ শালা বন্দোবস্ত) এবং কোম্পানীর অধ্যক্ষেরা সেইটী মঞ্জুর করিলে সেইটীই চিরস্থায়ী হইল। সেই বন্দোবস্ত অনুসারে গবর্ণমেণ্ট জমীদারগণকে জমীর মালিকত্ব প্রদান করিলেন এবং তাঁহাদিগের সহিত রাজস্বের পরিমাণ নির্দ্ধারিত করিয়া স্বীকার করিলেন যে, সে রাজস্বের ভবিষ্যতে কখনও বৃদ্ধি হইবে না। রাজস্বের পরিমাণ অতিশয় অধিক হওয়ায় অনেক দিন পর্য্যন্ত দেশের লোক অতিশয় কষ্ট ভোগ করিতে লাগিল, কিন্তু পরিণামে যে সুফল ফলিয়াছে, তাহা বর্ণনা করা যায় না। এক্ষণে গবর্ণমেণ্ট সমস্ত ভারতবর্ষে রাজস্ব বৃদ্ধি করিতেছেন, কিন্তু বঙ্গদেশে চিরস্থায়ী বন্দোবস্ত অনুসারে ভূমিকর বৃদ্ধি করিবার উপায় নাই, সুতরাং দেশের উৎপন্ন-অর্থ অনেকটা দেশেই রহিয়া যাইতেছে, তাহাতে দেশের লোক অপেক্ষাকৃত সুখী হইয়াছে। চিরস্থায়ী বন্দোবস্তের একটী দোষ এই যে, জমীদারদিগের যেরূপ সুবিধা হইল, কৃষকদিগের ততদূর সুবিধা হইল না ; জমীদারগণ কৃষকদিগের নিকট হইতে ইচ্ছামত কর বৃদ্ধি করিতে সমর্থ রহিলেন। এ দোষটীও ক্রমেং সংশোধন হইতেছে ও জমীদারদিগের কর-বৃদ্ধি-ক্ষমতা ১৮৫৯ খৃঃ অব্দের ১০ আইন অনুসারে অনেক হ্রাস পাইয়াছে, বোধ হয় আরও পাইবে।

(গ) চিরস্থায়ী বন্দোবস্ত ভিন্ন কর্ণওয়ালিস্ বঙ্গদেশে আরও অনেকগুলি উপকার করিয়া গিয়াছেন। হেষ্টিংস প্রতি জেলায় এক জন করিয়া কলেক্টর নিযুক্ত করিয়া তাঁহাদিগের উপর দেওয়ানী মকদ্দমার নিষ্পত্তির ভার দিয়াছিলেন, এবং কাজী ও মুফ্তীদিগের উপর ফৌজদারী মকদ্দমা নিষ্পত্তির

ক্ষমতা দান করেন।* তাহাতে সুচারুরূপে কার্য্য না চলায় কর্ণওয়ালিস্ প্রতি জেলায় এক জন করিয়া জজ্ নিযুক্ত করিলেন, তাঁহারা সমস্ত দেওয়ানীকার্য্য করিতে লাগিলেন, এবং মাজিষ্ট্রেটের অনেক ক্ষমতাও পাইলেন। তদ্ভিন্ন কলিকাতা, মুর্শীদাবাদ, পাটনা ও ঢাকায় চারিটী প্রবিন্সিয়াল কোর্ট স্থাপন করিলেন, তাঁহারা জেলার জজ্দিগের আপীল শুনিতেন এবং স্থানেং ভ্রমণ করিয়া জজ্দিগের সোপর্দ্দ করা ফৌজ্দারী সেসন্ মকদ্দমাও নিষ্পত্তি করিতেন। হেষ্টীংস বিচার কার্য্যের সুবিধার জন্য কতকগুলি স্থূলং আইন করিয়াছিলেন। কর্ণওয়ালিস্ সেইগুলি সংগ্রহ ও পরিবর্দ্ধিত করিয়া প্রচার করিলেন।

দেশীয় লোকে এ সময়ে অনেক বড়ং চাকুরী করিতেন, এবং অনেকে অন্যায় কার্য্য ও উৎকোচ গ্রহণ করিতেন। তাঁহাদিগের উচিত শিক্ষা ও বেতন বৃদ্ধি করিয়া না দিয়া তাঁহাদিগকে কার্য্য হইতে একেবারে বহিষ্কৃত করা হইল! সমস্ত শাসনকার্য্য ইংরাজদিগের হস্তে ন্যস্ত হইল। ইংরাজ কর্ম্মচারীগণও এই সময়ে অসৎ ছিলেন, এবং গোপনে বাণিজ্য ও অন্য উপায়দ্বারা অর্থ সঞ্চয় করিতেন। তাঁহাদিগের সম্বন্ধে অন্য মীমাংসা হইল, তাঁহাদিগের বেতন বৃদ্ধি করিয়া বাণিজ্য বন্ধ করিয়া দেওয়া হইল।

প্রতি জেলায় অতি অল্প বেতনে কয়েক জন করিয়া মুন্সীফ্ এই সময়ে নিযুক্ত হয়েন।

সার্ জন্ শোর। ১৭৯৩-১৭৯৮। ইহাঁর শাসনকালে কোনও বিশেষ ঘটনা সংঘটিত হয় নাই।

মার্কুইস্ ওয়েলেস্লী। ১৭৯৮-১৮০৫। মার্কুইস্ ওয়েলেস্লীর সময় মহীশূরের চতুর্থ যুদ্ধ ও দ্বিতীয় মহারাষ্ট্রীয় যুদ্ধ এই দুইটী ঘটনা হয়। গবর্ণর জেনেরল্ ওয়েলেস্লীর সময় তাঁহার ভ্রাতা কর্ণেল্ ওয়েলেস্লী ইংরাজদিগের প্রধান

সেনাপতি ছিলেন; তিনি ভারতবর্ষ হইতে ইউরোপে প্রত্যাবর্ত্তন করিয়া ডিউক্ অব্ ওয়েলিংটন্ নাম প্রাপ্ত হয়েন, ও ওয়াটর্‌লুর যুদ্ধে ফরাসীরাজ নেপোলীয়ন্‌কে পরাস্ত করিয়া অতিশয় যশ লাভ করেন।

(ক) টিপু ফরাসীদিগের সহায়তা প্রার্থনা করিয়াছিলেন বলিয়া মার্কুইস্ ওয়েলেস্‌লী তাঁহার বিরুদ্ধে যুদ্ধারম্ভ করেন। পূর্ব্ব ও পশ্চিম দুই দিক হইতে দুই দল ইংরাজসৈন্য যুদ্ধে জয়ী হইয়া রাজধানী শ্রীরঙ্গপত্তনে আসিল এবং সেই নগর হস্তগত করিল। সেই যুদ্ধে টিপু হত হইলেন। ওয়েলেস্‌লী কতক প্রদেশ কোম্পানীর জন্য গ্রহণ করিলেন, এবং অবশিষ্ট প্রদেশে পুরাতন হিন্দুরাজবংশীয় এক বালককে অধিষ্ঠিত করিলেন। ১৭৯৯।

(খ) ইংরাজেরা বহু দিন পূর্ব্বেই কর্ণাট জয় করিয়াছিল; এক্ষণে কর্ণাটের নবাব রীতিমত পেন্‌সন্ পাইয়া সেই প্রদেশটী ইংরাজদিগকে দান করিলেন। (১৮০১)

(গ) হেস্টিংসের সময়ে প্রথম মহারাষ্ট্রীয় যুদ্ধ হয়, তাহা বর্ণিত হইয়াছে। এক্ষণে দ্বিতীয় যুদ্ধ আরম্ভ হইল। মহারাষ্ট্রীয়দিগের মধ্যে সিন্ধিয়া ও হলকারের ক্ষমতা এত বাড়িয়াছিল যে, পেশওয়ার ক্ষমতা একেবারে বিলুপ্ত প্রায় হইল। সেই ক্ষমতা পুনঃস্থাপনের জন্য এক্ষণকার পেশওয়া দ্বিতীয় বাজী রাও ইংরাজদিগের সহিত এইটী সন্ধি করিলেন, (১৮০২)। ইংরাজেরাও অতিশয় ক্ষমতাপন্ন মহারাষ্ট্রীদিগের ক্ষমতা চূর্ণ করিবার একটী সূত্র পাইয়া সন্তুষ্ট হইল।

দৌলৎ রাও সিন্ধিয়ার রাজ্য এই সময়ে আগ্রা পর্য্যন্ত বিস্তৃত ছিল, এবং তাঁহার ৬০,০০০ সৈন্য ছিল, তাহার মধ্যে অনেকেই ফরাসীদিগের দ্বারা সুশিক্ষিত। তাঁহার মিত্র বেরারাধিপতি রঘুজীরও ৩০,০০০ সৈন্য ছিল। ইংরাজসৈন্য দুই ভাগে বিভক্ত হইল, দক্ষিণ হইতে ওয়েলেস্‌লী (গবর্ণর জেনেরলের ভ্রাতা) ও উত্তর হইতে লেক আসিতে লাগিলেন। ওয়েলেস্‌লী আহমদ্‌নগর অধিকার করিলেন ও কয়েক দিন পরে সিন্ধিয়া ও রঘুজীর সমবেত সৈন্যকে আসাইয়ের তুমুল সংগ্রামে পরাস্ত করিলেন। ইহার কিছু পর ওয়ারগাওঁয়ে আর এক যুদ্ধে ওয়েলেস্‌লী পুনরায় জয়ী হইলেন, তৎপর রঘুজী ভীত হইয়া কটক প্রদেশ ও বরদা নদীর পশ্চিমে সমস্ত প্রদেশ ইংরাজদিগকে দিয়া সন্ধি করিলেন। (১৮০৩)

উত্তরে লেক আলীগড় ও দিল্লী অধিকার করিলেন এবং দিল্লীতে সম্রাট্ শাহ আলমকে মহারাষ্ট্রীয়দিগের হস্ত হইতে উদ্ধার করিলেন। তৎপরে লাসওয়ারীর যুদ্ধে মহারাষ্ট্রীয়দিগকে পুনরায় পরাস্ত করিলেন। সিন্ধিয়া চারিদিকে পরাজিত হইয়া এবং মিত্র রঘুজী সন্ধিস্থাপন করিয়াছেন দেখিয়া আপনিও সন্ধিস্থাপন করিলেন, তদ্দ্বারা দক্ষিণে বোরৌচ ও আহমদ্‌নগর এবং উত্তরে দোয়াব, দিল্লী, আগ্রা, গোয়ালীয়র প্রভৃতি অনেক স্থান ইংরাজদিগকে দান করিলেন। (১৮০৩)

যশোবন্ত রাও হলকার এতক্ষণ চুপ করিয়াছিলেন, এখন তাঁহার ও তাঁহার মিত্র ভরতপুরের রাজার সহিত ইংরাজদিগের যুদ্ধ আরম্ভ হইল। প্রথমে ইংরাজদিগের পরাজয় হইল। কর্ণেল্ মন্‌সন্ ভীত হইয়া পলায়ন করিয়া আগ্রায় আশ্রয় গ্রহণ করিলেন ও হল্‌কার তাঁহার পশ্চাদ্ধাবন করিলেন। হলকার দিল্লী আক্রমণ করিয়া লইতে পারিলেন না, পরে লেকের নিকট দীঘ ও ফরক্কাবাদের যুদ্ধে পরাস্ত হইয়া আপন মিত্র ভরতপুরের রাজার দুর্গে আশ্রয় গ্রহণ করিলেন। সে দুর্গ অতিশয় দৃঢ় বলিয়া ইংরাজেরা বেষ্টন করিয়াও উহা লইতে পারিল না। ভরতপুরের রাজার সহিত ইংরাজদিগের সন্ধি স্থাপন হইল, তদনুসারে হল্‌কার ভরতপুর ত্যাগ করিতে বাধ্য হইলেন। ইতিমধ্যে সিন্ধীয়া পুনরায় ইংরাজদিগের বিরুদ্ধাচরণ করিতেছিলেন, ও হলকারের ভরতপুর

হইতে প্রত্যাবর্ত্তনের সময় তাঁহাকে আপন শিবিরে আহ্বান করিলেন। এইরূপে ইংরাজদিগের সহিত যুদ্ধবশতঃ পুরাতন শত্রু সিন্ধীয়াও হলকারের বন্ধু হইলেন; লেক তাঁহাদিগকে আপততঃ আক্রমণ করিবার কোন সুবিধা পাইলেন না।

লর্ড কর্ণওয়ালিস্ ও সার্ জন্ বার্লো। ১৮০৫-১৮০৭। ওয়েলেস্‌লীর সময়ে ইংরাজ-রাজ্য পূর্ব্ব হইতে দ্বিগুণ হইয়াছিল, তাহাতে কোম্পানীর অধ্যক্ষেরা সন্তুষ্ট ছিলেন না। তাঁহারা সমরপ্রিয় ছিলেন না, এবং ওয়েলেস্‌লী অনাবশ্যক যুদ্ধ দ্বারা রাজ্য বৃদ্ধি করিয়াছিলেন বলিয়া তাঁহাকে তিরস্কার করিয়াছিলেন। সুতরাং লর্ড কর্ণওয়ালিস্ পুনরায় গবর্ণর জেনেরল হইয়া আসিলেন। তিনি সন্ধিস্থাপন ইচ্ছা করিয়া যুদ্ধ স্থানে যাইতেছিলেন এমন সময়ে পথিমধ্যে তাঁহার কাল হইল। সার্ জন্ বার্লো গবর্ণর জেনেরল হইয়াই সন্ধি স্থাপন করিলেন (১৮০৫) তদ্দ্বারা সিন্ধীয়া গোয়ালীয়র দুর্গ ফিরিয়া পাইলেন এবং চম্বাল নদী ইংরাজ ও সিন্ধীয়ার রাজ্যের মধ্যসীমা হইল। হলকারের সহিতও সন্ধি হওয়ায় তিনি পূর্ব্বের অধিকার প্রায় সমস্তই ফিরিয়া পাইলেন।

লর্ড মিণ্টো। ১৮০৭-১৮১৩। এই সময়ে ইউরোপে ইংরাজদিগের সহিত ফরাসীদিগের ঘোর যুদ্ধ হয়, এবং ফরাসীরা ভারতবর্ষে কিছু না করিতে পারে সেই অভিপ্রায়ে মিণ্টো পারস্যের রাজা, কাবুলের আমীর ও সিন্দের সর্দ্দারদিগের সহিত সন্ধি স্থাপন করেন যে তাঁহারা ইংরাজ ভিন্ন অন্য কোনও ইউরোপীয় জাতির সহিত সম্পর্ক রাখিবেন না। এই সময়ে শীখ অধিপতি রণজিৎসিংহের সহিত ইংরাজদিগের একটী সন্ধি হয়, তদ্দ্বারা রণজিৎ শতদ্রু নদীর পশ্চিম তীরেই রাজ্য করিবেন পূর্ব্ব তীরে হস্তক্ষেপ করিবেন না স্বীকার করিলেন। রণজিৎসিংহ অসাধারণ লোক ছিলেন; ১৭৮০ খৃঃ অব্দে তাঁহার জন্ম হয়, এবং তাঁহার অষ্টাদশ বৎসর

বয়সের সময় পূর্ব্ববর্ণিত আহমদ্ শাহ দুরানীর পৌত্র তাঁহাকে লাহোরের শাসনকর্ত্তৃপদে নিযুক্ত করেন। শীখেরা পূর্ব্বেও সাহসী যোদ্ধা ছিল, এক্ষণে রণজিতের দ্বারা নীত ও শিক্ষিত হইয়া অসাধারণ ক্ষমতাপন্ন জাতি হইয়া উঠিল।

মার্কুইস্ হেষ্টিংস্। ১৮১৩-১৮২৩। এক্ষণে যিনি গবর্ণর জেনেরল হইলেন তাঁহার নাম আর্‌ল্ ময়রা ছিল; নেপাল যুদ্ধের পর তিনি মার্কুইস্ হেষ্টিংস্ পদ প্রাপ্ত হন।

(ক) নেপালের গুর্খাগণ অতিশয় পরাক্রান্ত হওয়ায় গবর্ণর জেনেরল তাহাদিগের সহিত যুদ্ধ আরম্ভ করিলেন। নেপালে চারি দল সৈন্য পাঠান হইল, তন্মধ্যে উড্ ও মার্লো কিছুই না করিতে পারিয়া আপনং সৈন্য লইয়া ফিরিয়া আসিলেন, এবং জিলেপসী কলুঙ্গের দুর্গ লইতে যাইয়া হত হইলেন। কেবল অক্টর্লনী অনেক চেষ্টার পর প্রথমে কুমায়ুন প্রদেশ পর যমুনা ও শতদ্রুর মধ্যবর্ত্তী সমস্ত প্রদেশ জয় করিলেন। তাহাতে নেপালীগণ একবার সন্ধির কথা উত্থাপন করিয়াছিল, কিন্তু পুনরায় অন্য মত হওয়ায় পর বৎসর আবার যুদ্ধ আরম্ভ হইল এবং সুদক্ষ জেনেরল অক্টর্লনী রাজধানী কাটামুণ্ডের নিকট পর্য্যন্ত যাইলেন। তখন নেপালীগণ ভীত হইয়া সন্ধিস্থাপন করিল, ইংরাজগন যে সমস্ত প্রদেশ জয় করিয়াছেন, তাহা রাখিলেন। সেই সমস্ত প্রদেশে এক্ষণে সিমলা, নাইনিতাল প্রভৃতি পার্ব্বতীয় সুন্দরং নগর নির্ম্মাণ হইয়াছে।

(খ) পিণ্ডারী নামে এক জাতীয় দস্যু মহারাষ্ট্রদিগের পশ্চাৎং যাইয়া নানা দেশ লুণ্ঠন করিত, এবং এক্ষণে আপনারাই নানা স্থানে ভয়ানক উপদ্রব আরম্ভ করিয়াছিল। হেষ্টিংস্ এই দস্যু জাতিকে ধ্বংশ করিতে কৃতসঙ্কল্প হইলেন; কিন্তু মহারাষ্ট্রীয়গণ ইংরাজদিগের বলবৃদ্ধি দেখিয়া ক্ষুণ্ণ হইয়াছিল, ইংরাজদিগের সহিত পিণ্ডারীদিগের যুদ্ধ দেখিয়া

তাহারাও অস্ত্রধারণ করিল। সুতরাং ইংরাজদিগকে একেবারে পিণ্ডারী ও মহারাষ্ট্রীয়দিগের সহিত যুদ্ধ করিতে হইল।

সিন্ধীয়ার দেশে সৈন্য না লইয়া যাইলে পিণ্ডারীদিগের উচিত দমন হয় না; সেই জন্য সিন্ধীয়ার সহিত কথাবার্ত্তা হইতে লাগিল; সিন্ধীয়া প্রথমে ইংরাজদিগকে আসিতে দিতে অসম্মত ছিলেন, কিন্তু শেষে ইংরাজদিগের যুদ্ধের উদ্যোগ দেখিয়া ভীত হইয়া সন্ধিস্থাপন করিলেন ও ইংরাজ সৈন্য স্বদেশে আসিতে দিতে স্বীকার করিলেন।

পিণ্ডারীদিগের প্রধান এক জন আমীর খাঁ অনুপায় হইয়া ইংরাজদিগের অধীনতা স্বীকার করিলেন; তাঁহার দস্যু ব্যবসা দূর হইল, তাঁহারই বংশীয়েরা অদ্যাপি টঙ্কের নবাব আছেন।

পেশওয়া বাজী রাও অস্ত্র ধারণ করিয়া ইংরাজদিগের রেসিডেন্সী লুণ্ঠন করিলেন, কিন্তু অচিরে যুদ্ধে পরাস্ত হইলেন। পেশওয়ার সমস্ত রাজ্য এক্ষণে ইংরাজেরা অধিকার করিল; কেবল শিবজীর বংশজ রাজাকে সেতারার নিকট একটী ক্ষুদ্র প্রদেশ দান করিল। পেশওয়া অতঃপর আট লক্ষ টাকা বৃত্তি পাইয়া কানপুরের নিকট বিথুরে নিবাস করিতে লাগিলেন।

বেরারের রাজা আপ্পা সাহেব নাগপুরে ইংরাজদিগকে আক্রমণ করিলেন, কিন্তু পরাস্ত হইয়া পঞ্জাবে পলাইলেন ও তথায় অবশিষ্ট জীবন অতিবাহিত করেন। ইংরাজেরা পূর্ব্ববর্ণিত (মার্কুইস্ ওয়েলেস্‌লীর শাসন, (গ) দেখ) রঘুজীর পৌত্রকে নাগপুরের রাজা করিল।

হলকারের রাজ্যে পিণ্ডারিগণকে আশ্রয় দেওয়া হয় বলিয়া সেই রাজার সহিত ইংরাজদিগের যুদ্ধ হইল। মাহীদ্‌পুরের মহাযুদ্ধে হলকারের সৈন্য পরাস্ত হইল। তাহার পর যুবক মল্‌হার্ রাও হলকারের সহিত সন্ধি হইল, তদনুসারে

ইংরাজেরা হলকারের রাজ্যে এক দল সৈন্য রাখিতে ও তাহার ব্যয়ের জন্য খন্দেশ প্রদেশ অধিকার করিতে অনুমতি পাইল।

এইরূপে সমস্ত মহারাষ্ট্রীয়গণ একে২ পরাস্ত হইলে পিণ্ডারীগণ একেবারে ভগ্নোৎসাহ হইয়া পড়িল। ইংরাজ-সৈন্য তাহাদিগের প্রদেশ চারিদিকে বেষ্টন করিয়াছে, পলাইবারও উপায় নাই! অগত্যা ক্রমে২ একং দল পিণ্ডারী ইংরাজদিগের অধীনতা স্বীকার করিতে লাগিল এবং লুণ্ঠন-ব্যবসা ত্যাগ করিয়া একংটী নির্দ্দিষ্ট বাসস্থান গ্রহণ করিয়া কৃষিকার্য্য অবলম্বন করিতে বাধ্য হইল। করীম্ খাঁ ও চীটু খাঁ পিণ্ডারীদিগের মধ্যে প্রধান ছিল; করীম্ খাঁ অবশেষে পরাস্ত হইল; চিটু খাঁ ইংরাজ অধীনতা স্বীকার না করিয়া আসীর-ঘরের জঙ্গলের ভিতর আশ্রয় লইয়া ব্যাঘ্র কর্ত্তৃক নিহত হয়।

এইরূপে ভারতবর্ষে মহারাষ্ট্র ক্ষমতা চূর্ণ হইল, এবং পিণ্ডারীগণ অনেক কষ্টে সম্পূর্ণরূপে বশীভূত হইল ও দুস্যু-ব্যবসা ত্যাগ করিয়া শান্ত ভাব অবলম্বন করিতে লাগিল।

লর্ড আমহর্ষ্ট। ১৮২৩-১৮২৮। মার্কুইস্ হেষ্টিংসের বিলাত যাত্রার কয়েক মাস পর নূতন গবর্ণর জেনেরেল আসিয়া উপস্থিত হইলেন।

(ক) ব্রহ্মদেশের রাজা পূর্ব্বেই আরাকান, আসাম প্রভৃতি কয়েকটী স্থান অধিকার করিয়া লইয়াছিলেন, এক্ষণে বঙ্গ-দেশের উপর পুনরায় আক্রমণ করায় প্রথম ব্রহ্মদেশীয় যুদ্ধ হইল। ইংরাজ-সৈন্য সমুদ্র পথে ১৮২৪ খৃঃ অব্দে রেঙ্গুনে উপনীত হইয়া সেই নগর হস্তগত করিল কিন্তু বর্ষা উপস্থিত হওয়ায় ও খাদ্যাভাবে নানা কষ্ট পাইল। তথাপি যুদ্ধ চলিতে লাগিল এবং অনেকগুলি যুদ্ধে ইংরাজদিগের জয় হইল ও অনেক নগর তাহাদিগের হস্তগত হইল। শেষে ইংরাজেরা রাজধানী অমরাপুরের নিকটে যাইলে ব্রহ্মরাজ সন্ধি

করিলেন, তদ্দ্বারা আসাম, কাছাড়, জয়ন্তী, আরাকান, তেনেসরীম্ প্রভৃতি প্রদেশ ইংরাজ হস্তগত হইল।

(খ) ভরতপুরের রাজার মৃত্যু হওয়ায় তাঁহার শিশুকে রাজ্য না দিয়া শিশুর পিতৃব্য দুর্জ্জনশাল সিংহাসনে উঠিলেন। এই জন্য ইংরাজগণ সেই দুরাক্রম্য দুর্গ জয় করিয়া শিশুকেই দান করিল।

লর্ড উইলিয়ম্ বেণ্টিংক। ১৮২৮-১৮৩৫ বেণ্টিংকের শাসনকালে একটীও বড় যুদ্ধ হয় নাই; দেশ শান্তি ভোগ করিয়াছিল এবং গবর্ণর জেনেরলের অসাধারণ সদ্গুণে অনেক সামাজিক উন্নতি লাভ করিয়াছিল।

(ক) কুর্গের রাজা প্রজাপীড়ক হওয়ায় ও মান্দ্রাজের গবর্ণরকে এক খানি কর্কশ পত্র লিখায় তিনি পদচ্যুত হইলেন, এবং তাঁহার রাজ্য ইংরাজ অধিকৃত হইল। মহীশূরে শাসন সম্বন্ধীয় বড় বিশৃঙ্খলা হওয়ায় ইংরাজ কর্ম্মচারীর হস্তে সেই দেশের শাসনকার্য্য সমর্পিত হইল।

(খ) দেশীয় লোক উচ্চ কার্য্যের অযোগ্য এই বিশ্বাসে এত দিন দেশীয় লোককে বড় কর্ম্ম দেওয়া হয় নাই। মহানুভব বেণ্টিংক মানবচরিত্র বিশেষ করিয়া জানিতেন, তিনি জানিতেন যাহাকে ঘৃণা ও অবিশ্বাস করা যায় সেই ক্রমে অবিশ্বাসী হইয়া উঠে, যাহাকে বিশ্বাস করা যায় সে ক্রমে বিশ্বাসের যোগ্য হয়। তিনি স্থির করিলেন দেশীয় লোকদিগকে অধিক বেতন ও সমাদর দান করিয়া উচ্চ কর্ম্ম দিলে অবশ্যই তাহারা সে কর্ম্ম ভাল করিয়া করিবে। পূর্ব্বে দেশীয় লোক কেবল মুন্সেফ বা সদর আমীন হইতে পারিত; মহানুভব বেণ্টিংক ডেপুটী কলেক্টর ও সদর আলা (আধুনিক সবর্ডিনেট জজ) এই দুই পদের সৃষ্টি করিয়া দেশীয় লোকদিগকে সেই কার্য্য দান করেন। সেই দুই পদের দেশীয় কর্ম্মচারীগণ আজি ৩০ বৎসরের অধিক কাল পর্য্যন্ত যেরূপ সততা ও যত্ন সহ-

কারে কার্য্য করিয়া আসিতেছেন, সেরূপ বেতনগ্রাহী কোনও সম্প্রদায় এদেশে তদপেক্ষা উত্তম কার্য্য করেন নাই। ইহা ভিন্ন বেণ্টিংকের সময় আরও কয়েকটী শাসন সম্বন্ধীয় সংস্কার হয়। প্রবিন্সিয়াল কোর্টগুলি উঠিয়াগেল, এবং কয়েকটী বিভাগ সৃষ্ট হইয়া প্রতি বিভাগে এক জন করিয়া কমিশনর নিযুক্ত হইলেন। ফৌজদারী মকদ্দামা বিচারের ক্ষমতা জজদিগের হস্ত হইতে উঠাইয়া কলেক্টরদিগের হস্তে অর্পিত হইল, এবং কলিকাতার ন্যায় আলাহাবাদে একটী রেবিনিউ বোর্ড ও সদর আদালত স্থাপিত হইল। পূর্ব্বে বাঙ্গলা, মান্দ্রাজ ও বোম্বে এই তিনটী প্রেসিডেন্সী ছিল, এক্ষণে উত্তর-পশ্চিমে আর একটী প্রেসিডেন্সী হইল। ভারতবর্ষের মধ্যে বিনা সত্বে যাহারা নিষ্কর ভূমি ভোগ করিতেছিল তাহাদিগের ভূমি বাজে আপ্ত হইল।

(গ) কিন্তু শাসন সম্বন্ধীয় সংস্কার অপেক্ষা সামাজিক সংস্কার দ্বারা বেণ্টিংক অধিক কীর্ত্তি লাভ করিয়াছেন। সতীর চিতারোহণস্বরূপ কুৎসিত রীতি তিনি উঠাইয়া দিলেন; উড়িষ্যার খন্দ বর্ব্বরদিগের ক্ষেত্রের উর্ব্বরতা বৃদ্ধির জন্য নরহত্যা রীতি উঠাইয়া দিলেন; রাজস্থানে কন্যা হত্যা রীতি উঠাইবার চেষ্টা করিলেন, এবং মধ্য ভারতবর্ষে "ঠগী" নামক দস্যুতা একেবারে দমন করিলেন। দেশীয় লোকের বিদ্যা শিক্ষার জন্য যে এক লক্ষ টাকা দত্ত হইয়াছিল ও এত দিন সংস্কৃত ও পারস্য ভাষা চর্চ্চায় ব্যয় হইত, সেই টাকা এক্ষণে মেকলে, ট্রিবীলীয়ন প্রভৃতি মহোদয়দিগের পরামর্শানুসারে ইংরাজি শিক্ষায় ব্যয় হইতে আরম্ভ হইল। কলিকাতায় মেডিকেল কলেজ স্থাপিত হইল, স্থানে২ ইংরাজি বিদ্যালয় স্থাপিত হইল, এবং দেশে ইংরাজি শিক্ষা আরম্ভ হইল।

এই সময়ে রাজা রামমোহন রায় বিলাত যাত্রা করিয়াছিলেন। লর্ড ক্যানিং ভিন্ন বেণ্টিংকের ন্যায় মহানুভব,

সদাশয়, সদ্গুণশালী ও প্রজাহিতৈষী গবর্ণর জেনেরল কখনও এদেশে আসেন নাই। বেন্টিংকের বিলাত গমনের পর লর্ড অক্‌লাণ্ড আসিবার পূর্ব্বে সর চার্লস মেট্‌কাফ প্রায় এক বৎসর গবর্ণর জেনেরলের কার্য্য করিয়াছিলেন। তিনি ১৮৩৫ অব্দে মুদ্রাযন্ত্রের স্বাধীনতা প্রদান করেন। দেশীয় লোক এই কার্য্য স্মরণার্থ কলিকাতায় সাধারণের পাঠ ও উপকারার্থে একটী বড় পুস্তকালয় করিলেন ও তাহার নাম "মেট্‌কাফ হল" রাখিলেন।

লর্ড অক্‌লণ্ড। ১৮৩৬-১৮৪২। এই গবর্ণর জেনেরলের শাসনকালে কাবুলের যুদ্ধ ভিন্ন কোন বিশেষ ঘটনা সঙ্ঘটিত হয় নাই।

(ক) পূর্ব্ববর্ণিত আহমদ্ শাহ দুরাণীর বংশীয় শাহ সুজাকে সিংহাসনচ্যুত করিয়া অন্য বংশজ দোস্ত মহম্মদ্ কাবুলের সিংহাসনে আরোহণ করেন। দোস্ত মহম্মদ্ ইংরাজদিগের নিকট হইতে একখানি কর্কশ পত্র পাইয়া বিরক্ত হইয়া পর ইংরাজদিগের সহিত মিত্রতা করিতে অসম্মত হওয়ায় গবর্ণর জেনেরল কাবুলে সৈন্য প্রেরণ করিলেন। ইংরাজসৈন্য প্রথমে কান্দাহার পর গজনী ও পরে কাবুল অধিকার করিল এবং শাহ সুজাকে কাবুলের সিংহাসনে বসাইল। দোস্ত মহম্মদ্ ইংরাজদিগের শরণাগত হইয়া বার্ষিক দুই লক্ষ টাকা বৃত্তি পাইয়া ভারতবর্ষে বাস করিতে লাগিলেন। এইরূপে সমস্ত কার্য্য সিদ্ধ হইল, কিন্তু ইংরাজেরা একবার কাবুলে আধিপত্য পাইয়া তাহা ছাড়িতে ইচ্ছুক না হইয়া সেই স্থানেই বাস করিতে লাগিল ও কাবুলবাসীদিগের প্রতি উদ্ধত ব্যবহার করিতে লাগিল। কাবুলীরা বিদ্রোহ করিয়া উঠিল, তখন ইংরাজেরা বিপদে পড়িয়া শাহ সুজাকে ভারতবর্ষে লইয়া গিয়া দোস্ত মহম্মদ্‌কে পুনরায় রাজত্ব দিতে ও আপনারা কাবুল ত্যাগ করিয়া আসিতে স্বীকার করিল। এই

সন্ধি অনুসারে ৪,৫০০ সৈনিক ১১,০০০ অন্য লোক ভারতবর্ষে যাত্রা করিল, কিন্তু পর্ব্বত-পথে কাবুলীদিগের দ্বারা আক্রান্ত হইয়া সকলে হত হইল, কতকগুলি স্ত্রীলোক ও বালক বন্দী হইল, এক জন মাত্র ইংরাজ ব্রাইডন ও ২০ জন সিপাহী ভগ্নদূতস্বরূপ প্রত্যাবর্ত্তন করিয়া জেলালাবাদে সংবাদ দিল। ভারতবর্ষে আগমন অবধি ইংরাজদিগের এরূপ দুর্গতি কখনও হয় নাই। (১৮৪১)

লর্ড এলেনবরা। ১৮৪২-১৮৪৪। নূতন গবর্ণর জেনেরল আসিয়া কাবুলের অবমাননার প্রতিশোধ চেষ্টায়ই প্রথমে রত হইলেন।

(ক) ইংরাজসৈন্য কাবুল প্রবেশ করিল এবং জেলালাবাদ ও কান্দাহারে যে অবশিষ্ট ইংরাজ সৈন্য ছিল, তাহার উদ্ধার করিল। পর গজনী উৎসন্ন করিয়া কাবুলের বাজার পুড়াইয়া দিল, এবং কাবুল অধীনে রাখা বা কাবুলে আর বাস করা ভাল নয় বিবেচনা করিয়া পুনরায় ভারতবর্ষে প্রত্যাবর্ত্তন করিল। কাবুল পূর্ব্ববৎ স্বাধীন হইল, দোস্ত মহম্মদ স্বাধীনতা লাভ করিয়া পূর্ব্ববৎ রাজা হইলেন, ইংরাজদিগের এত অর্থ ও মনুষ্যনাশে কোনও ফল হইল না।

(খ) কাবুলযুদ্ধের সময় সিন্ধু প্রদেশের আমীরেরা বন্ধুর ন্যায় আচরণ করেন নাই বিবেচনা করিয়া গবর্ণর জেনেরল তথায় নেপিয়রকে সৈন্য সমেত পাঠাইলেন। অচিরে যুদ্ধারম্ভ হইল, মিয়ানী ও হাইদ্রাবাদের যুদ্ধে আমীরগণ পরাস্ত হইলেন; সিন্ধুপ্রদেশ কোম্পানীর অধিকৃত হইল। সিন্ধু-বিজেতা সার্ চার্লস্ নেপীয়র বলিয়াছেন যে, ঐ প্রদেশবিজয় কার্য্যটী বড় অন্যায় ও গর্হিত কার্য্য বটে, কিন্তু ইংরাজদিগের স্বার্থের জন্য উটি আবশ্যক।

(গ) সিন্ধিয়ার রাজ্যে একটী গৃহকলহ হওয়ায় ইংরাজেরা এক পক্ষ অবলম্বন করিয়া অপর পক্ষকে মহারাজপুর ও

পানীয়ারের যুদ্ধে পরাস্ত করিল। গবর্ণর জেনেরল এই সুযোগ পাইয়া সিন্ধিয়ার রাজ্যের পূর্ব্বস্বাধীনতা লোপ করিয়া করপ্রদ রাজ্যের মধ্যে নিবিষ্ট করিলেন।

(ঘ) এই সময়ে ডিপুটী ম্যাজিষ্ট্রেট পদের সৃষ্টি হয়, এবং এই শাসনকালে ভারতবর্ষে দাসত্বপ্রথা আইন দ্বারা উঠাইয়া দেওয়া হয়।

লর্ড হার্ডিঞ্জ। ১৮৪৪-১৮৪৭। প্রথম শীখ যুদ্ধই এই সময়ের প্রধান ঘটনা। ১৮৩৫ খৃঃ অব্দে প্রসিদ্ধ রণজিৎ সিংহের মৃত্যুর পর তাঁহার দুই পুত্র ক্রমান্বয়ে রাজা হয়েন, কিন্তু অত্যল্প কালের পর প্রথমের মৃত্যু হয়, দ্বিতীয় হত হইলেন, তখন রণজিতের তৃতীয় পুত্র পঞ্চম বৎসরের শিশু দিলীপ সিংহ রাজা হইলেন। তাঁহার মাতা চন্দ্রাবতীর প্রিয়পাত্র লালসিংহ মন্ত্রী হইলেন ও তেজসিংহ সেনাপতি হইলেন।

(ক) রণজিৎ সৈন্যগণকে অপূর্ব্ব ইউরোপীয় শিক্ষা দিয়াছিলেন, সেই সৈন্য এক্ষণে আপনার দুর্দ্ধর্ষবলে মত্ত হইয়া শতদ্রু নদী পার হইয়া ইংরাজ অধিকার আক্রমণ করিল। সেনাপতি তেজসিংহ ও লালসিংহ আপন পরাক্রান্ত সৈন্যকে ভয় করিতেন, সুতরাং গোপনে ইংরাজদিগের বিজয় ও আপন সৈন্যের ধ্বংশ চেষ্টা করিতে লাগিলেন; তাহা না হইলে সুশিক্ষিত শীখদিগের সহিত ইংরাজদিগের যুদ্ধে কি হইত বলা যায় না। মুদ্‌কী ও ফেরোজসহরে দুইটী ভীষণ যুদ্ধ হইল; দুইটীতেই ইংরাজ সেনাপতি গফ্ কর্ত্তৃক শীখেরা পরাস্ত হইল, কিন্তু তাহাদিগের আশ্চর্য্য সাহস ও যুদ্ধপ্রণালী দেখিয়া ইংরাজেরাও চমকিত হইল। (১৫ই ও ২১এ ডিসেম্বর ১৮৪৫) ইহার পর এক মাসের মধ্যে নূতন শীখ সৈন্য শতদ্রু পার হইয়া আসিল; গোলাব সিংহ তাহাদিগের সেনাপতি ছিলেন। লুধীয়ানা রক্ষার

জন্য স্মিথের অধীনে এক দল ইংরাজ সৈন্য প্রেরিত হইল, লুধীয়ানা রক্ষা হইল, কিন্তু শীখদিগের সহিত বদ্দীওয়লে যে একটী সামান্য যুদ্ধ হইল, তাহাতে সেই ইংরাজ সৈন্য পরাস্ত হইয়া বহু দ্রব্যাদি ত্যাগ করিয়া কষ্টে পলায়ন করিয়া আসিল।

তৎপর আলীওয়লের যুদ্ধে (২৮ জানুয়ারী ১৮৪৬) গোলাব সিংহ ও শীখগণ স্মিথ্ কর্ত্তৃক পরাস্ত হইল, ও গোলাব সিংহ তৎক্ষণাৎ সৈন্যকে ত্যাগ করিয়া ইংরাজদিগের সহিত সন্ধি ও মন্ত্রণা করিতে লাগিলেন। তথাপি শীখ সৈন্য আর একবার ইংরাজদিগকে যুদ্ধ দান করে, কিন্তু সুব্রাওনের যুদ্ধেও (১০ ফেব্রুয়ারী ১৮৪৬) শীখগণ গফ্ ও স্মিথের নিকট পরাস্ত হইল, এবং তাহাদিগের বিশ্বাসঘাতক সেনাপতি তেজসিংহ স্বজাতীয় সৈন্যের একেবারে ধ্বংশ সাধন করিবার জন্য একটী সেতু ভাঙ্গিয়া রাখিয়া আপনি পূর্ব্বেই পলায়ন করেন।

এক্ষণে সন্ধি-স্থাপন হইল। শতদ্রু ও বিপাশা নদীর মধ্যবর্ত্তী স্থান ইংরাজদিগের হইল, শিশু দিলীপ পঞ্জাবের রাজা হইলেন, এবং যুদ্ধের ব্যয়ের জন্য শীখদিগের নিকট হইতে কাশ্মীর কাড়িয়া লওয়া হইল ও গোলাব সিংহ ইংরাজদিগকে ঐ যুদ্ধের ব্যয় স্বরূপ এক ক্রোর টাকা দেওয়ায় তাঁহাকেই ঐ রাজ্য দেওয়া হইল। কেহ বলেন গোলাব সিংহ যুদ্ধ সময়ে গোপনে ইংরাজদিগের মিত্র ছিলেন, তাঁহার স্বদেশীয়দিগের প্রতি বিশ্বাসঘাতকতার মূল্য স্বরূপ ইংরাজেরা তাঁহাকে এই অনুগ্রহ করিল। তাঁহারা আরও বলেন যে, এই যুদ্ধে জয় লাভার্থ ইংরাজেরা অন্য কয়েক জন শীখ সেনানীকে অর্থে বশীভূত করিয়াছিল।

লর্ড ডেলহাউসী। ১৮৪৮-১৮৫৬। শীখদিগের বলবিক্রম এখনও ভগ্ন হয় নাই, সুতরাং অচিরে দ্বিতীয় শীখ যুদ্ধ প্রজ্জ্বলিত হইল।

(ক) মুলতানে দুই জন ইংরাজকে শীখগণ হত্যা করে,

এবং অচিরে তথায় ও সমস্ত পঞ্জাবে যুদ্ধ আরম্ভ হইল। ইংরাজগণ অচিরে মুলতান লইল; এদিকে বিপাশা নদীর তীরে ইংরাজ সেনাপতি গফের সহিত শীখ সেনাপতি শের সিংহের চিলিংওয়ালার প্রসিদ্ধ যুদ্ধ হইল, (১১ই জানুয়ারী ১৮৪৯)। ইংরাজগণ ভারতবর্ষে এরূপ সাহসী সুশিক্ষিত শত্রু কখনও দেখে নাই, সমরক্ষেত্রে এরূপ ভয়ানক যুদ্ধও কখন যুঝে নাই; সমস্ত দিবসের যুদ্ধের পরও কোনও পক্ষ জয়-লাভ করিতে পারিল না। ইহার অচিরপরেই গুজরাট নগরের যুদ্ধে (ফেব্রুয়ারী ১৮৪৯) গফ্ সম্পূর্ণ জয়লাভ করিলেন, এবং শীখক্ষমতা ও রাজ্য ধ্বংশ হইল। পঞ্জাব ইংরাজ-দিগের হস্তগত হইল; দিলীপ সিংহ বাৎসরিক ৫ লক্ষ টাকা বৃত্তি পাইয়া খ্রীষ্টীয়ধর্ম্ম অবলম্বন করিয়া বিলাতে বাস করিতেছেন।

(খ) রেঙ্গুনের শাসনকর্ত্তা কয়েক জন ইংরাজের উপর উপদ্রব করায় দ্বিতীয় ব্রহ্মদেশীয় যুদ্ধ হয়। তাহাতে ইংরা-জেরা জয়ী হইল, ও সমুদ্রতীরবর্ত্তী পেগু প্রদেশ কোম্পানীর অধীনে আনীত হইল। (১৮৫৩)

(গ) বেরারের রাজার মৃত্যু হওয়ায় তাঁহার মহিষীরা পোষ্যপুত্র গ্রহণ করিতে চাহিলেন। গবর্ণর জেনরেল তাহাতে সম্মত না হইয়া ঐ দেশ (নাগপুর) কোম্পানীর রাজ্যভুক্ত করিলেন।

(ঘ) অযোধ্যায় বিলাসপটু শাহ ওয়াজীদ আলীর অধীনে শাসনকার্য্যের বিশৃঙ্খলা হওয়ায় ডেল্‌হাউসী সেই রাজ্য কোম্পানীর রাজ্যভুক্ত করিলেন।

(ঙ) পঞ্জাব, পেগু, নাগপুর, অযোধ্যা ভিন্ন ডেল্‌হাউসী সিকিম্ ও উড়িষ্যার অঙ্গুল রাজ্য ও হাইদ্রাবাদের নিকট রাইকড়, দোয়াব প্রভৃতি কয়েক প্রদেশ হস্তগত করিলেন।

(চ) এই শাসনকালে ভারতবর্ষে রেলওয়ে ও টেলীগ্রাফ্

স্থাপন হয়, ডাকের টিকিটের সৃষ্টি হয় ও শিক্ষাপ্রণালীর উন্নতিসাধন হয়। এই শাসন কালে বিশ্ববিদ্যালয় স্থাপনের আদেশ হইল, এবং কলিকাতায় প্রেসিডেন্সী কলেজ স্থাপিত হইল।

লর্ড ক্যানিং। ১৮৫৬-১৮৬২ খৃঃ অব্দ। সিপাহী-দিগের মহৎ বিদ্রোহ ও তজ্জন্য ইষ্টইণ্ডিয়া কোম্পানীর লোপ সাধনই এই শাসনের প্রধান ঘটনা।

(ক) গরু ও শূকরের চর্বি দিয়া টোটা প্রস্তুত হয়; তাহাই দাঁত দিয়া ছিড়িয়া বন্দুক ভরিতে হইবে; হিন্দু ও মুসলমান সেনাদিগের জাতি ধ্বংশের জন্য ইংরাজেরা এই উপায় উদ্ভাবন করিয়াছে, এইরূপ একটী জনশ্রুতিতে সমস্ত সিপাহী-গণ বিদ্রোহী হইয়া উঠিল। রাজ্যপিপাসু ডেল্‌হাউসী অযোধ্যা ও নাগপুর যেরূপে অধিকার করিয়াছিলেন তজ্জন্যও ভারতবর্ষে হুলুস্থুল পড়িয়াছিল, তাহাই বোধ হয় বিদ্রোহের প্রকৃত কারণ।

বিদ্রোহীগণ মিরট্ হস্তগত করিয়া লুণ্ঠন ও দগ্ধ করিল এবং সকল ইংরাজকে হত্যা করিল, পর দিন দিল্লী হস্তগত করিয়া তথায়ও অত্যাচার করিল। নানা সাহেব কানপুর হস্তগত করিয়া তথাকার আবাল, বৃদ্ধ, বণিতা সমস্ত ইংরাজকে অতি নিষ্ঠুররূপে হত্যা করিলেন। বিদ্রোহীদিগের জয় এ- য় হইতে ক্ষান্ত হইল। (১৮৫৬)

হাবেলক্ ও আউট্‌রাম লক্ষ্ণৌ উদ্ধার করিলেন, উহল্‌সন্ দিল্লী অধিকার করিলেন, ও গোয়ালীয়রে পর বৎসর বিদ্রোহ হওয়ায় রোজ তাহাও দমন করিলেন (১৮৫৭)। সিপাহীরা অতিশয় নিষ্ঠুর অত্যাচার করিয়াছিল, ইংরাজেরা বিজয় লাভ করিয়াও অত্যাচারের ত্রুটি করিল না। অনেক নির্দ্দোষী গ্রামবাসীর ঘর দগ্ধ হইল; বিদ্রোহী বলিয়া ৩,০০০ লোককে ফাঁসী দেওয়া হইল। এই সময়ের জিঘাংসাপূর্ণ ইংরাজ-

দিগকে দমন করিয়া ও নির্দ্দোষীদিগের প্রতি অত্যাচার না হয় এরূপ চেষ্টা করিয়া লর্ড ক্যানিং চিরস্মরণীয় হইয়াছেন। লর্ড বেণ্টিংক ভিন্ন তাঁহার ন্যায় মহানুভব উদারচেতা গবর্ণর জেনেরল ভারতবর্ষে আইসেন নাই।

(খ) সিপাহী বিদ্রোহে বিলাতে ইংরাজগণ বিরক্ত হইল, এবং অচিরে কোম্পানী উঠাইয়া দিয়া মহারাজ্ঞী স্বয়ং ভারতের অধীশ্বরী হইলেন (১৮৫৭)।

এই শাসনকালে বঙ্গদেশে কবি মধুসূদন দত্ত প্রসিদ্ধ মেঘনাদবধ কাব্য রচনা করেন; হিন্দু-সাধীনতা লোপ হইয়া অবধি ভারতবর্ষে এরূপ উৎকৃষ্ট কাব্য রচিত হয় নাই। ইংরাজ শাসনে বঙ্গদেশে চিন্তাস্রোত নূতন প্রবাহিত হইয়াছে ও রাজা রামমোহন রায়ের সময় হইতে বঙ্গভাষা দিন২ উৎকর্ষ লাভ করিতেছে।

ইংরাজ শিক্ষায় সমস্ত ভারতবর্ষ পাশ্চাত্য সভ্যতার ফল কতক২ লাভ করিয়া উপকৃত হইতেছে।

লর্ড এল্‌গীন্। ১৮৬২-১৮৬৩। এই শাসনকালে সদর দেওয়ানী ও সুপ্রীম্ কোর্ট একত্রিত হইয়া হাইকোর্ট নাম ধারণ করিল। লর্ড এল্‌গীন্ পীড়িত হইয়া ভারতবর্ষেই প্রাণ-ত্যাগ করেন।

সার্‌জন্ লরেন্স। ১৮৬৪-১৮৬৮। সিপাহী বিদ্রোহের সময় লরেন্স পঞ্জাবে অতিশয় নৈপুণ্যের সহিত শান্তি রক্ষা করিয়াছিলেন, এবং তাঁহার অধীনের শীখ সৈন্য বিদ্রোহে যোগ দেয় নাই। তাহারই পুরস্কার স্বরূপ সার্ জন্ লরেন্স গবর্ণর জেনেরল হইলেন। তাঁহার শাসনকালে ভুটানের সহিত একটী যুদ্ধ হয়, তাহাতে ইংরাজেরা জয়লাভ করে ও ভুটদিগের কতকটা প্রদেশ ইংরাজরাজ্যের অন্তর্গত হয়।

লর্ড মেয়ো। ১৮৬৯-১৮৭২। এই শাসনকালে

কাবুলের দোস্ত মহম্মদের পুত্র শের আলীকে রাজা বলিয়া গবর্ণর জেনেরল স্বীকার করেন, এবং তাঁহার বন্ধুত্ব ক্রয় করিবার জন্য বাৎসরিক ১২ লক্ষ টাকা সাহায্য দিতে অঙ্গীকার করেন।

আন্দামান দ্বীপ দর্শনার্থ গিয়া লর্ড মেয়ো পোর্ট ব্লেয়ারে যাবজ্জীবন দ্বীপান্তরিত এক জন মুসলমান কর্ত্তৃক সহসা আক্রান্ত হইয়া হত হয়েন।

লর্ড নর্থব্রুক ১৮৭২—১৮৭৬। ইহাঁর শাসনকালে বঙ্গদেশে একটী দুর্ভিক্ষ হয়, কিন্তু রাজপুরুষদিগের যত্নে অধিক প্রাণ বিনাশ হয় নাই। দুর্ভিক্ষে প্রাণ বিনাশ নিবারণার্থ রাজ পুরুষদিগের এই প্রথম সফল চেষ্টা।

বরদার গুইকুমারের গর্হিত আচরণ হেতু সকলে তাঁহার প্রতি বিরক্ত হইয়াছিলেন। শেষে তিনি ইংরাজ রেসিডেন্টকে বিষ প্রয়োগ করিবার চেষ্টা করেন এই অভিযোগ হওয়ায় গবর্ণর জেনেরল তাঁহার বিচার আদেশ করেন। তিন জন ইংরাজ বিচারক ও তিন জন দেশীয় রাজা এই বিচার করেন, প্রথম তিন জন তাঁহাকে দোষী ও শেষ তিন জন তাঁহাকে নির্দ্দোষী বিবেচনা করেন। গবর্ণর জেনেরল তাঁহাকে পদচ্যুত করিয়া অন্য এক জনকে রাজা করেন; সেই অবধি সার্ মাধব রাও নামক বিজ্ঞ মন্ত্রীর চেষ্টায় সেই দেশ সুশাসিত হইতেছে।

লর্ড নর্থব্রুকের শাসনকালে ইংলণ্ডের মহারাজ্ঞীর প্রথম সন্তান যুবরাজ এল্‌বট এড্‌ওয়ার্ড প্রিন্স অব্ ওয়েলস্ ভারতবর্ষে আসিয়া সমস্ত দেশ সন্দর্শন করেন, এবং প্রজাদিগের অসীম রাজভক্তিতে তিনি ও তাঁহার মাতা অতিশয় সন্তোষ লাভ করেন।

লর্ড লিটন্। ১৮৭৭ খঃ অব্দের ১ লা জানুয়ারীতে ইংলণ্ডের মহারাজ্ঞী ভারতেশ্বরী (Empress of India) নাম ধারণ করিলেন, এই সংবাদ ভারতের এক প্রান্ত হইতে অপর

প্রান্ত পর্য্যন্ত প্রচারিত হইল, এবং দিল্লীর প্রধান দরবারে বড় ধুমধামের সহিত সকলকে জ্ঞাত করা হইল। কিন্তু দুঃখের বিষয় এই যে, এ বৎসর ভারতবর্ষের পক্ষে সুখকর হইল না; মান্দ্রাজ ও বোম্বেতে যে ভয়ানক দুর্ভিক্ষ হইল তাহাতে অনুমান পঞ্চাশ লক্ষ লোকের প্রাণনাশ হয়। বঙ্গদেশের ১৭৭০ খৃঃ অব্দের দুর্ভিক্ষের পর বোধ হয় ভারতবর্ষে এরূপ মহা বিপদ কখনও আইসে নাই; অনেক গ্রাম প্রায় জনশূন্য হইয়া গিয়াছে, অনেক জেলায় তৃতীয়াংশ বা তদধিক লোক নাই।

ইহারই পর দেশীয় সংবাদ পত্রের স্বাধীনতা বিলুপ্ত করা হইল, এবং দেশীয় লোকের প্রায় সকল প্রকার অস্ত্র বিনা লাইসেন্সে রাখা নিষেধ করা হইল। মহারাজ্ঞীর নূতন নান গ্রহণের পরই এইরূপ দেশের দুরবস্থা ও এইরূপ অনুদার শাসনপ্রণালী দেখিয়া ইংলণ্ড ও ভারতবর্ষের অনেক বিজ্ঞ লোক দুঃখিত হইলেন।

হিন্দু ও মুসলমানদিগের শাসনকালে ভারতবাসীদিগের অবস্থা, রীতি, নীতি, সামাজিক সভ্যতা, ও রাজাদিগের শাসন-প্রণালী বর্ণনা করিবার চেষ্টা পাইয়াছি। ইংরাজ অধীনে প্রজাদিগের অবস্থার সেরূপ বর্ণনা করিবার আবশ্যক নাই; কেননা এক্ষণে আমাদিগের কিরূপ অবস্থা, শাসন-প্রণালীর কি২ দোষ গুণ, ভারতবাসীদিগের জাতীয় জীবন, জাতীয় উদ্যম ও জাতীয় চিন্তা ইংরাজ শাসনে কতদূর ও কোন২ অংশে উন্নত বা অবনত হইতেছে, তাহা আমরা সকলেই অবগত আছি, ও চারিদিকে দেখিতে পাইতেছি। অতএব সে বিষয়ের বিবরণে একটী পরিচ্ছেদ বৃদ্ধি করার আবশ্যক কি?

সম্পূর্ণ

অশুদ্ধি সংশোধন।

পৃষ্ঠা।	পংক্তি।	অশুদ্ধ।	শুদ্ধ।
৭	৯	বিজীত	বিজিত
২১	৪	সুগ্রিব	সুগ্রীব
২৩	১২	গ্রীক প্রাধান্য	গ্রীকবিবরণ
৩২	২০ ও ২৩	বলীষ্ঠ	বলিষ্ঠ
৩৬	১৪	পত্নী	কন্যা
ঐ	১৬	সচী	শচী
৩৯	২৩	সয়ম্বর	স্বয়ম্বর
৪৩	২৭	বিংশটী	বিংশতিটী
৪৪	২	ষষ্টি	ষষ্টি
৪৫	১৫	দ্রাবীড	দ্রাবিড়
৫৩	১৭	পরস্পরের	পরস্পারার
৫৫	২৪	তেজপুর্ণ	তেজঃপুর্ণ
৫৬	১২	অনুসুয়া	অনসুয়া
৫৯	২	হিরক	হীরক
ঐ ৫৯	১০	হিন্দুজাতীর	হিন্দুজাতির
ঐ	২৬	প্রতিদ্বন্দ্বীত্ব	প্রতিদ্বন্দ্বিত্ব
৬১	৪	সঙ্করাচার্য্য	শঙ্করাচার্য্য
৬২	৩	চত্তারিংশৎ	চত্বারিংশৎ
৬৭	৬	ধৎংশ	ধ্বংস
৭০	১৫, ১৬, ২২	বিজীত	বিজিত
৭১	৪, ৭, ২৩, ২৪	বিজীত	বিজিত
৭৮	১	পিতৃস্বসপতি	পিতৃস্বসৃপতি
ঐ	২	দ্বিংশ	বিংশতি
৮৬	২৩	ঐ	ঐ
৮৮	৫	ঐ	ঐ
৯১	৬	ঐ	ঐ
৯২	২৪, ২৭	দ্রাবীড়	দ্রাবিড়
৯৩	১, ২, ১৩, ২২	ঐ	ঐ
ঐ ঐ	১৭	দ্রারিড়ের	দ্রাবিড়ের
ঐ	৩, ৪	উপকুলে	উপকূলে
ঐ	৪	পশ্চীম	পশ্চিম
৯৪	১	দ্রাবীড়	দ্রাবিড়
৯৫	৭, ১২, ১৫, ১৯	ঐ	ঐ
৯৬	২, ১৪, ২১, ২৩	ঐ	ঐ
১০০	১৯	বিজীত	বিজিত
১০৫	১৭	জাতীর	জাতির
১০৩	১৮	চত্তারিংশৎ	চত্বারিংশৎ
১০৯	২১, ২৫	ঔৎকর্য্য	ঔৎকর্ষ
১১০	২	কীর্ত্তিবাস	কৃত্তিবাস
১১১	৩	অষ্টবিংশ	অষ্টাবিংশ
১১৩	৭	বিজীত	বিজিত
ঐ	২০	দ্রাবীড়	দ্রাবিড়

পৃষ্ঠা।	পংক্তি।	অশুদ্ধ।	শুদ্ধ।
১১৪	৮	দ্রাবীড়	দ্রাবিড়
ঐ	১৯	মন্দ ছিল।	মন্দ ছিল না।
ঐ	ঐ	বিজীত	বিজিত
১৩০	৪, ১৭	বিজীত	বিজিত
১৩৪	২৫	পঞ্চবিংশ	পঞ্চবিংশতি
ঐ	২৮	বিজীত	বিজিত
১৩৫	১৯	ঐ	ঐ
১৩৯	৩	ঝণ্ডার	তণ্ডায়
১৪১	১০	রাজত্বের	রাজস্বের
১৪২	২২	বিজীত	বিজিত
ঐ	১৯	বিংশ	বিংশতি
১৪৩	২	ঐ	ঐ
১৪৯	২৪	জাতীদিগের	জাতির
১৫১	১৯	বিজীত	বিজিত
১৫৪	২১	প্রভুত	প্রভুত্ব
ঐ	২১	বিজীত	বিজিত
১৫৫	৬	ষষ্টাংশ	ষষ্ঠাংশ
ঐ	১১	লঘবত্তা	লাঘব
১৫৬	২০, ২১	কবিকঙ্কণের	চণ্ডীকাব্যের
ঐ	২২	ঊষ্ম	উষ্ণ
১৫৮	৮	ময়ূর	ময়ূর
১৬০	৩, ৪	বিংশ	বিংশতি
১৬২	৩	মৎসের	মৎস্যের
ঐ	২৫	দ্রাবীড়	দ্রাবিড়
১৭৩	৯	ঐ	ঐ
১৭৪	২১	জাতীর	জাতির
১৭৮	২৮	পূর্ব্ব বিজীত	পূর্ব্ব বিজিত
১৮০	২৪	বিংশ কি ত্রিংশ	বিংশতি কি ত্রিংশৎ
১৮২	৯	বিংশ	বিংশতি
১৮৫	২৩	বিজীত	বিজিত
২০২	৯	সাধীনতা	স্বাধীনতা
২০৪	১২	নান	নাম

অতি অল্প সময়ের মধ্যে এই পুস্তক মুদ্রিত হওয়াতে অনেক বর্ণাশুদ্ধি রহিয়া গিয়াছে, পাঠকবর্গের সে কারণে কোনও রূপে ক্ষতি না হয়, এই অভিপ্রায়ে উপরে সেই ভ্রম প্রদর্শিত হইল। মুসলমান সম্রাট্‌দিগের নামও সকল স্থানে শুদ্ধরূপে লিখিত হয় নাই; যেগুলি অশুদ্ধ হইয়াছে, সেগুলি শুদ্ধ করিয়া লিখিলে এই রূপে লেখা উচিত, যথা ;—

গিয়াসুদ্দীন ঘোরী; সিহাবুদ্দীন ঘোরী; ইল্‌তমস্‌ ; বহরাম; নাসরুদ্দী কয়কোবাদ, আলাউদ্দীন; তুগলক বংশ; মুহম্মদ; মহমূদ ; সয়দ বংশ ইব্রাহীম; হুমায়ূন; অকবর; জহাঁগীর ; নূরজহাঁ; অওরঙ্গজেব, শাহজহাঁ জহাঁদার শাহ; ফারুখ শের ; নাদর শাহ ; ইত্যাদি

অশুদ্ধি সংশোধন।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধি	সংশোধন।
৯	৪	২৫০০ পূঃ খৃষ্টাব্দপর্য্যন্ত।	২০০০ পূঃ খৃষ্টাব্দ পর্য্যন্ত।
৬	১২, ১৩	অনুমান ২৫০০০ পূঃ খৃষ্টাব্দ হইতে অনুমান ১৪০০ পূঃ খৃষ্টাব্দ পর্য্যন্ত।	অনুমান ২০০০ পূঃ খৃষ্টাব্দ হইতে অনুমান ১০০০ পূঃ খৃষ্টাব্দ পর্য্যন্ত।